৮০২

# গয়ামাহাত্ম্যম্।

মহর্ষিবেদব্যাসপ্রণীতবায়ুপুরাণান্তর্গতম্।

শ্রীরামহরি চৌঁড়ে গয়াপুরোহিতব্রাহ্মণপ্রার্থনাবশংবদ

---

আড়পুলী নিবাসি

শ্রীযুত বাবু ঈশানচন্দ্র বসুদাস মহোদয়ানুমত্যা

---

গবর্ণমেন্টসংস্কৃতপাঠশালাস্থাধ্যাপক

শ্রীতারানাথতর্কবাচস্পতিভট্টাচার্য্যকৃত বঙ্গভাষানুবাদ

সহিতম্

তেনৈব পুনঃ সংস্কৃতঞ্চ

---

কলিকাতা

নূতন সংস্কৃত যন্ত্রেণ মুদ্রিতম্।

১৯২৩ সংবৎসরে।

K.N.K.C.

KUNDU FAMILY LIBRARY
MOHIARY

# বিজ্ঞাপন।

আস্তিক ব্রাহ্মণাদি-বর্ণমাত্রের ই প্রায় পিতৃকৃত্য শ্রাদ্ধাদি করিতে আস্থা দেখা যাইতেছে, তন্মধ্যে গয়াতীর্থশ্রাদ্ধ ই সকল শ্রাদ্ধের পরমোৎকর্ষসীমাগামী। কিন্তু ঐ গয়াতীর্থের কি মাহাত্ম্য এবং তথায় যাইয়াই বা কোন কোন স্থানে কিরূপে কি কি করিতে হয় তাহার প্রাচীন গ্রন্থ সকল প্রায় দুষ্প্রাপ্য হইবায় ইতিপূর্ব্বে বায়ুপুরাণ হইতে (গয়ামাহাত্ম্যবোধক) ৮ অধ্যায় সংগ্রহ করিয়া মুদ্রিত করিয়া প্রচারিত করিয়াছিলাম। ঐ গ্রন্থ সংস্কৃত ভাষায় রচিত থাকায় সাধারণের বোধগম্য না হওয়াতে দক্ষিণ পার্শ্বে বঙ্গভাষায় অনুবাদ করিয়া সাধারণের সুবোধার্থ ঐ গ্রন্থ পুনর্ব্বার মুদ্রিত হইতেছে।

ঐ গ্রন্থানুসারে গয়ামাহাত্ম্য জ্ঞান হইলেও গয়ায় কোন কোন স্থানে কি কি রূপে কি কি করিতে হয়, ঐ গ্রন্থ হইতে তাহার বোধ হওয়া সুকঠিন। ঐ বিষয়ের বোধার্থে ত্রিস্থলী সেতু প্রভৃতি প্রাচীন গ্রন্থ থাকিলেও তাহা সংস্কৃত ভাষায় রচিত এবং মুদ্রিত না থাকায় প্রায় সকলের অসুবিধা হইয়াছে। বিশেষতঃ ঐ সকল গ্রন্থে শ্রাদ্ধ তর্পণাদি মন্ত্রের এক দেশমাত্র গৃহীত থাকায় সংপূর্ণ মন্ত্র জ্ঞান না থাকিলে কর্ম্ম করা দুষ্কর।

কর্ম্মোপদেশিনী শ্রাদ্ধকল্প প্রভৃতি প্রাচীন সকল শ্রাদ্ধপদ্ধ-

ন্তিতে মন্ত্র থাকিলেও তাহাতে ঐ মন্ত্রের ঋষি, দেবতা ও ছন্দ প্রভৃতি যাহা অবশ্য জানিতে হয় ( অর্থাৎ যাহার অজ্ঞানে কর্ম্ম নিষ্ফল হয় ) ঐ সকল কিছুমাত্র লিখিত নাই এবং তাহাতে মন্ত্রের অর্থও লিখিত নাই সুতরাং অর্থ জ্ঞান না হইলে মন্ত্রোচ্চারণ করা অতি দুঃসাধ্য, এই সকল কারণে সকল প্রাচীন পদ্ধতি দৃষ্ট করিয়া তদনুসারে শ্রাদ্ধপদ্ধতি গ্রন্থ সংস্কৃত ভাষায় রচনা করিয়া তাহাতে বেদমন্ত্রের ঋষিদেবতাদি ও তাহার স্থূলার্থও লিখিত হইল এবং যে বেদের যে স্থলের যে মন্ত্র তাহাও চিহ্ন দ্বারা ব্যক্ত করা হইল। এবং সাধারণের সুবোধার্থে দক্ষিণ পার্শ্বে তাহার বঙ্গভাষায় অনুবাদ করিয়াও মুদ্রিত করা হইল।

মাৎসর্য্য ত্যাগ করিয়া এই গ্রন্থ পাঠ করিলে অর্থ ও ঋষ্যাদি ও অর্থ সহিত শ্রাদ্ধ ও তর্পণের মন্ত্র জ্ঞান হইবে এবং গয়া তীর্থে যে যে স্থানে যেমত যেমত করিতে হয় তাহার প্রণালী জানিতে পারিবেন।

পরিশেষে বিনয়াঞ্জলিতে এই প্রার্থনা যে গুণগ্রাহী মহানুভব মহাশয়েরা ইহার সংশোধন বিষয়ে যত্নবান্ হউন এবং আমার যে কিছু এ বিষয়ে স্খলন আছে তাহা মার্জ্জনা করিবেন।

কলিকাতা,
সংবৎ ১৯২৩।
১৩ই বৈশাখ।

শ্রীতারানাথ শর্ম্মণঃ।

# গয়ামাহাত্ম্যম্।

গদাধরং মুদাধারং যো দধার ধরাদিকম্।
পরাৎ পরং হৃদা বন্দে তং চিদানন্দরূপিণম্ ॥ ১ ॥
মহর্ষিব্যাসরচিতাদ্বায়বীয়াৎ পুরাহৃতা।
অষ্টাধ্যায়ী মুদ্রিতা চ গয়ামাহাত্ম্যবেদিকা ॥ ২ ॥
বঙ্গভাষানুবাদেন যুতা বঙ্গহিতৈষিণা।
সংস্ক্রিয়তে পুনঃ সাদ্য শ্রীতারানাথশর্ম্মণা ॥ ৩ ॥
রচনায়া ন মাধুর্য্যে গাম্ভীর্য্যে বা মমাগ্রহঃ।
সুখেন বস্তুমাত্রস্য বোধনায় সমুদ্যমঃ ॥ ৪ ॥
দেশভাষাসু নিপুণাঃ ক্ষমধ্বং স্খলনং মম।
শোধয়ধ্বমিদং সন্তো বিনয়াঞ্জলিযাচিতাঃ ॥ ৫ ॥

# গয়ামাহাত্ম্যম্।

সনৎকুমার উবাচ।

গয়ামাত্রাং প্রবক্ষ্যামি শৃণু নারদ মুক্তিদাম্।
নিষ্কৃতিস্ত্বিহ কর্ত্তৃণাং ব্রহ্মণা গীয়তে পুরা॥ ১॥
ব্রহ্মজ্ঞানং গয়াশ্রাদ্ধং গোগৃহে মরণং তথা।
বাসঃ পুংসাং কুরুক্ষেত্রে মুক্তিরেষা চতুর্ব্বিধা॥ ২॥
ব্রহ্মজ্ঞানেন কিং কার্য্যং গোগৃহে মরণেন কিম্।
কিং কুরুক্ষেত্রবাসেন যদি পুত্রো গয়াং ব্রজেৎ॥ ৩॥
গয়ায়াং পিণ্ডদানেন যৎ ফলং লভতে নরঃ।
ন তচ্ছক্যং ময়া বক্তুং কল্পকোটিশতৈরপি॥ ৪॥

সূত উবাচ।

ইতি শ্রুত্বা তদা বাক্যং নারদো মুনিসত্তমঃ।
সনৎকুমারং পপ্রচ্ছ প্রণম্য বিধিপূর্ব্বকম্॥ ৫॥

নারদ উবাচ।

সনৎকুমার মে ব্রূহি তীর্থানামুত্তমোত্তমম্।
তারকং সর্ব্বভূতানাং শৃণ্বতাং পঠতাং সদা॥ ৬॥

সনৎকুমার উবাচ।

বক্ষ্যে তীর্থং পরং পুণ্যং শ্রাদ্ধাদৌ সর্ব্বতারকম্।
গয়াতীর্থমৃষিশ্রেষ্ঠ তীর্থেভ্যোঽপ্যধিকং শৃণু॥ ৭॥

সনৎকুমার বলিলেন, হে নারদ! আমি মুক্তিপ্রদ গয়াযাত্রার বিষয় বলিতেছি; পূর্ব্বে ব্রহ্মা এই গয়াযাত্রা কারীদিগের মুক্তির বিষয় বলিয়া গিয়াছেন। (১) ব্রহ্মজ্ঞান, গয়াশ্রাদ্ধ, গোগৃহে মরণ এবং কুরুক্ষেত্রে বাস এই চারি প্রকার মুক্তির পথ। (২) ইহার মধ্যে, পুত্র যদি গয়ায় গমন করে, তাহা হইলে ব্রহ্মজ্ঞান, গোগৃহে মরণ এবং কুরুক্ষেত্রে বাসের আর কোন প্রয়োজন নাই। (৩) গয়ায় পিণ্ডদান করিলে যে ফল লাভ হয় শতকোটি কল্পেও তাহা বর্ণনা করিতে পারা যায় না। (৪)

সূত বলিলেন, মুনিশ্রেষ্ঠ নারদ এই বাক্য শ্রবণ করিয়া সনৎকুমারকে বিধিপূর্ব্বক প্রণাম করিয়া জিজ্ঞাসা করিলেন। (৫)

নারদ বলিলেন, হে সনৎকুমার! যাহার বিষয় সর্ব্বদা শ্রবণ ও পাঠ করিলে সর্ব্বভূতের উদ্ধার হয়, এরূপ শ্রেষ্ঠতম তীর্থের বিষয় আমাকে বলুন। (৬)

সনৎকুমার বলিলেন, হে ঋষিশ্রেষ্ঠ! পরম পুণ্য, শ্রাদ্ধাদিতে সকলের উদ্ধারক ও সকল তীর্থ অপেক্ষা শ্রেষ্ঠতম গয়াতীর্থের বিষয় বলিতেছি, শ্রবণ করুন। (৭)

গয়াসুরস্তপস্তেপে ব্রহ্মা তত্র জগাম বৈ ।
ছলেন পাতয়িত্বোর্ব্ব্যাং শিলাং তন্মূর্দ্ধ্ন্যধারয়ৎ ॥ ৮ ॥
তত্র ব্রহ্মাঽকরোদ্‌যাগং স্থাপয়িত্বা গদাধরম্ ।
ফল্গুতীর্থাদিরূপেণ নিশ্চলার্থমহর্ন্নিশম্ ॥ ৯ ॥
কৃতযজ্ঞো দদৌ ব্রহ্মা ব্রাহ্মণেভ্যো গৃহাদিকম্ ।
শ্বেতকল্পে তু বারাহে গয়াযাগমকারয়ৎ ।
গয়ানাম্না গয়াস্থানং ক্ষেত্রং ব্রহ্মর্ষিকাঙ্ক্ষিতম্ ॥ ১০ ॥
কাঙ্ক্ষন্তি পিতরঃ পুত্রান্নরকাদ্ভয়ভীরবঃ ।
গয়াং যাস্যতি যঃ পুত্রঃ স নস্ত্রাতা ভবিষ্যতি ॥ ১১ ॥
গয়াং প্রাপ্তং সুতং দৃষ্ট্বা পিতৃণামুৎসবো ভবেৎ ।
পদ্ভ্যামপি জলং স্পৃষ্ট্বা সোঽস্মভ্যং কিন্ন দাস্যতি ॥১২॥
গয়াং গত্বান্নদাতা যঃ পিতরস্তেন পুত্রিণঃ ।
পক্ষত্রয়নিবাসী চ পুনাত্যাসপ্তমং কুলম্ ॥ ১৩ ॥
মহাকল্পকৃতং পাপং গয়াং প্রাপ্য বিনশ্যতি ।
পিণ্ডং দদ্যাচ্চ পিত্রাদেরাত্মনোঽপি তিলৈর্ব্বিনা ॥ ১৪ ॥
আত্মজশ্চান্যজো বাপি গয়াশ্রাদ্ধে যদা তদা ।
যন্নাম্না পাতয়েৎ পিণ্ডং তন্নয়েদ্‌ব্রহ্ম শাশ্বতম্ ॥ ১৫ ॥

গয়াসুর তপস্যা করিলেন, ব্রহ্মা তথায় যাইয়া ছলপূর্ব্বক তাঁহাকে ভূমিতে ফেলিয়া, তাঁহার মস্তকে একখণ্ড শিলা স্থাপনা করিলেন। (৮) এবং তাহা চিরস্থায়ী করিবার নিমিত্ত তথায় গদাধরকে ফল্গুতীর্থাদি রূপে স্থাপনা করিয়া যাগ করিলেন। (৯) ব্রহ্মা যজ্ঞ সমাপনান্তে ব্রাহ্মণদিগকে গৃহাদি প্রদান করিলেন। শ্বেতবরাহকল্পে এই গয়াযাগ অনুষ্ঠিত হইয়াছিল। সেই অবধি এই গয়াস্থান গয়াক্ষেত্র নামে প্রসিদ্ধ ও ব্রহ্মর্ষিগণের কাঙ্ক্ষণীয় হইল। (১০) নরকভয়ভীরু পিতারা পুত্র কামনা করেন, পুত্র গয়ায় যাইলে, তাঁহাদের উদ্ধার হইবে। (১১) পুত্রকে গয়ায় যাইতে দেখিলে এই ভাবিয়া তাঁহাদের উৎসব হয় যে পুত্র তথায় পাদ দ্বারা জল স্পর্শ করিয়াও কি আমাদিগকে দান করিবে না? (১২) যে পুত্র গয়ায় যাইয়া অন্নদাতা হয়, সেই পুত্র দ্বারাই পিতা পুত্রবান্ হন এবং যে পুত্র তথায় তিন পক্ষ কাল বাস করে, তাহা দ্বারা সপ্ত পুরুষ পর্য্যন্ত পবিত্র হয়। (১৩) যে ব্যক্তি গয়ায় যাইয়া বিনা তিলে পিণ্ডদান করে, পিত্রাদির এবং তাহারও মহাকল্পকৃত পাপ বিনষ্ট হয়। (১৪) স্বীয় পুত্র কিম্বা অন্য যে কেহ যে কোন সময় গয়ায় যাইয়া, যাহার নাম উল্লেখ করিয়া পিণ্ডদান করে, সে শাশ্বত ব্রহ্মধামে গমন করে। (১৫)

সকৃদ্গয়াভিগমনং সকৃৎপিণ্ডপ্রপাতনম্ ।
দুর্লভং কিং পুনর্নিত্যমস্মিন্নেব ব্যবস্থিতিঃ ॥ ১৬ ॥
প্রমাদান্ম্রিয়তে ক্ষেত্রে ব্রহ্মাদের্মুক্তিদায়কে ।
ব্রহ্মজ্ঞানাদ্যথা মুক্তির্লভতে নাত্র সংশয়ঃ ॥ ১৭ ॥
কীকটাদিস্থতানাং চ পিতৃণাং মুক্তিদায়কম্ ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন বস্তব্যং চ বিচক্ষণৈঃ ॥ ১৮ ॥
ব্রহ্মপ্রকল্পিতান্ বিপ্রান্ হব্যকব্যাদিনার্চ্চয়েৎ ।
তৈস্তুষ্টৈস্তোষিতাঃ সর্ব্বাঃ পিতৃভিঃ সহ দেবতাঃ ॥ ১৯॥
গয়ায়াং সর্ব্বকালেষু পিণ্ডং দদ্যাদ্বিচক্ষণঃ ।
আধিমাসে জন্মদিনে অস্তে চ গুরুশুক্রয়োঃ ।
ন ত্যক্তব্যং গয়াশ্রাদ্ধং সিংহস্থে চ বৃহস্পতৌ ॥ ২০॥
মুণ্ডনং চোপবাসশ্চ সর্ব্বতীর্থেষ্বয়ং বিধিঃ ।
বর্জ্জয়িত্বা কুরুক্ষেত্রং বিশালাং বিরজাং গয়াম্ ॥ ২১ ॥
দণ্ডং প্রদর্শয়েদ্ভিক্ষুর্গয়াং গত্বা ন পিণ্ডদঃ ।
দণ্ডং স্পৃষ্ট্বা বিষ্ণুপদে পিতৃভিঃ সহ মোদতে ।
মুণ্ডং কৃত্বা চ পূর্ব্বস্মিন্ পশ্চিমে দক্ষিণোত্তরে ॥ ২২॥
সার্দ্ধক্রোশদ্বয়ং মানং গয়েতি ব্রহ্মণেরিতম্ ।
পঞ্চক্রোশং গয়াক্ষেত্রং ক্রোশমেকং গয়াশিরঃ ॥ ২৩ ॥

গয়ায় এক বার মাত্র গমন ও এক বার মাত্র পিণ্ডদানই দুর্লভ, সুতরাং তথায় চিরকাল বাস করিবার ফল আর কি বলিব।(১৬) যেরূপ ব্রহ্মজ্ঞানে মুক্তিলাভ হয়, তদ্রূপ ব্রহ্মাদিরও মুক্তিদায়ক এই ক্ষেত্রে যাহার প্রমাদেও মরণ হয়, তাহারও নিঃসংশয় মুক্তিলাভ হয়। (১৭) এবং কীকটাদিতে মৃত পিতাদিগেরও এখানে মুক্তিলাভ হয়, অতএব সর্ব্বপ্রযত্নে বিচক্ষণদিগের এই স্থানে বাস করা উচিত। (১৮) ব্রহ্মপ্রকল্পিত বিপ্রদিগকে হব্য কব্যাদি দ্বারা অর্চ্চনা করিবেক; ইহাঁরা তুষ্ট হইলে সমুদায় দেবতা ও পিতৃলোক সন্তুষ্ট হয়েন। (১৯) মল মাসে, জন্মদিনে, অকালে, সিংহস্থ বৃহস্পতিতে এবং সর্ব্বকালেই পণ্ডিত ব্যক্তি গয়াতে পিণ্ডদান করিবে। (২০) মুণ্ডন ও উপবাস সর্ব্ব তীর্থেতেই বিধি আছে, কিন্তু কুরুক্ষেত্রে এবং বিশালা বিরজা গয়াতে উহা করিবেক না। (২১) ভিক্ষু ব্যক্তি গয়াতে পিণ্ডদান না করিয়া দণ্ড প্রদর্শন করিবে। এবং পূর্ব্ব পশ্চিম দক্ষিণ বা উত্তর মুখ হইয়া দণ্ড দ্বারা বিষ্ণুপদ স্পর্শ করিলেই তিনি পিতৃলোকের সহিত শান্তি প্রাপ্ত হন। (২২) গয়ার পরিমাণ আড়াই ক্রোশ, গয়াক্ষেত্রের পরিমাণ পঞ্চ ক্রোশ এবং গয়াশিরের পরিমাণ এক ক্রোশ ইহা ব্রহ্মাকর্ত্তৃক উক্ত হইয়াছে।(২৩)

তন্মধ্যে সর্ব্বতীর্থানি ত্রৈলোক্যে যানি সন্তি বৈ।
শ্রাদ্ধকৃদ্যো গয়াক্ষেত্রে পিতৃণামনৃণো হি সঃ ॥ ২৪ ॥
শিরসি শ্রাদ্ধকৃদ্যঃ স কুলানাং শতমুদ্ধরেৎ।
গৃহাচ্চলিতমাত্রেণ গয়ায়াং গমনং প্রতি।
স্বর্গারোহণসোপানং পিতৃণাং চ পদে পদে ॥ ২৫ ॥
পদে পদেঽশ্বমেধস্য যৎ ফলং গচ্ছতো ভবেৎ।
তৎ ফলং লভতে নূনং সমগ্রং নাত্র সংশয়ঃ ॥ ২৬ ॥
পায়সেনাপি চরুণা সক্তুনা পিষ্টকেন বা।
তণ্ডুলৈঃ ফলমূলাদ্যৈর্গয়ায়াং পিণ্ডদো ভবেৎ ॥ ২৭ ॥
মীনে মেষে স্থিতে সূর্য্যে কন্যায়াং কার্ম্মুকে ঘটে।
মকরে বর্ত্তমানে চ গ্রহণে চন্দ্রসূর্য্যয়োঃ।
দুর্লভং ত্রিষু লোকেষু গয়ায়াং পিণ্ডপাতনম্ ॥ ২৮ ॥
গয়ায়াং নহি তৎস্থানং যত্র তীর্থং ন বিদ্যতে।
সান্নিধ্যং সর্ব্বতীর্থানাং গয়াতীর্থং ততো বরম্ ॥ ২৯ ॥

ইতি শ্রীবায়ুপুরাণে শ্বেতবরাহকল্পে
গয়ামাহাত্ম্যে প্রথমোঽধ্যায়ঃ।

ত্রিলোকের যত তীর্থ সে সকলই এই স্থানে আছে। এই গয়াক্ষেত্রে যে ব্যক্তি শ্রাদ্ধ করে, সে পিতৃলোকের নিকট অনৃণ হয়। (২৪) যে ব্যক্তি গয়াশিরে শ্রাদ্ধ করে, তাহার শত কুল উদ্ধার হয়। গয়ায় গমনার্থ যে ব্যক্তি গৃহ হইতে নির্গত হয়, তাহার প্রতিপদক্ষেপেই পিতৃলোকের জন্য স্বর্গারোহণ সোপান প্রস্তুত হয়। (২৫) এবং সে ব্যক্তি স্বয়ং প্রতি পাদবিক্ষেপে অশ্বমেধ যজ্ঞের সমগ্র ফল নিঃসংশয়ে লাভ করে। (২৬) পায়স, চরু, সক্তু, পিষ্টক, তণ্ডুল কিম্বা ফল মূলাদি দ্বারা গয়াতে পিণ্ডদান করিবে। (২৭) চৈত্র, বৈশাখ, আশ্বিন, পৌষ, ফাল্গুন, মাঘ মাসে এবং চন্দ্র ও সূর্য্য গ্রহণে গয়ায় পিণ্ডদান ত্রিলোকেতে দুর্লভ। (২৮) গয়াতে এমন স্থান নাই, যেখানে তীর্থ নাই, এখানে সকল তীর্থেরই সান্নিধ্য আছে; সুতরাং সর্ব্বাপেক্ষা গয়া তীর্থই শ্রেষ্ঠ। (২৯)

ইতি শ্রীবায়ুপুরাণে শ্বেতবরাহকল্পে গয়ামাহাত্ম্যে প্রথম অধ্যায়।

---

নারদ উবাচ।

গয়াসুরঃ কথং ভূতঃ কিংপ্রভাবঃ কিমাত্মকঃ।
তপস্তপ্তং কথং তেন কথং দেহে পবিত্রতা ॥ ১ ॥

সনৎকুমার উবাচ।

বিষ্ণোর্নাভ্যম্বুজাজ্জাতো ব্রহ্মা লোকপিতামহঃ।
প্রজাঃ সসর্জ্জ সংপ্রোক্তঃ পূর্ব্বদেবেন বিষ্ণুনা ॥ ২ ।
আসুরেণ তু ভাবেন অসুরানসৃজৎ প্রভুঃ।
সৌমনস্যেন ভাবেন দেবান্ সুমনসোঽসৃজৎ ॥ ৩ ॥
গয়াসুরোঽসুরাণাঞ্চ মহাবলপরাক্রমঃ।
যোজনানাং সপাদং চ শতং তস্যোচ্ছ্রয়ঃ স্মৃতঃ।
স্থূলঃ ষষ্টির্যোজনানাং শ্রেষ্ঠোঽসৌ বৈষ্ণবঃ স্মৃতঃ ॥ ৪ ॥
কোলাহলে গিরিবরে তপস্তেপে সুদারুণম্।
বহুবর্ষসহস্রাণি নিরুচ্ছ্বাসং স্থিতোঽভবৎ ॥ ৫ ॥
তত্তপস্তাপিতা দেবাঃ সংক্ষোভং পরমং যযুঃ।
ব্রহ্মলোকং গতা দেবা ঊচুস্তে প্রপিতামহম্ ॥ ৬ ॥
গয়াসুরাদ্রক্ষ দেব ব্রহ্মা দেবাংস্ততোঽব্রবীৎ।
ব্রজামঃ শঙ্করং দেবা ব্রহ্মাদ্যাশ্চ গতাঃ শিবম্ ॥ ৭ ॥

নারদ কহিলেন, গয়াসুর কি রূপে উৎপন্ন হইয়াছিল এবং তাহার কি রূপ আকার, কি রূপ প্রভাব, কি রূপ প্রকৃতি; কেন তিনি তপস্যা করিলেন এবং কি কারণ বা তাঁহার দেহে পবিত্রতা হইল? (১)

সনৎকুমার কহিলেন, লোকপিতামহ ব্রহ্মা বিষ্ণুর নাভাম্বুজ হইতে জন্ম গ্রহণ করিলেন, এবং তিনি সেই আদিপুরুষ বিষ্ণুকর্ত্তৃক আদিষ্ট হইয়া প্রজা সকল সৃষ্টি করিলেন। (২) তিনি আসুর ভাব দ্বারা অসুরদিগকে এবং সৌমনস্য ভাব দ্বারা সুমনা দেবতাদিগকে সৃষ্টি করিলেন। (৩) অসুরদিগের মধ্যে গয়াসুর মহাবল পরাক্রম ছিলেন; তিনি এক শত পঞ্চবিংশতি যোজন উন্নত এবং তাঁহার স্থূলতা ষষ্টি যোজন। ইনি পরম বৈষ্ণব বলিয়া উক্ত হইয়াছেন। (৪) ইনি বহুসহস্র বৎসর নিঃশ্বাস বন্ধ করিয়া কোলাহল পর্ব্বতের উপর অতি কঠোর তপস্যা করিয়াছিলেন। (৫) ইঁহার কঠোর তপস্যায় দেবতারা মহাভীত হইয়া ব্রহ্মলোকে গিয়া ব্রহ্মাকে বলিলেন, (৬) হে দেব! গয়াসুর হইতে আমাদিগকে রক্ষা করুন। ব্রহ্মা তাঁহাদিগকে কহিলেন, মহাদেবের নিকট গমন করিতে হইবে। তৎপরে ব্রহ্মাদি দেবগণ মহাদেবের নিকট গমন করিলেন (৭)

কৈলাসে চাব্রুবন্নত্বা রক্ষ দেব মহাসুরাৎ ॥ ৮ ॥
ব্রহ্মাদ্যানব্রবীচ্ছম্ভুর্ব্রজামঃ শরণং হরিম্ ।
ক্ষীরাব্ধৌ দেবদেবেশঃ স নঃ শ্রেয়ো বিধাস্যতি ।
ব্রহ্মা মহেশ্বরো দেবা বিষ্ণুং নত্বা তু তুষ্টুবুঃ ॥ ৯ ॥

দেবা ঊচুঃ ।

ওঁ নমো বিষ্ণবে ভর্ত্রে সর্ব্বেষাং প্রভবিষ্ণবে ।
রোচিষ্ণবে হ্যনন্তায় নমো ভ্রাজিষ্ণবে নমঃ ॥ ১০ ॥
সহিষ্ণবে জিষ্ণবে চ রাক্ষসাদিগ্রসিষ্ণবে ।
বর্দ্ধিষ্ণবেঽখিলস্যাস্য যোগিনাং পারয়িষ্ণবে ॥ ১১ ॥

সনৎকুমার উবাচ ।

এবং স্তুতো বাসুদেবঃ সুরাণাং দর্শনং যযৌ ।
কিমর্থমাগতা যূয়ং দেবেনোক্তাস্তমব্রুবন্ ॥ ১২ ॥
গয়াসুরভয়াদ্দেব রক্ষাস্মানব্রবীদ্ধরিঃ ।
ব্রহ্মাদ্যা যান্তু তং দৈত্যমাগমিষ্যাম্যহং ততঃ ॥ ১৩ ॥

এবং কৈলাসে তাঁহাকে নমস্কার করিয়া কহিলেন হে দেব! মহাসুরের হস্ত হইতে আমাদিগকে রক্ষা করুন। মহাদেব ব্রহ্মাদি দেবগণকে কহিলেন, বিষ্ণুর নিকট গমন করিতে হইবে; (৮) তিনি আমাদের যাহা শ্রেয় তাহা বিধান করিবেন। এই স্থির করিয়া ব্রহ্মা মহাদেব ও সকল দেবতা ক্ষীরসমুদ্রে বিষ্ণুর নিকট উপস্থিত হইয়া তাঁহাকে নমস্কার পূর্ব্বক স্তব করিলেন (৯)।

পরে তাঁহারা কহিলেন, হে বিষ্ণো! আপনি সর্ব্ব ভূতের ভর্ত্তা, প্রভবিষ্ণু, রোচিষ্ণু, অনন্ত, ভ্রাজিষ্ণু, (১০) সহিষ্ণু, জিষ্ণু, রাক্ষসাদির গ্রসিষ্ণু, সর্ব্বভূতের বর্দ্ধিষ্ণু এবং যোগীদিগের পারয়িষ্ণু, আপনাকে নমস্কার। (১১)

সনৎকুমার কহিলেন, বাসুদেব দেবগণকর্ত্তৃক এই রূপ স্তুত হইয়া সুরগণকে দর্শন দিলেন এবং তাঁহাদের আগমনের কারণ জিজ্ঞাসা করিলেন। দেবতারা বাসুদেব কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া তাঁহাকে কহিলেন, (১২) হে দেব! গয়াসুরভয় হইতে আমাদিগকে রক্ষা করুন। হরি কহিলেন, ব্রহ্মাদি দেবগণ সেই দৈত্যের নিকট গমন করুন, আমিও যাইতেছি। (১৩)

কেশবো গরুড়ারূঢ়ো বরং দাতুং গয়াসুরে।
সর্ব্বে স্বং স্বং সমাস্থায় যযুর্ব্বাহনমুত্তমম্ ॥ ১৪ ॥
ঊচুস্তং বাসুদেবাদ্যাঃ কিমর্থং তপ্যতে ত্বয়া।
সন্তুষ্টাঃ স্বাগতাঃ সর্ব্বে বরং ব্রূহি গয়াসুর ॥ ১৫ ॥

গয়াসুর উবাচ।

যদি তুষ্টাঃ শরীরং মে ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাৎ।
সর্ব্বদেবদ্বিজাতিভ্যো যজ্ঞতীর্থশিলোচ্চয়াৎ।
দেবেভ্যোঽতিপবিত্রেভ্যঃ পবিত্রতমমস্তু চ ॥ ১৬ ॥

সনৎকুমার উবাচ।

পবিত্রমস্তু তং দেবা দৈত্যমুক্ত্বা দিবং যযুঃ।
দৈত্যং দৃষ্ট্বা চ স্পৃষ্ট্বা চ নরা ব্রহ্ম পরং যযুঃ ॥ ১৭ ॥
শূন্যং লোকত্রয়ং জাতং শূন্যা যমপুরী হ্যভূৎ।
যম ইন্দ্রাদিভিঃ সার্দ্ধং ব্রহ্মলোকং ততোঽগমৎ ॥ ১৮ ॥
ব্রহ্মাণমূচিরে দেবা গয়াসুরবিলোপিতাঃ।
ত্বয়া দত্তোঽধিকারো বৈ গৃহাণ ত্বং পিতামহ ॥ ১৯ ॥

পরে কেশব গরুড়ে ও অন্যান্য দেবগণ স্ব স্ব উত্তমোত্তম বাহনে আরোহণ করিয়া গয়াসুরকে বর দিবার নিমিত্ত বহির্গত হইলেন।(১৪) এবং বাসুদেবাদি সকলে তথায় উপস্থিত হইয়া কহিলেন, হে গয়াসুর! তুমি আর কি নিমিত্ত তপস্যা করিতেছ? আমরা সকলে সন্তুষ্ট হইয়া আসিয়াছি; তুমি বর গ্রহণ কর। (১৫)

গয়াসুর কহিলেন, যদি আপনারা সন্তুষ্ট হইয়া থাকেন, তাহা হইলে, যাহাতে আমার দেহ, ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর, সকল দেব দ্বিজ, সকল যজ্ঞ তীর্থ, সকল প্রস্তর এবং অতি পবিত্র দেব সকল অপেক্ষাও পবিত্রতম হয়, এরূপ বর প্রদান করুন। (১৬)

সনৎকুমার কহিলেন, দেবতারা সেই দৈত্যকে তথাস্তু বলিয়া বর দিয়া দ্যুলোকে গমন করিলেন। পরে সমস্ত লোক তাঁহাকে দর্শন ও স্পর্শন করিয়া ব্রহ্মলোকে গমন করিতে লাগিল। (১৭) ইহাতে ত্রিলোক ও যমপুরী শূন্য হইয়া পড়িল। তৎপরে যমরাজ ইন্দ্রাদির সহিত ব্রহ্মলোকে উপস্থিত হইলেন (১৮) এবং ব্রহ্মাকে কহিলেন, হে পিতামহ! আমরা সকলে গয়াসুর কর্তৃক বিলোপিত হইয়াছি; অতএব আপনি আমাদিগকে যে অধিকার দিয়াছিলেন, তাহা গ্রহণ করুন। (১৯)

ব্রহ্মাব্রবীত্ততো দেবান্ ব্রজামো বিষ্ণুমব্যয়ম্।
ব্রহ্মাদয়োঽব্রুবন্ বিষ্ণুং ত্বয়া দত্তবরোঽসুরঃ ॥ ২০ ॥
তদ্দর্শনাদ্দয়ুঃ স্বর্গং শূন্যং লোকত্রয়ং হ্যভূৎ।
দেবৈরুক্তো বাসুদেবো ব্রহ্মাণং চ ততোঽব্রবীৎ ॥ ২১ ॥
গয়াসুরং প্রার্থয়স্ব যজ্ঞার্থং দেহি দেহকম্।
বিষ্ণূক্তঃ সসুরো ব্রহ্মা গত্বাঽপশ্যন্মহাসুরম্ ॥ ২২ ॥
গয়াসুরো ব্রবীদ্দৃষ্ট্বা ব্রহ্মাণং ত্রিদশৈঃ সহ।
সংপূজ্যোত্থায় বিধিবৎ প্রণতঃ শ্রদ্ধয়ান্বিতঃ ॥ ২৩ ॥

গয়াসুর উবাচ।

অদ্য মে সফলং জন্ম অদ্য মে সফলং তপঃ।
যদাগতোঽতিথির্ব্রহ্মা সর্ব্বং প্রাপ্তং ময়াদ্য বৈ।
যদর্থমাগতো ব্রহ্মন্ তৎকার্য্যং করবাণি তে ॥ ২৪ ॥

ব্রহ্মা সেই দেবগণকে কহিলেন, তবে চল এক্ষণে বিষ্ণুর নিকট গমন করা যাউক। এই স্থির করিয়া ব্রহ্মাদি দেবগণ বিষ্ণুর নিকট উপস্থিত হইয়া তাঁহাকে কহিলেন আপনি যে অসুরকে বর দিয়াছেন, (২০) তাহাকে দর্শন করিয়া সকলেই স্বর্গে গমন করিয়াছে ; ইহাতে ত্রিলোক একেবারে শূন্য হইয়া পড়িয়াছে। বাসুদেব এইরূপ উক্ত হইয়া ব্রহ্মাকে কহিলেন, (২১) গয়াসুরের নিকট যাইয়া যজ্ঞার্থ তাহার দেহ প্রার্থনা কর। বিষ্ণু কর্ত্তৃক এইরূপ উক্ত হইয়া ব্রহ্মা দেবগণের সহিত গয়াসুরের নিকট উপস্থিত হইয়া তাঁহাকে দর্শন করিলেন। (২২) গয়াসুর সমস্ত দেবগণের সহিত ব্রহ্মাকে দেখিয়া গাত্রোত্থান করিলেন এবং শ্রদ্ধান্বিত হইয়া তাঁহাদিগকে প্রণাম ও বিধিবৎ পূজা করিলেন। (২৩)

এবং তিনি কহিলেন, হে ব্রহ্মন্! অদ্য যখন আপনি এখানে অতিথি হইয়া আসিয়াছেন, তখন আমার জন্ম ও তপস্যা সফল হইয়াছে এবং আমি সকলই প্রাপ্ত হইয়াছি। এক্ষণে আপনি কি জন্য এখানে আগমন করিয়াছেন, বলুন তাহা সম্পাদন করি। (২৪)

ব্রহ্মোবাচ।

পৃথিব্যাং যানি তীর্থানি দৃষ্টানি ভ্রমতা ময়া।
যজ্ঞার্থং ন তু তে তানি পবিত্রাণি শরীরতঃ॥ ২৫॥
ত্বয়া দেহে পবিত্রত্বং প্রাপ্তং বিষ্ণুপ্রসাদতঃ।
অতঃ পবিত্রং দেহং ত্বং যজ্ঞার্থং দেহি মেঽসুর॥২৬॥

গয়াসুর উবাচ।

ধন্যোঽহং দেবদেবেশ যদ্দেহং প্রার্থ্যতে মম।
পিতৃবংশঃ কৃতার্থো মে দেহে যাগং করোষি চেৎ॥২৭॥
ত্বয়ৈবোৎপাদিতো দেহস্তবৈবাস্তূপকারকঃ।
সর্ব্বেষামুপকারায় যতোঽবশ্যং ভবিষ্যতি॥ ২৮॥

সনৎকুমার উবাচ।

ইত্যুক্ত্বা সোঽপতদ্ভূমৌ শ্বেতকল্পে গয়াসুরঃ।
নৈঋর্তীং দিশমাশ্রিত্য তদা কোলাহলে গিরৌ।
শিরঃ কৃত্বোত্তরে দৈত্যঃ পাদৌ কৃত্বা তু দক্ষিণে॥২৯॥
ব্রহ্মা সংভৃতসংভারো মানসানৃত্বিজোঽসৃজৎ।
পরিকল্প্যাকরোদ্যাগং গয়াসুরশরীরকে॥ ৩০॥
যজ্ঞস্য চ প্রতিষ্ঠার্থং বিপ্রেভ্যো দক্ষিণাং দদৌ।
হুত্বা পূর্ণাহুতিং ব্রহ্মা স্নাত্বা চাবভৃথেন তু॥ ৩১॥

ব্রহ্মা কহিলেন, আমি পৃথিবীতে ভ্রমণ করিয়া যত তীর্থ দেখিয়াছি, যজ্ঞার্থ তোমার শরীর অপেক্ষা কোন তীর্থই অধিক পবিত্র নহে। (২৫) হে অসুর! বিষ্ণু-প্রসাদাৎ তোমার দেহে পবিত্রত্ব হইয়াছে; অতএব যজ্ঞার্থ তোমার পবিত্র দেহ আমাকে অর্পণ কর (২৬)

গয়াসুর কহিলেন, হে দেবদেবেশ! আমি ধন্য হইলাম, যেহেতু আপনি আমার দেহ প্রার্থনা করিতেছেন। যদি আমার দেহে যাগ করেন, তাহা হইলে আমার পিতৃবংশও কৃতার্থ হইবে (২৭) আর আপনার কর্ত্তৃকই এই দেহ উৎপাদিত হইয়াছে, ইহা আপনারই উপকারে আসা উচিত, তাহা হইলে ইহা অবশ্যই সর্ব্ব সাধারণের উপকারে আসিবে। (২৮)

সনৎকুমার বলিলেন, গয়াসুর ইহা কহিয়া কোলাহল পর্ব্বতের নৈঋ্ণত দিকে, উত্তর দিকে মস্তক এবং দক্ষিণ দিকে পাদদ্বয় করিয়া পতিত হইলেন। এই ঘটনা শ্বেতবরাহ কল্পে ঘটিয়াছিল। (২৯) তৎপরে ব্রহ্মা যজ্ঞীয় দ্রব্য সংগ্রহপূর্ব্বক মানস ঋত্বিক্ সকল সৃষ্টি করিয়া গয়াসুরশরীরে যজ্ঞ করিলেন (৩০) এবং পূর্ণাহুতি দান ও অবভৃথ স্নান করিয়া যজ্ঞের প্রতিষ্ঠার্থ ব্রাহ্মণদিগকে দক্ষিণা প্রদান করিলেন; (৩১)

যজ্ঞবাটে সুরৈঃ সার্দ্ধং গয়াসুরমপশ্যত ।
চলিতং চকিতো ব্রহ্মা ধর্ম্মরাজমভাষত ॥ ৩২ ॥

ব্রহ্মোবাচ ।

যা তে গৃহে ধর্ম্মশিলা সমানীয়াবিচারয়ন্ ।
দৈত্যস্য শীঘ্রং শিরসি তাং ধারয় মমাজ্ঞয়া ॥ ৩৩ ॥

সনৎকুমার উবাচ ।

নিশ্চলার্থং যমঃ শ্রুত্বাঽধারয়ন্মস্তকে শিলাম্ ।
শিলায়াং ধারিতায়াং তু সশিলশ্চলিতোঽসুরঃ ॥ ৩৪ ॥
দেবানূচেঽথ রুদ্রাদীন্ শিলায়াং নিশ্চলাঃ সদা ।
তিষ্ঠধ্বং নিশ্চলার্থং বৈ তথেত্যুক্ত্বা চ তে স্থিতাঃ ।
দেবাঃ পাদৈর্লক্ষয়িত্বা তথাপি চলিতোঽসুরঃ ॥ ৩৫ ॥
ব্রহ্মাথ ব্যাকুলো বিষ্ণুং গতঃ ক্ষীরাব্ধিশায়িনম্ ।
দৃষ্ট্বা চ প্রণতো ভূত্বা বিষ্ণুং ত্রিজগতাং পতিম্ ॥ ৩৬ ॥

ব্রহ্মোবাচ ।

ব্রহ্মাণ্ডস্য পতিং নাথং নমামি জগতাং পতিম্ ।
পতিং কীর্ত্তিমতাং নৃণাং ভুক্তিমুক্তিপ্রদায়কম্ ॥ ৩৭ ॥

কিন্তু তিনি সমুদায় সুরের সহিত যজ্ঞ ভূমিতে গয়াসুরকে চলিত দেখিয়া চকিত হইয়া ধর্ম্মরাজকে কহিলেন (৩২)।

ব্রহ্মা কহিলেন, তোমার গৃহে যে ধর্ম্মশিলা আছে, আমার আজ্ঞানুসারে শীঘ্র তাহা আনিয়া এই দৈত্যের মস্তকে স্থাপন কর। (৩৩)

সনৎকুমার কহিলেন, ধর্ম্মরাজ এই কথা শ্রবণ করিয়া অসুরকে নিশ্চল করিবার জন্য সেই শিলাখণ্ড তাহার মস্তকে স্থাপনা করিলেন; কিন্তু গয়াসুর সেই শিলা সমেত চলিত হইলেন। (৩৪) তখন ব্রহ্মা রুদ্রাদি দেবগণকে কহিলেন, তোমরা ইহাকে নিশ্চল করিবার জন্য সকলে ইহার উপর নিশ্চল হইয়া অবস্থান কর। তাঁহারা তদ্রূপে অবস্থিত হইয়া রহিলেন, তথাপি গয়াসুর চলিত হইতে লাগিলেন। (৩৫) অনন্তর ব্রহ্মা ব্যাকুল হইয়া ক্ষীরসমুদ্রশায়ী ত্রিজগতের পতি বিষ্ণুর নিকট উপস্থিত হইয়া তাঁহাকে প্রণাম করিলেন। (৩৬)

এবং তিনি কহিলেন, হে ব্রহ্মাণ্ডের পতি, সমস্ত জগতের পতি, কীর্ত্তিমান্ জনগণের পতি, ভুক্তিমুক্তি-প্রদায়ক নাথ! আপনাকে নমস্কার। (৩৭)

সনৎকুমার উবাচ।

বিষ্বক্‌সেনোঽব্রবীদ্বিষ্ণুং দেব ত্বাং স্তৌতি পদ্মজঃ।
হরিরাহানয় ত্বং তং বিষ্ণুক্তঃ স তমানয়ৎ।
তমুবাচ হরিঃ কস্মাদাগতোঽসি বদস্ব তৎ ॥ ৩৮ ॥

ব্রহ্মোবাচ।

দেবদেব কৃতে যাগে প্রচচাল গয়াসুরঃ।
শিলায়াং দেবরূপিণ্যাং ন্যস্তায়াং তস্য মস্তকে ॥ ৩৯ ॥
রুদ্রাদিষু চ দেবেষু সংস্থিতেষ্বসুরোঽচলৎ।
ইদানীং নিশ্চলার্থং তু প্রসাদং কুরু মাধব ॥ ৪০ ॥

সনৎকুমার উবাচ।

ব্রহ্মণো বচনং শ্রুত্বা হ্যাকৃষ্য স্বশরীরতঃ।
মূর্ত্তিং দদৌ নিশ্চলার্থং ভগবান্ ব্রহ্মণে হরিঃ ॥ ৪১ ॥
আনীয় মূর্ত্তিং ব্রহ্মাপি শিলায়াং তামধারয়ৎ।
তথাপি চলিতং বীক্ষ্য পুনর্দেবমিহাহ্বয়ৎ ॥ ৪২ ॥

সনৎকুমার কহিলেন, বিষ্বক্‌সেন বিষ্ণুকে কহিলেন, হে দেব! ব্রহ্মা আপনার স্তব করিতেছেন। অনন্তর বিষ্বক্‌সেন বিষ্ণু কর্ত্তৃক আদিষ্ট হইয়া ব্রহ্মাকে বিষ্ণু সন্নিধানে লইয়া গেলেন। অনন্তর বিষ্ণু ব্রহ্মাকে জিজ্ঞাসা করিলেন আপনি কি নিমিত্ত আগমন করিয়াছেন, বলুন। (৩৮)

ব্রহ্মা কহিলেন, হে দেবদেব! যজ্ঞ সমাপ্ত হইলে গয়াসুর প্রচলিত হইতে লাগিল; তাহার মস্তকে দেবরূপিণী শিলা স্থাপন করা গেল, তাহাতেও স্থির হইল না; (৩৯) এবং রুদ্রাদি দেবগণ তাহার উপর অবস্থিত হইলেন, কিছুতেই নিশ্চল হইল না। এক্ষণে তাহাকে নিশ্চল করিবার জন্য আপনি অনুগ্রহ প্রকাশ করুন। (৪০)

সনৎকুমার কহিলেন, ভগবান্ বিষ্ণু ব্রহ্মার বাক্য শ্রবণানন্তর গয়াসুরকে স্থিরতর করিবার জন্য স্বীয় শরীর হইতে মূর্ত্তি আকর্ষণ করিয়া ব্রহ্মাকে অর্পণ করিলেন। (৪১) ব্রহ্মা তাঁহা আনিয়া শিলাখণ্ডে স্থাপন করিলেন, তথাপি উহা নিশ্চল হইল না দেখিয়া পুনর্ব্বার বিষ্ণুর শরণাপন্ন হইলেন। (৪২)

আগত্য বিষ্ণুঃ ক্ষীরাব্ধেঃ শিলায়াং সংস্থিতোঽভবৎ।
জনার্দ্দনাধিষ্ঠানেন পুণ্ডরীকাক্ষনামতঃ।
শিলায়াং নিশ্চলার্থং স স্বয়মেব গদাধরঃ॥ ৪৩॥
নিশ্চলার্থং পঞ্চধাসীচ্ছিলায়াং প্রপিতামহঃ।
পিতামহোঽথ ফল্গ্বীশঃ কেদারঃ কনকেশ্বরঃ।
ব্রহ্মা স্বয়ং স্থিতস্তত্র গজরূপো বিনায়কঃ॥ ৪৪॥
গয়াদিত্যশ্চোত্তরার্কো দক্ষিণার্কস্ত্রিধা রবিঃ।
লক্ষ্মীঃ সীতাভিধানেন গৌরী চ মঙ্গলাহ্বয়া।
গায়ত্রী চৈব সাবিত্রী ত্রিসন্ধ্যা চ সরস্বতী॥ ৪৫॥
আদ্যয়া গদয়া চাসৌ যস্মাদ্দৈত্যঃ স্থিরীকৃতঃ।
স্থিত ইত্যেষ হরিণা তস্মাদাদিগদাধরঃ॥ ৪৬॥
ঊচে গয়াসুরো দেবান্ কিমর্থং বঞ্চিতোঽস্ম্যহম্।
যজ্ঞার্থং ব্রহ্মণে দত্তং শরীরমমলং ময়া॥ ৪৭॥
বিষ্ণোর্বচনমাত্রেণ কিং ন স্যাং নিশ্চলো হ্যহম্।
যৎ সুরৈঃ পীড়িতোঽত্যর্থং গদয়া হরিণা সহ॥ ৪৮॥
পীড়িতো যদ্যহং দেবাঃ প্রসন্নাঃ সন্তু বৈ সদা।
গদাধরাদয়স্তুষ্টা ঊচুঃ সার্দ্ধং গয়াসুরম্।
বরং ব্রূহি প্রসন্নাঃ স্মো দেবান্ যাচে গয়াসুরঃ॥ ৪৯॥

পরে পুণ্ডরীকাক্ষ বিষ্ণু ক্ষীর সমুদ্র হইতে শিলার নিকট আসিলেন ও নিজ অধিষ্ঠান দ্বারা সেই অসুরকে নিশ্চল করিবার জন্য স্বয়ং গদাধর নামে তথায় সংস্থিত হই-লেন। (৪৩) পরে প্রপিতামহ ব্রহ্মা স্বয়ং পিতামহ, ফল্গীশ, কেদার, কনকেশ্বর ও গজ রূপী গণেশ, এই পঞ্চ রূপে অবস্থিত হইলেন। (৪৪) এবংরবি গয়াদিত্য উত্তরার্ক ও দক্ষিণার্ক এই তিন রূপে, লক্ষ্মী সীতাভি-ধানে, গৌরী মঙ্গলাভিধানে, গায়ত্রী সাবিত্রী রূপে এবং সরস্বতী ত্রিসন্ধ্যারূপে অবস্থিত হইলেন। (৪৫) প্রথমে বিষ্ণু এই দৈত্যকে গদা দ্বারা স্থির করিলেন এজন্য এই হরির নাম আদি গদাধর। (৪৬) গয়াসুরদেবগ-ণকে কহিলেন ব্রহ্মাকে এই পবিত্র দেহ যজ্ঞার্থ দত্ত হইয়াছে তবে কি নিমিত্ত আমাকে পীড়িত করিলে (৪৭) বিষ্ণুর বচন মাত্রেই কি আমি নিশ্চল হইতাম না, এ জন্য আমাকে বিষ্ণু গদাপ্রহারে ও সুরগণ দ্বারা অত্যন্ত কেন পীড়িত করিলেন। (৪৮) যেহেতু আমি অ-ত্যন্ত পীড়িত হইয়াছি, অতএব দেবগণ সর্ব্বদা আমার প্রতি প্রসন্ন হউন। গদাধরাদি দেবগণ ইহাতে অত্যন্ত তুষ্ট হইয়া গয়াসুরকে কহিলেন আমরা সন্তুষ্ট হইয়াছি, তুমি বর প্রার্থনা কর। গয়াসুর বর প্রার্থনা করিলেন। (৪৯)

গয়াসুর উবাচ ।

যাবৎ পৃথ্বী পর্ব্বতাশ্চ যাবদাচন্দ্রতারকম্ ।
তাবচ্ছিলায়াং তিষ্ঠধ্বং ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ ॥ ৫০ ॥
অন্যে চ সকলা দেবা মন্নাম্না ক্ষেত্রমস্তু চ ।
পঞ্চক্রোশং গয়াক্ষেত্রং ক্রোশমেকং গয়াশিরঃ ॥ ৫১ ॥
তন্মধ্যে সর্ব্বতীর্থানি প্রযচ্ছন্তু হিতং নৃণাম্ ।
স্নানাদিতর্পণং কৃত্বা পিণ্ডদানাৎ ফলাধিকম্ ॥ ৫২ ॥
গঙ্গাদ্যাশ্চ মহানদ্যঃ সরাংসি বিবিধানি চ ।
তে দেবাস্তানি তীর্থানি প্রযচ্ছন্তু হিতং নৃণাম্ ।
পিতৃণাং ব্রহ্মলোকঞ্চ ভুক্তিমুক্তিফলং তথা ॥ ৫৩ ॥
একো বিষ্ণুস্ত্রিধামূর্ত্তির্যাবৎ সংকীর্ত্ত্যতে বুধৈঃ ।
তাবদ্ গয়াসুরক্ষেত্রং খ্যাতিমেতু সদা ভুবি ।
ব্রহ্মহত্যাদিকং পাপং বিনাশয়তু সেবিতম্ ॥ ৫৪ ॥

সনৎকুমার উবাচ ।

গয়াসুরবচঃ শ্রুত্বা প্রোচুর্বিষ্ণ্বাদয়ঃ সুরাঃ ।

দেবা ঊচুঃ ।

ত্বয়া যৎ প্রার্থিতং সর্ব্বং তদ্ভবিষ্যত্যসংশয়ম্ । ৫৫ ॥
পিতৃণাং বৈ কুলশতমাত্মানং পিণ্ডদানতঃ ।
শ্রাদ্ধাদিনা নয়িষ্যন্তি ব্রহ্মলোকমনাময়ম্ ।
অস্মৎপাদানর্চ্চয়িত্বা যাস্যন্তি পরমাং গতিম্ ॥ ৫৬ ॥

পৃথিবী, পর্ব্বত, চন্দ্র ও তারার স্থিতিকাল পর্য্যন্ত ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর এই শিলায় স্থিতি করুন (৫০) এবং অন্য সকল দেবতাও এই শিলায় বাস করুন এবং এই ক্ষেত্র আমার নামে খ্যাত হউক। পঞ্চ ক্রোশ ব্যাপক এই ক্ষেত্রে এক ক্রোশ গয়াশির এই নামে খ্যাত হউক (৫১) ঐ এক ক্রোশ মধ্যে সর্ব্ব তীর্থ বাস করিয়া লোকের হিত দান করুন। স্নান তর্পণ করিয়া পিণ্ডদান করিলে অধিক ফল হউক (৫২) গঙ্গা প্রভৃতি মহানদী নানা পুণ্য সরোবর, সকল দেবতা ও সর্ব্ব তীর্থ ইহাতে বাস করিয়া লোকের হিত, পিতৃলোকের ব্রহ্মলোক প্রাপ্তি, নানা ভোগ ও মোক্ষ দান করুন (৫৩) ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর এই তিন রূপের কীর্ত্তনকাল পর্য্যন্ত ইহলোকে এই গয়াক্ষেত্র খ্যাত হউক ইহা সেবা করিলে ব্রহ্মহত্যাদি পাপ নষ্ট হউক (৫৪)।

সনৎকুমার কহিলেন গয়াসুর বাক্য শ্রবণান্তে বিষ্ণু প্রভৃতি দেবগণ কহিলেন (৫৫) যাহা তুমি প্রার্থনা করিলে তাহা নিশ্চয় হইবে। ইহা বলিয়া দেবতারা কহিলেন এই স্থলে শ্রাদ্ধে এক শত পিতৃলোক ও কর্ত্তা নিরাময় ব্রহ্মলোক, আমাদের স্থান-সকল-পূজায় পরম গতি, প্রাপ্ত হইবে (৫৬)

সনৎকুমার উবাচ।

দেবৈর্দত্তবরো দৈত্যো হর্ষিতো নিশ্চলোহভবৎ।
স্থিতেষু তত্র দেবেষু ব্রাহ্মণেভ্যো দদৌ হ্যজঃ॥ ৫৭॥
গ্রামাংস্তু পঞ্চপঞ্চাশৎ পঞ্চক্রোশাং গয়াং তথা।
গৃহান্ কৃত্বা দদৌ দিব্যান্ সর্ব্বোপস্করসংবৃতান্॥৫৮॥
কামধেনুং কল্পবৃক্ষং পারিজাতাদিকাংস্তরূন্।
মহানদীং ক্ষীরবহাং ঘৃতকুল্যাদিকাস্তথা॥ ৫৯॥
মধুস্রবাং মধুকুল্যাং দধ্যোদানি সরাংসি চ।
সুবর্ণদীর্ঘিকাশ্চৈব বহূনন্নাদিপর্ব্বতান্॥ ৬০॥
ন যাচয়ত বিপ্রেন্দ্রা অন্যানুক্ত্বা দদৌ হ্যজঃ।
দত্ত্বা যযৌ ব্রহ্মলোকং নত্বা চাদিগদাধরম্॥ ৬১॥
ধর্ম্মারণ্যে তত্র ধর্ম্মং যাজয়িত্বা যযাচিরে।
ধর্ম্মযাগস্য বৈ ধূমে ব্রহ্মলোকং গতে সতি।
তত্র ব্রহ্মা সমাগত্য ব্রাহ্মণাস্তান্ শশাপ হ॥ ৬১॥

ব্রহ্মোবাচ।

কৃতবন্তো যতো লোভং মদ্দত্তেষ্বখিলেষু চ।
তস্মাদতৃপ্তির্যুষ্মাকং ভবিষ্যতি সদা দ্বিজাঃ॥ ৬৩॥

সনৎকুমার কহিলেন এই মত দেবগণ হইতে বর প্রাপ্ত হইয়া গয়াসুর হৃষ্ট হইয়া নিশ্চল হইলেন। ঐ স্থানে দেবগণ স্ব স্ব স্থানে স্থিতি করিলে ব্রহ্মা ব্রাহ্মণ-দিগকে বক্ষ্যমাণ দ্রব্য দান করিলেন(৫৭) পঞ্চ পঞ্চাশৎ গ্রাম, পঞ্চ ক্রোশ পরিমাণে গয়াক্ষেত্র, সকল উপকরণ যুক্ত দিব্য গৃহ সমূহ দান করিলেন (৫৮) কামধেনু গাভী, কল্পবৃক্ষ, পারিজাত প্রভৃতি বৃক্ষ, ক্ষীরবহা নামে মহানদী ঘৃতকুল্যা (কৃত্রিম সরোবর) প্রভৃতি দান করিলেন (৫৯) মধুস্রবযুক্ত মধুকুল্যা, দধিরূপ জলযুক্ত সরোবর, সুবর্ণ বদ্ধ পরিসরা, বাপী, অন্নময় অনেক পর্ব্বত, দান করিলেন ( ৬০ ) এই সকল দিয়া ব্রহ্মা বিপ্রগণকে কহিলেন তোমরা অন্য স্থানে কিছু যাজ্ঞা করিও না এই মত কহিয়া আদি গদাধরকে প্রণাম করিয়া তিনি ব্রহ্মলোক গমন করিলেন (৬১) পরে ধর্ম্মারণ্যে ঐ স্থানে ধর্ম্মকে যজ্ঞ করাইয়া ঐ বিপ্রেরা যাজ্ঞা করিলেন। ধর্ম্মকৃত যজ্ঞের ধূম ব্রহ্মলোক পর্য্যন্ত উদ্গত হইলে ব্রহ্মা ঐ স্থানে আসিয়া ঐ বিপ্রগণকে শাপ দিলেন (৬২)

ব্রহ্মা কহিলেন হে বিপ্রগণ আমি নানাবিধ বস্তু দিলেও যেহেতু তোমরা লোভ করিলে এই হেতু তোমাদের সর্ব্বদাই অসন্তোষ থাকিবে (৬৩)।

বিদ্যাবিবর্জ্জিতা যূয়মন্নান্যুপলপর্ব্বতাঃ।
নদ্যাদয়ো বারিবাহা হৃণ্ময়াশ্চ তথা গৃহাঃ॥ ৬৪॥

সনৎকুমার উবাচ।

এবং শপ্তা দ্বিজেন্দ্রাস্তে প্রার্থয়ন্তোঽব্রুবন্নজম্।
ত্বয়া যদ্দত্তমখিলং তৎ সর্ব্বং শাপতো গতম্।
জীবনার্থং প্রসাদং নো ভগবন্ কর্ত্তুমর্হসি॥ ৬৫॥
তচ্ছ্রুত্বা ব্রাহ্মণান্ ব্রহ্মা প্রোবাচেদং দয়ান্বিতঃ।
তীর্থোপজীবিকা যূয়মাচন্দ্রার্কং ভবিষ্যথ॥ ৬৬॥
যে যুষ্মান্ পূজয়িষ্যন্তি গয়ায়ামাগতা নরাঃ।
হব্যকব্যৈর্ধনৈঃ শ্রাদ্ধৈস্তেষাং কুলশতং ব্রজেৎ।
নরকাৎ স্বর্গলোকায় স্বর্গলোকাৎ পরাং গতিম্॥ ৬৭॥
আক্রান্তং দৈত্যজঠরং ধর্ম্মেণ বিরজাদ্রিণা।
নাভিকূপসমীপে তু দেবী যা বিরজা স্থিতা।
তত্র পিণ্ডাদিকং কৃত্বা ত্রিঃসপ্তকুলমুদ্ধরেৎ॥ ৬৮॥

ইতিশ্রীবায়ুপুরাণে শ্বেতবরাহকল্পে গয়াসুর-
মাহাত্ম্যে দ্বিতীয়োঽধ্যায়ঃ।

এবং তোমরা বিদ্যা বিহীন হইবে অন্নাদি পর্ব্বত সকল শিলাময় হইবে ক্ষীরবহা প্রভৃতি নদী ও সরোবর সকল জলবহা, গৃহ সকলও মৃণ্ময় হইবে (৬৪)

সনৎকুমার কহিলেন এই প্রকার ব্রহ্মা কর্ত্তৃক অভিশপ্ত বিপ্রেরা প্রার্থনা করত ব্রহ্মাকে কহিলেন যাহা আপনি আমাদিগকে উপভোগ্য বস্তু দিয়াছিলেন তাহা শাপ দ্বারা নষ্ট হইল। হে ভগবন্! এক্ষণে আমাদের প্রতি প্রসন্ন হইয়া জীবিকা প্রদান করুন (৬৫) তাহা শ্রবণ করিয়া ব্রহ্মা দয়ান্বিত হইয়া বিপ্রগণকে কহিলেন চন্দ্র সূর্য্য স্থিতি কাল পর্য্যন্ত তোমরা তীর্থকেই উপজীবিকা করিবে (৬৬) গয়াতে আগত হইয়া যে ব্যক্তি তোমাদিগকে হব্য কব্যাদি দ্রব্য দ্বারা পূজা করিবে ঐ ব্যক্তি এক শত কুলকে নরক হইতে স্বর্গ লোকে অথবা স্বর্গলোক হইতে পরম গতিকে প্রাপ্ত করাইবে (৬৭) বিরজা নামে পর্ব্বত দ্বারা ধর্ম্ম, দৈত্যের জঠর দেশ আক্রমণ করিয়াছেন ঐ স্থানের নাভিরূপ কূপ সমীপে বিরজা দেবী আছেন ঐ স্থানে পিণ্ডাদি দানে এক বিংশতি কুল উদ্ধার হয় (৬৮)।

ইতি শ্রীবায়ুপুরাণে গয়ামাহাত্ম্যে

দ্বিতীয় অধ্যায়।

নারদ উবাচ ।

কথং শিলা সমুৎপন্না যয়াক্রান্তো গয়াসুরঃ ।
কিং রূপং কিঞ্চ মাহাত্ম্যং তস্যাঃ কিং বদ নাম চ ।।১।।

সনৎকুমার উবাচ ।

শৃণু নারদ যৎ পৃষ্টং কথয়ামি পুরাতনম্ ।
আসীদ্ধর্ম্মো মহাতেজাঃ সর্ব্ববিজ্ঞানপারগঃ ।
বিশ্বরূপা চ তৎপত্নী ভর্ত্তৃব্রতপরায়ণা ।। ২ ।।
তস্যাং ধর্ম্মাৎ সমুৎপন্না কন্যা ধর্ম্মব্রতা সতী ।
সর্ব্বলক্ষণসংপূর্ণা লক্ষ্মীরিব গুণাধিকা ।। ৩ ।।
ধর্ম্মো ধর্ম্মব্রতায়াস্তু ত্রিষু লোকেষু মার্গয়ন্ ।
নানুরূপং বরং লেভে ধর্ম্মোঽথ বরসিদ্ধয়ে ।
তপঃ কুরু বরারোহে তথেত্যুক্ত্বা বনং যযৌ ।। ৪ ।।
কন্যা সা চ তপস্তেপে দুশ্চরং যত্তপস্বিনাম্ ।
বায়ুভক্ষা শ্বেতকল্পে শরদাময়ুতং পুরা ।। ৫ ।।
ব্রহ্মণো মানসঃ পুত্রো মরীচির্নাম বিশ্রুতঃ ।
প্রবৃত্তিলক্ষণং ধর্ম্মং কর্ত্তুং স ব্রহ্মণেরিতঃ ।। ৬ ।।
পর্য্যটন্ পৃথিবীং সর্ব্বাং কন্যারত্নং দদর্শ হ ।
রূপযৌবনসম্পন্নাং পরমে তপসি স্থিতাম্ ।। ৭ ।।

নারদ জিজ্ঞাসিলেন, যে শিলা দ্বারা গয়াসুর আক্রান্ত হইয়াছিল ঐ শিলা কিরূপে উৎপন্ন হইয়াছিল এবং তাহার কি রূপ কি মাহাত্ম্য এবং কি নাম তাহা বল (১)

সনৎকুমার কহিলেন হে নারদ! পুরাতন কথা যাহা তুমি জিজ্ঞাসা কলিলে তাহার বিবরণ কহিতেছি শ্রবণ কর। সকল বিজ্ঞানপারগামী মহাতেজস্বী ধর্ম্ম ছিলেন। পতিভক্তিপরায়ণা বিশ্বরূপা নামে তাঁহার পত্নী ছিলেন (২) ঐ পত্নীতে ধর্ম্ম হইতে সর্ব্বসুলক্ষণযুক্তা লক্ষ্মীতুল্যা গুণবতী ধর্ম্মব্রতা নামে কন্যা জন্মে (৩) তিন লোক অন্বেষণ করিয়াও ধর্ম্মরাজ ঐ কন্যার তুল্য রূপ বর পাইলেন না। তৎপরে আপন কন্যাকে আদেশ করিলেন হে সর্ব্বাঙ্গসুন্দরি! বর প্রাপ্তির জন্যে তপস্যা কর, কন্যাও তাহা স্বীকার করিয়া তপস্যার্থে বন গমন করিলেন (৪) ঐ কন্যা শ্বেতবরাহকল্পে অযুত বর্ষ পর্য্যন্ত বায়ু ভক্ষণ করিয়া তপস্বিনী হইয়া দুঃসাধ্য তপস্যা করিলেন (৫) এই কালে ব্রহ্মা মরীচি নামে আপন মানস পুত্রকে গৃহধর্ম্ম করিতে আদেশ করেন (৬) তিনি বিবাহ যোগ্য কন্যা লাভার্থে পৃথিবী ভ্রমণ করত পরম তপস্যায় আসক্ত ঐ রূপবতী কন্যা দর্শন করিলেন (৭)

পপ্রচ্ছাথ মরীচিস্তাং কা ত্বং কস্যাসি তদ্বদ।
রূপেণানেন মাং নূনং বিমোহয়সি সুব্রতে।
ব্রহ্মাত্মজোঽহং বিখ্যাতো মরীচির্বেদপারগঃ ॥ ৮ ॥
মরীচের্বচনং শ্রুত্বা প্রোবাচেদং শুচিস্মিতা।
অহং ধর্ম্মব্রতা নাম ধর্ম্মপুত্রী তপোঽন্বিতা।
পতিব্রতার্থং বিপ্রেন্দ্র চরামি পরমং তপঃ ॥ ৯ ॥
ধর্ম্মব্রতাং মরীচিস্তামুবাচ প্রীতিপূর্ব্বকম্।
পতিব্রতা দর্শনাম্নে ভবিষ্যসি শুভব্রতে ॥ ১০ ॥
পতিব্রতেচ্ছয়া পৃথ্বীং বিচরামি হ্যহর্নিশম্।
ত্বং চেৎ পতিব্রতা জাতা ভজন্তং ভজ মাং বরম্ ॥১১॥
লোকে ন ত্বাদৃশী কন্যা মম তুল্যো ন তে বরঃ।
ধর্ম্মব্রতে ধর্ম্মপত্নী তস্মাৎ ত্বং ভব মেঽধুনা ॥ ১২ ॥
ধর্ম্মব্রতা মুনিং প্রাহ ধর্ম্মং যাচয় সুব্রত।
তচ্ছ্রুত্বা ধর্ম্মমগমন্মুনির্ধর্ম্মো দদর্শ তম্ ॥ ১৩ ॥
তেজঃপুঞ্জং বরং নত্বা হ্যাসনার্ঘ্যাদিনার্চ্চয়ৎ।
কিমর্থমাগতঃ পৃষ্টো মরীচির্ধর্ম্মমব্রবীৎ ॥ ১৪ ॥

তাহাকে মরীচি জিজ্ঞাসা করিলেন তুমি কে এবং কাহার কন্যা তাহা বল। হে নিয়মধারিণি এই রূপ দ্বারা আমাকে মুগ্ধ করিতেছ আমি বেদপারগ মরীচি নামে বিখ্যাত ব্রহ্মার পুত্র(৮) মরীচির বাক্য শ্রবণান্তে ঈষদ্ধাস্য করিয়া ধর্ম্মব্রতা কহিলেন যে আমি তপস্যায় আসক্ত ধর্ম্মব্রতা নামে ধর্ম্মের কন্যা পতিব্রতাধর্ম্ম লাভের জন্যে এই পরম তপস্যা করিতেছি (৯) মরীচি তাহাকে কহিলেন হে শুভব্রতে আমার দর্শনে তুমি পতিব্রতা হইবে (১০) আমি পতিব্রতা স্ত্রীলাভের জন্যে দিবারাত্র ভ্রমণ করিতেছি তোমাকে পতিব্রতারূপে পাইলাম অতএব অনুরক্ত আমাকে তুমি পতিরূপে সেবা করহ (১১) লোকে তোমার তুল্যা কন্যা নাই এবং আমার তুল্যও তোমার বর নাই অতএব হে ধর্ম্মব্রতে! সম্প্রতি আমার তুমি ধর্ম্মপত্নী হও (১২) ধর্ম্মব্রতা মুনিকে কহিলেন হে সুব্রত এই বিষয় জন্যে আমার পিতা ধর্ম্মকে প্রার্থনা করহ। তাহা শুনিয়া মুনি ধর্ম্মকে প্রাপ্ত হইলেন। ধর্ম্ম তাঁহাকে দর্শন করিলেন (১৩) শ্রেষ্ঠ তেজঃপুঞ্জ ঐ মুনিকে প্রণামকরিয়া অর্ঘ্যাদি দ্বারা অর্চ্চনা করিলেন। এবং কি নিমিত্ত আগমন ইহা জিজ্ঞাসা করিলেন। মরীচি ধর্ম্মকে কহিলেন (১৪)

কন্যার্থং ভ্রমতা পৃথ্বীং দৃষ্টা তে কন্যকা বরা।
মহ্যং বরায় সা দেয়া শ্রেয়স্তব ভবিষ্যতি ॥ ১৫ ॥
অর্ঘপাদ্যাদিনাভ্যর্চ্য ধর্ম্মঃ প্রোচে তথেতি তম্।
ধর্ম্মব্রতাং সমানীয় দত্তবাংস্তাং মরীচয়ে ॥ ১৬ ॥
ব্রাহ্মেণ তু বিবাহেন ধনরত্নাদিকং দদৌ।
বরং চ দত্তবাংস্তস্মৈ তদ্বাক্যং যৎ তথা কৃতম্ ॥ ১৭ ॥
অগ্নিহোত্রেণ সহিতাং স্বাশ্রমং তাং দ্বিজোঽনয়ৎ।
রেমে মুনিস্তয়া সার্দ্ধং যথা বিষ্ণুঃ শ্রিয়া সহ।
পার্ব্বত্যা চ যথা শম্ভুঃ সরস্বত্যা যথা হ্যজঃ ॥ ১৮ ॥
জজ্ঞে পুত্রশতং তস্যাং মরীচের্বিবুধোপমম্।
মরীচিঃ ফলপুষ্পার্থং বনং গত্বা সমাগতঃ।
শ্রান্তশ্চাথ কদাচিত্তামুবাচাতিপতিব্রতাম্ ॥ ১৯ ॥
ভুক্ত্বা তু শয়নস্থস্য পাদসংবাহনং কুরু।
ধর্ম্মব্রতা তথেত্যুক্ত্বা শয়নস্থস্য সা মুনেঃ।
পাদসংবাহনং চক্রে ঘৃতেনাভ্যজ্য তৎপরা ॥ ২০ ॥
নিদ্রায়মাণে তু মুনৌ ব্রহ্মা তং দেশমাগতঃ।
পাদসংবাহনং কুর্য্যাং কিং ব্রহ্মাণং প্রপূজয়ে।
ইত্যাকুলা সমুত্তস্থৌ মত্বা সা তং গুরোর্গুরুম্ ॥ ২১ ॥

কন্যার্থ পৃথিবী ভ্রমণ করত তোমার রূপবতীকন্যাকে দেখিয়াছি ঐ কন্যা আমাকে দেহ তোমার কুশল হইবে (১৫) ধর্ম্মও (তথাস্তু) এই বলিয়া অর্ঘ্যাদি দ্বারা পূজা করিয়া ধর্ম্মব্রতাকে আনিয়া মরীচিকে দান করিলেন (১৬) ব্রাহ্ম্য বিবাহ দ্বারা ধন রত্ন প্রভৃতি ঐ বরকে প্রদান করিলেন। আপন বাক্য শ্রুতমাত্রে ঐমত অনুষ্ঠান করাতে তুষ্ট হইয়া মরীচি ধর্ম্মকে বর প্রদান করিলেন (১৭) পরে অগ্নিহোত্রের সহিত ঐ পত্নীকে নিজাশ্রমে লইয়া যাইলেন। যেমত লক্ষ্মীসহিত বিষ্ণু, পার্ব্বতীসহিত শিব, সরস্বতীসহিত ব্রহ্মা, সেইমত ঐ কন্যার সহিত তিনি রত হইলেন (১৮) ঐ ধর্ম্মপত্নীতে দেবতুল্য এক শত পুত্র উৎপন্ন হইলে কোন কালে মরীচি ফল পুষ্পার্থে বনে যাইয়া বনগমনে শ্রান্ত হইয়া আগমন করিয়া ঐ পতিব্রতাকে কহিলেন (১৯) আমি ভোজনোত্তর শয়নস্থ হইলে আমার পাদসংবাহন করহ। (তথাস্তু) বলিয়া ধর্ম্মব্রতা তৎপরা হইয়া শয়নস্থ মুনির পাদ ঘৃতাক্ত করিয়া সংবাহন করিলেন (২০) মুনি নিদ্রিত হইলে ঐ দেশে ব্রহ্মা আইলেন। ধর্ম্মব্রতা, পতির সেবা, কিংবা ব্রহ্মার পূজা, করিব এই মত ব্যাকুল হইয়া ব্রহ্মাকে পতির গুরু জানিয়া পতি সেবা ত্যাগ করিয়া উত্থান করিলেন (২১)

অর্ঘপাদ্যাদিকং দত্ত্বা ব্রহ্মাণং সমপূজয়ৎ।
সৎকৃতায়াং তু শয্যায়াং বিশ্রামমকরোদজঃ ॥ ২২ ॥
এতস্মিন্নন্তরে ভর্ত্তা সমুত্তস্থৌ স্বতস্পতঃ।
ধর্ম্মব্রতামপশ্যন্ স ক্রুদ্ধো বিপ্রঃ শশাপ তাম্ ॥ ২৩ ॥
পাদসংবাহনং ত্যক্ত্বা যস্মাদাজ্ঞাং বিহায় মে।
গতান্যত্র ততঃ পাপে শাপো দত্তঃ শিলা ভব ॥ ২৪ ॥
ভর্ত্রা ধর্ম্মব্রতা শপ্তা মরীচিং প্রাহ কোপিতা।
শয়ানে ত্বয়ি সংপ্রাপ্তো ব্রহ্মা ত্বজ্জনকো গুরুঃ ॥ ২৫ ॥
ত্বয়া চাপি প্রকর্ত্তব্যং স্বগুরোঃ পূজনং সদা।
তদজ্ঞানাত্ত্বয়া শপ্তা তব কার্য্যে কৃতে মুনে ॥ ২৬ ॥
অদোষাপি যতঃ শপ্তা তস্মাচ্ছাপং দদামি তে।
ত্বং চ শাপং মহাদেবাদ্ভর্ত্তঃ প্রাপ্স্যত্যসংশয়ম্ ॥ ২৭ ॥
তং ব্যাকুলং পতিং দৃষ্ট্বা ব্যাকুলা সা পতিব্রতা!
পতিব্রতাত্বমাহাত্ম্যাৎ পত্যুঃ শাপং দধার সা ॥ ২৮ ॥
নত্বা শয়ানং ব্রহ্মাণমগ্নিং প্রজ্বাল্য চেন্ধনৈঃ।
গার্হপত্যে স্থিতা চক্রে তপঃ পরমদুশ্চরম্ ॥ ২৯ ॥

তিনিঅর্ঘাদি দিয়া ব্রহ্মাকে পূজা করিলেন। পরে উত্তম শয্যাতে আসীন হইয়া ব্রহ্মা বিশ্রাম করিলেন (২২) এই কালে মরীচি উত্থিত হইলেন। এবং ধর্ম্মব্রতাকে শয্যায় না দেখিয়া ক্রুদ্ধ হইয়া তাহাকে শাপ দিলেন (২৩) আমার পাদ সংবাহন ও আজ্ঞা ত্যাগ করিয়া যে হেতু অন্যত্র গিয়াছ এই হেতু হে পাপে তোমাকে পাপ দিতেছি তুমি শিলা হও (২৪) পতি এইমত শাপ দিলে অভিশপ্ত ধর্ম্মব্রতা ক্রুদ্ধ হইয়া পতিকে কহিলেন যে তুমি শয়ান হইলে তোমার পিতা ব্রহ্মা প্রাপ্ত হইলেন (২৫)। নিজ গুরুর পূজা তোমারও অবশ্য কর্ত্তব্য হে মুনিবর তোমারি কার্য্য আমি করিলেও তুমি অজ্ঞান প্রযুক্ত আমাকে শাপ দিতেছ (২৬) আমি অনপরাধিনী আমাকে যেহেতু শাপদিলে এই হেতু তোমাকেও আমি শাপ দিতেছি হে স্বামিন আপনিও মহাদেব হইতে নিশ্চয় শাপ প্রাপ্ত হইবেন (২৭) পরে পতিকে এইমত শাপে ব্যাকুল দেখিয়া ঐ ধর্ম্মব্রতা স্বয়ং ব্যাকুলা হইয়া পতিব্রতা ধর্ম্ম মাহাত্ম্যে পতির শাপ ধারণ করিলেন (২৮) ব্রহ্মাকে প্রণাম করিয়া কাষ্ঠ দ্বারা অগ্নি প্রজ্বালিত করিয়া গার্হপত্য বহ্নি মধ্যে স্থিতা হইয়া দুঃসাধ্য পরম তপস্যা করিলেন (২৯)

পত্ন্যা শপ্তো মরীচিস্তু তপস্তেপে সুদারুণম্।
পতিব্রতায়াস্তপসা মরীচেস্তপসা তথা।
সন্তাপিতং জগৎ সর্ব্বং সদেবাসুরমানুষম্ ॥ ৩০ ॥
ইন্দ্রাদয়শ্চ সংতপ্তা গতাস্তে শরণং হরিম্।
ঊচুঃ ক্ষীরোদধৌ সুপ্তং সংতপ্তাস্তপসা হরে ॥ ৩১ ॥
পতিব্রতায়াস্তপসস্ত্রৈলোক্যং রক্ষ কেশব।
দেবানাঞ্চ বচঃ শ্রুত্বা বিষ্ণুর্ধর্ম্মব্রতাং যযৌ ॥ ৩২ ॥
এতস্মিন্নেব কলে তু প্রবুদ্ধো ভগবানজঃ।
ঊচুর্ধর্ম্মব্রতাং দেবা অগ্নিস্থাং তাং সকেশবাঃ ॥ ৩৩ ॥
অগ্নিমধ্যে তপঃ কর্ত্তুং কস্য শক্তিঃ পতিব্রতে।
ত্বয়া কৃতং তৎ পরমং সর্ব্বলোকভয়ঙ্করম্ ॥ ৩৪ ॥
বরং বরয় ধর্ম্মজ্ঞে হ্যস্মত্তো যদভীপ্সিতম্।
বিষ্ণ্বাদীনাং বচঃ শ্রুত্বা দেবান্ ধর্ম্মব্রতাব্রবীৎ ॥ ৩৫ ॥
ভর্ত্তুঃ শাপমশক্তাহং নিবর্ত্তয়িতুমোজসা।
দত্তো মরীচিনা শাপো মহ্যং স ব্যপগচ্ছতু।
ধর্ম্মব্রতাবচঃ শ্রুত্বা দেবাঃ প্রোচুঃ পতিব্রতাম্ ॥ ৩৬ ॥

মরীচি ও পত্নী কর্ত্তৃক অভিশপ্ত হইয়া সুদারুণ তপস্যা করিলেন ঐ ধর্ম্মব্রতার ও মরীচির তপো দ্বারা দেবাসুর সহিত সকল জগৎ সন্তাপিত হইল (৩০) সন্তপ্ত ইন্দ্রাদি দেবগণ নারায়ণকে শরণ লইলেন। এবং ক্ষীরোদ সমুদ্রে সুপ্ত হরিকে কহিলেন হে ভগবন্ আমরা তপো দ্বারা সন্তাপিত হইয়াছি (৩১) হে কেশব পতিব্রতার তপস্যা হইতে সকল লোককে রক্ষা কর। এইমত দেবতা গণের বাক্য শ্রবণান্তে বিষ্ণু ধর্ম্মব্রতার নিকটে গমন করিলেন (৩২) এইকালে ব্রহ্মা প্রবুদ্ধ হইলেন। পরে ব্রহ্মা ও বিষ্ণু সহিত দেব গণ অগ্নি মধ্যস্থিত ধর্ম্মব্রতাকে কহিহেন (৩৩) অগ্নি মধ্যে বাস করিয়া তপস্যা করিতে কাহারও শক্তি নাই হে পতিব্রতে সর্ব্বলোক ভয় জনক ঐ তপস্যা তুমিই করিলে (৩৪) হে ধর্ম্মব্রতে আমাদের হইতে যাহা অভীষ্ট হয় বর প্রার্থনা কর। এইমত বিষ্ণু প্রভৃতির বাক্য শ্রবণান্তে ধর্ম্মব্রতা দেবগণকে কহিলেন (৩৫) আমি তেজো দ্বারা স্বামির শাপ নিরারণ করিতে পারি না আমাকে মরীচি যে শাপ দিয়াছেন তাহা অপগত কর এই মত ধর্ম্মব্রতার বাক্য শ্রবণান্তে দেবগণ তাহাকে বলিলেন (৩৬)

ধর্ম্মব্রতে ধর্ম্মপুত্রি শাপোঽয়ং পরমর্ষিণা।
দত্তস্তে ন নিরাকর্ত্তুং শক্যো দেবৈর্দ্বিজাতিভিঃ॥ ৩৭॥
তস্মাদন্যং বরং ব্রূহি যতো ধর্ম্মস্য সংস্থিতিঃ।
বিষ্ণ্বাদীনাং বচঃ শ্রুত্বা দেবান্ ধর্ম্মব্রতাব্রবীৎ॥ ৩৮॥
ভর্ত্তুঃ শাপাদ্বিমোক্তুং মাং ন শক্নুথ যতোঽথ বা।
মহ্যং বরং প্রযচ্ছধ্বমেবংবিধমনুত্তমম্॥ ৩৯॥
শিলাহং প্রভবিষ্যামি ব্রহ্মাদেঃ পাবনী শুভা।
নদীনদাদিতীর্থেভ্যো দেবেভ্যোঽপ্যতিপাবনী॥ ৪০॥
তীর্থান্যপি চ সর্ব্বাণি নক্ষত্রপ্রমুখাস্তথা।
তিষ্ঠন্তু দেবাঃ সকলা দেব্যশ্চ মুনয়ঃ স্থিরাঃ॥ ৪১॥
ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ লক্ষয়িত্বা পদং ময়ি।
পঞ্চাগ্নয়ঃ কুমারাদ্যা বহুরূপেণ সংস্থিতাঃ॥ ৪২॥
মূর্ত্তামূর্ত্তস্বরূপেণ পদরূপেণ দেবতাঃ।
শিলায়াং ক্রোশমাত্রেণ মূর্ত্তিরূপা স্থিতা ভুবি॥ ৪৩॥
তাং দৃষ্ট্বা সর্ব্বলোকশ্চ মহাপাতকনাশিনীম্।
পূতো ধর্ম্মাধিকারী চ শ্রাদ্ধকৃৎ ব্রহ্মলোকভাক্॥ ৪৪॥

হে ধর্ম্মপুত্রি ধর্ম্মব্রতে পরমর্ষি মরীচি তোমাকে যে শাপ দিয়াছেন তাহা দেবগণ বা অন্য বিপ্রগণ নিবারণ করিতে পারিবেন না ( ৩৭ ) সেই হেতু অন্য বর প্রার্থনা করহ যে বর দ্বারা সকল ধর্ম্ম রক্ষা হয়। এই মত বিষ্ণু প্রভৃতির বাক্য শ্রবণান্তে ধর্ম্মব্রতা দেবগণকে বলিলেন ( ৩৮ ) যদি ভর্ত্তার শাপেতে আমাকে মুক্ত করিতে না পারেন তবে আমাকে এইমত উত্তম বর প্রদান করুন (৩৯) আমি নদনদী তীর্থপ্রভৃতি এবং দেবগণ হইতে অতি পবিত্রশিলা হইব যে শিলা দ্বারা ব্রহ্মাদিদেবেরও পবিত্রতা হইবে (৪০) এবং সকল তীর্থ সকল শ্রেষ্ঠ নক্ষত্র ও দেবতা ও দেবী ও মুনি ও মুনিপত্নী সকল স্থির হইয়া ঐ শিলায় বাস করুন ( ৪১ ) এবং ব্রহ্মা বিষ্ণু রুদ্র আমাতে পদন্যাস করিয়া এবং পঞ্চ অগ্নি, কুমারপ্রভৃতি দেবগণ, বহুরূপে বাস করুন ( ৪২ ) এবং সকল দেবগণ মূর্ত্তি ধারণ করিয়া বা চিহ্নমাত্ররূপে ক্রোশমাত্র ব্যাপিনী ঐ মদ্রূপশিলায় মূর্ত্তিমন্ত হইয়া বাস করুন (৪৩) মহাপাতকনাশিনী ঐ শিলাকে দৃষ্ট করিয়া সকল লোক পবিত্র ও ধর্ম্মাধিকারী, তাহাতে শ্রাদ্ধকারী ব্রহ্মলোক প্রাপ্ত হউক (৪৪)

শিলাস্থিতেষু তীর্থেষু স্নাত্বা কৃত্বাথ তর্পণম্।
শ্রাদ্ধং সপিণ্ডকং যেষাং ব্রহ্মলোকং প্রয়ান্তু তে ॥৪৫॥
স্থাস্যন্তি চ মরিষ্যন্তি যান্তু ব্রহ্মপুরীং নরাঃ।
বারাণসী প্রয়াগশ্চ পুরুষোত্তমসংজ্ঞকম্ ॥ ৪৬ ॥
গঙ্গাসাগরসংজ্ঞঞ্চ নিত্যং তিষ্ঠতু ফল্গুনি।
গদাধরাধিষ্ঠিতং তৎ সর্ব্বতীর্থোত্তমোত্তমম্ ॥ ৪৭ ॥
মুক্তির্ভবেন্নৃতানাঞ্চ পিতৃণাং শ্রাদ্ধতঃ সদা।
জরায়ুজাণ্ডজা বাপি দেহং ত্যক্ত্বা শিলোপরি।
গচ্ছন্তু বিষ্ণুসাযুজ্যং কুলৈঃ সপ্তশতৈঃ সহ ॥ ৪৮ ॥
সর্ব্বদেবস্বরূপা চ নাম্নেয়ং দেবরূপিণী।
যাবদ্ভবতি ব্রহ্মাণ্ডং তাবৎ স্থাস্যতি বৈ শিলা ॥ ৪৯ ॥
ধর্ম্মব্রতাবচঃ শ্রুত্বা দেবা ঊচুঃ পতিব্রতাম্।
ত্বয়া যৎ প্রার্থিতং সর্ব্বমস্মদ্বাক্যাদ্ভবিষ্যতি ॥ ৫০ ॥
গয়াসুরস্য শিরসি ভবিষ্যতি যদা স্থিতা।
তদা পদাদিরূপেণ স্থাস্যামস্ত্বয়ি সুস্থিরাঃ ॥ ৫১ ॥

সনৎকুমার উবাচ।

বরং দত্ত্বা শিলায়ৈ চ তত্রৈবান্তর্দধুঃ সুরাঃ ॥ ৫২ ॥

ইতি শ্রীবায়ুপুরাণে শ্বেতবরাহকল্পে গয়ামাহাত্ম্যে তৃতীয়োঽধ্যায়ঃ।

ঐ শিলাস্থিত তীর্থে স্নান ও তর্পণ করিয়া পিণ্ডদান কর্ত্তা যাহার শ্রাদ্ধ করিবে তাহার সহিত ব্রহ্মলোক প্রাপ্ত হউক। ঐ শিলাতীর্থে যে ব্যক্তি বাস বা দেহত্যাগ করিবে সে ব্রহ্মপুর যাইবে (৪৫) ঐ শিলায় স্থিত ফল্গুতীর্থে কাশী প্রয়াগ পুরুষোত্তম তীর্থ, এবং গঙ্গাসাগরসঙ্গম নিত্য বাস করুন (৪৬) গদাধরের অধিষ্ঠিত ঐ তীর্থ, সকল তীর্থের উত্তম হউক এবং ঐ স্থানে মৃত ব্যক্তির মুক্তি শ্রাদ্ধ দানে পিতৃলোকেরও মুক্তি হউক (৪৭) জরায়ুজ অণ্ডজ প্রভৃতি ভূত সকলও ঐ শিলার উপর দেহ ত্যাগ করিয়া সপ্তশতকুললোকসহিত বিষ্ণু-সাযুজ্য প্রাপ্ত হউক(৪৮)সর্ব্বদেবস্বরূপা এই শিলা দেব-রূপিণী নামে বিখ্যাত হইয়া ব্রহ্মাণ্ডস্থিতি কালপর্য্যন্ত থাকুক (৪৯) এইমত ধর্ম্মব্রতাবাক্য শ্রবণান্তে দেবতারা পতিব্রতাকে কহিলেন। তুমি যাহা প্রার্থনা করিলে আমাদের বাক্য দ্বারা তাহা সফল হইবে (৫০) গয়াসুরের মস্তকে যে কালে তুমি স্থিতি করিবে ঐ কালে আমরা স্বস্বপদাদিরূপে তোমাতে স্থির হইয়া স্থিতি করিব (৫১)

সনৎকুমার কহিলেন এইমত দেবতারা ধর্ম্মব্রতাকে বর দিয়া অন্তর্হিত হইলেন (৫২)।

ইতি বায়ুপুরাণে শ্বেতবরাহকল্পে তৃতীয় অধ্যায়।

সনৎকুমার উবাচ।

বক্ষ্যে শিলায়া মাহাত্ম্যং শৃণু নারদ মুক্তিদম্।
শিলা স্থিতা পৃথিব্যাং যা দেবরূপাতিপাবনী॥ ১॥
চিত্রং শিলাখ্যং তত্তীর্থং ত্রিষু লোকেষু বিশ্রুতম্।
তস্যাঃ সংস্পর্শনাল্লোকাঃ সর্ব্বে হরিপুরং যযুঃ॥ ২॥
শূন্যে যমপুরে জাতে যমো ব্রহ্মাণমাগতঃ।
ঊচে শিলাস্পর্শনান্মে ব্রহ্মন্ শূন্যা পুরী হ্যভূৎ॥ ৩॥
অধিকারং গৃহাণ ত্বং যমদণ্ডং পিতামহ।
যমমূচে ততো ব্রহ্মা স্বগৃহে ধারয়স্ব তাম্॥ ৪॥
ব্রহ্মোক্তো ধর্ম্মরাজশ্চ শিলাং তাং সমধারয়ৎ।
যমোঽধিকারং স্বং চক্রে প্রাণিনাং শাসনাদিকম্॥ ৫॥
এবংবিধা গুরুতরা শিলা জগতি বিশ্রুতা।
যথা বিষ্ণুর্যথা ব্রহ্মা যথা দেবো মহেশ্বরঃ॥ ৬॥
ব্রহ্মাণ্ডঞ্চ যথা মেরুস্তথেয়ং দেবরূপিণী।
গয়াসুরস্য শিরসি গুরুত্বাদ্ধারিতা তথা॥ ৭॥

সনৎকুমার কহিলেন যে শিলা পৃথিবীতে অতি পাবনী দেবরূপা নামে খ্যাত ঐ শিলার মাহাত্ম্য কহিতেছি হে নারদ শ্রবণ করহ(১) ঐ তীর্থ অতি আশ্চর্য্য তিন লোকে বিখ্যাত তাহাকে স্পর্শমাত্রে সকল লোক বিষ্ণুপুর প্রাপ্ত হইতে লাগিল (২) এইমতে স্বলোকে লোকের গমন না থাকাতে যমের পুর শূন্য হইলে যম ব্রহ্মার নিকটে আসিয়া ব্রহ্মাকে বলিলেন। যে হে ব্রহ্মন্ শিলা স্পর্শমাত্রেই সকল লোক বৈকুণ্ঠ যাওয়াতে আমার পুরী শূন্য হইয়াছে (৩) অতএব আপনকার দত্ত আমার যমদণ্ড নামে যে অধিকার ছিল তাহার শাস্ত্র না থাকায় তাহা ফিরিয়া গ্রহণ করুন ইহা শুনিয়া ব্রহ্মা যমকে কহিলেন ঐ শিলা তুমি আপন গৃহে স্থাপন করহ(৪) এইমত ব্রহ্মা কহিলে ধর্ম্মরাজ ঐ শিলা আপন গৃহে রাখিলেন এবং আপন অধিকারে প্রাণিশাসন পূর্ব্ববৎ করিতে লাগিলেন(৫) যে মত ব্রহ্মা বিষ্ণু ও রুদ্র গুরুতর ঐ মত ঐ দেবরূপিণী শিলাও অতিশয় গুরুতরা ইহ লোকে বিখ্যাত ছিল (৬) এবং ব্রহ্মাণ্ড ও সুমেরু-পর্ব্বত যেমত গুরুতর এইমত ঐ শিলাও গুরুতর। এমতে দেবরূপিণী ঐ শিলাকে গয়াসুরের মস্তকের উপর যম ধারণ করিয়াছিলেন (তাহা পুর্ব্বোক্ত হইয়াছে) (৭)

পবিত্রয়োর্দ্বয়োর্যোগঃ পিতৃণাঞ্চ বিমুক্তিদঃ ।
গয়াসুরশিলাযোগে হয়মেধমজোঽকরোৎ ॥ ৮ ॥
ভারার্থমাগতান্ দৃষ্ট্বা বিষ্ণ্বাদ্যানব্রবীচ্ছিলা ।
শিলাস্থিতিপ্রতিজ্ঞাং তু কুর্ব্বন্তু পিতৃমুক্তয়ে ॥ ৯ ॥
তথেত্যুক্ত্বা শিলায়াং তে দেবা বিষ্ণ্বাদয়ঃ স্থিতাঃ ।
শিলারূপেণ মূর্ত্ত্যা চ পদরূপেণ দেবতাঃ ।
ব্যক্তাব্যক্তস্বরূপেণ স্থিতাঃ সর্ব্বাঃ প্রতিজ্ঞয়া ॥ ১০ ॥
দৈত্যস্য মুণ্ডপৃষ্ঠে তু শিলা যস্মাচ্চ সংস্থিতা ।
তস্মাৎ স মুণ্ডপৃষ্ঠাদ্রিঃ পিতৃণাং ব্রহ্মলোকদঃ ॥ ১১ ॥
আচ্ছাদিতং শিলারূপং প্রভাসেনাদ্রিণা ততঃ ।
ভাসিতো ভাস্করেণাসৌ প্রভাসঃ পরিকীর্ত্তিতঃ ।
তস্মাৎ ক্ষেত্রেশ্বরো জাতঃ প্রভাসেশঃ প্রকীর্ত্তিতঃ ॥১২॥
প্রভাসাদ্রিং তু নির্ভিদ্য শিলাঙ্গুষ্ঠো বিনির্গতঃ ।
শিলাঙ্গুষ্ঠৈকদেশো যঃ সা চ প্রেতশিলা স্মৃতা ॥ ১৩ ॥
পিণ্ডপ্রদানাত্তস্যাং তু প্রেতত্বান্মুচ্যতে নরঃ ।
মহানদীপ্রভাসস্য সঙ্গমে স্নানকৃন্নরঃ ॥ ১৪ ॥

ঐ গয়াসুরের দেহ ও ঐ পবিত্র শিলা এই দুএর যোগে যে ব্যক্তি ক্রিয়া করে সে পিতৃলোকের সহিত উদ্ধার হয়। ব্রহ্মা ও এই গয়াসুর শিলাযোগ স্থানে অশ্বমেধ করিয়াছিলেন (৮) এবং ঐ শিলায় ভারাতিশয় করণার্থে আগত বিষ্ণু প্রভৃতিকে ঐ শিলা কহিয়াছিলেন পূর্ব্বে (ধর্ম্মব্রতা বরদান কালে) যে প্রতিজ্ঞা করিয়াছিলেন তদনুসারে পিতৃলোকের মুক্তি হেতু আমাতে বাস করুন (৯) দেবগণ (তথাস্তু) বলিয়া ঐ শিলাতে স্থিতি করিলেন। অতএব শিলাতে মূর্ত্তিরূপে ও চিহ্নরূপে পূর্ব্বপ্রতিজ্ঞানুসারে সকল দেবগণ স্থিতি করিলেন (১০) গয়াসুরের মুণ্ডপৃষ্ঠে যে হেতু শিলা ছিল সেই হেতু লোকে মুণ্ডপৃষ্ঠাদ্রি নামে খ্যাত ঐ তীর্থ পিতৃলোকের মুক্তিদায়ক হইল (১১) সূর্য্যও ঐ স্থানকে প্রকাশিত করায় তাহাকে প্রভাস বলা জায় ঐ প্রভাস দ্বারা দেবরূপ শিলা আবৃত হইলে ঐ ক্ষেত্রকে প্রভাসাদ্রি ও তদীশ্বর সূর্য্যকে প্রভাসেশ্বর বলা জায়(১২) প্রভাস পর্ব্বত ভেদ করিয়া ঐ শিলার অঙ্গুষ্ঠ বহির্গত হইয়াছে। ঐ অঙ্গুষ্ঠের এক দেশকে প্রেত শিলা বলে (১৩) ঐ প্রেতশিলায় পিণ্ডদানে এবং মহানদী ও প্রভাস পর্ব্বতের সঙ্গম স্থানে স্নানে পিতৃলোকের প্রেতত্ব মুক্তি হয় (১৪)

রামো দেব্যা সহ স্নাতো রামতীর্থং ততঃ স্মৃতম্।
প্রার্থিতোঽত্র মহানদ্যা রাম স্নাতো ভবেতি চ।
রামতীর্থং ততো ভূত্বা ত্রিষু লোকেষু পাবনম্ ॥ ১৫ ॥
জন্মান্তরশতং পাপং যৎ কৃতং দুষ্কৃতং ময়া।
তৎ সর্ব্বং বিলয়ং যাতু রামতীর্থাভিষেচনাৎ ॥ ১৬ ॥
মন্ত্রেণানেন যঃ স্নাত্বা শ্রাদ্ধং কুর্ব্বীত মানবঃ।
রামতীর্থে পিণ্ডদস্তু বিষ্ণুলোকং প্রয়াত্যসৌ ॥ ১৭ ॥
তথেত্যুক্ত্বা স্থিতো রামঃ সীতয়া ভরতাগ্রজঃ।
রামতীর্থে নরঃ স্নাত্বা মন্ত্রৈঃ পিণ্ডপ্রদো ভবেৎ।
প্রেতত্বাত্তস্য পিতরো বিমুক্তাঃ পিতৃতাং যযুঃ ॥ ১৮ ॥
রাম রাম মহাবাহো দেবানামভয়ঙ্কর।
ত্বাং নমস্যেঽত্র দেবেশং মম নশ্যতু পাতকম্ ॥ ১৯ ॥
নমস্কৃত্য প্রভাসেশং ভাসমানং শিবং ব্রজেৎ।
তঞ্চ শম্ভুং নমস্কৃত্য কুর্য্যাদ্যমবলিং ততঃ ॥ ২০ ॥
আপস্ত্বমসি দেবেশ জ্যোতিষাং পতিরেব চ।
পাপং নাশয় মে দেব মনোবাক্কায়কর্ম্মজম্ ॥ ২১ ॥

সীতার সহিত রাম ঐ তীর্থে স্নান করেন এমতে তাহাকে রাম তীর্থও বলে। হে রাম! এই তীর্থে স্নান করহ এই রূপে মহানদী রামকে প্রার্থনা করেন এমতেও রাম-তীর্থরূপে তিন লোকে বিখ্যাত (১৫) আমি শত জন্মান্তরে যে পাপ বা দুশ্চরিত্র করিয়াছি রাম-তীর্থ স্নান দ্বারা তাহা নষ্ট হউক (১৬) এইরূপ-মন্ত্রার্থ জ্ঞানে তাহা স্মরণ করিয়া স্নানান্তে তথায় শ্রাদ্ধ করিবে। রাম তীর্থে পিণ্ডদানে বিষ্ণুলোক প্রাপ্তি হয় (১৭) সীতার সহিত রাম ও ঐ নদীর পূর্ব্বোক্ত প্রার্থনায় (তথাস্তু) বলিয়া স্নান করিলেন। ঐ রাম তীর্থে পূর্ব্বোক্ত মন্ত্র দ্বারা স্নান করিয়া পিতাদের পিণ্ডদান করিলে তাহার পিতৃবর্গ প্রেত হইতে মুক্ত হইয়া পিতৃলোক প্রাপ্ত হয় (১৮) হে রাম, হে রাম, হে মহাবাহো হে দেবগণের অভয়কারিন্! তোমাকে এই তীর্থে নমস্কার করিতেছি আমার পাপ নষ্ট হউক (১৯) এই মত প্রভাসেশ্বর রামকে নমস্কার করিয়া তন্নিকটে ভাসমান নামে শিব আছেন তাঁহার নিকট যাইবে। তাঁহাকে নমস্কার করিয়া যমবলি দিবে (২০) হে দেব! আপনি জলরূপী এবং জ্যোতির্গণের পতি আমার বাক্য-মানস-কর্ম্ম-জাত পাপ নাশ করহ (এই মন্ত্র পাঠান্তে যমকে বলি দিবে) (২১)

শিলায়া জঘনং ভূয়ঃ সমাক্রান্তং নগেন তু।
ধর্ম্মরাজেন সংপ্রোক্তো ন গচ্ছেতি নগঃ স্মৃতঃ ॥ ২২ ॥
যমরাজধর্ম্মরাজৌ নিশ্চলার্থং হি সংস্থিতৌ।
তাভ্যাং বলিং প্রদাস্যামি স্যাতামেতাবহিংসকৌ ॥২৩॥
দ্বৌ দেবৌ শ্যামশবলৌ বৈবস্বতকুলোদ্ভবৌ।
তাভ্যাং বলিং প্রদাস্যামি স্যাতামেতাবহিংসকৌ ॥২৪॥
যমোঽসি যমদূতোঽসি বায়সোঽসি মহাবল।
সপ্তজন্মকৃতং পাপং বলিং ভুক্ত্বা বিনাশয় ॥ ২৫ ॥
রামে বনং গতে শৈলমাগত্য ভরতেন হি।
পিতুঃ পিণ্ডাদিকং কৃত্বা রামেশঃ স্থাপিতোঽত্র বৈ ॥২৬॥
স্নাত্বা নত্বা চ রামেশং রামং সীতাসমন্বিতম্।
তত্র শ্রাদ্ধং সপিণ্ডং চ কৃত্বা বিষ্ণুপুরং ব্রজেৎ।
পিতৃভিঃ সহ ধর্ম্মাত্মা কুলানাঞ্চ শতৈঃ সহ ॥ ২৭ ॥
শিলায়া দক্ষিণে হস্তে স্থাপিতঃ কুণ্ডপর্ব্বতঃ।
তত্র শ্রাদ্ধাদিনা সর্ব্বান্ পিতৄন্ ব্রহ্মপুরং নয়েৎ ॥২৮॥

ধর্ম্মশিলার জঘনদেশ পর্ব্বত দ্বারা আক্রান্ত হইল তৎকালে ধর্ম্মরাজ আক্রামী পর্ব্বতকে গমন করিও না, এই মত আদেশ করাতে তাহার নাম নগ হইয়াছিল(২২) ঐ নগ নাম পর্ব্বতে যমরাজ ও ধর্ম্মরাজ গয়াসুর স্থৈর্য্যার্থে স্থিত হইয়াছিলেন। এমতে ঐ উভয়কে নানা দ্রব্য সহিত এই বলি দিতেছি তাঁহারা আমার হিংসা করিবেন না(২৩) সূর্য্য কুলে উৎপন্ন শ্যাম ও শবল ( নানাবর্ণ) যমরাজ ও ধর্ম্মরাজ নামে দুই দেব তাঁহাদিগকে বলি দিতেছি তাঁহারা আমার হিংসা করিবেন না ( এই মন্ত্র দ্বারা বলি দিবে ) ( ২৪ ) হে বায়স তুমি যম এবং যমদূত ও মহাবল তুমি বলি ভোগ করিয়া সপ্ত জন্মকৃত আমার পাপ নষ্ট কর ( এই মন্ত্র পাঠ করিয়া যমানুচর কাককে বলি দিবে) (২৫) রাম বনে গত হইলে এই পর্ব্বতে আসিয়া ভরত পিতার পিণ্ডাদি দিয়া রামেশ্বর স্থাপন করেন। (২৬) ঐ তীর্থে স্নান করিয়া রামেশ্বর এবং সীতাপতি রামকে নমস্কার করিলে এবং তথায় শ্রাদ্ধ করিলে এক শত কুল সহিত বিষ্ণুলোক প্রাপ্ত হয় (২৭) ধর্ম্মশিলার দক্ষিণ হস্তে কুণ্ড নামে পর্ব্বত স্থাপিত হয় ঐ স্থানে শ্রাদ্ধ দানে পিতৃলোককে ব্রহ্মলোকে গমন করাইতে সমর্থ হয় (২৮)

বামহস্তে শিলায়াশ্চ তথাচোদ্যন্তকো গিরিঃ।
আনীতো হ্যদয়াদ্রেস্তু সোঽগস্ত্যেন মহাত্মনা।
স্থাপিতঃ পিণ্ডদস্তত্র পিতৄন্ ব্রহ্মপুরং নয়েৎ॥ ২৯॥
কুণ্ডশ্চোদ্যন্তকস্তত্র আত্মনস্তপসা কৃতঃ।
ব্রহ্মণা তত্র সাবিত্রীকুমারাভ্যাং সহ স্থিতম্॥ ৩০॥
হাহাহূহূপ্রভৃতয়ো গীতিনাদং প্রচক্রিরে।
কুণ্ডমুদ্যন্তকং তত্র গীতবাদিত্রকো গিরিঃ॥ ৩১॥
অগস্ত্যো ভগবান্ যত্র তপশ্চোগ্রং চকার হ।
ব্রহ্মণস্তু বরান্ লেভে মাহাত্ম্যং ভুবি দুর্লভম্।
লোপামুদ্রাং তথা ভার্য্যাং পিতৃণাং পরমাং গতিম্॥৩২॥
স্নাতস্তত্র চ মধ্যাহ্নে সাবিত্রীং সমুপাস্য চ।
কোটিজন্ম ভবেদ্বিপ্রো ধনাঢ্যো বেদপারগঃ॥ ৩৩॥
অগস্ত্যস্য পদে স্নাত্বা পিণ্ডদো ব্রহ্মলোকগঃ।
পিতৃভিঃ সহ ধর্ম্মাত্মা পূজ্যমানো দিবৌকসাম্॥ ৩৪॥
ব্রহ্মযোনিং প্রবিশ্যাথ নির্গচ্ছেদ্যস্তু মানবঃ।
পরং ব্রহ্ম স যাতীহ বিমুক্তো যোনিসঙ্কটাৎ॥ ৩৫॥
নত্বা গয়াকুমারঞ্চ ব্রাহ্মণ্যং লভতে নরঃ।
সোমকুণ্ডাভিষেকী চ সোমলোকং নয়েৎ পিতৄন্॥ ৩৬॥

ঐ শিলার বাম হস্তে উদ্যন্ত নামে পর্ব্বত স্থাপিত হয় ঐ পর্ব্বত উদয়াদ্রি পর্ব্বত হইতে মহাত্মা অগস্ত্য আনয়ন করিয়া স্থাপিত করেন ঐ স্থলে পিণ্ডদানে পিতৃলোকের ব্রহ্মপুর গমন হয় (২৯) অগস্ত্য স্বস্থাপিত উদ্যন্তক নাম গিরি নিকটে নিজ তপস্যা দ্বারা কুণ্ড করেন ঐ কুণ্ডে ব্রহ্মা কার্ত্তিকেয় ও সরস্বতী সর্ব্বদা বাস করেন(৩০) হাহা হূহূ প্রভৃতি গন্ধর্ব্বগণ ঐ কুণ্ড ও উদ্যন্তক পর্ব্বতে গান ধ্বনি করেন, এই হেতু ঐ পর্ব্বতকে গীতিবাদিত্রক বলে। (৩১) ঐ পর্ব্বতে ভগবান্ অগস্ত্য দুঃসাধ্য তপস্যা করিয়া ব্রহ্মা হইতে পৃথিবীতে দুর্ল্লভ বর, লোপামুদ্রা ভার্য্যা, এবং পিতৃলোকের পরম গতি, প্রাপ্ত হয়েন(৩২) ঐ কুণ্ডে স্নান করিয়া মধ্যাহ্নে গায়ত্রী উপাসনা করিলে কোটি জন্ম পর্য্যন্ত বেদজ্ঞ এবং ধনাঢ্য বিপ্র হয় (৩৩) ঐ অগস্ত্য স্থানে স্নান করিয়া পিণ্ডদানে দেবতাগণের পূজ্য হইয়া পিতৃলোক সহিত ব্রহ্মলোকে গমন করে (৩৪) ঐ স্থানে ব্রহ্মযোনি নামে স্থান আছে তাহাতে প্রবেশ করিয়া যে নির্গত হয়, সে ব্যক্তি যোনি সঙ্কট হইতে মুক্ত হইয়া পরম ব্রহ্ম প্রাপ্ত হয় (৩৫) ঐ স্থানস্থ গয়া কার্ত্তিকেয়ের প্রণামে ব্রহ্মলোক প্রাপ্তি হয়। সোমকুণ্ড স্নানে পিতৃলোক চন্দ্রলোক প্রাপ্ত হন (৩৬)

বলিঃ কাকশিলায়াং তু কাকেভ্য ঋণমোক্ষদঃ।
স্বর্গদ্বারেশ্বরং নত্বা স্বর্গাদ্ব্রহ্মপুরং ব্রজেৎ।। ৩৭ ।।
পিণ্ডদো ব্যোমগঙ্গায়াং নির্ম্মলঃ স্বর্ন্নয়েৎ পিতৄন্।
শিলায়া দক্ষিণে হস্তে ভস্মকূটমধারয়ৎ।
ততোঽসৌ ভস্মকূটাদ্রির্ভস্মস্নাতশ্চ নারদ।। ৩৮ ।।
বটো বটেশ্বরস্তত্র স্থিতশ্চ প্রপিতামহঃ।
মতঙ্গস্য পদে পুণ্যে পিণ্ডদঃ স্বর্ন্নয়েৎ পিতৄন্॥ ৩৯ ॥
তস্যাগ্রে রুক্মিণীকুণ্ডং পশ্চিমে কপিলা নদী।
কপিলেশো নদীতীরে হ্যমাসোমসমাগমে ॥ ৪০ ॥
কপিলায়াং নরঃ স্নাত্বা কপিলেশং নমেচ্চ যঃ।
শ্রাদ্ধদঃ স্বর্গগামী স্যাৎ মাহেশীকুণ্ড এব চ ॥ ৪১ ॥
গৌরী চ মঙ্গলা তত্র সর্ব্বসৌভাগ্যদায়িনী।
জনার্দ্দনো ভস্মকূটে তস্য হস্তে চ পিণ্ডদঃ॥ ৪২ ॥
মন্ত্রেণ চাত্মনোঽন্যেষাং সব্যহস্তে তিলৈর্ব্বিনা।
জীবতাং দধিসংমিশ্রং সর্ব্বে তে বিষ্ণুলোকগাঃ ॥ ৪৩ ॥

কাকশিলা স্থানে কাকগণকে বলি দিলে দেব, ঋষি, ও পিতৃ-ঋণ হইতে মুক্ত হয়। ঐ স্থানে স্বর্গ দ্বারেশ্বরকে প্রণাম করিলে স্বর্গ প্রাপ্ত হইয়া ক্রমে ব্রহ্মপুর প্রাপ্ত হয় (৩৭) ব্যোম গঙ্গায় পিণ্ডদানে নিষ্পাপ হয় ও পিতৃবর্গের স্বর্গ হয়। ধর্ম্মশিলার দক্ষিণ হস্তে দেবগণ ভস্মরাশি ধারণ করেন, তন্নিমিত্ত তাহাকে ভস্মকূট পর্ব্বত বলে। তথায় ভস্ম লেপনান্তে স্নান করিলে হে নারদ! পূর্ব্বোক্ত ফল হয় (৩৮) ঐ স্থানে অক্ষয় বট বটেশ্বর ও ব্রহ্মা আছেন তন্নিকটে পুণ্যদায়ী মতঙ্গ স্থান আছে তথায় পিণ্ডদানে পিতৃবর্গের স্বর্গ হয় (৩৯) তদগ্রে রুক্মিণী-কুণ্ড ও তৎপশ্চিমে কপিলা নদী এবং তাহার তীরে কপিলেশ্বর আছেন তত্তৎস্থানে সোমবার ও অমাবস্যা যোগ হইলে (৪০) ঐ কালে কপিলা নদী ও মাহেশী কুণ্ডে স্নানে কপিলেশ্বর প্রণামে এবং ঐ ঐ স্থানে শ্রাদ্ধ দানে স্বর্গগামী হয় (৪১) তৎস্থানে সর্ব্বসৌভাগ্যপ্রদা মঙ্গলা গৌরী আছেন। ভস্মকূট পর্ব্বতে জনার্দ্দন আছেন তাঁহার হস্তে ও ঐ পূর্ব্বোক্ত স্থানে পিণ্ডদান করিবে (৪২) কর্ত্তা আপনার ও জীবিত ব্যক্তির তিল শূন্য ও দধি মিশ্র পিণ্ড তাঁহার বাম হস্তে (অগ্রিম মন্ত্র দ্বারা) দিলে স্বয়ং ও পিণ্ডদানের উদ্দেশ্য ব্যক্তি স্বর্গে যায় (৪৩)

এষ পিণ্ডো ময়া দত্তস্তব হস্তে জনার্দ্দন।
দেহি দেব গয়াশীর্ষে তস্মৈ তস্মিন্ মৃতে তু তম্ ॥ ৪৪ ॥
এষ পিণ্ডো ময়া দত্তস্তব হস্তে জনার্দ্দন।
গয়াশীর্ষে ত্বয়া দেয়ো মহ্যং পিণ্ডো মৃতে ময়ি ॥ ৪৫ ॥
জনার্দ্দন নমস্তুভ্যং নমস্তে পিতৃরূপিণে।
পিতৃপতে নমস্তুভ্যং নমস্তে মুক্তিহেতবে ॥ ৪৬ ॥
গয়ায়াং পিতৃরূপেণ স্বয়মেব জনার্দ্দন।
লক্ষ্মীকান্ত নমস্তেঽস্তু নমস্তে পিতৃমোক্ষদ ॥ ৪৭ ॥
তং ধ্যাত্বা পুণ্ডরীকাক্ষং মুচ্যতে চ ঋণত্রয়াৎ।
পুণ্ডরীকাক্ষমভ্যর্চ্চ্য স্বর্গং প্রাপুর্ন্নরা ধ্রুবম্ ॥ ৪৮ ॥
বামজানু তু সংপাত্য নত্বা ভীমো জনার্দ্দনম্।
শ্রাদ্ধং সপিণ্ডকং কৃত্বা ভ্রাতৃভির্বিষ্ণুলোকগঃ ॥ ৪৯ ॥
শিলায়া দক্ষিণে পাদে প্রেতকূটো গিরির্দ্ধৃতঃ।
ধর্ম্মরাজেন পাদাভ্যাং গিরিঃ প্রেতশিলাশ্রয়ঃ ॥ ৫০ ॥
পাদেন দূরে নিক্ষিপ্তঃ শিলায়াঃ পাদভারতঃ।
প্রেতভাবস্বরূপেণ করগ্রহণকাননে ॥ ৫১ ॥

হে জনার্দ্দন! (জীবিত ব্যক্তির উদ্দেশে) এই পিণ্ড তোমার হস্তে দিতেছি ঐ উদ্দেশ্য ব্যক্তি মরিলে গয়াশীর্ষে আপনি তাহার পিণ্ড দিবেন(৪৪) (এই জীবিত পিণ্ডদান মন্ত্র) হে জনার্দ্দন! (আমার) এই পিণ্ড তোমার হস্তে দিতেছি আমি মরিলে গয়াশীর্ষে এই পিণ্ড আমাকে দিবেন (এই নিজ পিণ্ডদান মন্ত্র) (৪৫) হে পিতৃরূপ জনার্দ্দন! আপনাকে নমস্কার এবং আপনি পিতৃগণস্বামী ও মুক্তি হেতু আপনাকে নমস্কার (৪৬) হে লক্ষ্মীকান্ত জনার্দ্দন! গয়ায় আপনি স্বয়ং পিতৃরূপে আছেন আপনাকে নমস্কার (৪৭)। (এই দুই জনার্দ্দনের প্রণাম মন্ত্র) ঐ পদ্মনেত্র জনার্দ্দনকে ধ্যান করিলে দেব-ঋষি ও পিতৃ-ঋণ হইতে মুক্ত হয়। ঐ দেবকে পূজা করিয়া মানবগণ স্বর্গগামী হইয়াছে (৪৮) ভীমসেন বাম জানু ভূমি সংলগ্ন করিয়া তাঁহাকে প্রণাম করিয়া পিণ্ড ও শ্রাদ্ধ দানে ভ্রাতৃবর্গ সহিত বিষ্ণুলোক গিয়াছেন (৪৯) ধর্ম্মশিলার দক্ষিণ পাদে প্রেতশিলার আশ্রয় প্রেতকূট নামে পর্ব্বত ধর্ম্মরাজ পাদ দ্বারা স্থাপিত করিয়াছিলেন (৫০) করগ্রহণ নাম বনে ধর্ম্মরাজ ধর্ম্মশিলার ভারার্থে অনেক প্রেতগণ পাদ দ্বারা স্থাপন করেন (এমতে ঐ প্রেতকূট পর্ব্বত হয়) (৫১)

পৃষ্ঠে স্থিতাশ্চ বহবো বিঘ্নকারিণ এব তে।
শ্রাদ্ধাদিকরণান্নৄণাং তীর্থং পিতৃবিমুক্তিদম্ ॥ ৫২ ॥
গতঃ শিলাঙ্গসংস্পর্শাৎ প্রেতকূটঃ পবিত্রতাম্।
প্রেতকূটশ্চ তত্রান্তে দেবাস্তত্র পদে স্থিতাঃ।
তত্র শ্রাদ্ধাদিকং কৃত্বা প্রেতত্বান্মোচয়েৎ পিতৄন্ ॥ ৫৩ ॥
শিলাসমীপে যে বিপ্র প্রেতরূপা ভয়ানকাঃ।
সর্ব্বে তে যমলোকে তু পৃথিব্যাং পর্য্যটন্তি বৈ ॥ ৫৪ ॥
গয়াসুরস্য শিরসি পুণ্যে প্রেতাদিবর্জ্জিতে।
স্থিতা ব্রহ্মাদয়ো দেবাঃ গতঃ সোঽতিপবিত্রতাম্ ॥৫৫॥
কীকটেষু গয়া পুণ্যা পুণ্যং রাজবনং গৃহম্।
চ্যবনস্যাশ্রমঃ পুণ্যো নদী পুণ্যা পুনঃপুনা ॥ ৫৬ ॥
বৈকুণ্ঠে হেমদণ্ডশ্চ হেমকূটো গিরিস্তথা।
শ্রাদ্ধপিণ্ডাদিকৃত্তত্র পিতৄন্ ব্রহ্মপুরং নয়েৎ ॥ ৫৭ ॥
শিলাদক্ষিণপাদে তু গৃধ্রকূটো গিরির্ধৃতঃ।
ধর্ম্মরাজেন সুস্থৈর্য্যকরণায় সুপাবনঃ ॥ ৫৮ ॥
গৃধ্ররূপেণ তত্রাথ তপঃ কৃত্বা মহর্ষয়ঃ।
বিমুক্তা গৃধ্রকূটোঽয়ং তত্র গৃধ্রেশ্বরঃ স্থিতঃ ॥ ৫৯ ॥

ঐ প্রেতগণ শিলার পৃষ্ঠে থাকিয়া অনেক বিঘ্ন করে। এই পূর্ব্বোক্ত কয়েক স্থানে শ্রাদ্ধ করিলে পিতৃবর্গের মুক্তি হয় (৫২) প্রেতগণ স্বভাবতঃ অস্পৃশ্য হইলেও ধর্ম্মশিলা স্পর্শে পবিত্র হইয়াছিল। এমতে ঐ প্রেত-কূট স্থানে দেবগণ বাস করিয়াছিলেন। ঐ স্থানে শ্রাদ্ধ করণে পিতৃগণ প্রেতত্ব মুক্ত হয়(৫৩) হে বিপ্র! (নারদ) যমলোকে ও ভূমিতে প্রেতগণ ভয়ানক ও অতি অপ-বিত্র (৫৪) কিন্তু তাহারাই ব্রহ্মাদি দেবের সান্নিধ্য হেতু নিজ ধর্ম্ম প্রেতত্ব ত্যাগ করিয়া গয়াশীর্ষে অতি পবিত্র হইয়াছিল (৫৫) যদ্যপি কীকট (মগধ) দেশ অতি অপবিত্র তথাপি তন্মধ্যে গয়া, রাজবন, রাজগৃহ, চ্যবনাশ্রম ও পুনঃপুনা নদী এই সকল স্থান পবিত্র (৫৬) বৈকুণ্ঠে স্থিত হেমদণ্ড পর্ব্বত (আনয়ন করিয়া) গয়াতে স্থাপিত হইবায় হেমকূট নামে খ্যাত হয় ঐ স্থানে শ্রাদ্ধ পিণ্ডাদি দানে পিতৃগণের ব্রহ্মপুরে গতি হয় (৫৭) ধর্ম্মরাজ গয়াসুর স্থৈর্য্যকরণার্থে ধর্ম্মশি-লার দক্ষিণ পাদে গৃধ্রকূট নামে অতি পবিত্র পর্ব্বত ধারণ করেন (৫৮) মহর্ষিগণ গৃধ্র তুল্য নিশ্চল হইয়া ঐ পর্ব্বতে তপস্যা দ্বারা মুক্ত হন এমতে তাহাকে গৃধ্র-কূট বলে। তাহাতে গৃধ্রেশ্বর শিব আছেন (৫৯)।

তত্র গৃধ্রেশ্বরং দৃষ্ট্বা যান্তি শম্ভুপদং নরাঃ।
তত্র গৃধ্রবটং নত্বা প্রাপ্তকামো দিবং ব্রজেৎ ॥ ৬০ ॥
তত্র গৃধ্রগুহায়াঞ্চ পিণ্ডদঃ শিবলোকভাক্‌।
তত্র মাহেশ্বরীধারাপিণ্ডদঃ স্বর্নয়েৎ পিতৃন্‌ ॥ ৬১ ॥
মূলক্ষেত্রং সরস্তত্র পিণ্ডদো ব্রহ্মলোকভাক্‌।
ঋণমোক্ষং পাপমোক্ষং শিবং দৃষ্ট্বা শিবং ব্রজেৎ ॥৬২॥
আদিপালেন গিরিণা সমাক্রান্তং শিলোদরম্‌।
যত্রাস্তে গজরূপেণ বিঘ্নেশো বিঘ্ননাশনঃ।
নাভৌ চ পিণ্ডদো যস্তু পিতৃন্‌ ব্রহ্মপুরং নয়েৎ ॥ ৬৩ ॥
নিতম্বে মুণ্ডপৃষ্ঠস্য দেবদারুবনং ত্বভূৎ।
মুণ্ডপৃষ্ঠেঽরবিন্দাদ্রিং দৃষ্ট্বা পাপং বিনাশয়েৎ ॥ ৬৪ ॥
ক্রৌঞ্চরূপেণ সংবিষ্টো মুনিস্তত্র তপোঽকরোৎ।
তস্য পাদাঙ্কিতো যস্মাৎ ক্রৌঞ্চপাদঃ প্রকীর্ত্তিতঃ ॥৬৫॥
স্নাতো জলাশয়ে তত্র নয়েৎ স্বর্গং কুলত্রয়ম্‌।
শিলায়াং ব্যক্তরূপেণ ব্যক্তাব্যক্তাত্মনা স্থিতঃ।
লক্ষ্মীশো বিবুধৈঃ সার্দ্ধং তস্মাদ্দেবময়ী শিলা ॥ ৬৬ ॥

ইতি শ্রীবায়ুপুরাণে শ্বেতবরাহকল্পে গয়ামাহাত্ম্যে
চতুর্থোঽধ্যায়ঃ।

ঐ স্থানে গৃধ্রেশ্বরকে দেখিয়া মানবগণ শিবলোক প্রাপ্ত হয় এবং তত্রত্য গৃধ্রবট প্রণামে পূর্ণকাম হইয়া স্বর্গ প্রাপ্ত হয় (৬০) ঐ স্থানে গৃধ্র গুহাতে পিণ্ডদানে শিব লোক প্রাপ্ত হয়। তত্রত্য মাহেশ্বরী নদী ধারাতে পিণ্ড দানে পিতৃগণের স্বর্গ প্রাপ্তি হয় (৬১) ঐ স্থানে মূল-ক্ষেত্র নামক সরোবরে পিণ্ডদানে ব্রহ্মলোক প্রাপ্তি হয়। ঐ স্থানে ঋণমোক্ষ ও পাপমোক্ষ শিব দর্শনে শিব-লোক প্রাপ্তি হয় (৬২) ধর্ম্মশিলার উদর ভাগে দেব-গণ আদিপাল নামে পর্ব্বত স্থাপিত করিয়াছিলেন ঐ স্থানে গজরূপী বিঘ্ননাশক গণেশ আছেন ঐ স্থানের নাভিদেশে পিণ্ডদানে পিতৃগণ ব্রহ্মলোক প্রাপ্ত হয় (৬৩) মুণ্ড পৃষ্ঠের নিতম্ব স্থানে দেবদারু বন আছে তথায় অরবিন্দ নামক পর্ব্বত দর্শনে পাপ নষ্ট হয় (৬৪) মুনি ক্রৌঞ্চরূপে প্রবিষ্ট হইয়া তপস্যা করাতে ঐ স্থান ক্রৌঞ্চ পাদাঙ্কিত হইয়া ক্রৌঞ্চপাদ নামে খ্যাত হয়। (৬৫) ঐ স্থানে জলাশয় স্নানে তিন কুলের স্বর্গ হয়। হে নারদ! এইরূপে ঐ শিলায় স্পষ্ট ও অস্পষ্ট রূপে দেবগণ-সহিত বিষ্ণু বাস করাতে তাহাকে দেবময়ী বলে। (৬৬)

ইতি শ্রীবায়ুপুরাণে চতুর্থ অধ্যায়।

নারদ উবাচ।

কথং ব্যক্তস্বরূপেণ স্থিতো হ্যাদিগদাধরঃ।
কথমব্যক্তরূপেণ ব্যক্তাব্যক্তাত্মনা স্থিতঃ॥ ১॥
কথং গদা সমুৎপন্না যস্মাদাদিগদাধরঃ।
গদালোলং কথং চাসীৎ সর্ব্বপাপক্ষয়ঙ্করম্॥ ২॥

সনৎকুমার উবাচ।

গদো নামাসুরো হ্যাসীৎ বজ্রাদ্বহুতরো দৃঢ়ঃ।
তপসা দারুণেনাসৌ ব্রহ্মলব্ধবরঃ পুরা॥ ৩॥
ব্রহ্মণা প্রার্থিতঃ প্রাদাৎ স্বান্যস্থীনি শরীরতঃ।
তস্মিন্ রুদ্রেণ নিহতে তস্যাস্থীনি দৃঢ়ানি বৈ॥ ৪॥
ব্রহ্মোক্তো বিশ্বকর্ম্মা তু গদাং চক্রে সুদারুণম্।
হেতী রক্ষো মহাংস্তত্র তপস্তেপেঽদ্ভুতং তদা॥ ৫॥
ব্রহ্মাদীংস্তপসা তুষ্টান্ বরং বব্রে বরপ্রদান্।
দেবৈর্দ্দৈত্যৈশ্চ শস্ত্রৈশ্চ বিবিধৈর্ম্মনুজৈরপি।
কৃষ্ণেশানাদিচক্রাদ্যৈরবধ্যঃ স্যাং মহাবলঃ॥ ৬॥
তথেত্যুক্ত্বান্তর্হিতাস্তে হেতির্দ্দেবাংস্তদাঽজয়ৎ।
ইন্দ্রত্বমকরোদ্ধেতির্ভীতা ব্রহ্মাদয়ঃ সুরাঃ॥ ৭॥

নারদ জিজ্ঞাসা করিয়াছিলেন আদিগদাধর ব্যক্ত, অব্যক্ত ও ব্যক্তাব্যক্ত রূপে কি মতে ছিলেন (১) যে গদাধারণ হেতু তিনি আদি গদাধর হএন। ঐ গদাই বা কিরূপে উৎপন্না হয়। এবং সর্ব্বপাপক্ষয়কারী গদালোল তীর্থই বা কি রূপে হয়। (২)

সনৎকুমার কহিয়াছিলেন, বজ্র হইতে অতিশয় দৃঢ় গদ নামে অসুর ছিল তিনি পূর্ব্ব কালে উগ্র তপস্যা দ্বারা ব্রহ্ম হইতে বর প্রাপ্ত হন (৩) পরে ব্রহ্মা তাঁহার নিকটে তাঁহার অস্থি প্রার্থনা করিলে তিনি শরীর হইতে নিজ অস্থি সকল দেন। এইরূপে উগ্রভাবে ব্রহ্ম দ্বারা তিনি নিহত হইলে ব্রহ্মা বিশ্বকর্ম্মাকে তাহার ঐ অস্থি সকলে অতি উগ্র গদা নির্ম্মাণ করিতে কহিলে তিনি সেই মত করেন (৪) ঐ কালে হেতি নামে মহা রাক্ষস অত্যুগ্র তপস্যা করিয়াছিল এবং ঐ তপো দ্বারা পরিতুষ্ট ব্রহ্মাদি হইতে বরপ্রার্থনা করে এবং তাঁহারাও বর দান করেন (৫) দেব, দৈত্য ও মনুষ্য কর্ত্তৃক বিবিধ শস্ত্র বা বিষ্ণু চক্র ও শিব ত্রিশূল প্রভৃতি দ্বারা আমি অবধ্য ও মহাবল হই (৬) এই মত বর প্রার্থনা করিলে ব্রহ্মাদি দেবগণও (তথাস্তু) বলিয়া অন্তর্হিত হএন। এমত বর লাভে হেতি রাক্ষস দেবগণকে জয় করিয়া স্বয়ং ইন্দ্রত্ব করে তাহাতে ব্রহ্মাদি দেবগণ তাহা হইতে ভীত হএন(৭)

হরিং তে শরণং জগ্মুরূচুর্হেতিং জহীতি তান্ ।
ঊচে হরিরবধ্যোঽয়ং হেতির্দেবাসুরৈঃ সুরাঃ ॥ ৮ ॥
মহাস্ত্রং মে প্রযচ্ছন্তু হেতিং হন্যাং হি যেন তম্ ।
ইত্যুক্তাস্তে ততো দেবা গদাং তাং হরয়ে দদুঃ ॥ ৯ ॥
দধার তাং গদামাদৌ দেবৈরুক্তো গদাধরঃ ।
গদয়া হেতিমাহত্য দেবৈঃ স ত্রিদিবং যযৌ ॥ ১০ ॥
ক্ষালনার্থং গদা যত্র বিষ্ণুনা লোলিতাঽভবৎ ।
বভূব তদ্গদালোলং তীর্থং পরমপাবনম্ ॥ ১১ ॥
গদয়া হেতিমাহত্য গয়াসুরশরীরকে ।
নিশ্চলার্থং স্থিতো যস্মাৎ ততো হ্যাদিগদাধরঃ ॥ ১২ ॥
শিলাপর্ব্বতরূপেণ ব্যক্ত আদিগদাধরঃ ।
শিলাসৌ মুণ্ডপৃষ্ঠাদ্রিঃ প্রভাসো নাম পর্ব্বতঃ ॥ ১৩ ॥
উদ্যন্তো গীতনাদশ্চ ভস্মকূটো গিরির্মহান্ ।
গৃধ্রকূটঃ প্রেতকূট আদিপালোঽরবিন্দকঃ ॥ ১৪ ॥
ক্রৌঞ্চপাদোঽক্ষয়বটঃ ফল্গুতীর্থং মধুস্রবা ।
মহানদী ব্রহ্মসর উদীচী কনকাহ্বয়া ॥ ১৫ ॥
নদী দেবনদী কাশী সুষুম্না নিশ্চলা নদী ।
বৈতরণ্যাদিরূপেণাব্যক্ত আদিগদাধরঃ ॥ ১৬ ॥

দেবগণ বিষ্ণুকে শরণ লইয়া হেতিকে নষ্ট কর এই মত প্রার্থনা করিলেন। হে দেবগণ এই হেতি রাক্ষস দেব ও অসুরের অবধ্য ইহা বিষ্ণু দেবগণকে কহিলেন (৮) আমাকে মহাস্ত্র দিলে তদ্দ্বারা আমি হেতিকে নষ্ট করিতে পারি। এই কথান্তে দেবগণ তাঁহাকে বিশ্বকর্ম্মনির্ম্মিত পূর্ব্বোক্ত গদা দিলেন (৯) দেবকর্ত্তৃক উক্ত বিষ্ণু আদৌ গদা ধারণ করেন এবং গদা দ্বারা হেতিকে নষ্ট করিয়া দেবগণ সহ স্বর্গ গমন করেন (১০) ঐ অসুরকে নষ্ট করিয়া যে স্থলে ঐ গদা ক্ষালনার্থ গদাকে চালিত করেন ঐ স্থান অতি পবিত্র গদালোল নামে তীর্থ হয় (১১) গদা দ্বারা হেতিকে নষ্ট করিয়া আদৌ গদা ধারণ করত যেহেতু গয়াসুর-স্থৈর্য্যার্থে তদ্দেহে ছিলেন এই হেতু তাঁহাকে আদিগদাধর বলে (১২) এবং আদিগদাধর ধর্ম্মশিলা পর্ব্বত রূপে ব্যক্ত হএন। এবং ঐ শিলাও মুণ্ড পৃষ্ঠাদ্রি ও প্রভাস পর্ব্বত নামে খ্যাত হয় (১৩) উদ্যন্ত গীতনাদ, ভস্মকূট, গৃধ্রকূট, প্রেতকূট, আদিপাল, অরবিন্দ, ক্রৌঞ্চপাদ, অক্ষয়বট, ফল্গুতীর্থ, মধুস্রবা নদী, মহানদী, ব্রহ্মসরোবর, উত্তরদিগ্বর্ত্তিনী কনক নাম্নী নদী দেবনদী কাশী সুষুম্না নামে নদী ও বৈতরণী প্রভৃতি রূপে আদিগদাধর তথায় অব্যক্ত রূপে ছিলেন (১৪,১৫,১৬)

বিষ্ণোঃ পদং রুদ্রপদং ব্রহ্মণঃ পদমুত্তমম্ ।
কশ্যপস্য পদং দিব্যং দ্বৌ হস্তৌ যত্র নির্গতৌ ॥ ১৭ ॥
পঞ্চাগ্নীনাং পদান্যত্র ইন্দ্রাগস্ত্যপদে পরে ।
রবেশ্চ কার্ত্তিকেয়স্য ক্রৌঞ্চমাতঙ্গয়োরপি ॥ ১৮ ॥
মুখ্যলিঙ্গানি সর্ব্বাণি ব্যক্তাব্যক্তাত্মনা স্থিতঃ ।
আদৌ গদাধরশ্চৈব ব্যক্তঃ শ্রীমান্ গদাধরঃ ॥ ১৯ ॥
উত্তরার্কো দক্ষিণার্কঃ শ্বেতার্কো গণনায়কঃ ।
নরসিংহো বামনশ্চ কেদারকনকেশ্বরৌ ॥ ২০ ॥
ফল্গ্বীশঃ ফল্গুচণ্ডীশো মুণ্ডপৃষ্ঠেহথ চণ্ডিকা ।
লোকনাথশ্চ সিদ্ধেশঃ কপর্দ্দীশো বিনায়কঃ ॥ ২১ ॥
নারায়ণো মহালক্ষ্মীর্ব্রহ্মা শ্রীপুরুষোত্তমঃ ।
রুদ্রেশশ্চৈব সোমেশো রামেশঃ প্রপিতামহঃ ॥ ২২ ॥
জনার্দ্দনো মঙ্গলা চ পুণ্ডরীকাক্ষ উত্তমঃ ।
মার্কণ্ডেয়শ্চ কোটীশো হ্যঙ্গিরেশঃ পিতামহঃ ॥ ২৩ ॥
ইত্যাদিব্যক্তরূপেণ স্থিত আদিগদাধরঃ ।
হেতির্যো রাক্ষসস্তস্মিন্ হতে বিষ্ণুঃ স্থিতঃ পুরা ॥ ২৪ ॥
ব্রহ্মণা সহ রুদ্রাদ্যৈঃ কারিতে নিশ্চলেহসুরে ।
তুষ্টাবাথ জগদ্ধাতা প্রণতোহপি গদাধরম্ ॥ ২৫ ॥

গদাধরং কলিগতকল্মষাপহং
গয়াগতং বিদিতগুণং গুণাতিগম্ ।
গুহাগতং গিরিবরগেহগোপিতং
সুরার্চ্চিতং বরদমহং নমামি তম্ ॥ ২৬ ॥

বিষ্ণুপদ, রুদ্রপদ, ব্রহ্মপদ, কাশ্যপপদ (যে স্থানে শ্রাদ্ধ দ্রব্য গ্রহণার্থে অগ্রে দুই হস্ত নির্গত হয়) পঞ্চাগ্নি পদ, ইন্দ্রপদ, অগস্ত্যপদ, রবিপদ, কার্ত্তিকেয়পদ, ক্রৌঞ্চপদ, মাতঙ্গপদ এবং প্রধান২ যে যে চিহ্ন ঐ সকল স্থানেই আদিগদাধর ব্যক্ত ও অব্যক্ত রূপে আ-ছেন (১৭, ১৮, ১৯) উত্তরার্ক, দক্ষিণার্ক, শ্বেতার্ক, গণ-নায়ক, নরসিংহ, বামন, কেদারেশ্বর, কনকেশ্বর, ফল্গু-তীর্থেশ্বর, ফল্গুচণ্ডীশ্বর, মুণ্ডপৃষ্ঠস্থ-চণ্ডিকা, লোকনাথ, সিদ্ধেশ্বর, কপর্দ্দীশ্বর, বিনায়ক, নারায়ণ, মহালক্ষ্মী, পুরুষোত্তম ব্রহ্মা, রুদ্রেশ্বর, সোমেশ্বর, রামেশ্বর, প্রপিতামহ, জনার্দ্দন মঙ্গলা, পুণ্ডরীকাক্ষ, মার্কণ্ডেয়, কোটীশ্বর, অঙ্গিরেশ্বর, পিতামহ এই সকল রূপে আদি গদাধর তথায় ব্যক্ত আছেন। হেতি নামে রাক্ষসকে বধ করিয়া বিষ্ণু তথায় ঐ রূপে নানারূপ ধারণ করিয়া ছিলেন। (২০, ২১, ২২, ২৩, ২৪) ব্রহ্মা রুদ্রাদি দেব গণ সহ গয়াসুরকে স্থির করিয়া গদাধরকে প্রণাম করিয়া স্তুতি করিয়াছিলেন(২৫)-কলিপাপনাশক, বিখ্যাত-গুণ-শালী, গুণাতীত, গয়াস্থিত, হৃদয়রূপ-গুহাসক্ত, পর্ব্বত গুহায় ( অসুরবিনাশার্থে ছলপূর্ব্বক) গুপ্ত ভাবে স্থিত, দেবগণপূজিত, বরদায়ী, গদাধরকে প্রণাম করি (২৬)

শুভশ্রিয়ং ত্রিদশগণাদিসুশ্রিয়ং
যশঃশ্রিয়ং দিতিভবদারণশ্রিয়ম্।
কলাগতং কলিমলমর্দ্দনশ্রিয়ং
দৃঢ়াদ্দৃঢ়ং পরিবৃঢ়গাঢ়শক্তিভিঃ॥ ২৭॥
বিদেহকং করণকলাবিবর্জ্জিতং
বিয়ন্মরুদ্ধিমহরবারিভূষিতম্।
গদাধরং ধ্বনিমুখবর্জ্জিতং পরং
নমাম্যহং পরমমনাদিদেবকম্॥ ২৮॥ যুগ্মকম্
মনোগতং মতিগতিবর্জ্জিতং ত্বজং
শমাত্মকং শ্রুতিশিরসি স্থিতং বুধম্।
চিদাত্মকং কলিগতকারণাতিগং
গদাধরং হৃদয়গতং নমাম্যহম্॥ ২৯॥

দেবৈঃ সার্দ্ধং ব্রহ্মণা তু স্তুত আদিগদাধরঃ।
উচে বরং বৃণীষ ত্বং বরং ব্রহ্মা তমব্রবীৎ॥ ৩০॥
শিলায়াং দেবরূপিণ্যাং স্থিরং তিষ্ঠ সুরেশ্বর।
ব্যক্তো গদাধরোভূত্বাহব্যক্তশ্চৈব জনার্দ্দন॥ ৩১॥
লোকানাং রক্ষণার্থায় তমুবাচ গদাধরঃ।
শিলায়াং দেবরূপিণ্যাং স্থিত্বা যূয়ং তু তিষ্ঠত॥ ৩২॥
সুব্যক্তঃ পুণ্ডরীকাক্ষঃ শ্বেতকল্পে তথা স্থিতঃ।
দেবৈর্গম্যা চ যা মূর্ত্তিরাবির্ভূতা সনাতনী॥ ৩৩॥

সুশোভাযুক্ত, দেবগণের সুশ্রী দাতা, নানা কলা ব্যাপ্ত কলিকাল দোষ নাশক, অত্যন্ত যশস্বী, দানব গণ বিদারণ দ্বারা সুশোভিত, গাঢ় প্রভুশক্তি দ্বারা সকল কঠিন দ্রব্য হইতে অত্যন্ত কঠিন, দেহ শূন্য, ইন্দ্রিয়াদি বর্জ্জিত, আকাশ, বায়ু, অগ্নি, বারি, ও ভূ এই সকলে উষিত (ব্যাপী) হইয়াও আকাশাদির শব্দ প্রভৃতি যে গুণ তদ্দ্বারা বর্জ্জিত, এমত পরাৎপর আদিশূন্য গদাধরকে প্রণাম করিতেছি (২৭) (২৮) শুদ্ধ-মনো মাত্র-বেদ্য, অশুদ্ধ-বুদ্ধির অবিষয়, জন্ম শূন্য, শান্ত, বেদান্ত বেদ্য, বোধ স্বরূপ, কলিদোষ কারণ শূন্য-হৃদয়বর্ত্তী, গদাধরকে প্রণাম করি। (২৯) এই মত দেব গণ সহিত ব্রহ্ম কর্ত্তৃক স্তুত আদিগদাধর ব্রহ্মাকে কহি-লেন তুমি বর প্রার্থনা করহ ব্রহ্মাও বর প্রার্থনা করি-লেন(৩০) হে সুরনায়ক আপনি দেবরূপা শিলাতে স্থির হইয়া থাক। এবং ব্যক্ত গদাধর রূপে অব্যক্ত অনেক রূপে সুস্থির হইয়া থাক(৩১)গদাধরও ব্রহ্মাকে কহিলেন লোক রক্ষণার্থে দেবরূপা শিলাতে তোমরাও বাস করহ। (৩২) দেবমাত্র গম্য নিত্যমূর্ত্তি দ্বারা আমি এই শি-লায় শ্বেতবরাহকল্পে পুণ্ডরীকাক্ষ রূপে ব্যক্ত হ-ইব (৩৩)

অব্যক্তঃ শ্বেতকল্পে তু ভবিষ্যামি তথা পুনঃ।
বারাহকল্পে সুব্যক্তো দেব আদিগদাধরঃ ॥ ৩৪ ॥
সন্তারণায় লোকানাং দেবানাং রক্ষণায় চ।
গয়াশিরসি সুব্যক্তো ভবিষ্যামি ন সংশয়ঃ ॥ ৩৫ ॥
যে দ্রক্ষ্যন্তি সদা ভক্ত্যা দেবমাদিগদাধরম্।
তে প্রাপ্স্যন্তি ধনং ধান্যমায়ুরারোগ্যমেব চ ॥ ৩৬ ॥
কলত্রপুত্রপৌত্রাদিগুণকীর্ত্তিসুখাদিকম্।
শ্রদ্ধয়া যে নমস্যন্তি রাজ্যং বিষ্ণুপুরে ভবেৎ ॥ ৩৭ ॥
গন্ধদানেন গন্ধাপ্তিঃ সৌভাগ্যং পুষ্পদানতঃ।
ধূপদানেন রাজ্যাপ্তির্দীপাদ্দীপ্তির্ভবিষ্যতি ॥ ৩৮ ॥
ধ্বজদানাৎ পাপহানির্যাত্রাকৃদ্‌ব্রহ্মলোকভাক্।
শ্রাদ্ধপিণ্ডাদিদানেন বিষ্ণুং নয়তি মাং পিতৃন্ ॥ ৩৯ ॥
শ্রদ্ধয়ানেন যে দেবং স্তোত্রেণাদিগদাধরম্।
স্তোষ্যন্তি তে সমভ্যর্চ্চ্য পিতৃন্ নেষ্যন্তি মাং হরিম্ ॥৪০॥
শিবোঽপি পরয়া প্রীত্যা তুষ্টাবাদিগদাধরম্।
অব্যক্তরূপো যো দেবো মুণ্ডপৃষ্ঠাদ্রিরূপকৃৎ।
ফল্গুতীর্থাদিরূপেণ তং নমামি গদাধরম্ ॥ ৪১ ॥
ব্যক্তরূপো হি যো দেবো জনার্দ্দনস্বরূপতঃ।
মুণ্ডপৃষ্ঠে স্বয়ং হ্যস্তি তং নমামি গদাধরম্ ॥ ৪২ ॥

আমি শ্বেতকল্পে অব্যক্ত হইয়া বরাহকল্পে পুনর্ব্বার গদাধর রূপে ব্যক্ত হইব (৩৪) লোক সকলের রক্ষা ও তারণ অর্থে গয়াসুর মস্তকে সুব্যক্ত হইব ইহাতে সংশয় নাই (৩৫) যে ব্যক্তি ঐ আদিগদাধর দেবকে ভক্তি পূর্ব্বক দেখিবে সে ব্যক্তি ধন, ধান্য, বিশিষ্ট-আয়ুঃ, আরোগ্য, প্রাপ্ত হইবে (৩৬) এবং শ্রদ্ধা দ্বারা যে ব্যক্তি প্রণাম করিবে তাহার ইহ লোকে পুত্র, পৌত্র, কলত্র, গুণ, কীর্ত্তি, সুখ, প্রভৃতি, পরলোকে বিষ্ণুপুরে রাজ্য প্রাপ্তি হইবে(৩৭) তাঁহাকে গন্ধ দানে গন্ধ, পুষ্প দানে সৌভাগ্য, ধূপদানে রাজ্য, দীপদানে উত্তম দেহ কান্তি, প্রাপ্তি হইবে (৩৮) ধ্বজদানে পাপ নাশ, যাত্রা করণে ব্রহ্মলোক প্রাপ্তি, শ্রাদ্ধাদিদানে পিতৃগণকে বিষ্ণুকে (আমবাকে) প্রাপ্ত করাইবে। (৩৯) ত্বৎকৃত স্তোত্র দ্বারা শ্রদ্ধা পূর্ব্বক যে আমাকে স্তুতি করিবে সে পিতৃলোককে বিষ্ণুর (আমার) রূপ প্রাপ্তি করাইবে। (৪০) ঐ কালে শিবও পরম প্রীত হইয়া আদিগদাধরকে স্তুতি করিলেন। অব্যক্ত রূপে যে ভগবান্ মুণ্ডপৃষ্ঠাদ্রি রূপ এবং ফল্গু প্রভৃতি তীর্থ রূপ গ্রহণ করিয়াছেন তাহাকে প্রণাম করি (৪১) যিনি স্বকীয় রূপ দ্বারা জনার্দ্দন রূপে ব্যক্ত হইয়াছেন এবং মুণ্ডপৃষ্ঠে স্বয়ং বিরাজমান আছেন তাঁহাকে প্রণাম করি। (৪২)

শিলায়াং ব্রহ্মরূপিণ্যাং স্থিতং ব্রহ্মাদিভিঃ সুরৈঃ।
পূজিতং সৎকৃতং দেবৈস্তং নমামি গদাধরম্ ॥ ৪৩ ॥
মহাদেবশ্চ জগতো ব্যক্তস্যৈকং হি কারণম্।
অব্যক্তজ্ঞানরূপং তং নমাম্যাদিগদাধরম্ ॥ ৪৪ ॥
যং চ দৃষ্ট্বা তথা স্পৃষ্ট্বা পূজয়িত্বা প্রণম্য চ।
শ্রাদ্ধাদৌ ব্রহ্মলোকাপ্তিস্তং নমামি গদাধরম্ ॥ ৪৫ ॥
দেহেন্দ্রিয়মনোবুদ্ধিপ্রাণাহঙ্কারবর্জ্জিতম্।
জাগ্রৎস্বপ্নবিনির্মুক্তং নমাম্যাদিগদাধরম্ ॥ ৪৬ ॥
নিত্যানিত্যবিনির্মুক্তং সামান্যানন্দবর্জ্জিতম্।
তুরীয়ং জ্যোতিরাত্মানং তং নমামি গদাধরম্ ॥ ৪৭ ॥

সনৎকুমার উবাচ।

এবং স্তুতো মহেশেন প্রীতশ্চাদিগদাধরঃ।
স্থিতো দেবশিলায়াং সঃ দেবৈর্ব্রহ্মাদিভিঃ সহ ॥ ৪৮ ॥
সংস্থিতং মুণ্ডপৃষ্ঠাদ্রৌ দেবমাদিগদাধরম্।
স্তুবন্তি পূজয়ন্তীহ বিষ্ণুলোকং ব্রজন্তি তে ॥ ৪৯ ॥
ধর্ম্মার্থী প্রাপ্নুয়াদ্ধর্ম্মমর্থার্থী চার্থমাপ্নুয়াৎ।
কামানবাপ্নুয়াৎ কামী মোক্ষার্থী মোক্ষমাপ্নুয়াৎ ॥ ৫০ ॥
পুত্রার্থী লভতে পুত্রান্ বেদবেদাঙ্গপারগান্।
মনসা প্রার্থিতং সর্ব্বং পূজাদ্যৈঃ প্রাপ্নুয়াদ্ধরেঃ ॥ ৫১ ॥

ইতি বায়ুপুরাণে শ্বেতবরাহকল্পে গয়ামাহাত্ম্যে
পঞ্চমোঽধ্যায়ঃ।

ব্রহ্মরূপ শিলাতে দেবগণ সহিত ব্রহ্মাদি কর্তৃক পূজিত হইয়া যিনি স্থিতি করিতেছেন তাঁহাকে প্রণাম ( ৪৩ ) ব্যক্ত-জগতের এক কারণ পরমেশ্বর এমতে তিনি ব্যক্ত (স্থূল) অব্যক্ত (সূক্ষ্ম) রূপী ও জ্ঞানরূপী তাহাকে প্রণাম করি (৪৪) যাঁহাকে দর্শন স্পর্শন পূজন ও প্রণাম করিয়া এবং তন্নিকটে শ্রাদ্ধাদি করিয়া ব্রহ্মলোক প্রাপ্তি হয় ঐ গদাধরকে প্রণাম করি [ ৪৫ ] দেহ ইন্দ্রিয় মনঃ বুদ্ধি প্রাণ অহঙ্কার শূন্য, জাগ্রৎ ও স্বপ্নাবস্থা রহিত, আদিগদাধরকে প্রণাম করি [৪৬] নিত্য ও অনিত্য-ধর্ম্ম-রহিত সামান্য [ বিষয়াদি জন্য] আনন্দ রহিত চতুর্থ ( কার্য্য কারণ কর্ত্তা এই তিনের অতীত ] পরম জ্যোতিঃ স্বরূপ গদাধরকে প্রণাম করি। [৪৭]

সনৎকুমার কহিতেছেন এই মত শিব বিষ্ণুকে স্তুতি করিলে তিনি সন্তুষ্ট হইয়া ব্রহ্মাদি দেবের সহিত ধর্ম্মশিলায় বাস করিলেন। [৪৮] এইরূপে মুণ্ডপৃষ্ঠপর্ব্বতস্থিত আদিগদাধরকে যে ব্যক্তি স্তুতি ও পূজা করে সে বিষ্ণুলোকগামী হয়(৪৯)এবং ধর্ম্মার্থী জন ধর্ম্ম, ধনার্থী, ধন, কামী জন সকল কাম, মোক্ষার্থী মোক্ষ প্রাপ্ত হয় [৫০] পুত্রার্থী বেদবেদাঙ্গপারগামী পুত্র প্রাপ্ত হয়। হরি পূজা দ্বারা সকল মনোভীষ্ট প্রাপ্তি হয় [৫১]।

ইতি বায়ুপুরাণে গয়ামাহাত্ম্যে পঞ্চম অধ্যায়।

সনৎকুমার উবাচ।

গয়াযাত্রাং প্রবক্ষ্যামি শৃণু নারদ মুক্তিদাম্।
নিষ্কৃতিঃ শ্রাদ্ধকর্ত্তৃণাং ব্রহ্মণা গীয়তে পুরা ॥ ১ ॥
উদ্যতশ্চ গয়াং গন্তুং শ্রাদ্ধং কৃত্বা বিধানতঃ।
বিধায় কর্পটীবেষং কৃত্বা গ্রামং প্রদক্ষিণম্ ॥ ২ ॥
ততো গ্রামান্তরং গত্বা শ্রাদ্ধশেষেণ ভোজনম্।
ততঃ প্রতিদিনং গচ্ছেৎ প্রতিগ্রহবিবর্জ্জিতম্ ॥ ৩ ॥
প্রতিগ্রহাদুপাবৃত্তঃ সংযতো নিয়তঃ শুচিঃ।
অহঙ্কারবিমুক্তো যঃ স তীর্থফলমশ্নুতে ॥ ৪ ॥
গৃহাচ্চলিতমাত্রেণ গয়ায়াং গমনং প্রতি।
স্বর্গারোহণসোপানং পিতৃণাং চ পদেপদে ॥ ৫ ॥
পদেপদেঽশ্বমেধস্য যৎ ফলং গচ্ছতো গয়াম্।
তৎ ফলং চ ভবেন্নিত্যং সমগ্রং নাত্র সংশয়ঃ ॥ ৬ ॥
ততো গয়াং সমাসাদ্য স্নাতব্যং তত্র নিশ্চয়ম্।
ব্রহ্মকুণ্ডে ততঃ স্নাত্বা দেবাদীংস্তর্পয়েৎ সুধীঃ ॥ ৭ ॥
কৃত্বাহ্বানং পিতৃণান্তু প্রয়তঃ প্রেতপর্ব্বতে।
প্রাচীনাবীতিনা ভাব্যং দক্ষিণাভিমুখঃ সুধীঃ ॥ ৮ ॥

সনৎকুমার কহিলেন হে নারদ! মুক্তিদায়িকা গয়া যাত্রা কহিতেছি শ্রবণ কর। ঐ যাত্রায় শ্রাদ্ধকর্ত্তার নিষ্কৃতি হয় ইহা পূর্ব্বে ব্রহ্মা কহিয়াছেন (১) গয়া যাইতে উদ্যত ব্যক্তি, বিধানে শ্রাদ্ধ করিয়া কর্পটবেষ (কষায় বস্ত্র) ধারণ করিয়া স্বগ্রাম প্রদক্ষিণ করিবে। (২) পরে গ্রামান্তরে যাইয়া শ্রাদ্ধাবশেষ দ্রব্য দ্বারা পারণ করিবে। পরে প্রতি দিন গমন কালে আবাস গ্রাম প্রদক্ষিণ করিয়া যাবৎ তীর্থ প্রাপ্তি না হয়, তাবৎ প্রতিগ্রহ নিবৃত্তি প্রভৃতি নিয়মধারী হইয়া গমন করিবে (৩) যে ব্যক্তি প্রতিগ্রহ নিবৃত্ত, জিতেন্দ্রিয় মিতাহারী শৌচযুক্ত ও অহঙ্কার শূন্য হয়, সেই তীর্থ ফল প্রাপ্ত হয় (৪) গয়া গমন নিমিত্ত গৃহ হইতে চলিবামাত্র পদে পদে পিতৃলোকের স্বর্গারোহণের সোপান করা হয় (৫) অশ্বমেধ যজ্ঞের সমস্ত ফল গয়া গমন কালে পদে পদে হয় (৬) পরে গয়া প্রাপ্ত হইয়া ঐ স্থানে (ফল্গুতীর্থে) অবশ্য স্নান করিবে। পরে ব্রহ্মকুণ্ডে স্নান করিবে। সর্ব্বত্র স্নানোত্তর তর্পণ করিবে (৭) পরে প্রেতপর্ব্বতে প্রাচীনাবীতী ও দক্ষিণ মুখ হইয়া এই সকল পিতৃলোকের আবাহন করিবে (৮)

কব্যবালোঽনলঃ সোমো যমশ্চৈবার্য্যমা তথা ।
অগ্নিষ্বত্তা বর্হিষদঃ সোমপাঃ পিতৃদেবতাঃ ॥ ৯॥
আগচ্ছন্তু মহাভাগা যুষ্মাভীরক্ষিতাস্ত্বথ ॥ ১০ ॥
মদীয়াঃ পিতরো যে চ কুলে জাতাঃ সনাভয়ঃ ।
তেষাং পিণ্ডপ্রদানায় আগতোঽস্মি গয়ামিমাম্ ।
তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু শ্রাদ্ধেনানেন শাশ্বতীম্ ॥ ১১ ॥
আচম্যোক্ত্বা চ পঞ্চাঙ্গং (১) প্রাণানায়ম্য যত্নতঃ ।
পুনরাবৃত্তিরহিতব্রহ্মলোকাপ্তিহেতবে ॥ ১২ ॥
এবং সংকল্প্য বিধিবৎ শ্রাদ্ধং কৃত্বা যথাক্রমম্ ।
পিতৃনাবাহ্য চাভ্যর্চ্চ্য মন্ত্রৈঃ পিণ্ডপ্রদো ভবেৎ ॥ ১৩ ॥
তীর্থে প্রেতশিলাদৌ চ চরুণা সঘৃতেন চ ।
প্রক্ষাল্য পর্ব্বতস্থানং পঞ্চগব্যৈঃ পৃথক্ পৃথক্ ॥ ১৪ ॥
তৈর্ম্মন্ত্রৈরথ সংপূজ্য যা দিব্যেত্যাদিদেবতা ।
যাবন্তিলা মনুষ্যৈশ্চ গৃহীতাঃ পিতৃকর্ম্মণি ।
গচ্ছন্তি ভীতা অসুরাঃ সিংহং দৃষ্ট্বা যথা মৃগাঃ ॥ ১৫ ॥

---

(১) পঞ্চ তিথিবারনক্ষত্রযোগকরণানি অঙ্গানি যত্র তৎ পঞ্চাঙ্গংপঞ্জিকাপত্রং তদারূঢ়ং বর্ষায়নর্তুমাসতিথ্যাদিগ্রহাদিকমুক্ত্বা ।

যথা [ কব্যবালোঽনলঃ সোমো যমশ্চৈবার্য্যমা তথা। অগ্নিষ্বাত্তা বর্হিষদঃ সোমপাঃ পিতৃদেবতাঃ। আগচ্ছন্তু মহাভাগাঃ যুষ্মাভীরক্ষিতাস্ত্বথ। মদীয়াঃ পিতরো যে চ কুলে জাতা সমনাভয়ঃ। তেষাং পিণ্ডদানার্থমাগতো-ঽস্মি গয়ামিমাম্। তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু শ্রাদ্ধেনানেন শাশ্বতীম্ ) এই মন্ত্র পাঠান্তে আবাহন করিবে ( ১০ ) পরে আচমন প্রাণায়াম করিয়া প্রয়ত হইয়া তিথি নক্ষত্রাদি কাল উল্লেখ করিয়া পিতৃগণের পুনরাবৃত্তি ব্রহ্মলোক প্রাপ্তির জন্যে এই শ্রাদ্ধ করিতেছি এই মত সংকল্প করিয়া ( বক্ষ্যমাণ বিধানে ) শ্রাদ্ধ করিবে। পিণ্ডদান কালে পিতৃগণকে আবাহন ও পূজা করিয়া মন্ত্র দ্বারা পিণ্ডদান করিবে (১১, ১২, ১৩) প্রেতশিলাদি তীর্থে ঘৃতযুক্ত পায়স দ্বারা শ্রাদ্ধ করিবে। ঐ সকল স্থান গঞ্চ গব্য দ্বারা পৃথক্ পৃথক্ প্রক্ষালন করিবে (১৪) পিতৃগণের [ নমো বঃ ইত্যাদি ] পিতৃ মন্ত্র দ্বারা পূজা করিয়া যা দিব্যা ইত্যাদি ও দেবতাভ্য ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। মনুষ্যগণ পিতৃকার্য্যে যত তিল গ্রহণ করেন সিংহ দর্শনে মৃগের ন্যায় পাপও তত পরিমাণে ভীত হইয়া পলায়ন করে ( ১৫ )

অষ্টকাসু চ বৃদ্ধৌ চ গয়ায়াং চ মৃতেঽহনি ।
মাতুঃ শ্রাদ্ধং পৃথক্ কুর্য্যাদন্যত্র পতিনা সহ ॥ ১৬ ॥
বৃদ্ধিশ্রাদ্ধে তু মাত্রাদি গয়ায়াং পিতৃপূর্ব্বকম্ ।
পাদ্যপূর্ব্বং সমারভ্য দক্ষিণাগ্রকুশৈঃ ক্রমাৎ ।
পিত্রাদীনাং সমাস্তীর্য্য শেষং গৃহ্যোক্তমাচরেৎ ॥ ১৭ ॥
দদ্যুঃ শ্রাদ্ধং সপিণ্ডানাং তেষাং দক্ষিণভাগতঃ ।
কুশৈরাস্তীর্য্য তেষাং তু সকৃদ্দত্ত্বা তিলোদকম্ ।
গৃহীত্বাঞ্জলিনা তেভ্যঃ পিতৃতীর্থেন যত্নতঃ ॥ ১৮ ॥
সক্তুনা মুষ্টিমাত্রেণ দদ্যাদক্ষয্যপিণ্ডকম্ ।
তিলাজ্যমধুদধ্যাদি পিণ্ডদ্রব্যেষু যোজয়েৎ ॥ ১৯ ॥
পায়সেনাপি চরুণা সক্তুনা পিষ্টকেন বা ।
গুড়েন তণ্ডুলাদ্যৈর্ব্বা পিণ্ডদানং বিধীয়তে ॥ ২০ ॥
মুষ্টিমাত্রপ্রমাণেন চার্দ্রামলকমাত্রতঃ ।
শমীপত্রপ্রমাণেন পিণ্ডং দদ্যাদ্গয়াশিরে ॥ ২১ ॥
উদ্ধরেৎ সপ্ত গোত্রাণি কুলমেকোত্তরং শতম্ ।
মাতা পিতা চ ভার্য্যা চ ভগিনীদুহিতুঃ পতিঃ ।
পিতৃষ্বসা মাতৃষ্বসা সপ্ত গোত্রাঃ প্রকীর্ত্তিতাঃ ॥ ২২ ॥
বিংশতির্ব্বিংশতিঃ পিত্রোরষ্টেন্দ্রাঃ ষোড়শ ক্রমাৎ ।
একাদশ দ্বাদশাথ কুলান্যেকোত্তরং শতম্ ॥ ২৩ ॥

অষ্টকা দিবসে, বৃদ্ধি কালে, গয়াতীর্থে ও মৃত দিনে মাতার শ্রাদ্ধ পিতা হইতে পৃথক্ করিবে অন্য সময়ে উভয়ের একযোগে শ্রাদ্ধ করিবে (১৬) এবং বৃদ্ধিকালে পূর্ব্বে মাতৃ প্রভৃতির, পরে পিতৃগণের কিন্তু গয়াতে পূর্ব্বে পিতৃগণের পরে মাতৃগণের শ্রাদ্ধ করিবে এই ভেদ আছে। দক্ষিণাগ্র কুশ দ্বারা পাদ্যদানপূর্ব্বক ঐ শ্রাদ্ধ করিবে (১৭) পিতৃগণকে আস্তরণ দিয়া স্বশাখানুসারে শেষ কর্ম্ম করিবে। এবং তাহার দক্ষিণ ভাগে অন্যান্য সপিণ্ডের পিতৃতীর্থ দ্বারা অঞ্জলি দিয়া তিলোদক এক বার দিবে(১৮) মুষ্টি-প্রমাণে সক্তু দ্বারা অক্ষয্য (অক্ষয় তৃপ্তিদায়ী) পিণ্ড দিবে ঐ পিণ্ড দ্রব্যে তিল ঘৃত মধু দধি প্রভৃতি যোগ করিবে (১৯) পায়স, চরু, সক্তু, পিষ্টক, গুড় তণ্ডুলাদি দ্রব্যদ্বারা পিণ্ড দান করিবে(২০)গয়াশীর্ষে মুষ্টি প্রমাণে, আর্দ্র আম-লক ফলপ্রমাণে, শমীপত্র প্রমাণে বা পিণ্ড দিবে(২১) ঐ পিণ্ডদানে পিতা, মাতামহ, শ্বশুর, ভগিনীপতি, যামাতা, পিতৃষস্বপতি ও মাতৃষস্বপতি, এই সপ্তগোত্রের উদ্ধার হয় (২২) তাহাতে পিতার ও মাতামহের বিংশতি বিং-শতি, শ্বশুরের আট, ভগিনীপতির চতুর্দ্দশ, যামাতার ষোড়শ, পিতৃষস্বপতির একাদশ, মাতৃষস্বপতির দ্বাদশ, এই এক শত এক কুলজাত লোকের উদ্ধার হয় (২৩)

পিতা পিতামহশ্চৈব তথৈব প্রপিতামহঃ।
মাতা পিতামহী চৈব তথৈব প্রপিতামহী।
মাতামহস্তৎপিতা চ প্রমাতামহকাদয়ঃ।
তেষাং পিণ্ডো ময়া দত্তো হ্যক্ষয্যমুপতিষ্ঠতাম্॥ ২৪ ॥
সম্বন্ধিনস্তিলাদ্ভিশ্চ কুশেষ্বাবাহয়েত্ততঃ।
অস্মৎকুলে মৃতা যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
আবাহয়িষ্যে তান্ সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ ॥২৫॥
মাতামহকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
আবাহয়িষ্যে তান্ সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ ॥২৬॥
বন্ধুবর্গকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
আবাহয়িষ্যে তান্ সর্ব্বান্ দর্ভপৃষ্ঠে তিলোদকৈঃ ॥২৭॥

পরে (পিতা পিতামহশ্চৈব তথৈব প্রপিতামহঃ। মাতা পিতামহী চৈব তথৈব প্রপিতামহী। মাতামহস্তৎপিতা চ প্রমাতামহকাদয়ঃ। তেষাং পিণ্ডো ময়া দত্তো হ্যক্ষয্যমুপতিষ্ঠতাম্)। এই মন্ত্র পাঠ করিয়া পিতা প্রভৃতি দ্বাদশ জনকে অক্ষয্য পিণ্ড দিবে (প্রমাতামহকাদয়ঃ। এই শব্দদ্বারা বৃদ্ধপ্রমাতামহ ও মাতামহপ্রভৃতির পত্নীর বোধ হয়) (২৪) পরে সকল সম্বন্ধিলোকের তিল ও জল দ্বারা কুশপৃষ্ঠে আবাহন করিবে। তাহাতে বামপার্শ্বস্থ পৃষ্ঠে ২৫, ২৬, ২৭ এই তিন মন্ত্র দ্বারা সকলকে আবাহন করিবে। পরে বামপার্শ্বস্থ পৃষ্ঠে ২৮, ২৯ এই দুই মন্ত্র দ্বারা সকলকে তিলোদক দিবে। পরে বামপার্শ্বস্থ পৃষ্ঠে ক্রমে ৩০ অবধি ৪৮ পর্য্যন্ত ১৯ মন্ত্র পাঠ করিয়া পিণ্ড দিবে। তাহাতে আবাহন তিন মন্ত্রের এই অর্থ আমাদের কুলে যে ব্যক্তি মৃত হইয়াছে এবং যাহাদের সদ্গতি হয় নাই ঐ সকলকে কুশপৃষ্ঠে তিলোদক দ্বারা আবাহন করিতেছি (২৫) মাতামহকুলে যে ব্যক্তি মৃত হইয়াছে ও যাহাদের সদ্গতি হয় নাই, এবং বন্ধুবর্গকুলে যে ব্যক্তি মৃত হইয়াছে ও যাহাদের সদ্গতি হয় নাই ঐ সকলকে আবাহন করিতেছি (২৬, ২৭)

আব্রহ্মস্তম্বপর্য্যন্তং দেবর্ষিপিতৃমানবাঃ।
তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ ॥ ২৮ ॥
অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাম্।
আব্রহ্মভুবনাল্লোকাদিদমস্তু তিলোদকম্ ॥ ২৯ ॥
অস্মৎকুলে মৃতা যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ৩০ ॥
মাতামহকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ৩১ ॥
বন্ধুবর্গকুলে যে চ গতির্যেষাং ন বিদ্যতে।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ৩২ ॥
অজাতদন্তা যে কেচিদ্যে চ গর্ভে প্রপীড়িতাঃ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ৩৩ ॥
অগ্নিদগ্ধাশ্চ যে কেচিন্নাগ্নিদগ্ধাস্তথা পরে।
বিদ্যুচ্চৌরহতা যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্ ॥ ৩৪ ॥
দাবদাহে মৃতা যে চ সিংহব্যাঘ্রহতাশ্চ যে।
দংষ্ট্রিভিঃ শৃঙ্গিভির্বাপি তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্ ॥৩৫॥

তিলোদক দানের দুই মন্ত্রের এই অর্থ। আমার পিতৃগণ বা মাতামহ প্রভৃতি ব্রহ্মা হইতে বৃক্ষাদিস্তম্ব পর্য্যন্ত রূপে অথবা দেবতা ঋষি বা মানব রূপে যাঁহারা যে রূপে আছেন তাঁহারা এই তিলোদক দ্বারা তৃপ্ত হউন ( ২৮ ) সপ্তদ্বীপনিবাসী অথবা এক কোটি কুল-জাত পুরুষেরা ব্রহ্মলোক হইতে যে ভুবনে থাকুন তাহাদের উদ্দেশে এই তিলোদক দত্ত হইতেছে (২৯) পিণ্ডদান-মন্ত্রের এই অর্থ, আমাদের কুল জাত যে ব্যক্তি মৃত হইয়াছে ও যাহার সদ্গতি হয় নাই তাঁহাদের উদ্ধারার্থ এই পিণ্ড দিতেছি ( ৩০ ) আমার মাতামহ-কুলে জাত যে মৃত হইয়াছে এবং যাঁহাদের সদ্গতি হয় নাই তাহারদের ০ ( ৩১ ) বন্ধুবর্গ কুলজাত যে ব্যক্তি মৃত হইয়াছে ও যাঁহাদের সদ্গতি হয় নাই তাহাদের ০ (৩২) যে বালক দন্ত-জন্ম পূর্ব্বে অথবা গর্ভে নষ্ট হয় তাহাদের ০ ( ৩৩ ) যে ব্যক্তির অগ্নিসংস্কার (দাহ) মাত্র হইয়াছে ও যে ব্যক্তির তাহাও হয় নাই এবং যে ব্যক্তি বজ্রাগ্নি বা চৌর দ্বারা নষ্ট হয় তাঁহা-দের ০ ( ৩৪ ) ঐ তিন কুলের মধ্যে যে ব্যক্তি বনদাহে বা সিংহ, ব্যাঘ্র, দংষ্ট্রী, ( শূকরাদি ) শৃঙ্গী, (গবাদি) দ্বারা নষ্ট হইয়াছে তদুদ্দেশে পিণ্ড দিতেছি ( ৩৫ )

উদ্বন্ধনমৃতা যে চ বিষশস্ত্রহতাশ্চ যে।
আত্মাপঘাতিনো যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্ ॥ ৩৬ ॥
অরণ্যে বর্ত্মনি বনে ক্ষুধয়া তৃষ্ণয়া হতাঃ।
ভূতপ্রেতপিশাচাদ্যৈস্তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্ ॥ ৩৭ ॥
রৌরবে চান্ধতামিস্রে কালসূত্রে চ যে গতাঃ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ৩৮ ॥
অসিপত্রবনে ঘোরে কুম্ভীপাকে চ যে গতাঃ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ৩৯ ॥
পশুযোনিগতা যে চ পক্ষিকীটসরীসৃপাঃ।
অথবা বৃক্ষযোনিস্থাস্তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্ ॥ ৪০ ॥
অনেকযাতনাসংস্থাঃ প্রেতলোকে চ যে গতাঃ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ৪১ ॥ (১)
নরকেষু সমস্তেষু যাতনাসু চ যে স্থিতাঃ।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ৪২ ॥
জাত্যন্তরসহস্রেষু ভ্রমন্তঃ স্বেন কর্ম্মণা।
মনুষ্যং দুর্লভং যেষাং তেষাং পিণ্ডং দদাম্যহম্ ॥ ৪৩ ॥
দিব্যন্তরীক্ষভূমিষ্ঠাঃ পিতরো বান্ধবাদয়ঃ।
মৃতা অসংস্কৃতা যে চ তেভ্যঃ পিণ্ডং দদাম্যহম্ ॥৪৪॥

(১) অনেকযাতনাসংস্থা যে নীতা যমশাসনে।
তেষামুদ্ধরণার্থায় ইমং পিণ্ডং দদাম্যহম্ ॥ ইতি পাঠান্তরম্

যে ব্যক্তি উদ্বন্ধন- (গলে রজ্জুবন্ধন) বিষ-ও শস্ত্র-দ্বারা নষ্ট হয় অথবা যে কোন প্রকারে আত্মঘাতী হয় তাঁহাদিগকে পিণ্ড দিতেছি (৩৬) যে ব্যক্তি অরণ্যে পথে বা জল স্থানে ক্ষুধা তৃষ্ণা ইত্যাদি দ্বারা অথবা ভূত পিশাচাদি দ্বারা নষ্ট হয় তাহাদিগকে পিণ্ড দিতেছি॥ (৩৭) যে ব্যক্তি পাপ বশত রৌরব অন্ধতামিস্র বা কালসূত্র নামে নরকে গত হইয়াছে তাহাদের উদ্ধারার্থ এই পিণ্ড দিতেছি (৩৮) অসিপত্র বা কুম্ভীপাক নাম নরকে যে গত হইয়াছে তাহাদের ০ (৩৯)যে ব্যক্তি পশুজাতি বা পক্ষী বা কীট বা সরীসৃপ (সর্পাদি) অথবা বৃক্ষ রূপে উৎপন্ন হইয়াছে তাহাদিগকে পিণ্ড দিতেছি (৪০) যে কেহ প্রেতলোকে গত হইয়া অনেক যাতনা পাইতেছে তাহাদের ০ (৪১) যে ব্যক্তি অনেক নরকে ও নানা যাতনা ভোগ করিতেছে তাহাদের ০ (৪২) যে ব্যক্তি নিজ কর্ম্মানুসারে অনেক সহস্র দুষ্ট জাতিতে ভ্রমণ করিতেছে ও যাহাদের মনুষ্যজন্ম প্রাপ্তি দুর্লভ তাহাদের ০ [ ৪৩ ] আমার পিতৃগণ অথবা বান্ধবগণ স্বর্গে বা ভূমিতে বা অন্তরিক্ষে যিনি বাস করিতেছেন সংস্কার (চূড়োপনয়নাদি) অথবা (দাহাদিসংস্কার) প্রাপ্ত না হইয়া যিনি মৃত হইয়াছেন তাহাদের ০ (৪৪)

যে কেচিৎ প্রেতরূপেণ বর্ত্তন্তে পিতরো মম।
তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু পিণ্ডেনানেন সর্ব্বদা॥ ৪৫॥
যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ।
তেষাং পিণ্ডো ময়া দত্তো হ্যক্ষয্যমুপতিষ্ঠতাম্॥ ৪৬॥
পিতৃবংশে মৃতা যে চ মাতৃবংশে তথৈব চ।
গুরুশ্বশুরবন্ধূনাং যে চান্যেঽবান্ধবা মৃতাঃ।
যে মে কুলে লুপ্তপিণ্ডাঃ পুত্ত্রদারবিবর্জ্জিতাঃ।
ক্রিয়ালোপগতাশ্চৈব জাত্যন্ধাঃ পঙ্গবস্তথা।
বিরূপা আমগর্ভাশ্চ জ্ঞাতাজ্ঞাতাঃ কুলে মম।
তেষাং পিণ্ডো ময়া দত্তো হ্যক্ষয্যমুপতিষ্ঠতাম্॥ ৪৭॥

আব্রহ্মণো যে পিতৃবংশজাতা
মাতুস্তথা বংশভবা মদীয়াঃ।
বংশদ্বয়ে যে মম দাসভূতা
ভৃত্যাস্তথৈবাশ্রিতসেবকাশ্চ।
মিত্রাণি সর্ব্বে পশবশ্চ বৃক্ষাঃ
দৃষ্টা হ্যদৃষ্টাশ্চ কৃতোপকারাঃ।
জন্মান্তরে যে মম সঙ্গতাশ্চ
তেভ্যঃ স্বধা পিণ্ডমহং দদামি॥ ৪৮॥

যে কেহ আমার পিতৃগণ প্রেতরূপে আছেন তাঁহারা এই পিণ্ড দ্বারা তৃপ্ত হউন (৪৫) যিনি অন্য বান্ধব হীন আমার ইহলোকে বান্ধব বা অন্য জন্মে বান্ধব ছিলেন তাহাদিগকে এই পিণ্ড আমি দিতেছি ইহা তাহাদের অক্ষয় তৃপ্তি-কারক হউক (৪৬) আমার পিতা বা মাতা বা গুরু শ্বশুর অথবা বন্ধুদের বংশে যে ব্যক্তি বান্ধব রহিত হইয়া মৃত হইয়াছেন এবং আমার কুলে স্ত্রীপুত্রাদিবর্জ্জিত হইয়া যাহার পিণ্ড লোপ হইয়াছে অথবা যে কোন প্রকারে যাহার শ্রাদ্ধাদিক্রিয়া লোপ হইয়াছে এবং যে ব্যক্তি জন্মান্ধ ও পঙ্গু বিকলরূপ হইয়া অথবা অসংপূর্ণ গর্ভা-বস্থায় যিনি মরিয়াছেন কুলে জ্ঞাত বা অজ্ঞাত যে কোন ব্যক্তি থাকুন তাহাদিগের উদ্ধারার্থ এই পিণ্ড দিতেছি তাহাদের অক্ষয় তৃপ্তি হউক ( ৪৭ ) ব্রহ্মাবধি আমার পিতৃবংশে ও মাতামহবংশে যে জন্মিয়াছে এবং আমার ঐ দুই বংশের যে ব্যক্তি দাস ( ক্রীতদাস ) অথবা ভৃত্য ( বেতনগ্রাহী ) আশ্রিত ও সেবক এবং মিত্র সকলপ্রকার পশু ও বৃক্ষ ছিল অথবা প্রত্যক্ষে বা পরোক্ষে যে ব্যক্তি উপকার করিয়াছে এবং জন্মান্তরে যে ব্যক্তি আমার সঙ্গত (মিত্র) ছিল ঐ সকল ব্যক্তিকে আমি পিণ্ড দিতেছি (৪৮)

এতৈশ্চ সর্ব্বৈর্ম্মন্ত্রৈশ্চ স্ত্রীলিঙ্গান্তং সমুহ্য চ।
স্বগোত্রে পরগোত্রে চ দম্পত্যোঃ পিণ্ডদো ভবেৎ।
অপৃথক্ নিষ্ফলং শ্রাদ্ধং পিণ্ডং চোদকতর্পণম্॥ ৩৯॥
পিণ্ডপাত্রে তিলান্ দত্ত্বা পূরয়িত্বা শুভোদকৈঃ।
মন্ত্রেণানেন পিণ্ডাংস্তান্ প্রদক্ষিণকরস্তথা॥ ৫০॥
পরিষিচ্য ত্রিধা সর্ব্বান্ প্রণিপত্য ক্ষমাপয়েৎ।
পিতৄন্ বিসৃজ্য চাচম্য দেবান্ সাক্ষিণ আহ্বয়েৎ॥৫১॥
সাক্ষিণঃ সন্তু মে দেবা ব্রহ্মেশানাদয়স্তথা।
ময়া গয়াং সমাসাদ্য পিতৄণাং নিষ্কৃতিঃ কৃতা॥ ৫২॥
আগতোঽস্মি গয়াং দেব পিতৃকার্য্যে গদাধর।
ত্বমেব সাক্ষী ভগবন্ননৃণোঽহমৃণত্রয়াৎ॥ ৫৩॥
সর্ব্বস্থানেষু চৈবং স্যাৎ পিণ্ডদানং তু নারদ।
প্রেতপর্ব্বতমারভ্য কুর্য্যাত্তীর্থেষ্বনুক্রমাৎ।
তিলমিশ্রাংস্ততঃ সক্তূন্ নিক্ষিপেৎ প্রেতপর্ব্বতে॥৫৪॥
যে কেচিৎ প্রেতরূপেণ বর্ত্তন্তে পিতরো মম।
তে সর্ব্বে তৃপ্তিমায়ান্তু সক্তুভিস্তিলমিশ্রিতৈঃ॥ ৫৫॥
আব্রহ্মস্তম্বপর্য্যন্তং যৎ কিঞ্চিৎ সচরাচরম্।
ময়া দত্তেন তোয়েন তৃপ্তিমায়ান্তু সর্ব্বশঃ॥ ৫৬॥
প্রেতত্বাচ্চ বিমুক্তাঃ স্যুঃ পিতরস্তস্য নারদ।
প্রেতত্বং তস্য মাহাত্ম্যাৎ কুলে তস্য ন বিদ্যতে॥৫৭॥

পরে ঐ পূর্ব্বোক্ত মন্ত্রে (অস্মৎ কুলে মৃতা যাশ্চ গতির্যা-সাং ন বিদ্যতে। আবাহয়িষ্যে তাঃ সর্ব্বাঃ) ইত্যাদি রূপে স্ত্রীলিঙ্গান্ত উহান্তে আবাহনাদি করিয়া স্বগোত্র ও পরগোত্রের স্ত্রীলোককে পতি হইতে পৃথক্ রূপে পিণ্ড দিবে এক যোগে দিলে নিষ্ফল হয় (৪৯) পিণ্ডপাত্রে তিল দিয়া জলদ্বারা পূর্ণ করিয়া ঐ পূর্ব্বোক্ত মন্ত্র দ্বারা প্রদক্ষিণ ক্রমে পিণ্ড দিবে (৫০) পরে তিন বার পিণ্ডে জলসেক ও পিতৃলোককে প্রণাম করিয়া ক্ষমা প্রার্থনা করিবে। পরে পিতৃগণকে বিসর্জ্জন করিয়া আচমনান্তে দেবতাদি গণকে সাক্ষী করিবে (৫১) তাহাঁতে বামপার্শ্বস্থ পৃষ্ঠের (৫২, ৫৩) এই দুই মন্ত্র পাঠ করিবে (৫২, ৫৩)। হে নারদ, প্রেত পর্ব্বতে আরম্ভ করিয়া সকল তীর্থে এই মত বিধান করিবে। কিন্তু প্রেতপর্ব্বতে ঐ কর্ম্মান্তে সর্ব্ব স্থানে তিলযুক্ত সক্তু প্রক্ষেপ করিবে এই বিশেষ (৫৪) ঐ সক্তু প্রক্ষেপে বামপার্শ্বস্থ পৃষ্ঠের (৫৫, ৫৬) এই দুই মন্ত্র পাঠ করিবে (৫৫, ৫৬) হে নারদ যে ব্যক্তি এই মত বিধান করে সে ব্যক্তির পিতৃগণ প্রেতত্ব হইতে মুক্ত হয়। এবং তাহার কুলে ঐ পিণ্ড দানাদি মাহাত্ম্যে আর কখন কেহ প্রেত হয় না (৫৭)

নাম্না প্রেতশিলা খ্যাতা গয়ায়াং ভুবি মুক্তয়ে।
তীর্থমন্ত্রাদিরূপেণ স্থিত আদিগদাধরঃ ॥ ৫৮ ॥

ইতি শ্রীবায়ুপুরাণে শ্বেতবরাহকল্পে গয়ামাহাত্ম্যে ষষ্ঠোঽধ্যায়ঃ।

---

সনৎকুমার উবাচ।

আদৌ চ পঞ্চতীর্থে চ উত্তরে মানসে বিধিঃ।
আচম্য কুশহস্তেন শিরস্ত্বভ্যুক্ষ্য বারিণা।
উত্তরং মানসং গচ্ছেন্মন্ত্রেণ স্নানমাচরেৎ ॥ ১ ॥
উত্তরে মানসে স্নানং করোম্যাত্মবিশুদ্ধয়ে।
সূর্য্যলোকাদিসংসিদ্ধিসিদ্ধয়ে পিতৃমুক্তয়ে ॥ ২ ॥
দেবাদীংস্তর্পয়িত্বাথ শ্রাদ্ধং কুর্য্যাৎ সপিণ্ডকম্।
মানসং হি সরো হ্যত্র তস্মাদুত্তরমানসম্ ॥ ৩ ॥
নমো ভগবতে ভর্ত্রে সোমভৌমজ্ঞরূপিণে।
জীবভার্গবসৌরেয়রাহুকেতুস্বরূপিণে ॥ ৪ ॥
সূর্য্যং নত্বার্চ্চয়িত্বা তু সূর্যলোকং নয়েৎ পিতৃন্।
উত্তরান্মানসান্মৌনী ব্রজেদ্দক্ষিণমানসম্ ॥ ৫ ॥
উদীচী চ মহাপুণ্যা তত্রোদীচ্যং বিমুক্তিদম্।
উদীচ্যাং মুণ্ডপৃষ্ঠস্য দেবর্ষিপিতৃসেবিতম্ ॥ ৬ ॥

গয়াস্থানে প্রেতশিলা নামে শিলা ভূমিতে মুক্তি-দায়িনী রূপে খ্যাত আছে। যেহেতু তথায় সকল তীর্থ-ও তাহাতে পাঠ্য-মন্ত্র রূপে আদিগদাধর স্থিতি করিতেছেন (৫৮)।

গয়ামাহাত্ম্যে ষষ্ঠ অধ্যায়।

সনৎকুমার কহিতেছেন আদৌ পঞ্চ তীর্থ মধ্যে উত্তর মানসের বিধি কথিত হইতেছে। কুশহস্ত হইয়া আচমনান্তে জলদ্বারা মস্তক সেচন করিয়া উত্তরমানসে গমন করিবে তথায় অগ্রিম মন্ত্র দ্বারা স্নান করিবে (১) (উত্তরে মানসে স্নানং করোম্যাত্মবিশুদ্ধয়ে। সূর্য্যলোকাদিসংসিদ্ধিসিদ্ধয়ে পিতৃমুক্তয়ে) (এই মন্ত্র দ্বারা স্নান করিবে) (২) পরে দেব প্রভৃতির তর্পণ করিয়া পিণ্ড-দান ও শ্রাদ্ধ করিবে। ঐ স্থানে মানস সরোবর আছে তাহাকে উত্তর মানস বলে (৩) (নমো ভগবতে ভর্ত্রে সোমভৌমজ্ঞরূপিণে। জীবভার্গবসৌরেয়রাহুকেতুস্বরূপিণে (৪) এই মন্ত্রদ্বারা তথায় সূর্য্যকে প্রণাম ও পূজা করিলে পিতৃগণের সূর্য্যলোক প্রাপ্তি হয় উত্তর মানস হইতে মৌনী হইয়া দক্ষিণ মানসে গমন করিবে (৫) মুণ্ড পৃষ্ঠের উত্তর দিকে দেব, ঋষি ও পিতৃসেবিত মুক্তিদায়ক উত্তর মানস ও উদীচী নামে পুণ্য নদী আছে। (৬)

মধ্যে কনখলং তীর্থং পিতৃণাং মুক্তিদায়কম্।
স্নাতঃ কনখলে তীর্থে পুনর্জন্ম ন বিদ্যতে॥ ৭॥
স্নাতঃ কনকবদ্ভাতি নরো যাতি পবিত্রতাম্।
অতঃ কনকলং লোকে খ্যাতং তীর্থমনুত্তমম্॥ ৮॥
তস্য দক্ষিণভাগে চ তীর্থং দক্ষিণমানসম্।
দক্ষিণে মানসে চৈব তীর্থত্রয়মুদাহৃতম্॥ ৯॥
স্নাত্বা তেষু বিধানেন শ্রাদ্ধং কুর্য্যাত্তু পূজয়েৎ।
ব্রহ্মহত্যাদিপাপৌঘঘাতনায়া বিমুক্তয়ে॥ ১০॥
দিবাকর করোমীহ স্নানং দক্ষিণমানসে।
নমামি সূর্য্যং তৃপ্ত্যর্থং পিতৃণাং তারণায় চ।
পুত্রপৌত্রধনৈশ্বর্য্যায়ায়ুরারোগ্যবৃদ্ধয়ে॥ ১১॥
অনেন স্নানপূজাদি কৃত্বা শ্রাদ্ধং সপিণ্ডকম্।
কৃত্বা নত্বা চ মৌনাহর্কমিমং মন্ত্রমুদীরয়েৎ॥ ১২॥
ফল্গুতীর্থং ব্রজেত্তস্মাৎ সর্ব্বতীর্থোত্তমোত্তমম্।
মুক্তির্ভবতি কর্ত্তৃণাং পিতৃণাং শ্রাদ্ধতঃ সদা॥ ১৩॥
ব্রহ্মণা প্রার্থিতো বিষ্ণুঃ ফল্গুকো হ্যভবৎ পুরা।
দক্ষিণাগ্নৌ হুতং তত্র তদ্রজঃ ফল্গুতীর্থকম্॥ ১৪॥
তস্মিন্ ফলতি ফল্গ্বা গৌঃ কামধেনুর্জলং মহী।
দৃষ্টেরন্তর্গতং যস্মাৎ ফল্গুতীর্থং ন নিষ্ফলম্॥ ১৫॥

তন্মধ্যে কনখল নামে পিতৃমুক্তিদায়ক তীর্থ আছে ঐ তীর্থে স্নান করিলে পুনর্ব্বার জন্ম হয় না (৭)। ঐ তীর্থে স্নানে কনক তুল্য দীপ্তি ও পবিত্রতা হয় এমতে ঐ তীর্থ কনখল নামে খ্যাত হইয়াছে (৮) তাহার দক্ষিণ ভাগে দক্ষিণ মানস নামে তীর্থ আছে ঐ দক্ষিণমানসেও তিন তীর্থ আছে (৯) ঐ তিন তীর্থে বিধানে শ্রাদ্ধ করিবে এবং ব্রহ্ম হত্যাদি পাপ-ও দুঃখ সমূহ-মুক্তি হেতু পূজা করিবে (১০) (দিবাকর করোমীহ স্নানং দক্ষিণমানসে। নমামি সূর্য্যং তৃপ্ত্যর্থং পিতৃণাং তারণায় চ। পুত্রপৌত্রধনৈশ্বর্য্যায়ায়ুরারোগ্যবৃদ্ধয়ে) এই মন্ত্রদ্বারা ঐ স্থানে স্নান করিবে (১১) ঐ মন্ত্র দ্বারা স্নান ও পূজা করিয়া পিণ্ড ও শ্রাদ্ধ দানান্তে মৌনার্ককে প্রণাম করিয়া ঐ মন্ত্র পাঠ করিবে (১২) পরে সকল তীর্থ হইতে অত্যুত্তম ফল্গুতীর্থ গমন করিবে। ঐ তীর্থে পিতৃলোকের শ্রাদ্ধ করিলে শ্রাদ্ধকর্ত্তার মুক্তি হয় (১৩)। পূর্ব্বকালে ব্রহ্মার প্রার্থনাতে বিষ্ণু ফল্গুরূপী হইয়াছিলেন। দক্ষিণ নামে বহ্নিতে যে হোম করিয়াছিলেন তাহার রজঃকণাতে ফল্গু তীর্থ হইয়াছিল (১৪) ঐ তীর্থে ফল্গুতীর্থ হইতে কামধেনু ও জল ভূমিপ্রভৃতি সকল পদার্থ ফলিত হয়। ফল্গু তীর্থ দৃষ্টিযোগ্য না হইলেও নিষ্ফল হএন না (১৫)

তীর্থানি যানি পুণ্যানি ভুবনেষ্বখিলেষু চ।
তানি স্নাতুং সমায়ান্তি ফল্গুতীর্থে সুশোভনে।। ১৬।।
গঙ্গা পাদোদকং বিষ্ণোঃ ফল্গু হ্যাদিগদাধরঃ।
তেনেদং দ্রবরূপেণ তস্মাৎ গঙ্গাধিকং বিদুঃ।। ১৭।।
অশ্বমেধসহস্রাণাং সহস্রং যঃ সমাচরেৎ।
ন তৎফলমবাপ্নোতি ফল্গুতীর্থে যদাপ্নুয়াৎ।। ১৮।।
ফল্গুতীর্থে বিষ্ণুজলে করোমি স্নানমাদৃতঃ।
পিতৃণাং বিষ্ণুলোকায় ভুক্তিমুক্তিপ্রসিদ্ধয়ে।। ১৯।।
ফল্গুতীর্থে নরঃ স্নাত্বা তর্পয়েৎ শ্রাদ্ধমাচরেৎ।
সপিণ্ডকং স্বসূত্রোক্তং নমেদথ পিতামহম্।। ২০।।
নমঃ শিবায় দেবায় ঈশান পুরুষায় চ।
অঘোর বামদেবায় সদ্যোজাতায় শম্ভবে।। ২১।।
নত্বা গদাধরং দেবং মন্ত্রেণানেন পূজয়েৎ।
ওঁ নমো বাসুদেবায় নমঃ সংকর্ষণায় চ।
প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় শ্রীধরায় চ বিষ্ণবে।। ২২।।
পঞ্চতীর্থে নরঃ স্নাত্বা ব্রহ্মলোকং নয়েৎ পিতৃন্।
ফল্গুতীর্থে নরঃ স্নাত্বা দৃষ্ট্বা দেবং গদাধরম্।
আত্মানং পিতৃভিঃ সার্দ্ধং নয়েদ্বৈ বৈষ্ণবং পদম্।।২৩।।
অস্টৈঃ পঞ্চভিঃস্নানং পুষ্পবস্ত্রাদ্যলঙ্কৃতম্।
ন কুর্য্যাদ্‌য়ো গদাপাণেস্তস্য শ্রাদ্ধমপার্থকম্।। ২৪।।

সকল ভুবনে যে সকল পবিত্র তীর্থ আছে ঐ সকল তীর্থ স্নান কালে ফল্গুতীর্থে সন্নিহিত হয় (১৬) গঙ্গা বিষ্ণুর পদজাতা আদিগদাধর দ্রবীভূত হইয়া ফল্গুতীর্থ হয় এই হেতু গঙ্গা হইতে ফল্গুতীর্থ উত্তম (১৭) ফল্গুতীর্থে যে ফল প্রাপ্ত হয় তাহা সহস্র সহস্র অশ্বমেধেও প্রাপ্ত হয় না (১৮) (ফল্গুতীর্থে বিষ্ণুজলে করোমি স্নানমাদৃতঃ। পিতৃণাং বিষ্ণুলোকায় মুক্তিভুক্তিপ্রসিদ্ধয়ে) এই মন্ত্র দ্বারা স্নান করিবে (১৯) ফল্গুতীর্থে মানব স্নান ও তর্পণ করিবে এবং স্বশাখানুসারে পিণ্ড ও শ্রাদ্ধ দান করিবে। পরে পিতামহকে প্রণাম করিবে (২০) (নমঃ শিবায় দেবায় ঈশান পুরুষায় চ। অঘোর বামদেবায় সদ্যোজাতায় শম্ভবে) এই মন্ত্র পাঠান্তে পিতামহ-প্রণাম করিবে (২১) (ওঁ নমো বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় চ। প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় শ্রীধরায় চ বিষ্ণবে) এই মন্ত্র পাঠে বিষ্ণুর প্রণাম ও পূজা করিবে (২২) এই রূপে পঞ্চতীর্থে পূজা করিলে পিতৃলোক ব্রহ্মলোক প্রাপ্ত হয়। ফল্গুতীর্থে স্নান করিলে ও গদাধরকে দর্শন করিলে পিতৃলোকও স্বয়ং বৈকুণ্ঠে গমন করে [২৩] যে ব্যক্তি পুষ্প বস্ত্রাদি ভূষণ সহিত পঞ্চ অমৃত দ্বারা বিষ্ণুর স্নান না করাইবে তাহার শ্রাদ্ধ নিরর্থক হয় (২৪)

নাগকূটাদ্‌গৃধ্রকূটাত্তথৈবোত্তরমানসাৎ।
এতদ্গয়াশিরঃ প্রোক্তং ফল্গুতীর্থং তদুচ্যতে॥ ২৫।
মুণ্ডপৃষ্ঠনগাধস্তাৎ ফল্গুতীর্থমনুত্তমম্।
অত্র শ্রাদ্ধাদিনা সর্ব্বে পিতরো মোক্ষমাপ্নুয়ুঃ॥ ২৬॥
প্রথমেঽহ্নি বিধিঃ প্রোক্তো দ্বিতীয়ে দিবসে ব্রজেৎ।
ধর্ম্মারণ্যং যত্র ধর্ম্মো যস্মাদযাগমকারয়ৎ॥ ২৭।
মাতঙ্গবাপ্যাং যঃ স্নাত্বা তর্পণং শ্রাদ্ধমাচরেৎ।
গত্বা নত্বা মতঙ্গেশমিমং মন্ত্রমুদীরয়েৎ॥ ২৮॥
প্রমাণং দেবতাঃ সন্তু লোকপালাশ্চ সাক্ষিণঃ।
ময়াগত্য মতঙ্গেঽস্মিন্ পিতৃণাং নিষ্কৃতিঃ কৃতা॥ ২৯॥
পূর্ব্বং হি ব্রহ্মতীর্থে চ কূপে শ্রাদ্ধাদি কারয়েৎ।
তৎকূপযূপয়োর্ম্মধ্যে কুর্ব্বংস্তারয়তে পিতৃন্॥ ৩০॥
ধর্ম্মং ধর্ম্মেশ্বরং নত্বা মহাবোধিতরুং নমেৎ।
চলদ্দলায় বৃক্ষায় সর্ব্বদা স্থিতিহেতবে।
বোধিসত্ত্বায় যজ্ঞায় অশ্বত্থায় নমো নমঃ॥ ৩১॥
একাদশোঽসি রুদ্রাণাং বসূনাং পাবকস্তথা।
নারায়ণোঽসি দেবানাং বৃক্ষরাজোঽসি পিপ্পল॥ ৩২॥
অশ্বত্থ যস্মাত্ত্বয়ি বৃক্ষরাজ নারায়ণস্তিষ্ঠতি সর্ব্বকালম্।
অতঃ শুভস্ত্বং সততং তরূণাং
ধন্যোঽসি দুঃস্বপ্নবিনাশনোঽসি॥ ৩৩॥

নাগকূট ও গৃধ্রকূট ও উত্তরমানস এই সকলের মধ্যবর্ত্তী স্থানকে গয়াশির এবং ফল্গুতীর্থও বলে [ ২৫ ] মুণ্ডপৃষ্ঠ পর্ব্বতের নীচ স্থানেই ফল্গুতীর্থ আছে। ঐ স্থানে শ্রাদ্ধাদি দানে পিতৃগণের মোক্ষ প্রাপ্তি হয় [২৬] এই প্রকার প্রথম দিবসে বিধান করিবে পরে যে ধর্ম্মারণ্যে ধর্ম্মরাজ যজ্ঞ করিয়াছিলেন ঐ ধর্ম্মারণ্যে দ্বিতীয় দিবসে গমন করিবে ২৭। ঐ স্থানেই মাতঙ্গ বাপীতে স্নানান্তে তর্পণ ও শ্রাদ্ধ করিবে। ঐ স্থানে প্রথম গিয়া মতঙ্গেশ্বরকে প্রণাম করিয়া অগ্রিম মন্ত্র পাঠ করিবে [২৮] ( প্রমাণং দেবতাঃ সন্তু লোকপালাশ্চ সাক্ষিণঃ ময়াগত্য মতঙ্গেঽস্মিন্ পিতৄণাং নিষ্কৃতিঃ কৃতা) এই মন্ত্র তথায় পাঠ্য ( ২৯ ) তৎপূর্ব্বদেশে ব্রহ্মতীর্থ নামক কূপে শ্রাদ্ধ করিবে। ঐ কূপ ও ব্রহ্মযূপ মধ্যে শ্রাদ্ধ করিলে পিতৃগণ উদ্ধার হয় ( ৩০ ) এ স্থানে ধর্ম্ম ও ধর্ম্মেশ্বরকে প্রণামান্তে অশ্বত্থ বৃক্ষ প্রণাম করিবে তাহাতে ( চলদ্দলায় ইত্যাদি দুস্বপ্নবিনাশনোঽসি ) এই পর্য্যন্ত বাম পার্শ্বস্থ পৃষ্ঠের ( ৩১, ৩২, ৩৩) তিন মন্ত্র পাঠ করিবে ( ৩১, ৩২, ৩৩ )

অশ্বত্থরূপিণং দেবং শঙ্খচক্রগদাধরম্।
নমামি পুণ্ডরীকাক্ষং বৃক্ষরূপধরং হরিম্॥ ৩৪॥
তৃতীয়ে ব্রহ্মসরসি স্নাত্বা শ্রাদ্ধং সমাচরেৎ।
শ্রাদ্ধায় পিণ্ডদানায় তর্পণায়াত্মশুদ্ধয়ে।
স্নানং করোমি তীর্থেঽস্মিন্ ঋণত্রয়বিমুক্তয়ে॥ ৩৫॥
তৎকূপযূপয়োর্ম্মধ্যে পিণ্ডং দদ্যান্মহীতলে।
যাগং কৃত্বোচ্ছ্রিতো যূপো ব্রহ্মণা যূপ ইত্যতঃ।
কৃত্বা ব্রহ্মসরঃশ্রাদ্ধং ব্রহ্মলোকং নয়েৎ পিতৃন্॥ ৩৬॥
গোপ্রচারসমীপস্থা আম্রা ব্রহ্মপ্রকল্পিতাঃ।
তেষাং সেচনমাত্রেণ পিতরো মোক্ষমাপ্নুয়ুঃ॥ ৩৭॥
আম্রং ব্রহ্মসরোদ্ভূতং সর্ব্বদেবময়ং তরুম্।
বিষ্ণুরূপং প্রসিঞ্চামি পিতৄণাং মুক্তিহেতবে॥ ৩৮॥

আম্রশ্চ সিক্তঃ পিতরশ্চ তৃপ্তা
একা ক্রিয়া দ্ব্যর্থকরী প্রসিদ্ধা।
আম্রস্য মূলে সলিলং দদানো
নোপেক্ষণীয়ো বিবুধৈর্ম্মনুষ্যঃ॥ ৩৯॥

যূপং প্রদক্ষিণীকৃত্য রাজপেয়ফলং লভেৎ।
ব্রহ্মাণঞ্চ নমস্কৃত্য পিতৄন্ ব্রহ্মপুরং নয়েৎ॥ ৪০॥

পরে (অশ্বত্থরূপিণং দেবং শঙ্খচক্রগদাধরম্। নমামি পুণ্ডরীকাক্ষং বৃক্ষরূপধরং হরিম্)। এই মন্ত্র পাঠে বিষ্ণুপ্রণাম করিবে (৩৪) তৃতীয় দিনে ব্রহ্মসরোবরে স্নান করিয়া শ্রাদ্ধ করিবে ঐ স্নানকালে (শ্রাদ্ধায় পিণ্ডদানায় তর্পণায়াত্মশুদ্ধয়ে। স্নানং করোমি তীর্থেঽস্মিন্ ঋণত্রয়বিমুক্তয়ে) এই মন্ত্র পাঠ করিবে (৩৫) ব্রহ্মা যজ্ঞ করিয়া যে স্থানে যূপ উৎখাত করিয়াছিলেন ঐ স্থানকে ব্রহ্মযূপ বলে ঐ ব্রহ্মযূপ ও ব্রহ্মকূপের মধ্যে ভূমিতলে পিণ্ডদান করিবে ব্রহ্মসরোবর শ্রাদ্ধে পিতৃগণ ব্রহ্মপুরগামী হএন (৩৬) গোপ্রচার তীর্থসমীপে ব্রহ্মার আরোপিত আম্র বৃক্ষ আছে তাহার সেচন করিলে পিতৃলোক মুক্তি প্রাপ্ত হএন (৩৭) ঐ সেচন কালে (আম্রং ব্রহ্ম সরোভূতং সর্ব্বদেবময়ং তরুম্। বিষ্ণুরূপং প্রসিঞ্চামি পিতৃণাং মুক্তিহেতবে) এই মন্ত্র পাঠ করিবে (৩৮) আম্রমূলে জলসেচনে পিতৃলোকের তৃপ্তি ও আম্রের সেচন এই এক ক্রিয়ায় (এক অনুষ্ঠানে) উভয় সিদ্ধি হয় অতএব আম্রের মূলে জলদাতা মনুষ্যকে পণ্ডিতগণ উপেক্ষা [উপহাস] করিবেন না (৩৯) ঐ ব্রহ্মযূপকে প্রদক্ষিণ করিলে বাজপেয় যজ্ঞের ফল লাভ হয়। তথায় ব্রহ্ম প্রণামে পিতৃগণের ব্রহ্মপুর প্রাপ্তি হয় (৪০)

ওঁ নমো ব্রহ্মণেঽজায় জগজ্জন্মাদিকারিণে ।
ভক্তানাঞ্চ পিতৄণাঞ্চ তারণায় নমোঽস্তু তে ॥ ৪১ ॥
ততো যমবলিং দদ্যাৎ মন্ত্রেণানেন সংযতঃ ।
যমরাজধর্ম্মরাজৌ নিশ্চলার্থং হি সংস্থিতৌ ।
তাভ্যাং বলিং প্রদাস্যামি পিতৄণাং মুক্তিসিদ্ধয়ে ॥৪২॥
ততঃ শ্বানবলিং দদ্যান্মন্ত্রেণানেন নারদ ।
দ্বৌ শ্বানৌ শ্যামশবলৌ বৈবস্বতকুলোদ্ভবৌ ।
তাভ্যাং বলিং প্রদাস্যামি রক্ষেতাং পথি সর্ব্বদা ॥ ৪৩ ॥
ততঃ কাকবলিং ক্ষিপ্ত্বা পুনঃ স্নানং সমাচরেৎ ।
ঐন্দ্রবারুণবায়ব্যযাম্যা বৈ নৈঋর্তাস্তথা ।
বায়সাঃ প্রতিগৃহ্লন্তু ভূম্যাং পিণ্ডং ময়োজ্‌ঝিতম্‌ ॥৪৪॥
ফল্গুতীর্থে চতুর্থেঽহ্নি স্নানাদিকমথাচরেৎ ।
গয়াশিরস্যথ শ্রাদ্ধং পাদে কুর্য্যাৎ সপিণ্ডকম্‌ ॥ ৪৫ ॥
সাক্ষাদ্গয়াশিরস্তত্র ফল্গুতীর্থাশ্রয়ং কৃতম্‌ ।
ক্রৌঞ্চপাদাৎ ফল্গুতীর্থাদ্যাবৎ সাক্ষাদ্গয়াশিরঃ ॥ ৪৬ ॥
গয়াশীর্ষে নগাদ্যাশ্চ তৎ সাক্ষাৎ ফল্গুতীর্থকম্‌ ।
মুখং গয়াসুরস্যৈতত্তস্মাচ্ছ্রাদ্ধমিহাক্ষয়ম্‌ ॥ ৪৭ ॥

(নমো ব্রহ্মণেঽজায় জগজ্জন্মাদিকারিণে ভক্তানাঞ্চ পিতৃণাঞ্চ তারণায় নমোঽস্তুতে ) এই মন্ত্র পাঠ করিবে (৪১) ঐ প্রণামের পরে সংযত হইয়া যম বলি দিবে তাহাতে (যমরাজধর্ম্মরাজৌ নিশ্চলার্থং হি সংস্থিতৌ। তাভ্যাং বলিং প্রদাস্যামি পিতৃণাং মুক্তিসিদ্ধয়ে ) এই মন্ত্র পাঠ করিবে (৪২) হে নারদ পরে তদীয় অনুচর কুক্কুরদ্বয়কে বলি দিবে তাহাতে ( দ্বৌ শ্বানৌ শ্যামশবলৌ বৈবস্বত কুলোদ্ভবৌ। তাভ্যাং বলিং প্রদাস্যামি রক্ষেতাং পথি সর্ব্বদা ) এই মন্ত্র পাঠ করিবে (৪৩) পরে কাক বলি দিয়া স্নান করিবে ঐ কাকবলিদানে ( ঐন্দ্রবারুণবায়ব্যযাম্যা বৈ নৈঋর্তাস্তথা। বায়সাঃ পরিগৃহ্নন্তু ভূম্যাং পিণ্ডং ময়োজ্‌ঝিতম্ ) এইমন্ত্র পাঠ করিবে (৪৪) চতুর্থ দিবসে ফল্গুতীর্থে স্নান করিবে পরে গয়াশীর্ষে বিষ্ণুপদে পিণ্ড শ্রাদ্ধ ও দান করিবে (৪৫) ঐ স্থানে সাক্ষাৎ গয়াসুরের মস্তক ফল্গুতীর্থে বিন্যস্ত হয়। ক্রৌঞ্চপাদ ও ফল্গুতীর্থ মধ্যস্থান গয়াশীর্ষ নামে খ্যাত (৪৬) যেহেতু গয়াশীর্ষে মুণ্ডপৃষ্ঠপ্রভৃতি পর্ব্বত স্থানই সাক্ষাৎ ফল্গু তীর্থ এবং ঐ স্থান গয়াসুরের মুখ্যস্থান এই হেতু ঐ স্থানে শ্রাদ্ধে অক্ষয় পুণ্য হয় (৪৭)

আদ্যো গদাধরো দেবো ব্যক্তাব্যক্তাত্মনা স্থিতঃ।
বিষ্ণ্বাদিপদরূপেণ পিতৃণাং মুক্তিহেতবে॥ ৪৮ ॥
তত্র বিষ্ণুপদং দিব্যং দর্শনাৎ পাপনাশনম্।
স্পর্শনাৎ পূজনাদ্বাপি পিতৃণাঞ্চ বিমুক্তিদম্॥ ৪৯ ॥
শ্রাদ্ধং সপিণ্ডকং কৃত্বা কুলসাহস্রমাত্মনা।
নয়েদ্বিষ্ণুপদং রম্যমনন্তং শিবমব্যয়ম্॥ ৫০ ॥
শ্রাদ্ধং কৃত্বা রুদ্রপদে নয়েৎ কুলশতং নরঃ।
সহাত্মনা শিবপুরং তথা ব্রহ্মপদে নরঃ।
ব্রহ্মলোকং কুলশতং সমুদ্ধৃত্য নয়েৎ পিতৃন্॥ ৫১ ॥
দক্ষিণাগ্নিপদে শ্রাদ্ধী বাজপেয়ফলং লভেৎ।
গার্হপত্যে কৃতে শ্রাদ্ধে হ্যশ্বমেধফলং লভেৎ॥ ৫২ ॥
শ্রাদ্ধমাহবনীয়ে তু রাজসূয়ফলং লভেৎ।
শ্রাদ্ধং কৃত্বা সভ্যপদে জ্যোতিষ্টোমফলং লভেৎ॥৫৩॥
আবসথ্যপদে শ্রাদ্ধী সোমলোকমবাপ্নুয়াৎ।
শ্রাদ্ধং সূর্য্যপদে পঞ্চশতান্যর্কপুরং নয়েৎ॥ ৫৪ ॥
কার্ত্তিকেয়পদে শ্রাদ্ধী বাজিমেধফলং লভেৎ।
শ্রাদ্ধং কৃত্বা শক্রপদে শতমিন্দ্রপুরং নয়েৎ॥ ৫৫ ॥
শ্রাদ্ধং কৃত্বাগস্ত্যপদে ব্রহ্মলোকং নয়েৎ পিতৃন্।
কশ্যপস্য পদে শ্রাদ্ধী পিতৃন্ ব্রহ্মপুরং নয়েৎ॥৫৬॥

আদিগদাধর ব্যক্ত ও অব্যক্ত রূপে পিতৃগণের মুক্তিহেতু বিষ্ণু প্রভৃতি নানা দেবের পদরূপে বাস করিতেছেন(৪৮) এমতে ঐস্থানে দিব্য বিষ্ণুপদ দর্শনে পাপ নাশ স্পর্শনে ও পূজায় পিতৃগণের মুক্তি হয় (৪৯) ঐ স্থানে শ্রাদ্ধ ও পিণ্ডদান করিয়া কর্ত্তা আপুনি ও সহস্রকুল-বিষ্ণুলোক প্রাপ্ত হয় ও অনশ্বর অসীম শিব, ( ব্রহ্ম ) প্রাপ্ত হয় (৫০) ঐ স্থানে রুদ্রপদ আছে তাহাতে শ্রাদ্ধ করিলে আপনার ও শতকুলের রুদ্রলোকে বাস হয়। তত্রত্য ব্রহ্মপদে শ্রাদ্ধ করিলে শতকুল উদ্ধার হইয়া ব্রহ্মপুরে বাস হয় ( ৫১ ) দক্ষিণাগ্নিপদে শ্রাদ্ধদানে বাজপেয় যজ্ঞফল লাভ হয়। গার্হপত্যবহ্নিপদে শ্রাদ্ধকরণে অশ্ব মেধ যজ্ঞফল লাভ হয় (৫২) আহবনীয় বহ্নিপদে শ্রাদ্ধ করণে রাজসূয় যজ্ঞ ফল লাভ হয়। সভ্যনামক বহ্নিপদে শ্রাদ্ধদানে জ্যোতিষ্টোম ফল লাভ হয় (৫৩) আবসথ্য নামক বহ্নিপদে শ্রাদ্ধ করণে সোমলোক প্রাপ্তি হয়। অর্কপদে শ্রাদ্ধদানে পঞ্চ শত কুলের সূর্য্যলোক প্রাপ্তি হয়(৫৪)কার্ত্তিকেয় পদে শ্রাদ্ধে অশ্বমেধ যজ্ঞফল প্রাপ্তি হয়। ইন্দ্রপদে শ্রাদ্ধদানে শত কুলের ইন্দ্রপুর বাস হয় (৫৫)আগস্ত্যপদে শ্রাদ্ধে পিতৃলোক ব্রহ্মপুর গামী হয়। কাশ্যপপদে শ্রাদ্ধে পিতৃগণের ব্রহ্মপুর লাভ হয়(৫৬)

গজকর্ণপদে শ্রাদ্ধী তর্পণাৎ স্বর্ন্নয়েৎ পিতৃন্।
অন্যেষাঞ্চ পদে শ্রাদ্ধী পিতৃন্ ব্রহ্মপুরং নয়েৎ ॥ ৫৭ ॥
সর্ব্বেষাং কাশ্যপং শ্রেষ্ঠং বিষ্ণো রুদ্রস্য বা পদম্।
ব্রহ্মণশ্চ পদং চাপি শ্রেষ্ঠং তত্র প্রকীর্ত্তিতম্ ॥ ৫৮॥
প্রারম্ভে চ সমাপ্তৌ চ তেষামন্যতমং স্মৃতম্।
শ্রেয়স্করং ভবেত্তত্র শ্রাদ্ধকর্ত্তুশ্চ নারদ ॥ ৫৯ ॥
কশ্যপস্য পদে দিব্যো ভারদ্বাজো মহামুনিঃ।
শ্রাদ্ধং কৃত্বোদ্যতো দাতুং পিত্রাদিভ্যস্তু পিণ্ডকম্ ॥৬০॥
শুক্লকৃষ্ণৌ ততো হস্তৌ পদমুদ্ভিদ্য নির্গতৌ।
দৃষ্ট্বা হস্তদ্বয়ং তত্র পিতুঃ সংশয়মাগতঃ ॥ ৬১ ॥
ততঃ স্বাং মাতরং শান্তাং ভারদ্বাজশ্চ পৃষ্টবান্।
কশ্যপস্য পদে কস্মিন্ শুক্লে কৃষ্ণেঽথ বা করে।
পিণ্ডো দেয়ো ময়া মাতর্জ্জানাসি পিতরং বদ ॥ ৬২ ॥

শান্তোবাচ।

ভারদ্বাজ মহাপ্রাজ্ঞ দেহি কৃষ্ণায় পিণ্ডকম্।

সনৎকুমার উবাচ।

ভারদ্বাজস্ততঃ পিণ্ডং দাতুং কৃষ্ণায় চোদ্যতঃ।
শ্বেতোঽদৃশ্যোঽব্রবীৎ পুত্রং দেহি পিণ্ডং মমৌরসঃ॥৬৩।

গজকর্ণপদে শ্রাদ্ধ ও তর্পণে পিতৃলোকের স্বর্গ বাস হয়। এতদ্ভিন্ন যে কোন পদে শ্রাদ্ধ করণে পিতৃগণের ব্রহ্মপুর প্রাপ্তি হয় (৫৭) সকল পদ হইতে কাশ্যপ পদ শ্রেষ্ঠ এবং বিষ্ণুপদ শিবপদ ব্রহ্মপদ ইহাও সর্ব্ব শ্রেষ্ঠ (৫৮) হে নারদ সকল তীর্থের আরম্ভে ও সমাপ্তিতে ঐ কয় স্থান মধ্যে একতম পদে শ্রাদ্ধ করিলে কর্ত্তার মঙ্গল হয় (৫৯) ইহাতে কশ্যপপদের এক ইতিবৃত্ত তোমাকে কহিতেছি পূর্ব্বকালে ভরদ্বাজ নামে মুনি কশ্যপপদতীর্থে শ্রাদ্ধ করিয়া পিতৃগণকে পিণ্ড দিতে উদ্যত হএন। তৎকালে ঐ পদ হইতে শুক্ল ও কৃষ্ণবর্ণ দুইহস্ত পিণ্ডগ্রহণার্থ নির্গত হয় (৬০) ঐ মত দুই পিতার দুই হস্ত নির্গত হইবায় পিতৃবিষয়ে তাঁহার সংশয় হয় (৬১) মুনি ঐ বিষয়ে সংশয়যুক্ত হইয়া শান্তা নামে মাতাকে জিজ্ঞাসা করিলেন এই স্থানে শুক্ল ও কৃষ্ণ উভয় হস্তমধ্যে কোন হস্তে পিণ্ড দিব হে জননি তাহা আপনি যদি জানেন তবে বলুন (৬২) শান্তা কহিলেন হে প্রাজ্ঞ কৃষ্ণ হস্তে পিণ্ড দেহ।

সনৎকুমার কহিতেছেন এই মত মাতৃবাক্যের পর মুনি কৃষ্ণ হস্তে পিণ্ড দিতে উদ্যত হইলেন এই কালে শ্বেতপুরুষ অদৃশ্যরূপে আগত হইয়া কহিলেন হে বৎস তুমি আমার ঔরসপুত্র আমাকে পিণ্ড দেহ (৬৩

কৃষ্ণোঽব্রবীৎ স্বৈরিণীয়ং পুত্রস্ত্বং হি মমৌরসঃ।
স্বৈরিণ্যথাব্রবীদাদৌ ক্ষেত্রিণে বীজিনে ততঃ ॥ ৬৪ ॥
হস্তৌ ত্যক্ত্বা শিলায়াং বৈ পিণ্ডদানং চকার সঃ।
হংসযুক্তেন যানেন ব্রহ্মলোকমুভৌ গতৌ ॥ ৬৫ ॥
ভীষ্মো বিষ্ণুপদে শ্রেষ্ঠে আহূয় পিতরং স্বকম্।
শ্রাদ্ধং কৃত্বা বিধানেন পিণ্ডদানায় চোদ্যতঃ ॥ ৬৬ ॥
পিতুর্বিনির্গতো হস্তো গয়াশিরসি শন্তনোঃ।
ভীষ্মঃ পিণ্ডং দদৌ ভূমৌ নাধিকারঃ করে যতঃ ॥ ৬৭ ॥
শন্তনুঃ প্রাহ সন্তুষ্টঃ শ্রাদ্ধার্থে নিশ্চয়স্তু তে।
ত্রিকালদৃষ্টির্ভবতু চান্তে বিষ্ণুশ্চ তে গতিঃ।
স্বেচ্ছয়া মরণং চাস্তু ইত্যুক্ত্বা মুক্তিমাগতঃ ॥ ৬৮ ॥
রামো রুদ্রপদে শ্রাদ্ধে পিণ্ডদানায় চোদ্যতঃ।
পিতা দশরথঃ স্বর্গাৎ প্রসার্য্য করমাগতঃ ॥ ৬৯ ॥

এই মত কথনে কৃষ্ণপুরুষও অদৃশ্য ভাবে কহিলেন তুমি আমার ক্ষেত্রজ পুত্র এমতে আমাকে পিণ্ড দেহ। ইহা শ্রবণে স্বৈরিণী, শান্তা পুত্রকে কহিলেন অগ্রে ক্ষেত্রস্বামীকে পরে উৎপাদয়িতাকে এই উভয়কে পিণ্ড দেহ (৬৪) ভারদ্বাজ কলহ দেখিয়া হস্তত্যাগ করিয়া কশ্যপপদরূপ শিলাতেই পিণ্ডদান করিলেন কিন্তু ঐ পিণ্ডদানে ঐ ক্ষেত্রস্বামী ও জনক উভয়ে শ্বেতহংসযুক্ত রথ দ্বারা ব্রহ্মলোক গমন করিল (৬৫) ভীষ্ম বিষ্ণুপদে শ্রাদ্ধ করিয়া পিতাকে আবাহন করিয়া পিণ্ডদানার্থ উদ্যত হএন (৬৬) ঐ কালে শন্তনু নৃপতির হস্ত গয়াশীর্ষ স্থান হইতে নির্গত হয় তাহাতে ভীষ্ম তাঁহার হস্তে পিণ্ড না দিয়া শিলাভূমিতেই পিণ্ড দিয়াছিলেন যেহেতু হস্তে পিণ্ডদান শাস্ত্রসম্মত নহে (৬৭) শন্তনু রাজা পুত্রের এই মত শ্রাদ্ধ বিধানের যথার্থ নিশ্চয় দৃষ্টে তুষ্ট হইয়া ভীষ্মকে ভূত-ভবিষ্যৎ-বর্ত্তমান-জ্ঞান, অন্তে বিষ্ণুপ্রাপ্তি ও স্বেচ্ছা মরণ এই তিন বর দিয়া স্বয়ং ঐ পিণ্ডদান মাহাত্ম্যে মুক্তি প্রাপ্ত হএন (৬৮) দাশরথি রাম রুদ্রপদে পিণ্ডদানার্থে উদ্যত হইলে দশরথ স্বর্গ হইতে আসিয়া পিণ্ডগ্রহণার্থে হস্ত বিস্তার করেন (৬৯)

নাদাৎ পিণ্ডং করে রামো দদৌ রুদ্রপদে ততঃ।
শাস্ত্রার্থাতিক্রমাদ্ভীতং রামং দশরথোঽব্রবীৎ ॥ ৭০ ॥
তারিতোঽহং ত্বয়া পুত্র রুদ্রলোকমবাপ্নুয়াম্।
পিণ্ডপ্রদানাদ্ধস্তে তু মহতাং স্বগতির্ন্নহি ॥ ৭১ ॥
ত্বং চ রাজ্যং চিরং কৃত্বা বিষ্ণুলোকং গমিষ্যসি।
সহাযোধ্যাজনৈঃ সর্ব্বৈঃ কৃমিকীটাদিভিঃ সহ।
ইত্যুক্ত্বাসৌ দশরথো রুদ্রলোকং পরং যযৌ ॥ ৭২ ॥
কনকেশং চ কেদারং নারসিংহঞ্চ বামনম্।
উদগ্মার্গে সমভ্যর্চ্চ্য পিতৄন্ সর্ব্বাংশ্চ তারয়েৎ ॥ ৭৩ ॥
গয়াশিরসি যঃ পিণ্ডান্ যেষাং নাম্না তু নির্ব্বপেৎ।
নরকাৎ স্বর্গলোকং তে স্বর্গস্থা মোক্ষমাপ্নুয়ুঃ ॥ ৭৪ ॥
গয়াশিরসি যঃ পিণ্ডং শমীপত্রপ্রমাণতঃ।
কন্দমূলফলাদ্যৈর্ব্বা দদ্যাৎ স্বর্গং নয়েৎ পিতৄন্ ॥৭৫॥
পদানি যত্র দৃশ্যন্তে বিষ্ণ্বাদীনাং তদগ্রতঃ।
শ্রাদ্ধং কৃত্বা সপিণ্ডঞ্চ তেষাং লোকান্নয়েৎ পিতৄন্ ॥৭৬॥
সর্ব্বত্র মুণ্ডপৃষ্ঠাদ্রিঃ পাদৈরেভিঃ সুলক্ষিতঃ।
প্রয়ান্তি পিতরঃ সর্ব্বে ব্রহ্মলোকমনামযম্ ॥ ৭৭ ॥

কিন্তু রামচন্দ্র ঐ করে পিণ্ড না দিয়া রুদ্রপদে পিণ্ড-দান করিলে দশরথ ঐ বিষয়ে শাস্ত্র মর্য্যাদাতিক্রম হইল এই মত সংশয়ালু রামকে কহিয়া ছিলেন ( ৭০ ) রুদ্রপদস্থানে পিণ্ড দেওয়ায় আমি নিস্তার হইয়া শিব-লোক প্রাপ্ত হইলাম। হস্তে পিণ্ডদান করিলে মহৎ ব্যক্তিরও সদ্গতি হয় না ( ৭১ ) তুমিও চির কাল রাজ্য করিয়া অযোধ্যাবাসী কৃমি কীট প্রভৃতি প্রাণিবর্গের স-হিত বিষ্ণুলোক যাইবে এই কথা বলিয়া দশরথ রুদ্রলোক গমন করিলেন ( ৭২ ) পদশিলার উত্তরস্থ পথে কন-কেশ কেদারেশ্বর নরসিংহ বামন এই সকলকে পুজা করিলে পিতৃলোকের উদ্ধার হয় (৭৩) যাহার নামো-ল্লেখে গয়াশীর্ষে পিণ্ডদান করে তাহার নরক হইতে স্বর্গ এবং স্বর্গ হইতে ব্রহ্মলোক প্রাপ্তি হয় (৭৪) গয়াশীর্ষে কন্দ মুল ফলাদি দ্বারা শমীপত্র প্রমাণেও পিণ্ডদানে পিতৃলোকের স্বর্গ হয় (৭৫) যে গয়াশীর্ষের অগ্রে বিষ্ণু প্রভৃতির পদচিহ্ন আছে ঐ স্থানে পিণ্ডদানে পিতৃ-লোকের ঐ বিষ্ণু প্রভৃতি লোক প্রাপ্তি হয় (৭৬) মুণ্ড পৃষ্ঠ পর্ব্বতের সর্ব্ব স্থানই ঐ বিষ্ণু প্রভৃতি পদ দ্বারা চিহ্নিত আছে সুতরাং তথায় পিণ্ডদানে সকল পিতৃ-লোকের নির্দ্দোষ ব্রহ্মলোক প্রাপ্তি হয় (৭৭)

হেত্যসুরস্য যচ্ছীর্ষং গদয়া তদ্দ্বিধা কৃতম্‌।
ততঃ প্রক্ষালিতা যস্মাত্তীর্থং তচ্চ বিমুক্তয়ে।
গদালোলমিতি খ্যাতং সর্ব্বেষামুত্তমোত্তমম্‌ ॥ ৭৮ ॥
গদালোলে মহাতীর্থে গদাপ্রক্ষালনাদ্ধরেঃ।
স্নানং করোমি তীর্থেঽস্মিন্নক্ষয্যং পদমাপ্নুয়াম্‌।
তত্র শ্রাদ্ধাদিকং কৃত্বা পিতৃন্‌ ব্রহ্মপুরং নয়েৎ ॥ ৭৯ ॥
পঞ্চমেঽহ্নি গদালোলে কৃত্বা স্নানাদি পূর্ব্ববৎ।
শ্রাদ্ধং সপিণ্ডকং কুর্য্যাৎ ততোঽক্ষয়বটে নরঃ।
ব্রহ্মপ্রকল্পিতান্‌ বিপ্রান্‌ ভোজয়েৎ পূজয়েত্ততঃ ॥৮০॥
কৃতশ্রাদ্ধোঽক্ষয়বটে অন্নেনৈব প্রযত্নতঃ।
বটবৃক্ষসমীপে তু শাকেনাপ্যুদকেন বা।
একস্মিন্‌ ভোজিতে বিপ্রে কোটির্ভবন্তি ভোজিতাঃ ॥৮১
গয়াতীর্থবটে চৈব পিতৃণাং দত্তমক্ষয়ম্‌।
দৃষ্টা নত্বা চ সংপূজ্য বটেশং সুসমাহিতঃ।
পিতৃন্নয়েদ্ব্রহ্মলোকমক্ষয়ন্তু সনাতনম্‌ ॥ ৮২ ॥
গয়ায়াং ধর্ম্মপৃষ্ঠে চ সরসি ব্রহ্মণস্তথা।
গয়াশীর্ষে বটে চৈব পিতৃণাং দত্তমক্ষয়ম্‌ ॥ ৮৩ ॥

গদাদ্বারা হেতি নামক অসুরের শীর্ষ ছেদন করিয়া ঐ গদা প্রক্ষালন করাতে ঐ তীর্থ গদালোল নামে বিখ্যাত হয় ঐ তীর্থ মুক্তিহেতু এবং সকল তীর্থ হইতে অত্যুত্তম (৭৮) ঐ তীর্থ স্থানে (গয়ালোলে মহাতীর্থে গদাপ্রক্ষালনাদ্ধরেঃ। স্নানং করোমি তীর্থেঽস্মিন্নক্ষয্যং পদমাপ্নুয়াম্) এই মন্ত্র পাঠ করিবে ঐ স্থানে শ্রাদ্ধ করিলে পিতৃলোকের ব্রহ্মলোক প্রাপ্তি হয় (৭৯)

পঞ্চম দিবসে গদালোলতীর্থে পূর্ব্বোক্ত বিধানে স্নান করিয়া পিণ্ড ও শ্রাদ্ধ করিয়া অক্ষয়বট সমীপে ব্রহ্ম-কল্পিত বিপ্রগণকে ভোজন করাইবে (৮০) অক্ষয়বট সমীপে অন্নদ্বারা শ্রাদ্ধ করিয়া শাক বা জল দ্বারাও এক বিপ্রকে পরিতৃপ্ত করাইলে কোটি বিপ্র ভোজনের ফল হয় (৮১) গয়াতীর্থস্থ-বটবৃক্ষ সমীপে পিতৃগণের উদ্দেশে দত্ত বস্তু অক্ষয় ফলদায়ী হয় ঐ স্থানে সং-যত হইয়া বটেশ্বর দর্শনে ও তৎপ্রণামে পিতৃগ-ণের অক্ষয় পুণ্য ও ব্রহ্মলোক প্রাপ্তি হয় (৮২) গয়াতীর্থে ধর্ম্মপৃষ্ঠে ব্রহ্ম‌সরোবরে গয়াশীর্ষে অক্ষয় বট সমীপে যে কিছু দত্ত হয় তাহা অক্ষয় ফল-দায়ক হয় (৮৩)

একার্ণবে বটস্যাগ্রে যঃ শেতে যোগনিদ্রয়া।
বালরূপধরস্তস্মৈ নমস্তে যোগশায়িনে॥ ৮৪॥
সংসারবৃক্ষশস্ত্রায় সর্ব্বপাপক্ষয়ায় চ।
অক্ষয়ায় ব্রহ্মদাত্রে নমোঽক্ষয়বটায় তে॥ ৮৫॥
কলৌ মাহেশ্বরা লোকা যেন তস্মাদ্গদাধরঃ।
লিঙ্গরূপোঽভবত্তঞ্চ বন্দে শ্রীপ্রপিতামহম্॥ ৮৬॥

ইতি বায়ুপুরাণে শ্বেতবরাহকল্পে গয়ামাহাত্ম্যে সপ্তমোঽধ্যায়ঃ।

---

সনৎকুমার উবাচ।

যজ্ঞং চক্রে গয়ো রাজা বহ্বন্নং বহুদক্ষিণম্।
যত্র দ্রব্যসমূহানাং সংখ্যা কর্ত্তুং ন শক্যতে॥ ১॥
স্থিতা গয়ায়ামন্নাদিপর্ব্বতাঃ পঞ্চবিংশতিঃ।
প্রশংসন্তি দ্বিজাস্তত্র দেশেদেশে সুপূজিতাঃ॥ ২॥
নৈব পূর্ব্বং কেঽপ্যকুর্ব্বন্ন করিষ্যন্তি চাপরে।
অসংখ্যাতা যথা সিক্তা যথা চ দিবি তারকাঃ।
তথা বসুসুবর্ণাদ্যৈরসংখ্যাতাস্তু দক্ষিণাঃ॥ ৩॥
গয়ং বিষ্ণ্বাদয়স্তুষ্টা বরং ব্রূহীতি চাব্রুবন্।
গয়স্তান্ প্রার্থয়ামাস অভিশপ্তাস্তু যে পুরা।
ব্রহ্মণা তে দ্বিজাঃ পূতা ভবন্তু ক্রতুপূজিতাঃ॥ ৪॥

পরে বামপার্শ্বস্থ পৃষ্ঠের ৮৪, ৮৫ এই দুই মন্ত্র পাঠ করিয়া অক্ষয়বটকে প্রণাম করিবে (৮৪, ৮৫) কলিকালে সকল লোক প্রায় শৈব এই নিমিত্ত গদাধরও লিঙ্গরূপী হইয়াছেন এমতে ঐ প্রপিতামহ (পিতামহ ব্রহ্মারও জনক) গদাধরকে প্রণাম করিবে (৮৬)

ইতি শ্রীবায়ুপুরাণে গয়ামাহাত্ম্যে

সপ্তম অধ্যায়।

সনৎকুমার কহিতেছেন। গয়নামে অসুর-রাজ বহু অন্ন-ও দক্ষিণা-যুক্ত যজ্ঞ করিয়াছিলেন যে যজ্ঞে দ্রব্যের সংখ্যা হয় না (১) ঐ গয়াসুরক্ষেত্রে পঞ্চবিংশতি অন্নাদি পর্ব্বত প্রস্তুত হইয়াছিল ঐ স্থানে সুপূজিত হইয়া বিপ্রগণ দেশে দেশে প্রশংসা করিয়াছিল (২) যে মত এই যজ্ঞ গয়াসুর করিলেন এমত যজ্ঞ পূর্ব্বে কেহ কখন করে নাই এবং করিতে পারিবে না বালুকা ও আকাশ তারার ন্যায় অসংখ্য বস্ত্র সুবর্ণ প্রভৃতি দ্রব্য দক্ষিণা দেওয়া হইয়াছিল (৩) ঐ যজ্ঞে তুষ্ট হইয়া বিষ্ণু প্রভৃতি দেবগণ গয়াসুরকে কহিয়াছিলেন যে বর প্রার্থনা করহ। গয়াসুরও দেবগণ নিকটে প্রার্থনা করিয়াছিল যে, যে বিপ্রেরা ব্রহ্মকর্ত্তৃক পূর্ব্বে অভিশপ্ত হইয়াছেন তাঁহারা পবিত্র হউন এবং যজ্ঞে সুপূজিত হউন (৪)

গয়াপুরীতি মন্নাম্না খ্যাতা ব্রহ্মপুরী যথা।
তথেতি চ তমূচুর্হি দেবা বিষ্ণ্বাদয়স্তু তে ॥ ৫ ॥
গয়াশ্রাদ্ধাদ্বিশালোঽপি যত্নবান্ পিতৃতারকঃ।
বিশালায়াং বিশালোঽভূদ্রাজাঽপুত্রোঽব্রবীদ্দ্বিজান্। ৬।
কথং পুত্ত্রাদয়ো মে স্যুর্বিশালং চাব্রুবন্ দ্বিজাঃ।
গয়ায়াং পিণ্ডদানেন তৎ সর্ব্বং চ ভবিষ্যতি ॥ ৭ ॥
বিশালোঽপি গয়াশীর্ষে পিণ্ডদঃ পুত্ত্রবানভূৎ]
দৃষ্ট্বাকাশে সিতং রক্তং কৃষ্ণং পুরুষমব্রবীৎ ॥ ৮ ॥
কে যূয়ং তেষু চৈবৈকঃ সিতঃ প্রোচে বিশালকম্।
অহং সিতস্তে জনক ইন্দ্রলোকং গতঃ পুরা ॥ ৯ ॥
পুত্ত্রায়ং মৎপিতা রক্তো ব্রহ্মহা পাপকৃত্তমঃ।
অয়ং পিতামহঃ কৃষ্ণ ঋষয়ো যেন ঘাতিতাঃ ॥ ১০ ॥
অবীচিনরকং প্রাপ্তৌ মুক্তৌ ত্বৎপিণ্ডদানতঃ।
মুক্তীকৃতাস্ত্বয়া সর্ব্বে ব্রজাম স্বর্গমক্ষয়ম্।
সুপুত্রেণ ত্বয়া সর্ব্বে ব্রহ্মলোকং ব্রজামহে ॥ ১১ ॥

এই পুরী ব্রহ্মপুরী তুল্যা ও গয়াপুরী নামে খ্যাতা হউক এই প্রার্থনায় বিষ্ণু প্রভৃতি দেবগণ (তথাঽস্তু) এইমত কহিলেন (৫) ঐ শ্রাদ্ধ করিয়া যত্নশীল বিশাল ভূপাল পিতৃগণের উদ্ধার করেন। বিশালা নামে নগরীতে বি-শাল নামে অপুত্র নরপতি ছিলেন তিনি বিপ্রসকলকে জিজ্ঞাসা করেন (৬) হে দ্বিজগণ কিরূপে আমার পুত্র পৌত্রাদি হইবে তাহাতে দ্বিজগণেরা কহিলেন গয়া-তীর্থে পিণ্ডদানে অভীষ্ট সিদ্ধি হইবে (৭) ঐ বাক্যা-নুসারে বিশাল ভূপালও গয়াশীর্ষে পিণ্ড দিয়া পুত্রবান্ হইয়াছিল। ঐ কালে আকাশে শুভ্র রক্ত ও কৃষ্ণ পুরুষ দেখিয়া বিশাল রাজা কহিলেন (৮) আকাশে দৃশ্যমান আপনারা কে, তন্মধ্যে শুভ্রবর্ণ পুরুষ ভূপালকে কহি-লেন আমি তোমার পিতা নিজ কর্ম্ম দ্বারা ইন্দ্রলোক গিয়াছিলাম (৯) হে সুপুত্র এই রক্ত পুরুষ আমার পিতা ইনি ব্রহ্মহত্যা পাপ করিয়া রক্তবর্ণ হইয়াছেন কৃষ্ণ বর্ণ পুরুষ আমার পিতামহ ইনি ঋষিহত্যা করিয়া কৃষ্ণ হইয়াছেন (১০) আমার পিতা ও পিতামহ পূর্ব্বোক্ত পাপে অবীচি নামে নরক পাইয়াছিলেন। হে পুত্র এক্ষণে তোমার পিণ্ডদানে আমরা মুক্ত হইয়া অক্ষয় স্বর্গ (ব্রহ্মলোক) যাইতেছি তুমি সুপুত্র তোমা দ্বারা আমরা ব্রহ্মলোক পাইলাম (১১)

পুত্রপৌত্ত্রাদিসংযুক্তো রাজ্যং কৃত্বা দিবং ব্রজন্।
তত্র ভোগৈঃ সুতৃপ্তস্ত্বং ততো মোক্ষমবাপ্স্যসি।
এবং লব্ধবরো রাজা রাজ্যং ভুক্ত্বা দিবং গতঃ॥ ১২ ॥
প্রেতরাজঃ সহ প্রেতৈর্গয়াশ্রাদ্ধাদ্দিবং গতঃ।
প্রেতঃ কশ্চিদ্বিমুক্ত্যর্থং বণিজং কঞ্চিদব্রবীৎ॥ ১৩ ॥
মম নাম্না গয়াশীর্ষে পিণ্ডনির্ব্বাপণং কুরু।
প্রেতভাবাদ্বিমুক্তঃ স্যাং গৃহাণ ত্বং ধনং মম॥ ১৪ ॥
তদ্ধনং সর্ব্বমাদায় বণিক্ স্বগৃহমাগতঃ।
ধনং নিক্ষিপ্য তত্রাসৌ কিঞ্চিদাদায় নির্যযৌ॥ ১৫ ॥
গত্বা গয়াং গয়াশীর্ষে প্রেতরাজায় পিণ্ডকম্।
সমদাদ্বন্ধুভিঃ সার্দ্ধং স্বপিতৃভ্যস্ততো দদৌ॥ ১৬ ॥
প্রেতঃ প্রেতত্বনির্ম্মুক্তো বণিক্ স্বগৃহমাগতঃ।
এবং গয়স্য শম্ভোশ্চ ক্ষেত্রং বিষ্ণোঃ স্বয়ম্ভুবঃ॥ ১৭ ॥
উপোষিতোঽথ গায়ত্রীতীর্থে নদ্যাং সমাহিতঃ।
গায়ত্র্যাঃ পুরতঃ স্নাত্বা প্রাতঃসন্ধ্যাং সমাচরেৎ।
শ্রাদ্ধং সপিণ্ডকং কৃত্বা নয়েদ্ব্রহ্ম স্বকান্ পিতৄন্॥ ১৮ ॥

তুমিও পুত্র পৌত্রাদি যুক্ত হইয়া রাজ্যভোগ করিয়া স্বর্গ গমন করত তথায় নানা ভোগ দ্বারা তৃপ্ত হইয়া ক্রমে মোক্ষ প্রাপ্ত হইবে এই প্রকার পিতৃগণ হইতে বর প্রাপ্ত হইয়া রাজ্যভোগান্তে তিনি স্বর্গগামী হএন (১২) প্রেতগণসহিত প্রেতরাজও গয়াশ্রাদ্ধ পুণ্যে স্বর্গে গমন করেন। তাহার বিবরণ এই যে, কোন প্রেত আত্ম মুক্তির জন্যে কোন বণিক্‌কে কহিয়াছিলেন (১৩) আমার এই ধন লও ইহা দ্বারা গয়া শীর্ষে আমার নামোল্লেখে পিণ্ডদান কর তাহাতে আমি প্রেতত্ব হইতে মুক্ত হইব (১৪) ঐ মত কথনান্তে ঐ বণিক্ প্রেতের ধন সকল গৃহে আনিল এবং গৃহে ঐ ধন রাখিয়া কিছু ধন লইয়া গৃহ হইতে নিঃসৃত হইল (১৫) গযায় গিয়া গয়াশীর্ষে ঐ প্রেতরাজের নামোল্লেখে পিণ্ড দান করিল। পরে আপন বন্ধু সহিত পিতৃলোকেরও পিণ্ড দিল (১৬) ঐ পিণ্ড দানে প্রেত প্রেতত্ব মুক্ত হইল বণিকও স্বগৃহে আইল। গয়াসুরের ও শম্ভুর ও বিষ্ণু ও ব্রহ্মার ঐ ক্ষেত্রের এইরূপ মহিমা (১৭) গায়ত্রী তীর্থে স্নান করিয়া উপবাস করিবে। ঐ তীর্থে গায়ত্রী দেবীর অগ্রে প্রাতঃ সন্ধ্যা করিবে। এইমত বিধানে ও পিণ্ড সহিত শ্রাদ্ধ দানে পিতৃগণের ব্রহ্মলোক গতি হয় (১৮)

তীর্থে সমুদিতে স্নাত্বা সাবিত্র্যাঃ পুরতো নরঃ।
সন্ধ্যামুপাস্য মধ্যাহ্নে নয়েৎ কুলশতং দিবম্ ॥ ১৯ ॥
স্নাতঃ সরস্বতীতীর্থে সরস্বত্যাশ্চ সন্নিধৌ।
সন্ধ্যামুপাস্য সায়াহ্নে নয়েৎ সর্ব্বজ্ঞতাং কুলম্।
বহুজন্মকৃতাৎ সন্ধ্যালোপান্মুক্তস্ত্রিসন্ধ্যকৃৎ ॥ ২০ ॥
বিশালায়াং লেলিহানে তীর্থে বৈ ভরতাশ্রমে।
পদাঙ্কিতে মুণ্ডপৃষ্ঠে গদাধরসমীপতঃ ॥ ২১ ॥
তীর্থ আকাশগঙ্গায়াং গিরিকর্ণমুখেষু চ।
শ্রাদ্ধদঃ পিণ্ডদো ব্রহ্মলোকং কুলশতং নয়েৎ ॥২২॥ যুগ্মম্
স্নাতো গোদো বৈতরণ্যাং ত্রিঃসপ্তকুলমুদ্ধরেৎ।
তত্র শ্রাদ্ধাদিকং কৃত্বা গোদানঞ্চ বিধীয়তে ॥ ২৩ ॥
সত্যং সত্যং পুনঃ সত্যং বৈতরণ্যাস্তু নারদ।
তেনৈকবিংশতিকুলং তারয়েন্নাত্র সংশয়ঃ ॥ ২৪ ॥
যমদ্বারে মহাঘোরে যা সা বৈতরণী নদী।
তামহং তর্ত্তুমিচ্ছামি কৃষ্ণাং গাং প্রদদন্বিমান্ ॥ ২৫ ॥

ঐ স্থানে সমুদিত নামে তীর্থ আছে তাহাতে স্নান করিয়া সাবিত্রীর অগ্রে মধ্যাহ্নকালে সন্ধ্যা-বন্দন করিলে এক শত কুলের স্বর্গ বাস হয় (১৯) সরস্বতী তীর্থে স্নানান্তে সরস্বতী নিকটে সায়ং সন্ধ্যাবন্দন করিলে সকল কুলের সর্ব্বজ্ঞতা হয় তথায় ত্রিসন্ধ্যা করিলে বহুজন্মকৃত সন্ধ্যালোপজনিত পাপ হইতে মুক্ত হয় (২০) বিশালা নদীতে, লেলিহান তীর্থে, ভরত আশ্রমে, বিষ্ণুপাদচিহ্ন-যুক্ত মুণ্ডপৃষ্ঠে, গদাধর সমীপে, আকাশগঙ্গায় ও গিরিকর্ণমুখতীর্থে পিণ্ড ও শ্রাদ্ধ দানে এক শত কুলের ব্রহ্মলোক গতি হয় (২১, ২২) বৈতরণী নদীতে স্নানান্তে গোদানে ২১ একবিংশতি কুলের উদ্ধার হয় ঐ স্থানে শ্রাদ্ধাদি করিয়া গোদান করিবে (২৩) হে নারদ! এই ত্রিসত্য করিয়া কহিতেছি বৈতরণী নদীতে গোদানে ২১ এক বিংশতি কুলের উদ্ধার হয় তাহাতে সন্দেহ নাই (২৪) ঐ গোদানে (যমদ্বারে মহাঘোরে যা সা বৈতরণী নদী। তামহং তর্ত্তুমিচ্ছামি কৃষ্ণাং গাং প্রদদন্মিমাম্) এই মন্ত্র পাঠ করিবে (২৫)

অশক্তো যদি বা শক্তো গোপ্রদানং করোতি যঃ।
দেবনদ্যাং গোপ্রানে শ্রাদ্ধদঃ স্বর্গয়েৎ পিতৃন্।। ২৬ ।।
যা সা বৈতরণী নাম নদী ত্রৈলোক্যবিশ্রুতা।
সাবতীর্ণা গয়াক্ষেত্রে পিতৃণাং তারণায় বৈ ।। ২৭ ।।
গোদাবর্য্যাং বৈতরণ্যাং যমুনায়াং তথৈব চ।
দেবনদ্যাং গোপ্রচারে শ্রাদ্ধদঃ স্বর্গয়েৎ পিতন্ ।। ২৮ ।।
পুষ্করিণ্যাং ঘৃতকুল্যাং মধুকুল্যাং তথৈব চ।
কোটীতীর্থে রুক্মিণীয়ে পিণ্ডদঃ স্বর্গয়েৎ পিতন্।
মার্কণ্ডেয়েশকোটীশৌ নত্বা স্যাৎ পিতৃতারকঃ ।। ২৯ ।।
রুক্মপারিজাতবনে পার্ব্বত্যা সহ শঙ্করঃ।
রহস্যে সংস্থিতো রেমে বর্ষাণামযুতং শতম্ ।। ৩০ ।।
মরীচিঃ ফলপুষ্পার্থং পারিজাতবনং গতঃ।
দৃষ্ট্বা শপ্তো মহেশেন যস্মাৎ সুখবিঘাতকঃ।
দুঃখী ভবেতি তদ্ভীতো মরীচিস্তুষ্টুবে শিবম্ ।। ৩১ ।।
তুষ্টঃ প্রোবাচ তং শম্ভুর্ব্বৃণীষ্ব বরমুত্তমম্।
শাপাৎ কুরু বিমুক্তং মাং মরীচিঃ প্রাহ শঙ্করম্ ।।৩২ ।।

অশক্ত বা শক্ত যে ব্যক্তি যে কোনপ্রকারে ঐ দেবনদী সমীপে গোদান করে তাহার পিতৃগণের স্বর্গ বাস হয় (২৬) ত্রৈলোক্য বিখ্যাতা প্রসিদ্ধ বৈতরণী নামে নদীই পিতৃগণের উদ্ধারার্থে গয়াক্ষেত্রে অবতীর্ণ হইয়াছেন (২৭) গোদাবরী, দেবনদী-বৈতরণী, যমুনা ও গোপ্রাচর তীর্থে শ্রাদ্ধ দানে পিতৃগণের স্বর্গ বাস হয় (২৮) ঘৃতকুল্যা ও মধুকুল্যা নামে পুষ্করিণীতে, কোটি তীর্থে ও রুক্মি-ণী স্থানে পিণ্ডদানে পিতৃগণের স্বর্গ হয়। মার্কণ্ডেয়ে-শ্বর ও কোটীশ্বর প্রণামে পিতৃগণের উদ্ধার হয় (২৯) কোন কালে পার্ব্বতীর সহিত মহাদেব স্বর্ণময়-পারি-জাত-পুষ্পাকীর্ণ বনে নির্জ্জনস্থ হইয়া দশ সহস্র বর্ষ পর্য্যন্ত ক্রীড়া করিয়াছিলেন (৩০) ঐ কালে ঐ বনে ফল পুষ্প আহরণার্থে মরীচি গমন করেন। তাঁহাকে দেখিয়া মহাদেব অভিশাপ দিলেন। যে হেতু আমার সুখবিনাশক হইলে এই হেতু তুমি দুঃখী হও এই মত শাপে ভীত হইয়া মরীচি শিবের স্তুতি করিলেন (৩১) তাঁহার স্তবে তুষ্ট হইয়া মহাদেব তাঁহাকে কহিলেন বর প্রার্থনা কর। আমাকে শাপ হইতে মুক্ত কর এই মত তিনি মহাদেবকে কহিলেন (৩২)

ভবেদ্গায়ায়াং মুক্তিস্তে শিবোক্তঃ প্রযযৌ গয়াম্‌।
শিলাস্থিতস্তপস্তেপে সর্ব্বেষাং দুস্তরং চ যৎ ॥ ৩৩॥
মরীচিরীশ্বরাচ্ছপ্তঃ কৃষ্ণত্বগমৎ পুরা।
তপসা দারুণেনেহ স বিপ্রঃ শুক্লতাং গতঃ ॥ ৩৪ ॥
ব্রহ্মবিষ্ণ্বাদয়ঃ সর্ব্বে বরং বৃণুহি পুত্রক।
কিমলভ্যং ত্বয়ি তুষ্টে মরীচিঃ প্রাহ মাধবম্‌ ॥ ৩৫ ॥
হরশাপাদ্বিমুচ্যেঽহং শিলা ভবতু পাবনী।
পিতৃমুক্তিকরী চ স্যাত্তথেত্যুক্ত্বা দিবং যযুঃ।
পাণ্ডুশিলেতি যা প্রোক্তা শ্রাদ্ধং তত্রাক্ষয়ং ভবেৎ ॥৩৬॥
যুধিষ্ঠিরস্ততঃ কর্ত্তুং পিতৃকার্য্যং তু তাং যযৌ।
শ্রাদ্ধকালে পাণ্ডুনোক্তং মদ্ধস্তে দেহি পিণ্ডকম্‌ ॥ ৩৭ ॥
হস্তং ত্যক্ত্বা শিলায়াং বৈ পিণ্ডদানং চকার সঃ।
শিলায়াং পিণ্ডদানেন প্রহৃষ্টো ব্যাসনন্দনঃ ॥ ৩৮ ॥
বরান্‌ দদৌ স্বপুত্রায় রাজ্যং কুরু মহীতলে।
অকণ্টকঞ্চ সম্পূর্ণমেকচ্ছত্রং সুপুত্রক ॥ ৩৯ ॥

তাহাতে শিব কহিলেন গয়াতে তোমার ঐ শাপ মুক্তি হইবে এই মত শিব কর্ত্তৃক উক্ত হইয়া মরীচি গয়ায় গমন করিলেন। এবং তথায় শিলা বাস করিয়া অতি দুঃসাধ্য কঠোর তপস্যা করিলেন (৩৩) শিব শাপে মরীচি কৃষ্ণবর্ণ হইয়াছিলেন এক্ষণে তথায় তপস্যা দ্বারা শুভ্রবর্ণ হইলেন (৩৪) ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি সকলে বর দানার্থে আগমন করিলেন। তন্মধ্যে হরি কহিলেন হে মরীচি হে সুপুত্র বর প্রার্থনা কর। তাহাতে আপনি তুষ্ট হইলে কি অলভ্য আছে এই মত মরীচি হরিকে কহিলেন (৩৫) শিবশাপ হইতে আমি মুক্ত হই এবং আমার তপস্যাবাস শিলা পবিত্র হইয়া পিতৃলোকের মুক্তিদায়িকা হউক এই মত প্রার্থনায় হরি (তথাস্তু) এই বলিয়া স্বর্গে গমন করিলেন। পাণ্ডুশিলা নামে খ্যাতা ঐ শিলাতে শ্রাদ্ধে পিতৃলোকের অক্ষয় ফল হয়। (৩৬) একদা যুধিষ্ঠির ঐ শিলায় পিতৃকার্য্য করণার্থ গমন করিয়াছিলেন শ্রাদ্ধকালে মৃত পাণ্ডু হস্ত বিস্তার করিয়া কহিয়াছিলেন যে আমার হস্তে পিণ্ড দেহ (৩৭) কিন্তু যুধিষ্ঠির ঐ হস্ত ত্যাগ করিয়া শিলাতেই পিণ্ড দিলেন শিলায় পিণ্ডদানে ব্যাসনন্দন (পাণ্ডু) হৃষ্ট হইলেন (৩৮) এবং আপন পুত্র যুধিষ্ঠিরকে বর দিলেন হে পুত্র পৃথিবীমণ্ডলে একচ্ছত্র ও অসপত্ন রাজ্য করহ (৩৯)

স্বর্গং ব্রজ শরীরেণ নরকস্থান্ দিবং নয়।
ইত্যুক্ত্বা প্রযযৌ পাণ্ডুঃ শাশ্বতং শিবমব্যয়ম্ ॥ ৪০ ॥
ঘৃতকুল্যা মধুকুল্যা দেবিকা চ মহানদী।
শিলায়াং সঙ্গতা যত্র মধুস্রবা প্রকীর্ত্তিতা।
অযুতস্যাশ্বমেধানাং ফলং প্রাপ্নোত্যসংশয়ম্ ॥৪১॥
স্নাত্বা চ তর্পয়িত্বা চ শ্রাদ্ধং কৃত্বা সপিণ্ডকম্।
সহস্রকুলমুদ্ধৃত্য নয়েদ্বিষ্ণুপুরং নরঃ ॥ ৪২ ॥
উদ্ভিজ্জাঃ স্বেদজা বাপি অণ্ডজাঃ যে জরায়ুজাঃ।
মধুস্রবাং সমাসাদ্য হৃতাঃ সর্গপুরং যযুঃ ॥ ৪৩ ॥
দশাশ্বমেধিকে হংসতীর্থে শ্রাদ্ধাদ্দিবং ব্রজেৎ।
দশাশ্বমেধহংসৌ চ নত্বা শিবপুরং ব্রজেৎ।
ভরতস্যাশ্রমে শ্রাদ্ধান্নয়েৎ ব্রহ্মালয়ং পিতৃন্ ॥ ৪৪ ॥
নির্ম্মথ্যাগ্নিং শমীগর্ব্ভে বিধির্বিষ্ণ্বাদিভিঃ সহ।
লেভে পুত্রস্তু যজ্ঞেন ত্রিষু লোকেষু বিশ্রুতম্ ॥ ৪৫ ॥
মথসংজ্ঞং ততস্তীর্থং পিতৃণাং মুক্তিদায়কম্।
তর্পণাৎ পিণ্ডদানাচ্চ স্নানকৃন্মুক্তিমাপ্নুয়াৎ ॥ ৪৬ ॥
পিতৃন্ স্বর্গং নয়েন্নত্বা সঙ্গমে তারকেশ্বরম্।
গয়াপূপে পিণ্ডদানাদশ্বমেধফলং লভেৎ ॥ ৪৭ ॥

এবং এই শরীরেই স্বর্গে যাইবে ও দর্শন দ্বারা নরকস্থ প্রাণিকে উদ্ধার করিবে এই বর দিয়া পাণ্ডু রাজা নির্দ্দোষ মঙ্গলধাম ব্রহ্মপুর প্রাপ্ত হইলেন (৪০) ঐ শিলাতে ঘৃতকুল্যা মধুকুল্যা দেবিকা নামে মহনদী মিলিত হইয়া মধুস্রবা নামে খ্যাত হইয়াছে ঐ স্থানে ধর্ম্মকার্য্যবিধানে দশ সহস্র অশ্বমেধের ফল লাভ হয় (৪১) ঐ স্থানে স্নান, তর্পণ, শ্রাদ্ধ ও পিণ্ডদানে সহস্র কুলের বিষ্ণুলোকে গতি হয় (৪২) ঐ মধুস্রবাতে দেহান্ত প্রাপ্ত উদ্ভিজ (তরুগুল্মাদি) স্বেদজ (কৃমিদংশাদি) অণ্ডজ (পক্ষিসর্পাদি) জরায়ুজ (গোমনুষ্যাদি) প্রভৃতি স্বর্গ প্রাপ্ত হয় (৪৩) দশাশ্বমেধ ফলদায়ক হংসতীর্থ শ্রাদ্ধে স্বর্গবাস হয়। দশাশ্বমেধেশ্বর ও হংসেশ্বরকে প্রণামে শিবপুরে বাস হয়। ভরতাশ্রমে শ্রাদ্ধে পিতৃলোকের ব্রহ্মলোক প্রাপ্তি হয় (৪৪) ব্রহ্মা বিষ্ণু প্রভৃতির সহিত শমীগর্ভে অগ্নি নির্ম্মন্থন (ঘর্ষণ) করিয়া যজ্ঞ করাতে তিন লোক বিখ্যাত পুত্র প্রাপ্ত হএন (৪৫) যে স্থানে ঐ যজ্ঞ করেন, তাহাকে মখ নামে তীর্থ বলে। ঐ তীর্থ পিতৃগণের মুক্তিদায়ক তাহাতে স্নান, তর্পণ ও পিণ্ডদানে মুক্তি লাভ হয় (৪৬) ঐ সঙ্গমে তারকেশ্বর প্রণামে পিতৃগণের স্বর্গ বাস হয়। গয়াকূপে পিণ্ডদানে অশ্বমেধ ফল হয় (৪৭)

ভস্মকূপে ভস্মনা চ স্নাত্বা সন্তারয়েৎ পিতৃন্।
স্নাতো নত্বা বসিষ্ঠেশং তত্তীর্থে চাশ্বমেধভাক্ ॥ ৪৮ ॥
ইষ্টিং চক্রেঽশ্বমেধাখ্যাং বসিষ্ঠো মুনিসত্তমঃ।
ইষ্টিতো নির্গতঃ শম্ভুর্ব্বরং বৃণু বসিষ্ঠকম্ ॥ ৪৯ ॥
প্রাহেতি তং বসিষ্ঠোঽপি শিব তুষ্টোঽসি মে যদি।
বস্তব্যং সর্ব্বদৈবাত্র তথাস্ত্বুক্ত্বা স্থিতঃ শিবঃ ॥৫০॥ যুগ্মকম্
পিণ্ডদো ধেনুকারণ্যে কামধেনুপদেষু চ।
স্নাতো নত্বা কামদুঘাং ব্রহ্মলোকং নয়েৎ পিতৃন্ ॥ ৫১ ॥
কর্দ্দমালে গয়ানাভৌ মুণ্ডপৃষ্ঠসমীপতঃ।
স্নাত্বা শ্রাদ্ধাদিনা স্বর্গং পিতৃন্নত্বাথ চণ্ডিকাম্।
ফল্গুচণ্ডীশমারাধ্য মঙ্গলাদীন্ সমর্চ্চয়েৎ ॥৫২॥
গয়াগজো গয়াদিত্যো গায়ত্রী চ গদাধরঃ।
গয়া গয়াশিরশ্চৈব ষড়্গয়া মুক্তিদায়কাঃ ॥ ৫৩ ॥
গয়ায়াঞ্চ বৃষোৎসর্গাৎ ত্রিঃসপ্তকুলমুদ্ধরেৎ।
যত্র তত্র স্থিতা দেবা ঋষয়ো বিজিতেন্দ্রিয়াঃ ॥৫৪॥
আদ্যং গদাধরং ধ্যায়ন্ শ্রাদ্ধপিণ্ডাদিদানতঃ।
কুলানাং শতমুদ্ধৃত্য ব্রহ্মলোকং নয়েৎ পিতৃন্ ॥৫৫ ॥

ভস্মকূপে ভস্মানুলেপনান্তে স্নানে পিতৃগণের উদ্ধার হয়। ঐ তীর্থে স্নানান্তে বসিষ্ঠেশ্বর প্রণামে অশ্বমেধ ফল প্রাপ্ত হয় (৪৮) ঐ স্থানে বসিষ্ঠ ঋষি অশ্বমেধ নামে ইষ্টি করিয়াছিলেন। ঐ ইষ্টি হইতে শম্ভু নির্গত হইয়া বসিষ্ঠকে "বর প্রার্থনা করহ" এই মত কহিয়াছিলেন। বসিষ্ঠ তাঁহাকে কহিয়াছিলেন হে শিব যদি আপনি তুষ্ট হইয়াছেন তবে এই বর দেহ যে এই স্থানে সর্ব্বদা বাস করিবেন। শিবও (তথাস্তু) বলিয়া সেই স্থানে সর্ব্বদা স্থিতি করিলেন (৪৯,৫০) ধেনুকারণ্যে কামধেনু পদে পিণ্ডদান করিলে ও ঐ স্থানে জলাশয়ে স্নান করিয়া কামধেনু প্রণাম করিলে পিতৃগণের ব্রহ্মপুর লাভ হয় (৫১) মুণ্ডপৃষ্ঠ সমীপে গয়ার নাভি স্থানে কর্দ্দমাল তীর্থে স্নান শ্রাদ্ধ ও তৎস্থানস্থ চণ্ডিকা প্রণাম করিয়া ফল্গুচণ্ডীশকে পূজা করিয়া ভৌমপ্রভৃতি গ্রহকে পূজা করিলে পিতৃগণের স্বর্গ হয় (৫২) গয়াগজ গয়াদিত্য গায়ত্রী গদাধর গয়া ও গয়াশীর্ষ গ-বর্ণবিশিষ্ট এই ছয় তীর্থ মুক্তিদায়ক (৫৩) গয়ায় বৃষোসর্গ বিধানে ২১ কুলের উদ্ধার হয়। ঐ গয়ায় যে কোন স্থানে থাকিলেও দেব ও ঋষি তুল্য জিতেন্দ্রিয় হয় (৫৪) আদি গদাধরকে ধ্যান করত শ্রাদ্ধ পিণ্ডাদি দানে এক শত কুলের ব্রহ্মলোক গতি হয় (৫৫)

ততো দধ্যোদনেনৈব দদ্যান্নৈবেদ্যমুত্তমম্।
জনার্দ্দনায় দেবায় সমভ্যর্চ্চ্য যথাবিধি।
দদ্যান্নিক্ষিপ্য তদ্ধস্তে তচ্ছেষেণৈব জীবনম্ ॥ ৫৬ ॥
উপাখ্যানমিদং পুণ্যং ত্রিবারং যঃ পঠেন্নরঃ।
গয়াশ্রাদ্ধং কৃতং তেন নাত্র কার্য্যা বিচারণা ॥৫৭ ॥
দেবতা ঋষয়স্তুষ্টাঃ পিতরস্তস্য নারদ।
যদ্‌যদিষ্টং তু তত্তস্মৈ প্রদাস্যন্তি মুহুর্মুহুঃ ॥ ৫৮ ॥
মহিমানং গয়ায়াশ্চ যঃ শৃণোতি সকৃচ্ছুভম্।
ভুক্ত্বেহ বিপুলান্ ভোগান্ নরো বিষ্ণুপুরং ব্রজেৎ ॥৫৯॥
জপেচ্চ শ্রাদ্ধকালে যো ভক্তিমান্ দ্বিজপুঙ্গব।
গয়াশ্রাদ্ধং বিধানেন কৃতং তেন সুনিশ্চিতম্ ॥ ৬০ ॥
উপাখ্যানমিদং যত্র গৃহে তিষ্ঠতি পুস্তকম্।
সর্পাগ্নিচৌরজনিতং ভয়ং তত্র ন বিদ্যতে ॥ ৬১ ॥
পূজয়েৎ সততং যস্তু পুস্তকং মুনিপুঙ্গব।
গৃহে তস্য স্থিরা লক্ষ্মীঃ সুপ্রসন্না ভবিষ্যতি ॥ ৬২ ॥

পরে দধি মিশ্রিত অন্নই তাঁহার নৈবেদ্য দিবে জনার্দ্দনকে যথাবিধি পূজা করিয়া তাঁহার হস্তে পিণ্ড দিয়া তাহার শেষ দ্রব্য ভোজন করিবে (৫৬) হে নারদ এই পুণ্যদায়ক উপাখ্যান যে ব্যক্তি তিন বার পাঠ করিবে তাহার গয়া শ্রাদ্ধ ফল হয় তাহাতে সন্দেহ নাই (৫৭) এবং তাহার প্রতি দেবতা, পিতৃগণ ও ঋষিগণ পরিতুষ্ট হইয়া তাহার সকল ইষ্ট সম্পাদন করেন। (৫৮) এই রূপ গয়ামাহাত্ম্য যে ব্যক্তি এক বারও শ্রবণ করিবে সে ব্যক্তি নানা ভোগ প্রাপ্ত হইয়া বিষ্ণুপুর গমন করে (৫৯) হে দ্বিজশ্রেষ্ঠ নারদ ভক্তিশালী হইয়া শ্রাদ্ধকালে যে ব্যক্তি এই মাহাত্ম্য পাঠ করে তাহারও বিধান পূর্ব্বক গয়া গমনের ফল হয় তাহা নিশ্চয় জানিবে (৬০) যে গৃহে এই উপাখ্যান পাঠ হইবে ঐ গৃহে সর্প, অগ্নি ও চোর-কৃত ভয় হইবে না (৬১) হে মুনিশ্রেষ্ঠ যে ব্যক্তি সতত এই উপাখ্যান পুস্তক প্রত্যহ পূজা করিবে তাহার গৃহে লক্ষ্মী সর্ব্বদা প্রসন্না হইয়া স্থিরা থাকিবেন (৬২)

শ্রীসূত উবাচ।

সনৎকুমারো মুনিপুঙ্গবায়
পুণ্যাং কথাং চাথ নিবেদ্য ভক্ত্যা
স্বমাশ্রমং রম্যবনৈরুপেতং
বিসৃজ্য সংগীতগুরুং জগাম ॥৬৩॥

ইতি বায়ুপুরাণে শ্বেতবরাহকল্পে গয়ামহাত্ম্যে
অষ্টমোঽধ্যায়ঃ।

---

## বঙ্গভাষানুবাদ।

সূত কহিতেছেন সনৎকুমার এই মত গয়ামাহাত্ম্য কথা নারদকে ভক্তিযোগে কহিয়া সংগীতগুরু নারদকে বিদায় করিয়া রম্যবনযুক্ত নিজাশ্রমে গমন করিলেন।

ইতি শ্রীবায়ুপুরাণে গয়ামাহাত্ম্য
অষ্টম অধ্যায়।

---

# গয়াশ্রাদ্ধাদিপদ্ধতিঃ।

গবর্ণমেণ্টসংস্কৃতপাঠশালাস্থাধ্যাপক

শ্রীতারানাথতর্কবাচস্পতিভট্টাচার্য্যবিরচিতা

তৎকৃতবঙ্গভাষানুবাদসহিতা

---

শ্রীরামহরি চেঁড়ি গয়াপুরোহিতব্রাহ্মণ প্রার্থনাবশংবদ

---

আড়পুলী নিবাসি

শ্রীযুত বাবু ঈশানচন্দ্র বসুদাস মহোদয়ানুমত্যা

---

কলিকাতা।

নূতন সংস্কৃত যন্ত্রেণ মুদ্রিতা।

১৯২৩ সংবৎসরে।

# গয়াশ্রাদ্ধাদিপদ্ধতিঃ।

অশেষসন্তাপনিবারণায়
বেদৈকগম্যং জগদেকবন্দ্যম্।
গদাধরং তং পুরুষার্থহেতুং
স্মরামি সংসারপয়োধিসেতুম্ ॥ ১ ॥

পুত্রাদিভিঃ কৃতং যস্যাং শ্রাদ্ধং শ্রদ্ধাসমন্বিতম্।
পিত্রাদ্যুদ্ধারফলদং তাং গয়াং মনসা ভজে ॥ ২ ॥
ত্রিস্থলীসেতুমালোক্য শ্রাদ্ধকল্পাদিপদ্ধতীঃ।
দৃষ্ট্বা চ তন্যতে যত্নাদ্গয়াশ্রাদ্ধাদিপদ্ধতিঃ ॥ ৩ ॥
শ্রাদ্ধাদিমন্ত্রান্ বেদেভ্য উদ্ধৃত্য ব্যাখ্যয়ান্বিতান্।
কৃত্বৈষা মুদ্রিতা যন্ত্রে শ্রীতারানাথশর্ম্মণা ॥ ৪ ॥
বামস্থিতাং দেববাণীং দক্ষস্থবঙ্গভাষয়া।
স্বয়মেবাত্র ব্যাখ্যামি সর্ব্বেষাং বোধহেতবে ॥ ৫ ॥
প্রমাণং নাত্র নির্দ্দিষ্টং মূলগ্রন্থে হি তৎস্থিতম্।
প্রয়োগমাত্রমুদ্দিষ্টং স্বল্পবুদ্ধিকৃতে ময়া ॥ ৬ ॥

# উপক্রমণিকা।

ইহ খলু সংসারে সমর্থানামাস্তিকানামতিগম্ভীর পুরুষার্থহ্রদাবগাহনায় তীর্থান্যেব পরমসাধনানি। যানি সমবলম্ব্যাকৃতবুদ্ধয়োপ্যনায়াসেনৈব ক্রমশঃ পরমপদমাপ্নুবন্তি। তানি চ তীর্থানি নানাবিধানি নানাকর্ম্মসু নানাফলদায়কানি। তেষাং চ মধ্যে গঙ্গাদৌ স্নানে, কুরুক্ষেত্রাদৌ দানে, প্রভাসাদৌ যাগে, বারণস্যাদৌ মরণে প্রয়াগাদৌ মুণ্ডনে, গয়াদৌ চ শ্রাদ্ধে ফলাধিক্যং স্মর্য্যতে। তত্র গয়াতীর্থশ্রাদ্ধাদিমাহাত্ম্যপ্রতিপাদকানি বচনজাতানি নানাপুরাণেভ্যঃ সমুদ্ধৃত্য পূর্ব্বং প্রদর্শিতানি। তত্তদ্বচনপ্রামাণ্যাৎ গতানুগতিকন্যায়াদ্বা প্রায়শঃ সর্ব্বেষামেব সমর্থানামাস্তিকানাং গয়াশ্রাদ্ধাদৌ প্রবৃত্তিঃ সমুপলভ্যতে। কিন্তু তত্রত্যাবান্তরতীর্থস্থানেষু কর্ত্তব্যশ্রাদ্ধতর্পণাদিপদ্ধতেঃ প্রাচীনায়াঃ সত্যা অপি ক্রমশো লুপ্তপ্রায়তয়া বিশৃঙ্খলতাদর্শনেন তদুজ্জীবনায়,

# উপক্রমণিকা।

এই সংসারে সমর্থ এবং আস্তিক লোকের পক্ষে তীর্থ সকলই পরমপুরুষার্থরূপ-অতি গম্ভীর জলাশয়ে অবগাহনের এক প্রধান উপায়। যে তীর্থ অবলম্বন করিয়া অল্পবুদ্ধি-পামর সাধারণ জনও অনায়াসে ক্রমে পরম পদ প্রাপ্ত হইতে পারে। ঐ তীর্থ অনেক প্রকার, কর্ম্মবিশেষে তাহাতে নানা ফল হয়। তন্মধ্যে গঙ্গাদি তীর্থে স্নানে, কুরুক্ষেত্রাদিতীর্থে দানে, প্রভাসাদি তীর্থে যজ্ঞে, কাশীপ্রভৃতিতীর্থে মরণে, প্রয়াগাদি তীর্থে মুণ্ডনে, গয়াদিতীর্থে শ্রাদ্ধে, অধিক ফল হয়, ইহা পুরাণাদি শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে। তন্মধ্যে গয়া-মাহাত্ম্যবোধক-বচন সকল নানা পুরাণ হইতে সমুদ্ধৃত করিয়া পূর্ব্ব প্রকরণে দর্শিত হইয়াছে। ঐ সকল বচনের প্রামাণ্যেই বা হউক গতানুগতিক ন্যায়েই বা হউক সমর্থ আস্তিক সমস্ত লোকেরি প্রায় গয়াশ্রাদ্ধাদিতে প্রবৃত্তি দেখা যাইতেছে। কিন্তু গয়ায় যাইয়া কি মত শ্রাদ্ধ তর্পণাদি কোন কোন স্থানে করিতে হয় তাহার বোধিকা প্রাচীন পদ্ধতি থাকিলেও তাহা ক্রমে লুপ্ত-প্রায় হইয়াছে এমতে ঐ পদ্ধতির পুনরুজ্জীবন নিমিত্ত,

তস্যাশ্চ পদ্ধতেঃ সংস্কৃতভাষারচিততয়া সাধারণ সর্ব্বজনদুর্গম্যত্বেন সর্ব্বসাধারণজনবোধনায় বিদুষাঞ্চ তৎ-কর্ম্মসমবেতমন্ত্রার্থজ্ঞাপনায় চেয়ং বঙ্গভাষানুবাদসহিতা পদ্ধতির্বিতন্যতে। তত্র চ সংস্কৃতানভিজ্ঞানামপ্যনায়া-সেন সুবোধেন তত্তৎকর্ম্মানুষ্ঠানজ্ঞানং সুলভং তদ্‌জ্ঞা-নাচ্চ তত্র তত্র কর্ম্মসু প্রবৃত্তিঃ সুপপাদা ভবেৎ।

---

## গ্রন্থারম্ভঃ।

তত্রাদৌ গয়াশ্রাদ্ধাদিনা পিত্রাদেরুদ্ধারাভিধানেনাদৌ নির্ণেয়ঃ শ্রাদ্ধপদার্থো নিরূপ্যতে। সম্বোধনপদোপনী-তান্ পিত্রাদীন্ চতুর্থ্যন্তপদেনোদ্দিশ্য পুত্রাদিভির্মন্ত্রদ্বারা শ্রদ্ধয়ান্নাদের্দ্দানং শ্রাদ্ধম্ অথৈতন্মনুঃ শ্রাদ্ধশব্দং কর্ম্ম প্রোবাচেতি শ্রাদ্ধবিবেকধৃতাপস্তম্ববচনেন শ্রাদ্ধশব্দস্য কর্ম্মসামান্যবচনতাবগমাৎ সংস্কৃতং ব্যঞ্জনাঢ্যং চ পয়োদধিঘৃতান্বিতম্। শ্রদ্ধয়া দীয়তে যস্মাত্তেন শ্রাদ্ধং নিগদ্যতে ইতি শ্রাদ্ধতত্ত্বধৃতপুলস্ত্যবচনেন শ্রদ্ধা-হেতুকদানরূপকর্ম্মবিশেষস্য শ্রাদ্ধপদার্থতাবগমাচ্চ।

বিশেষতঃ তাহা সংস্কৃত ভাষায় রচিত থাকায় সর্ব্ব সাধারণের অগম্য এমতে সকলের বোধ নিমিত্ত এবং শ্রাদ্ধ সময়ে পাঠ্যমন্ত্রের অর্থ না জানাতে অনেক অশুদ্ধ উচ্চারণ হইয়া উঠে এ নিমিত্তে ঐ মন্ত্র সকলের অর্থ সহিত বঙ্গভাষায় তাহার অনুবাদ করিয়া দক্ষিণ পরি-পার্শ্বে বিন্যস্ত করিয়া এই পদ্ধতি নির্ম্মাণ করিতেছি, ইহাতে সংস্কৃতানভিজ্ঞ জনগণেরও অনায়াসে বোধ হইতে পারিবে। যথাযোগ্য জ্ঞান হইলেই তত্তৎ কর্ম্মের অনুষ্ঠানে সকল লোকেরই প্রবৃত্তি হইতে পারে।

## গ্রন্থারম্ভ।

গয়াশ্রাদ্ধ দ্বারা পিত্রাদির উদ্ধার হয় এ নিমিত্তে প্রথমে শ্রাদ্ধশব্দার্থ নির্ণেয় তাহা নিরূপণ করিতেছি। শাস্ত্র কারেরা শ্রাদ্ধশব্দের অর্থ এই মত কহিয়াছেন, যে পিতা প্রভৃতিকে সম্বোধন করিয়া তদুদ্দেশে শ্রদ্ধাপূর্ব্বক মন্ত্র দ্বারা পুত্রাদিকর্ত্তৃক অন্নাদি দানই শ্রাদ্ধপদার্থ। শ্রাদ্ধবিবেক গ্রন্থে, শ্রাদ্ধশব্দ কর্ম্মবিশেষের নাম ইহা মনু কহিয়াছেন, এই মত আপস্তম্ববচনে নির্দ্দিষ্ট আছে। শ্রাদ্ধতত্ত্ব গ্রন্থে পুলস্ত্য বচনে কহিয়াছেন যে সুপক্ক ব্যঞ্জন দধি-দুগ্ধ-ঘৃতাদিযুক্ত অন্ন, শ্রদ্ধাপূর্ব্বক যেহেতু দান করে এমতে ঐ অন্ন দানকে শ্রাদ্ধ বলে।

শ্রাদ্ধমিতি শব্দো বাচকো যস্য তৎকর্ম্মেত্যর্থ ইতি শ্রাদ্ধবিবেকঃ। তস্মিংশ্চ কর্ম্মণি যাগাদাবিন্দ্রাদীনামিব পিত্রাদের্দ্দেবতাত্বং তদুদ্দেশেন মন্ত্রদ্বারা দ্রব্যত্যাগাৎ। তথা চ মন্ত্রাহূতা ইন্দ্রাদয়ো যাগাদৌ শক্তিমাত্রেণ তত্তৎস্থলে আবিভূ্র্তা যজমানত্যক্তদ্রব্যদর্শনেন তৃপ্যন্ত-স্তেষামভীষ্টফলং যথা সাধয়ন্তি তথা শ্রাদ্ধেঽপি মন্ত্রা-হূতাঃ পিত্রাদয়ঃ সমাগতাঃ পুত্রাদিত্যক্তদ্রব্যভো-গেন তৃপ্যন্তো বিশিষ্টফলপ্রদা ইত্যেব কল্পনীয়ম্। কিন্তু সর্ব্বো হি লোকঃ সফলে কর্ম্মণ্যেব প্রবর্ত্ততে নাফলে॥ তত্র যজ্ঞাদৌ যথা দেবানাং ফলদাতৃ-ত্বমেবং শ্রাদ্ধদেবানাং পিত্রাদীনাং ফলদাতৃত্বে সম্ভব-ত্যেব শ্রাদ্ধস্য সফলত্বং ভবেত্তদেব নোপপদ্যতে। তথাহি। ইন্দ্রাদয়ো হি দেবাশ্চেতনা বিশিষ্টজ্ঞানক্রিয়া-শক্তিমন্তো মন্ত্রমাত্রাহূতাঃ শক্তিবিশেষেণ যজ্ঞদেশে আবির্ভবিতুং শক্নুবন্তি আবিভূ্র্য় চ যজ্ঞদত্তদ্রব্যদর্শন-মাত্রেণ তৃপ্যন্তো বিশিষ্টফলদানায় সমর্থাঃ। নৈবং পিত্রা দয়ো ভবিতুমর্হন্তি। তে হি স্বস্বকর্ম্মানুসারেণ নানাযোনি গততয়া অতিবিপ্রকৃষ্টদেশস্থিতাঃ বিশিষ্টশক্তিরহি-তাশ্চ কথং মন্ত্রমাত্রাহূতাঃ শ্রাদ্ধদেশে আগচ্ছেয়ুঃ।

ঐ সকল বচন দ্বারা পূর্ব্বোক্ত কর্ম্মবিশেষই শ্রাদ্ধ শব্দের অর্থ ঐ রূপ নির্দ্ধারিত হইল। যেমত যজ্ঞে ইন্দ্রাদি দেবতাই ফলদাতা এবং সেই মত শ্রাদ্ধে পিতা প্রভৃতিই দেবতা ফলদাতা, ইহা কল্প্য হইয়াছে। কিন্তু তাহা কিরূপে সম্ভব তাহা বিবেচনীয়। সকল লোক সফল কর্ম্মেই প্রবৃত্ত হয় অফলে কেহ প্রবৃত্ত হয় না। যেমত যজ্ঞাদিতে মন্ত্র দ্বারা দত্ত দ্রব্যের উদ্দেশ্য ইন্দ্রাদি, দেবতা, তাঁহারাই ফল দানে সমর্থ হন। এমত শ্রাদ্ধে মন্ত্র দ্বারা দ্রব্য-দানের উদ্দেশ্য পিতা প্রভৃতিই দেবতা, তাঁহারা ফল দিতে সমর্থ হন না। তাহার কারণ এই যে ইন্দ্রাদি দেবতারা অনেক জ্ঞান ও বিশেষশক্তিসম্পন্ন এমতে যজ্ঞস্থলে মন্ত্র মাত্রে আবাহন করিলেই শক্তি বিশেষ দ্বারা তাঁহারা যজ্ঞ স্থলে আগমন করিতে পারেন এবং আগত হইয়া দত্তদ্রব্য—দর্শনমাত্রেই পরিতৃপ্ত হইয়া যজমানের অভীষ্ট নির্ব্বাহ করিতে সমর্থ হন। এমত শ্রাদ্ধ দেবতা-পিতা-প্রভৃতি গণ সমর্থ হইতে পারেন না। কারণ সংসার-প্রথমাবধি স্বোপার্জিত নানা কর্ম্মানুসারে পশু-প্রভৃতি নানা-যোনি প্রাপ্ত হইয়া বিশেষ শক্তি না থাকায় তাঁহারা অতি দূরদেশ হইতে মন্ত্রমাত্র আবাহনে কিমতে আগমন করিবেন

আগতা বা কুতো ন দৃশ্যেযুঃ দেবানামিব তেষা-মতীন্দ্রিয়ত্বাভাবাৎ দর্শনমাত্রেণ তৃপ্তেরভাবাৎ ভোজ-নেনৈব তেযাং তৃপ্তিসম্ভবাচ্চ ভোজনমন্তরেণ কথং তৃ-প্যেযুঃ। অতৃপ্তাশ্চ কুতো বা ফলং দদ্যুঃ। পশ্বাদিগতা বা কুতো বিশিষ্টফলপ্রদাঃ স্যুঃ। ইহ দত্তস্য চান্না-দেরচেতনতয়া নেতৃপুরুষাভাবেনান্যত্র গমনাসম্ভবঃ। শ্রাদ্ধদত্তদ্রব্যস্য যথাপূর্ব্বমবস্থানান্ন ভোক্তৃদেশগমনমি-ত্যনুমীয়তে। এবমিহ দত্তেনান্নেনান্যত্র স্থিতানাং ভো-গস্তু নৈব সম্ভবী। পাত্রীয়ব্রাহ্মণেন শ্রাদ্ধান্নস্য ভোজনান্ন পিত্রাদিতৃপ্তিসম্ভবঃ ভোগতৃপ্ত্যোঃ সামানাধিকরণ্য-নিয়মাৎ। কিঞ্চ দেবযোনিগতানামমৃতান্ধসাং মানুষ-যোগ্যেনান্নেন কথং তৃপ্তিঃ কথং বা পশুযোনিগতানাং তৃণাহারযোগ্যানাং তেন তৃপ্তিঃ। তেষাং পশ্বাদিভাব-মাপেয়ুষাং ফলদাতৃত্বাসম্ভবস্তু বিশিষ্টশক্তেরভাবাৎ সর্ব্বানুভবসিদ্ধঃ।

তাঁহারা আইলে কেন দৃষ্ট হয় না। যে হেতু ইন্দ্রাদি দেবতার ন্যায় তাঁহাদের অতীন্দ্রিয়তা নাই। এবং শ্রাদ্ধ দ্রব্য দর্শন মাত্রে দেবতাদের ন্যায় তাহাদের তৃপ্তি হয় না। তাহাদের ভোগ দ্বারাই তৃপ্তি হয়। তৃপ্ত না হইলেই বা কিমতে ফল দিবেন। তৃপ্ত হইলেও পশ্বাদি জন্মপ্রাপ্ত পিতাদির বিশেষ শক্তি ও জ্ঞান না থাকাতে শ্রাদ্ধকর্ত্তার অভীষ্ট ফল দানে শক্তি নাই। শ্রাদ্ধদত্ত দ্রব্য অচেতন, তাহা স্বয়ং স্থানান্তরে যাইতে পারে না এবং অন্য প্রাপয়িতা চেতন পুরুষ না থাকাতে এস্থলে দত্তান্নের অন্যত্র গমন অসম্ভব। ফলতঃ শ্রাদ্ধের উত্তর কালেও শ্রাদ্ধীয় দ্রব্য সেই স্থানে দৃষ্ট হয়, এমতে স্থানান্তরে গমন হয় নাই ইহা অনুমিত হয়। শ্রাদ্ধ স্থানে স্থিত অন্ন দ্বারা স্থানান্তরে স্থিত পিতা প্রভৃতির তৃপ্তি হয় না। এবং শ্রাদ্ধদত্ত অন্ন পাত্রীয়ব্রাহ্মণে ভোজন করে তদ্দ্বারা পিতা প্রভৃতির তৃপ্তি হইতে পারে না। অন্যের ভোগে অন্যের তৃপ্তি হয় না, যেহেতু ভোগ ও তৃপ্তি একেরি হয় ইহা নিয়ম আছে। এবং শ্রাদ্ধদত্ত অন্নাদি, মনুষ্যের আহার যোগ্য তদ্দ্বারা অমৃতভোজী দেবতাদের ও তৃণাহারী পশু প্রভৃতির তৃপ্তি হয় না। এবং পশ্বাদির ফলদানে শক্তি না থাকা লোক সিদ্ধ।

এতেন যথা গোষু প্রনষ্টো বৈ বৎসো বিন্দতি মাতরম্। এবং শ্রাদ্ধেঽন্নমুদ্দিষ্টং মন্ত্রঃ প্রাপয়তে পিতৃন্। নামগোত্রং পিতৃণান্তু প্রাপকং হব্যকব্যয়োঃ। নামমন্ত্রস্তথোদ্দেশো ভবান্তরগতানপি। প্রাণিনঃ প্রীণয়ন্ত্যেতে তদাহারত্বমাগতা ইতি। দেবো যদি পিতা জাতঃ শুভকর্ম্মানুসারতঃ। শ্রাদ্ধান্নমমৃতং ভূত্বা দেবত্বেঽপ্যনুগচ্ছতি। দৈত্যত্বে ভোগ্যরূপেণ পশুত্বে চ তৃণং ভবেৎ। শ্রাদ্ধান্নং বায়ুরূপেণ নাগত্বেঽপ্যনুগচ্ছতি। পানং ভবতি যক্ষত্বে গৃধ্রত্বে চ তথামিষম্। দনুজত্বে তথা মাংসং প্রেতত্বে রুধিরোদকম্। মানুষত্বেঽন্নপানাদি নানাভোগরসং তথেতি চ হেমাদ্রিশ্রাদ্ধকল্পধৃতমার্কণ্ডেয়বচনৈরিহ দত্তান্নাদেরেব মন্ত্রশক্ত্যা বিপ্রকৃষ্টদেশনয়নং পিতৃপ্রাপ্তযোনিযোগ্যামৃতাদিরূপেণ পরিণামশ্চ কল্প্যতে ইত্যপি ন বিচারচারু অচেতনানামপি মন্ত্রাণাং চেতনধর্ম্মকল্পনাপি তদৈব সাধীয়সী স্যাৎ

এবং মন্ত্রশক্তি দ্বারা শ্রাদ্ধ স্থলে দত্ত দ্রব্য পিতা প্রভৃতির অধিষ্ঠিত দেশে লইয়া যায় এ কল্পনাও সম্ভব নহে। যদিও শ্রাদ্ধকল্প গ্রন্থে অনেক বচন দ্বারা কথিত হইয়াছে যে যেমত গোযূথ হইতে ভ্রষ্ট বৎসতর আপন মাতাকেই প্রাপ্ত হয় এই মত, শ্রাদ্ধে দত্ত অন্ন, পিতা প্রভৃতিকেই প্রাপ্ত হয়। নাম গোত্র উল্লেখ করিয়া শ্রাদ্ধ দ্রব্য যদুদ্দেশে দত্ত হয় ঐ জীব জন্মান্তরে যে স্থানে থাকে সেই স্থানে মন্ত্র শক্তি দ্বারা ঐদ্রব্য উপনীত হয়। পিতা প্রভৃতি স্বস্বকর্ম্মানুসারে যে যোনিস্থিত হইয়াছেন, তাঁহাদের আহার যোগ্যরূপেও ঐদ্রব্য পরিণত হয়। পিতা দেব হইলে ঐ অন্ন অমৃতরূপে, দৈত্য হইলে নানা ভোগ্যরূপে, পশু হইলে তৃণরূপে, সর্প হইলে বায়ু রূপে, যক্ষ হইলে পানীয়রূপে, গৃধ্র বা দানব হইলে মাংস রূপে, প্রেত হইলে রুধির রূপে, মনুষ্য হইলে নানারসযুক্ত ভোগ্য রূপে, ঐ শ্রাদ্ধান্ন পরিণত হইয়া তথায় উপস্থিত হয়। এই সকল বচন দ্বারা এমত প্রতীত হইতেছে যে মন্ত্রই শ্রাদ্ধীয় দ্রব্য পিতা প্রভৃতির দেশে লইয়া যায়। কিন্তু অচেতন মন্ত্রের এমত শক্তি কল্পনা করাও প্রত্যক্ষ বিরোধ হেতু অসঙ্গত। যে হেতু ঐ কল্পনা তবে সঙ্গত হইত।

যদি দত্তান্নাদেরিহ যথাপূর্ব্বমবস্থিতির্ন স্যাৎ ন স্যাচ্চ পূর্ব্বরূপেণাবস্থানম্ এবমাদিবচনানান্তু স্তুত্যর্থবাদপরতায়া অগ্রে দর্শয়িষ্যমাণত্বান্নাধিককল্পনা।

কিঞ্চ পাত্রব্রাহ্মণেন ভোগাদিনা বিনষ্টস্য বস্তুনঃ কথং স্থানান্তরনয়নং কথং বা তত্তদাহারতারূপেণ পরিণামঃ ধর্ম্মিণি সত্যেব স্থানান্তরগমনাদিসম্ভবো ন বিনষ্টস্যাতঃ শ্রাদ্ধস্য কথং প্রয়োজনবত্ত্বমিত্যেবং স্থিতে।

উচ্যতে। ব্রাহ্মণাদিসম্প্রদানক্রিয়ায়া ইব শ্রাদ্ধকর্ম্মণ এব স্বজন্যপুণ্যদ্বারা বিশিষ্টফলজনকতা তত্র চ কালান্তরভাবিতত্তৎফলদানায় তৎকর্ম্মসাক্ষিণঃ পরমেশ্বরস্যৈব তৎসাধনত্বম্।

যদি শ্রাদ্ধীয়ান্ন শ্রাদ্ধদেশে দানের পর দৃষ্টিগোচর না হইত এবং ঐ বচন নির্দ্দিষ্টরূপে পরিণত হইয়াছে ইহা দৃষ্টিগোচর হইত। কিন্তু তাহা যখন হয় না, তখন এমত মন্ত্রশক্তিকল্পনাই বা কিরূপে হয় যেহেতু দানের পূর্ব্বে ঐ দ্রব্য যে স্থলে যে রূপে ছিল শ্রাদ্ধান্তেও ঐ স্থলে ঐ দ্রব্য সেই রূপেই দৃষ্ট হয় সুতরাং এমত কল্পনা সঙ্গত নহে। তবে মুনিবচন, শ্রাদ্ধের প্রশংসা করিয়া লোকের প্ররোচনা জন্যই প্রবৃত্ত হইয়াছে ইহা অগ্রে প্রতিপন্ন করিব।

কিঞ্চ পাত্রীয় ব্রাহ্মণে অন্ন ভোজন করাতে ঐ অন্ন নষ্ট হইয়াছে সুতরাং নষ্ট বস্তুর দেশান্তর গমন ও অন্যথারূপে পরিণাম অসম্ভব, যেহেতু বস্তু বিদ্যমান থাকিলেই তাহার ধর্ম্ম, গমন পরিণামাদি সম্ভব। এইরূপে শ্রাদ্ধের ফলপ্রদাতা না থাকায় কোন শ্রাদ্ধ সফল নয়, এমতে তাহাতে প্রবৃত্তি হইতে পারে না।

এই আপত্তি হইলে এই সমাধান, যেমত দানাদি ক্রিয়ার উদ্দেশ্য ব্রাহ্মণের ফলদানে শক্তি না থাকিলেও দানকর্ম্মই পুণ্যবিশেষোৎপাদন করিয়া ফল দানে সমর্থ হন, এইমত শ্রাদ্ধকর্ম্মও পুণ্যবিশেষোৎপাদন করিয়া তৎফল সাধন করিবেন। ফলতঃ সকল কর্ম্মসাক্ষী পরমেশ্বরই ঐ পুণ্যসহকারে ফল দেন।

অতএব ভগবদ্গীতায়াং যো যো যাং যাং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতি। তস্য তস্যাচলাং শ্রদ্ধাং তামেব বিদধাম্যহম্। স তয়া শ্রদ্ধয়া যুক্তস্তস্যারাধনমীহতে। লভতে চ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হি তান্ ইতি ভক্তানাং তত্তদিষ্টোৎপাদনস্য স্বকর্তৃকত্বং ভগবতোক্তম্। যুক্তঞ্চৈতত্ শ্রুতিস্মৃত্যোরীশ্বরানুজ্ঞাস্বরূপতয়া তত্তদর্থানুষ্ঠানেন তদাজ্ঞাপ্রতিপালনে ঈশ্বরস্য সম্মাননারূপা তৃপ্তিস্ততশ্চাভীষ্টলাভঃ। তথৈবোক্তং গীতায়াং স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ সংসিদ্ধিং লভতে নরঃ। স্বকর্ম্মনিরতঃ সিদ্ধিং যথা বিন্দতি তচ্ছৃণু। যতো প্রবৃত্তির্ভূতানাং যেন সর্ব্বমিদং ততম্। স্বকর্ম্মণা তমভ্যর্চ্চ্য সিদ্ধিং বিন্দতি মানব ইতি। স্বকর্ম্মণা স্বস্ববর্ণাশ্রমবিহিতকর্ম্মানুষ্ঠানেন, তং পরমেশ্বরম্ অভ্যর্চ্চ্য তদাজ্ঞাপ্রতিপালনেন সম্মান্য তৎসম্মানেন তৎকৃতাং সিদ্ধিং তত্তদভীষ্টসিদ্ধিং লভতে ইতি তদর্থঃ। অস্মিন্ পক্ষে চ পিত্রাদীনাং শ্রাদ্ধান্নাদের্ব্বা ন স্থানান্তরগমনকল্পনা।

ভগবদ্গীতায় কথিত আছে যে, যে যে ভক্ত যে যে শরীর কি উপাস্য দেবমূর্ত্তি প্রভৃতিকে শ্রদ্ধাপূর্ব্বক অর্চ্চনা করিতে ইচ্ছা করে আমি সেই ভক্তের উপাস্য বিষয়ে শ্রদ্ধা সম্পাদন করি ঐ শ্রদ্ধা যুক্ত হইয়া ঐ ভক্ত ঐ উপাস্যকে অর্চ্চনা করিলে আমি তাহার অভীষ্ট ফল প্রদান করি। এইমত ভগবদ্বাক্য দ্বারা স্পষ্ট প্রতীত হইতেছে পরমেশ্বরই সর্ব্বকর্ম্মের ফলদাতা। এবং এ কথা সঙ্গত হইতেও পারে বেদ ও স্মৃত্যাদি শাস্ত্র ঈশ্বরের আজ্ঞা স্বরূপ যে ব্যক্তি তাঁহার আজ্ঞানুসারে ঐ শাস্ত্রবিহিত কর্ম্মের অনুষ্ঠান করে সে ব্যক্তি ঈশ্বরাজ্ঞা প্রতিপালন করে সুতরাং আজ্ঞা প্রতিপালনে পরমেশ্বর ঐ ব্যক্তির উপর পরিতৃপ্ত হইয়া শাস্ত্র নির্দ্দিষ্ট ফল দেন। তাহাও ভগবদ্গীতায় উক্ত হইয়াছে, স্বস্ব কর্ম্ম আসক্ত মনুষ্য যেরূপে কর্ম্ম ফল প্রাপ্ত হয়, তাহা শ্রবণ কর, এই মত অর্জ্জুনকে সম্বোধন করিয়া ভগবান্ কহিয়াছেন যে, যাহা হইতে সকল ভূতের উৎপত্তি হয়, সর্ব্বভূত যদ্দ্বারা ব্যাপ্ত হইয়াছে এমত পরমেশ্বর হইতে স্ব স্ব বর্ণাশ্রমাদি কর্ম্ম দ্বারা তাঁহার আজ্ঞাপালনরূপ সম্মাননা করিয়া স্বস্ব কর্ম্মের ফল প্রাপ্ত হয়, এইমত পক্ষ স্বীকার করিলে পিতা প্রভৃতির, বা শ্রাদ্ধীয় দ্রব্যের, স্থানান্তরে গমন কল্পনা করিতে হয় না

অথ বা দেবদত্তাদিশব্দস্য যথা ন কেবলং দেহমাত্রং ন বা জীবমাত্রমর্থঃ কিন্তু তত্তদ্দেহাভিমানী জীবএবার্থঃ। তথা পিত্রাদিশব্দস্য উৎপাদকদেহাভিমানী কেবলং জীবোঽপি নার্থঃ কিন্তু বসুরুদ্রাদিত্যদেবাধিষ্ঠিততাদৃশজীব এবার্থঃ, বসবঃ পিতরো জ্ঞেয়া রুদ্রা জ্ঞেয়াঃ পিতামহাঃ। প্রপিতামহাশ্চাদিত্যাঃ শ্রুতিরেষা সনাতনী। প্রেতানুদ্দিশ্য যৎ কর্ম্ম ক্রিয়তে মানুষৈরিহ। তুষ্যন্তি দেবতাস্তেন ন প্রেতাঃ পিতরঃ স্মৃতা ইতি শ্রাদ্ধকল্পধৃতদেবলবচনে পিত্রাদিপদানাং পারিভাষিকত্বোক্তেঃ। প্রেতাঃ মৃতাঃ ন পিতরঃ ন কেবলাঃ পিতৃপদাভিধেয়াঃ কিন্তু তদধিষ্ঠিতবসব এব পিতৃপদাভিধেয়াস্ত এব তুষ্যন্তীত্যর্থঃ। অতএব শ্রাদ্ধকালে পিত্রাদীনাং তেন তেন রূপেণ ধ্যেয়তাঽগ্রেঽভিধাস্যমানোপপদ্যতে। এবঞ্চ বস্বাদিদেবানামিন্দ্রাদিবৎ বিশিষ্টশক্তিজ্ঞানসম্পন্নতয়া মন্ত্রমাত্রাবাহনে যাগাদাবিন্দ্রাদিবদাগমনমাগমনাচ্চ ত্যক্তদ্রব্যদর্শনমাত্রেণ তৃপ্তিঃ, ন বৈ দেবা অশ্নন্তি পিবন্তি এতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তীতি ছান্দোগ্যবাক্যাৎ।

অথবা যেমত দেবদত্তাদি নামের অর্থ কেবল দেহ বা চেতন নয়, কিন্তু তত্তদ্দেহাভিমানী জীবই অর্থ। ঐ মত পিতৃ শব্দাদির অর্থ কেবল জনক দেহ বা তদভিমানী জীব নয় কিন্তু বসুপ্রভৃতি দেবাধিষ্ঠিত জনকদেহাভিমানী জীবই অর্থ। শ্রাদ্ধকল্প গ্রন্থে দেবল বচনে এমত লিখিত আছে যে বসুসকলই পিতা, রুদ্রেরাই পিতামহ, আদিত্যেরাই প্রপিতামহ, এই বেদবাক্য, মৃত ব্যক্তিকে উদ্দেশ করিয়া মনুষ্যেরা যে কিছু কর্ম্ম করে তদ্দারা ঐ বসু প্রভৃতিরাই তৃপ্ত হন। যেহেতু কেবল মৃত ব্যক্তিই পিতৃ পদার্থ নয়। এই মত শাস্ত্রে পিতৃ শব্দাদির অর্থ কথিত আছে। অতএব বসু প্রভৃতিরাই তৃপ্ত হন। এই হেতু শ্রাদ্ধকালে পিতা প্রভৃতিকে বসু প্রভৃতি রূপে ধ্যান করিতে হয় তাহা অগ্রে দর্শিত হইবেক। ইহা হইলেই ইন্দ্রাদি দেবতার ন্যায় বসু প্রভৃতিরও বিশেষ জ্ঞান ও শক্তি থাকায় মন্ত্রমাত্র আবাহনে শ্রাদ্ধদেশে তাঁহাদের আসিতে শক্তি সম্ভব। এবং আগমন করিয়াই শ্রাদ্ধান্ন দর্শনমাত্রে তৃপ্ত হন, যে হেতু দেবতারা ভোজন বা পান করেন না দৃষ্টিমাত্রেই তৃপ্ত হন ইহা সামবেদের ছান্দগ্যোপনিষদে উক্ত আছে। এমতে বসুপ্রভৃতিরাও শ্রাদ্ধান্ন দর্শন মাত্রেই তৃপ্ত হন।

তৃপ্তানাঞ্চ তেষাং ফলদাতৃত্বং সহ যজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা পুরোবাচ প্রজাপতিঃ। অনেন প্রসবিষ্যধ্বমেষ বোঽস্ত্বিষ্টকামধুক্। দেবান্ ভাবয়তানেন তে দেবা ভাবয়ন্তু বঃ। পরস্পরং ভাবয়ন্তঃ শ্রেয়ঃ পরমবাপ্স্যথেতি প্রজাকৃতযজ্ঞেন তৃপ্তানাং দেবানাং যজমানফলদাতৃত্বস্য ভগবদ্গীতায়াং প্রজাঃ প্রজাপতিনোক্তত্বাৎ। অনেন যজ্ঞেন দেবান্ ভাবয়ত তর্পয়ত তে চ যজ্ঞতর্পিতা দেবা বো যুষ্মান্ ভাবয়ন্তু তর্পয়ন্ত্বিত্যর্থঃ। যজ্ঞপদঞ্চ কর্ম্মমাত্রোপলক্ষণম্। এবঞ্চ যথা কাচিৎ গর্ভিণী সুহৃদা দত্তং দোহদং ভুঞ্জানা স্বয়ং তৃপ্যতি স্বাশ্রয়ং গর্ভঞ্চ তর্পয়ন্তী দোহদদাতারমপ্যুপকরোতি তথা বস্বাদয়োঽপি শ্রাদ্ধান্নদর্শনমাত্রতৃপ্তাঃ স্বাধিষ্ঠিতপিত্রাদিপুরুষান্ তর্পয়ন্তঃ শ্রাদ্ধকর্ত্তুরপীষ্টদাতারো ভবন্তি। প্রাগুক্তবচনজাতেষপি মন্ত্রশক্ত্যান্নাদের্দ্দেশান্তরনয়নকথনমপি স্বস্বকর্ম্মানুসারেণ পশ্বাদিভাবাপন্নপিত্রাদীনাং তদুপভোগযোগ্যান্নাদিতুল্যতৃপ্তির্বস্বাদিকৃতা তদ্দিনে ভবতীত্যেতৎপরত্ব শ্রাদ্ধপ্রশংসাপরত্বয়োঃ কল্পনে ন তদ্বৈয়র্থ্যম্।

দেবতারা তৃপ্ত হইলেই তত্তৎফল দিতে পারেন। প্রজাপতি, প্রজা ও যজ্ঞ সৃষ্টি করিয়া উপদেশ দিয়াছেন যে, এই যজ্ঞ দ্বারা তোমরা উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হও, যজ্ঞই তোমাদের ফলদাতা হউক। এই যজ্ঞ দ্বারা তোমরা দেবতাদিকে তুষ্ট করহ দেবতারাও ঐ যজ্ঞ দ্বারা তৃপ্ত হইয়া তোমাদের ফলদাতা হউন। এই মত পরস্পর উপকার করত ক্রমে পরম শ্রেয়ঃ প্রাপ্ত হও, এই মত ভগবদ্গীতায কথিত আছে। এ বচনে কর্ম্ম মাত্রই যজ্ঞ শব্দের অর্থ। যেমত গর্ভিণী বন্ধুদত্ত অভিলষণীয় বস্তু ভোগ করিয়া স্বয়ং তৃপ্ত হওত আপন গর্ভকেও পরিতৃপ্ত করে এবং ভোগ্যদ্রব্যদাতারও উপকারাদি করে এইমত বসু প্রভৃতিরাও শ্রাদ্ধদ্রব্য দর্শন মাত্রে তৃপ্ত হওত স্বাধিষ্ঠিত পিতা প্রভৃতিকে তৃপ্ত করাইয়া শ্রাদ্ধকর্ত্তারও অভীষ্ট দেন। পূর্ব্বোক্ত মার্কণ্ডেয় বাক্যের এই অভিপ্রায় যে শ্রাদ্ধান্ন দ্বারা পরিতৃপ্ত বসু প্রভৃতিরা, স্বস্বকর্ম্মানুসারে পশু প্রভৃতি জন্ম প্রাপ্ত পিতা প্রভৃতিকে শ্রাদ্ধ দিনে স্ব স্ব ভোগযোগ্যান্ন দ্বারা পরিতোষিত করেন। ইহা হইলে দৃষ্টরুদ্ধ কোন কল্পনা হয় না এবং বচনেরও শ্রাদ্ধের প্রশংসাপরতাহেতু বৈয়র্থ্য হয় না।

যত্র চ কাশ্যাদিমরণেন পিত্রাদীনাং মুক্তত্বম্ তত্র বস্বাদিমাত্রস্যৈব তৃপ্তির্ন্ন বিশিষ্টস্য, বিশেষণস্যাসত্ত্বে বিশেষ্যস্যৈব বিশিষ্টকার্য্যকারিত্বাৎ কুণ্ডলবিশিষ্টস্য নরস্য কুণ্ডলাপগমেঽপি মনুষ্যকর্ম্মকারিত্বাব্যাহতিবৎ। তথা চ তএব তৃপ্তা বিশিষ্টফলংদদ্যুরিতি সিদ্ধা শ্রাদ্ধস্যার্থবত্ত্বোপপত্তিঃ।

এবং শ্রাদ্ধস্য সফলত্বে সমর্থিতে তৎফলবিশেষাঃ শ্রাদ্ধকল্পাদৌ দর্শিতা অভিধীয়ন্তে। তত্রৈব ব্যাসঃ শ্রাদ্ধাৎ পরতরং নাস্তি শ্রেয়স্করমুদাহৃতম্। তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন শ্রাদ্ধং কুর্য্যাদ্বিচক্ষণঃ। দেবলোঽপি। অরোগী প্রকৃতিস্থশ্চ চিরায়ুঃ পুত্রপৌত্রবান্। অর্থবানর্থভোজী চ শ্রাদ্ধকারী ভবেদিহ। পরত্র চ পরাং তুষ্টিং লোকাংশ্চ বিবিধান্ শুভান্। শ্রাদ্ধকৃৎ সমবাপ্নোতি যশশ্চ বিপুলং নর ইতি। মার্কণ্ডেয়ঃ। পিতা পিতামহশ্চৈব তথৈব প্রপিতামহঃ। পিণ্ডসম্বন্ধিনো হ্যেতে বিজ্ঞেয়াঃ পুরুষাস্ত্রয়ঃ। লেপসংবন্ধিনশ্চান্যে পিতামহপিতামহাৎ। প্রভৃত্যুক্তাস্ত্রয়স্তেষাং যজমানশ্চ সপ্তমঃ।

যে স্থলে পিতা প্রভৃতিরা কাশী প্রভৃতি তীর্থে মৃত হইয়া মুক্ত হইয়াছেন সে স্থলে অধিষ্ঠান পিতা প্রভৃতি না থাকিলেও কেবল বসু প্রভৃতিরাই তৃপ্ত হইয়া অভীষ্ট দেন। কোন বিশিষ্ট পদার্থের বিশেষণ না থাকিলেও কেবল বিশেষ্যই তৎকর্ম্ম সম্পন্ন করে যেমত কুণ্ডল বিশিষ্ট মনুষ্যের কুণ্ডল না থাকিলেও মনুষ্যের কার্য্যে ব্যাঘাত হয় না। এই রূপে শ্রাদ্ধের সাফল্য উপপন্ন হইল।

এক্ষণে শ্রাদ্ধকল্পাদি গ্রন্থানুসারে শ্রাদ্ধের ফল বিশেষ রূপে কহিতেছি। শ্রাদ্ধ হইতে উৎকৃষ্ট শ্রেয়স্কর কোন কর্ম্ম নাই এই হেতু বহু প্রযত্নে শ্রাদ্ধ করিবে, এই মত ব্যাস কহিয়াছেন। দেবলও কহিয়াছেন, শ্রাদ্ধকারী ব্যক্তি অরোগী, স্বভাবস্থ, দীর্ঘায়ুঃ, পুত্র পৌত্রাদি সন্তান যুক্ত, ধনবান্ এবং ভোগ্যভোক্তা হয়, অর্থাৎ ঐ সকল ঐহিক ফল এবং পরকালে পরম সন্তোষ নানা স্বর্গাদি এবং ইহলোকে যশও প্রাপ্ত হয়। মার্কণ্ডেয় কহিয়াছেন পিতা পিতামহ এবং প্রপিতামহ এই তিন পুরুষ পিণ্ড পাইবার যোগ্য, বৃদ্ধ প্রপিতামহ প্রভৃতি তিন পুরুষ পিণ্ডের অবশিষ্টান্নরূপ লেপ ভোগ করেন শ্রাদ্ধকর্ত্তা তাহা অপেক্ষা সপ্তম পুরুষ, নীচ শ্রেণীস্থ হয়।

তথান্যে পূর্ব্বজাঃ স্বর্গে যে চান্যে নরকৌকসঃ। যে চ তির্য্যক্ত্বমাপন্না যে চ ভূতাদিসংস্থিতাঃ। তান্ সর্ব্বান্ যজমানো বৈ শ্রাদ্ধং কুর্ব্বন্ যথাবিধি। সমাপ্যাযযতে তান্ স যেন যেন শৃণুষ্ব তৎ। অন্ন-বিক্ষেপণং যত্তু মনুষ্যৈঃ ক্রিয়তে ভুবি। তেন তৃপ্তিমুপাযান্তি যে পিশাচত্বমাগতাঃ। যদম্বু স্নান-বস্ত্রোত্থং ভূমৌ পততি পুত্রক। তেন যে তরুতাং প্রাপ্তাস্তেষাং তৃপ্তিঃ প্রজায়তে। যাস্তু গন্ধাদিক-ণিকাঃ পতন্তি ধরণীতলে। তাভিরাপ্যায়নং তেষাং যে দেবত্বং কুলে গতাঃ। উদ্ধৃতেষু চ পিণ্ডেষু যাশ্চান্ন কণিকা ভুবি। তাভিরাপ্যায়নং তেষাং যে তির্য্যক্ত্বং কুলে গতাঃ। যে চাদন্তাঃ কুলে বালাঃ ক্রিয়াঽযোগ্যাস্ত্ব-সংস্কৃতাঃ। বিপন্নাস্তে তু বিকিরসংমার্জ্জনজলাশিনঃ। ভুক্তান্নাচমনং যচ্চ জলং যদঙ্ঘ্রিসেচনে। ব্রাহ্মণানাং তথৈবান্যে তেন তৃপ্তিং প্রয়ান্তি বৈ। তেনানেককুলে তত্র তত্তদ্যোন্যন্তরং গতাঃ। প্রযান্ত্যাপ্যায়নং বৎস সম্যক্ শ্রাদ্ধক্রিয়াবতাম্॥ যথা গোষ্বেত্যাদি (১০ পৃ০) পূর্ব্ববৎ।

ইহা হইতে অতিরিক্ত অর্থাৎ অষ্টমাবধি ঊৰ্দ্ধ শ্রেণীস্থ পুরুষেরা স্বস্বকর্ম্মানুসারে স্বর্গে বা নরকে যাহারা বাস করিতেছেন অথবা পশুযোনি বা অন্য কোন প্রাণী হইয়াছেন, শ্রাদ্ধকর্ত্তা যথাবিধি শ্রাদ্ধ করত ঐ সকলকে পরিতৃপ্ত করে। তন্মধ্যে যে যে জন্ম প্রাপ্তকে যে যে মতে তৃপ্ত করে তাহা শ্রবণ কর। পিশাচতা প্রাপ্ত পূৰ্ব্ব পুরুষকে, শ্রাদ্ধশেষে যে অন্ন বিক্ষেপ করে তদ্দ্বারা পরিতৃপ্ত করে। এবং তরু ভাবাপন্নকে, স্নান বস্ত্র ক্ষরিত ভূমিপতিত জল দ্বারা, দেব ভাবাপন্নকে, শ্রাদ্ধকালে ভূমিতে পতিত গন্ধকণাদি দ্বারা, পশুযোনি প্রাপ্তকে, পিণ্ড উত্তোলন কালে যে অন্ন ভূমিতে পতিত হয় তদ্দ্বারা, কুলজাত যে ব্যক্তি দন্ত জননের পূর্ব্বে, অথবা দাহাদি ক্রিয়ার অযোগ্য অবস্থায় অর্থাৎ ২১ মাসের মধ্যে, অথবা চূড়াদিসংস্কার না হইয়া মৃত হইয়াছে, তাহাদিগকে শ্রাদ্ধকালে বিক্ষিপ্ত জল দ্বারা, ইহা ভিন্ন যে কোন যোনি প্রাপ্ত পুরুষদিগকে শ্রাদ্ধীয় ব্রাহ্মণ পাদ ধৌত জল দ্বারা, এবং তদ্ভোজনোত্তর আচমনীয় জল দ্বারা, পরিতৃপ্ত করে। যথা (গোমু) ইত্যাদির অনুবাদ ১১ পৃষ্ঠায় প্রদর্শিত হইয়াছে তদ্দ্বারাও শ্রাদ্ধেরই প্রশংসা ইহা বর্ণিত হইয়াছে।

এবং শ্রাদ্ধস্য ফলবিশেষে স্থিতে ইদানীম্ গয়াশ্রাদ্ধ ফলং কিংনিষ্ঠমিতি বিবেচ্যতে। যন্নাম্না পাতয়েৎ পিণ্ডমিত্যাদিপ্রাগুক্তবচনজাতাৎ পুত্রাদিকৃতশ্রাদ্ধাৎ তদুদ্দেশ্যপিত্রাদিগতং নরকনিবৃত্তিব্রহ্মলোকবাপ্ত্যাদিফলমবগম্যতে তন্নোপপদ্যতে। তথা হি সর্ব্বো হি লোকঃ স্বেষ্টসাধনে কর্ম্মণি প্রবর্ত্ততে প্রবৃত্ত্যা চ তত্তদিষ্টসাধনং বস্তু সাধয়তি ইত্যেবং নিয়মে স্থিতে বৈদিককর্ম্মণ্যপি তথৈব স্বাভীষ্টফলবত্যেব প্রবৃত্তিরুচিতা নান্যগামিফলে। এবং শাস্ত্রদেশিতং ফলমনুষ্ঠাতর্য্যেব কর্ম্মভির্জ্জন্যতে শাস্ত্রীয়ং ফলং প্রয়োক্তরি তল্লক্ষণত্বাদিতি জৈমিনীয়ন্যায়াৎ। অন্যকর্ত্তৃকক্রিয়য়াঽন্যদীয়ফলজননেঽতিপ্রসঙ্গঃ স্যাৎ। ততশ্চ পুত্রাদিকৃতশ্রাদ্ধাত্ কথং পিত্রাদেরুদ্ধারাদিসম্ভবঃ তস্য শ্রাদ্ধাদ্যকর্ত্তৃত্বাৎ ইত্যেবং প্রাপ্তে

এই প্রকার সামান্য শ্রাদ্ধের ফল কথিত হইল, এক্ষণে গয়াশ্রাদ্ধের ফল কাহার হয় তাহা বিবেচ্য হইয়াছে। পূর্ব্বোক্ত বচন দ্বারা অবগত হইয়াছে যে, যাহার নামোল্লেখে গয়ায় পিণ্ডদান করে তাহার উদ্ধার হয়। ইহাতে পুত্রাদিকৃত শ্রাদ্ধদ্বারা শ্রাদ্ধের উদ্দিশ্য পিতা প্রভৃতির উদ্ধার হয়. ইহা কল্পনা করিতে হইবেক। কিন্তু তাহা কোন মতে উপপন্ন হয় না। যে হেতু সকল লোকই স্বস্ব অভীষ্ট বস্তু সাধনেই প্রবৃত্ত হইয়া ঐ অভীষ্ট বস্তু সাধন সম্পন্ন করে। এই নিয়ম থাকিলে ঐ প্রকার স্বাভীষ্টফল বিশিষ্ট বেদাদিবিহিত কর্ম্মেও প্রবৃত্ত হওয়া উচিত। অন্যদীয় ফলসাধনে কাহারও প্রবৃত্তি হয় না। এবং শাস্ত্রানুসারিকর্ম্মানুষ্ঠানে ঐ কর্ম্মকর্ত্তাতে ঐ শাস্ত্রোক্ত ফল হয়, ইহা জৈমিনীয় মীমাংসাতেও প্রতিপন্ন আছে। তিনি কহিয়াছেন শাস্ত্রীয় ফল তৎসাধন কর্ম্মানুষ্ঠাতারই হয়, যে হেতু শাস্ত্র সকলে কর্ত্তারই ফলসাধনার্থে সকল কর্ম্ম বিহিত হইয়াছে। যদি অন্যের কর্ম্ম দ্বারা অন্যের ফল হয় তাহা হইলে সকল অনিয়ম হয়। সুতরাং পুত্রাদিকৃত শ্রাদ্ধ দ্বারা পিতা প্রভৃতির কি মতে উদ্ধার হইবেক, যে হেতু তাঁহারা শ্রাদ্ধের কর্ত্তা নহেন। এই আপত্তি হইলে

উচ্যতে। যস্মিন্ জাতে এতামিষ্টিং নির্বপতি পূতএব স ইত্যাদিবেদবচনাৎ জৈমিনীয়ন্যায়স্য জাতেষ্ট্যাদিভিন্ন বিষয়কত্বং যথা কল্প্যতে। তথা চ পিত্রাদিকৃতজাতে-ষ্ট্যাদিদ্বারা অন্নাশনাদিসংস্কারদ্বারা চ যথা তত্রাকর্ত্তর্য্য-পি পুত্রে ফলমুৎপদ্যতে এবং গয়াদিশ্রাদ্ধকর্ত্তুরুদ্দেশ্য-স্যাকর্ত্তুরপি উদ্ধারাদিফলসম্বন্ধঃ নানাপুরাণবচনবলাদ-পি সম্ভবতি ফলসংযোগস্ত্বনোদিতে ন স্যাদশেষভুত-ত্বাদিতি জৈমিনীয় ন্যায়ান্তরেণ বিধিবিশেষেণৈব ফল-বিশেষসম্বন্ধ ইত্যুক্তত্বাৎ। তথা চ প্রাগুক্তাতিপ্রসঙ্গস্য শাস্ত্রাতিরিক্তবিষয়ত্বমিতি কল্প্যতে নাস্তি বচনস্যা-তিভার ইতি ন্যায়াৎ বাচনিকেঽর্থে ন্যায়ানবতারাদিতি ন্যায়াচ্চ। তত্র বচনাচ্চোভয়গতফলসাধনতা জাতে-ষ্ট্যাদিবৎ।

ইহাতে এই সমাধা যেমত পুত্র জন্মাইলে পিতা জাতেষ্টি নামে যজ্ঞ করিলে ঐ পুত্র পবিত্র হয় এবং যেমত অন্নাশনাদি সংস্কার করিলে পুত্র পবিত্র হয় ঐ স্থলে অন্যকৃত কর্ম্মদ্বারা অন্যের পবিত্রতাদি ফল হয় ইহা বেদাদি শাস্ত্রে উক্ত আছে সুতরাং ঐ বেদাদি শাস্ত্রদ্বারা জৈমিনি মীমাংসিত ন্যায়ে ও তদ্ভিন্ন বিষয়ে প্রবৃত্তি হয় ইহা কল্পনা করিতে হইবে। এইমত গয়াশ্রাদ্ধের ফলও পিত্রাদিগত হয় এমত শাস্ত্র থাকাতে ঐ ন্যায়ের এতদ্ভিন্ন-বিষয়তা কল্পাইতে হইবেক। ফলসংবন্ধ, বিধানানুসারে হয় যেহেতু ফলই প্রধান হইয়াছে অর্থাৎ যাহার ফল শাস্ত্রে কথিত হয় তাহারি ফল হয় ইহা জৈমিনিই অন্য স্থানে কহিয়াছেন সুতরাং তাঁহার এই বচন দ্বারা পূর্ব্ব মীমাংসিত ন্যায়টি শাস্ত্রাবোধিতবিষয় পর ইহা কল্পনা করিতে হইবেক। এবং বাচনিক অর্থে অন্য ন্যায়ও প্রচার করিতে পারে না বচনের কোন দুঃসাধ্য নাই সকল পদার্থই কহিতে পারেন এই মত অন্য ন্যায়ও আছে। অতএব শাস্ত্রদ্বারা উভয়েরই ফল হয় অর্থাৎ জাতেষ্টি স্থলে যেমত পুত্রের পবিত্রতা ও পিতার কর্ত্তব্যানুষ্ঠানে প্রত্যবায় পরিহার হয় এইমত গয়াশ্রাদ্ধেও পিতার উদ্ধার ও পুত্রের প্রত্যবায় পরিহার হয়।

তচ্চ ফলং পুণ্যবিশেষস্তজ্জন্যনরকাদুদ্ধারো বেত্যন্যদেতৎ। মীমাংসাদাবেবৈতদ্বিবেচিতমিত্যুপরম্যতে। কাশ্যাদিস্মৃতপিতৃকগয়াশ্রাদ্ধস্য তু কর্ত্তব্যৈবাকরণনিবন্ধন প্রত্যবায়পরিহারমাত্রং সতি কামে বিশিষ্টসন্তানশ্চ ফলম্ গয়ায়াং পিণ্ডদানেন পিতৃণামনৃণো ভবেদিত্যাদিবচনে পিত্রৃণাপাকরণস্যাবশ্যকতয়া তদকরণে প্রত্যবায়বোধনাৎ গয়াভিগমনং কর্ত্তুং যঃ শক্তো নাভিগচ্ছতি। শোচন্তি পিতরস্তস্য বৃথা তস্য পরিশ্রম ইতি কূর্ম্মপুরাণীয়েন সমর্থস্য গয়াঽকরণে বৃথাজন্মতোক্তেঃ জীবতো র্বাক্যকরণাৎ প্রত্যব্দং ভূরিভোজনাৎ। গয়ায়াং পিণ্ডদানাচ্চ ত্রিভিঃ পুত্রস্য পুত্রতেত্যাদিবচনে গয়াশ্রাদ্ধাদি করণেনৈব পুত্রকার্য্যকারিতয়া পুত্রত্বসিদ্ধ্যুক্তেশ্চ

ঐ গয়াশ্রাদ্ধের ফল পুণ্যবিশেষ অথবা তজ্জন্য নরকাদি নিবৃত্তি, বা ব্রহ্মলোকপ্রাপ্তি হয়, ইহার বিবেচনা এগ্রন্থে আবশ্যক নয়। ইহা মীমাংসাদি শাস্ত্রেই বর্ণিত হইয়াছে যে আশুবিনাশি কর্ম্ম, পুণ্যাদিব্যাপারকে মধ্যে দ্বার না করিয়া ফলদানে সমর্থ হয় না, সুতরাং তদনুসারে এস্থলেও কল্পাইবে। মোক্ষদায়ি-কাশ্যাদি তীর্থে মৃত ব্যক্তির উদ্দেশে গয়া করিলে উদ্দেশ্য পিতা প্রভৃতি মুক্ত হইবায় উদ্দেশ্যের উদ্ধারাদি হয় না কেবল কর্ত্তারই প্রত্যবায় পরিহারমাত্র হয়। যদি কামনা থাকে তবে বিশিষ্ট সন্তানরূপ ফলও হয়। গয়াপিণ্ডদানদ্বারা পিতৃঋণশোধন হয় এই মত শাস্ত্রে উক্ত আছে। ঋণশোধন অবশ্যকর্ত্তব্য। অবশ্যকর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠান না করিলে প্রত্যবায় হয়। এবং গয়াগমনে শক্ত ব্যক্তি যদি গয়া না যায়, তবে পিতারা তাহাকে উদ্দেশ করিয়া এই শোক করে যে এই পুত্রের সকল কর্ম্ম বৃথা পরিশ্রমমাত্র কোন কর্ম্ম সফল নহে। এইমত কূর্ম্ম পুরাণবাক্যে সমর্থব্যক্তির গয়ায় অগমনে বৃথা জন্ম কথিত হইয়াছে। জীবৎ পিতা ও মাতার বাক্য পালনে এবং প্রতি বৎসর মৃতদিবসে অনেক ব্যক্তি ভোজনে এবং গয়ায় পিণ্ডদানেই পুত্রের পুত্রতা হয় ঋণশোধ না করিলে পাপ হয়।

তেন গয়াশ্রাদ্ধং নিত্যমতএব যথাশক্তি অনুষ্ঠেয়ং নিত্যে যথা শক্নুয়াদিতি ন্যায়াৎ। তত্রাপি সকৃৎকরণমেব নিত্যং তাবতৈব শাস্ত্রার্থসিদ্ধেঃ সকৃৎকৃতে কৃতঃ শাস্ত্রার্থ ইতি ন্যায়াৎ আবৃত্তিবোধকবীপ্সাদ্যভাবাচ্চ জন্মতিথ্যাদিবন্ন পুনঃকরণাবশ্যকতা। পুনঃ করণে তু ফলাধিক্যং যো ভূয় আরভতে তস্য ফলে বিশেষ ইতি ন্যায়াৎ সকৃদ্গয়াভিগমনং সকৃৎপিণ্ডপ্রপাতনমিত্যাদিবাক্যমপ্যাদ্যস্যৈবাবশ্যকত্বার্থং ন তু দ্বিতীয়াদের্নিরাসার্থমপি পরিসংখ্যাপত্তেঃ। তত্রাপি প্রথমযাত্রায়াং যেষাং প্রেতত্বনিবারণার্থং প্রেতশিলায়াং পিণ্ডদানভাণ্ডস্ফোটনে কৃতে তেষাং দ্বিতীয়যাত্রায়াং তত্র তে ন কার্য্যে ইত্যেব বিশেষঃ। প্রথমযাত্রানন্তরমৃতানান্ত দ্বিতীয়যাত্রায়াং তে অপি কার্য্যে। অন্যৎ সর্ব্বং সর্ব্বাস্বপি যাত্রাসু সমানম্।

এইরূপে অকরণে প্রত্যবায় থাকায় গয়াশ্রাদ্ধ নিত্য, অতএব যথাশক্তি অনুষ্ঠান করিতে পারে নিত্যকর্ম্ম যথাশক্তি অনুষ্ঠান করিলেই প্রত্যবায় পরিহার রূপ ফল হয়। তাহাতে একবার গয়া করাই নিত্য তাহাতেই শাস্ত্রাজ্ঞা পালন করা হয়। একবার অনুষ্ঠানেই শাস্ত্র পালন করা হয় ইহা মীমাংসিত আছে। যেমত জন্ম-তিথি পূজা বর্ষে বর্ষে করিতে হয় এমত তাহা বারংবার করিবে এমত শাস্ত্র নাই। তবে যে ব্যক্তি বারংবার অনুষ্ঠান করে তাহার ফল বিশেষ হয়। একবার গয়া গমন করিবে এবং একবার পিণ্ডদান করিবে এমত যে প্রাগুক্ত বচন সকল আছে তাহার তাৎপর্য্য প্রথম যা-ত্রাতেই পুর্ব্বোক্ত ফল হয় এমতে তাহারি আবশ্যকতা। নতুবা সে শাস্ত্র দ্বিতীয় যাত্রার নিষেধক নহে তাহা হইলে ঐ শাস্ত্র দ্বিতীয়গমন নিষেধক এই নিয়মপরতা কল্পনা করিতে হয় তাহাতে শ্রুতার্থ ত্যাগ ও অশ্রু-তার্থ কল্পনা প্রভৃতি দোষ হয়। ইহাতে এই বিশেষ দ্বিতীয়বারে প্রেতশিলায় পিণ্ডদান ও ভাণ্ডস্ফোটন যাহার পূর্ব্বে করিয়াছে তাহার পুনর্ব্বার করিতে হয় না। কিন্তু প্রথম যাত্রার পর মৃত ব্যক্তির তাহাও করিতে হয়। অন্য সকল কর্ম্ম সর্ব্ব যাত্রাতেই সমানরূপে করিতে হয়।

তস্মাদমুক্তে পিত্রাদৌ নরকোদ্ধারাদি যথাযথং ফলং মুক্তে তু তস্মিন্ পুত্রাদেঃ প্রত্যবায়াভাবঃ সত্যাঞ্চ কামনায়াং বিশিষ্টসন্তানাদি পুত্রাদিগতং ফলং ভবতীতি সিদ্ধম্।

অত্রেদং বিবেচ্যতে। প্রাগুক্তপুরাণাদিবচনেষু গয়াশ্রাদ্ধস্য পিত্রাদ্যুদ্ধারঃ প্রত্যবায়পরিহারঃ পুত্রাবাপ্তিশ্চ ফলত্বেন শ্রূয়তে তত্র গয়াশ্রাদ্ধপ্রবৃত্তৌ কিং প্রযোজকং কিমেকৈকমুভয়ং ত্রিতয়ং বেতি সন্দেহে ত্রিতয়স্যৈব প্রযোজকতা তত্র কামনাভেদাদেকস্য মুখ্যফলতাঽপরযোর্দ্বারতাপ্রাসঙ্গিকতা বা তথাচ যদা পিত্রাদ্যুদ্ধরার্থিনা গয়াশ্রাদ্ধং ক্রিয়তে তদা তদেব মুখ্যং ফলং তৎপ্রবৃত্তৌ প্রযোজকং প্রত্যবায়পরিহারঃ পুত্রোৎপত্তিশ্চ তত্র প্রাসঙ্গিকৌ অন্যার্থদীপস্যানুদ্দেশ্যপ্রকাশনবৎ যদা তু পুত্রার্থিনা তদনুষ্ঠীয়তে তদা পুত্রোৎপত্তিরেব মুখ্যং ফলং পিত্রাদ্যুদ্ধারস্তু তত্র দ্বারমিত্যেব সিদ্ধান্তঃ।

অতএব গয়াশ্রাদ্ধে পিতার নরকোদ্ধার হইয়া ব্রহ্ম-লোক প্রাপ্তি হয়। পিতা মুক্ত হইলে পুত্রেরি প্রত্যবায় পরিহার হয় কামনা থাকিলে বিশিষ্ট সন্তানও হয়।

পূর্ব্বোক্ত বচনদ্বারা কথিত হইয়াছে যে, পিতা প্রভৃতির উদ্ধারাদি এবং পুত্রের প্রত্যবায় পরিহার, কামনামতে সন্তান লাভ এই তিন গয়াশ্রাদ্ধের ফল। তাহাতে গয়াশ্রাদ্ধে প্রবৃত্তি প্রয়োজক কোন ফল অর্থাৎ কোন ফলোদ্দেশে গয়াশ্রাদ্ধ করিতে প্রবৃত্তি হয় কি এক এক ফল, বা সমুদয় ফল, এই সন্দেহ হইলে উক্ত তিন ফলোদ্দেশই গয়াশ্রাদ্ধে প্রবৃত্তি হয় এই সিদ্ধান্ত। কিন্তু কামনাবিশেষে ফলবিশেষ হয় অর্থাৎ যখন পিতার উদ্ধার কামনায় গয়াশ্রাদ্ধ করে তখন তাহাই মুখ্যফল, প্রত্যবায় পরিহার, ও উত্তম পুত্র প্রাপ্তি, প্রাসঙ্গিক ফল যেমত অন্য প্রয়োজনে আনীত দীপদ্বারা অনুদ্দেশ্যেরও প্রকাশ হয় ঐমত প্রসঙ্গতঃ অনুদ্দিষ্ট ফলও হয়। যখন প্রত্যবায় পরিহারেচ্ছায় কর্ম্ম করে তখন তাহাই মুখ্য-ফল পিতার উদ্ধার তাহার দ্বার হয় এবং সন্তান লাভ, প্রাসঙ্গিক ফল। এবং যখন পুত্রকামনায় গয়াশ্রাদ্ধ করে তখন তাহাই মুখ্য ফল পিতার উদ্ধার তাহাতে দ্বার প্রত্যবায় পরিহার প্রাসঙ্গিক ফল।

এবং পিত্রাদ্যুদ্ধারস্য ফলত্বে স্থিতেঽধুনা তত্রেদং বিচার্য্যতে। উদ্ধারো নাম স্বাপেক্ষয়োৎকৃষ্টস্থানাদিনয়নং তচ্চ প্রকৃতে নারকীয়দেহবিগমানন্তরং দেবাদিদেহপ্রাপ্তিরূপং তচ্চ ন সম্ভবতি নারকীয়াদিদেহাদেঃ স্বস্বকর্ম্মণারব্ধতয়া কারণসত্ত্বে বিগমাসম্ভবাৎ তৎকর্ম্মণাং চ ভোগেনৈব নাশ্যত্বাৎ নাভুক্তং ক্ষীয়তে কর্ম্ম কল্পকোটিশতৈরপীত্যাদ্যাগমাৎ। ততশ্চ তদ্দেহনাশঃ স্বারম্ভককর্ম্মনাশ এব নান্যথা। তথাচ গয়াশ্রাদ্ধাদিনা কথমুদ্ধারসম্ভবঃ।

এই প্রকারে পিতা প্রভৃতির উদ্ধার গয়াশ্রাদ্ধের ফল ইহা সিদ্ধান্ত সিদ্ধ হইলে এক্ষণে এই বিচার্য্য হইয়াছে যে স্বাধিষ্ঠিত স্থান হইতে উৎকৃষ্ট স্থান লওয়াকে উদ্ধার বলে এস্থলে নারকীয় দেহ বিয়োগের পর স্বর্গীয় দেহ প্রাপ্তিকেই উদ্ধার বলা উচিত। কিন্তু তাহা অসম্ভব, যে হেতু স্বস্বকর্ম্মানুসারে জীব মরণের পর নারকীয় প্রভৃতি দেহ প্রাপ্ত হয় এমতে ঐ কর্ম্মের ফল আরব্ধ হইয়াছে যে কর্ম্মের ফল আরব্ধ হয় তাহা ভোগ ব্যতিরেকে ব্রহ্মার দিন (অর্থাৎ সত্য ত্রেতা দ্বাপর কলিরূপ চতুর্যুগ কালকে সহস্র গুণিত করিলে ব্রহ্মার এক দিন হয়), তাহার এককোটি শত কালেও ঐ কর্ম্ম নষ্ট হয় না ইহা শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে, সুতরাং নারকীয়াদি দেহের আরম্ভক পাপও প্রারব্ধ কর্ম্ম হইয়াছে তাহার নাশ না হইলে কি রূপে তদারব্ধ দেহের বিগম হইবে, কারণ থাকিলে কার্য্যের নাশ কোনমতে হয় না এমত নিয়ম আছে। সুতরাং স্বস্ব কর্ম্ম নষ্ট হইলেই তত্তৎকর্ম্ম আরব্ধ দেহাদিরও নাশ সুতরাংই হইবে। তদ্ব্যতিরেকে গয়াশ্রাদ্ধ দ্বারা ঐ প্রারব্ধ কর্ম্ম সত্ত্বে কি প্রকারে উদ্ধার সম্ভব।

প্রারব্ধকর্ম্মণাঞ্চ ভোগাদেব ক্ষয়ে সতি গয়াশ্রাদ্ধেনো-দ্ধারো জননীয় ইতি কল্পনাপি ন যুক্তা ভোগাদেব কর্ম্ম ক্ষয়ে কল্প্যে গয়াশ্রাদ্ধবৈফল্যাপত্তেঃ। ইত্যেবং স্থিতে

উচ্যতে কর্ম্মবিপাকোক্তদানাদিনা প্রারব্ধকর্ম্মক্ষয়-দ্বারা যথা রোগনাশকল্পনা তথা প্রকৃতেঽপি গয়া-শ্রাদ্ধাদিনা প্রারব্ধক্ষয়নাশদ্বারৈব উদ্ধারকল্পনা নাভু-ক্তং ক্ষীয়তে ইত্যাদিবাক্যস্থ তু বলবদ্বাচনিকপ্রতি-বন্ধকাভাব এব প্রবৃত্তেঃ প্রকৃতে চ বলবদ্বাক্যস্যৈব প্রতিবন্ধকস্য তদা সত্ত্বেনাপ্রবৃত্তেঃ নহি বচনস্যাতিভার ইতি ন্যায়াৎ তথাচ গয়াশ্রাদ্ধস্যৈব প্রারব্ধক্ষয়জনকপুণ্য বিশেষজনকতা কর্ম্মবিপাকোক্তদানাদিবদেব কল্প্যতে ইতি ন কশ্চিদ্বিরোধঃ।

যদি এমত কল্পনা করা যায় যে গয়াশ্রাদ্ধদ্বারা পুণ্য বিশেষ মাত্র হয়। পরে নারকীয় দেহারম্ভক কর্ম্ম ভোগ দ্বারা নষ্ট হইলে উদ্ধার হইবে। তাহাও অসঙ্গত, তাহাতে গয়াশ্রাদ্ধের ফল কি স্ব স্ব আরম্ভক কর্ম্ম নষ্ট হইলেই স্বকারণ না থাকাতে নারকীয় দেহের সুতরাং বিয়োগ হইবে, তাহাতে গয়াশ্রাদ্ধের কি মহিমা রহিল।

এপ্রকার আপত্তি হইলে ইহাতে এই সমাধা যেমত কর্ম্মবিপাক শাস্ত্রে উক্ত দানদ্বারা প্রারব্ধ কর্ম্মেরও নাশ হইয়া রোগ নিবারণ হয়, ঐমত গয়াশ্রাদ্ধ দ্বারাও প্রারব্ধ কর্ম্মের নাশ হয়। সে স্থলে যেমত প্রারব্ধকর্ম্মের নাশ-সূচক রোগ নিবারণ বিষয়ে শাস্ত্র আছে, এমত গয়া-শ্রাদ্ধেও তৎকালেই উদ্ধার হয় এমত অনেক শাস্ত্র আছে। অতএব আরব্ধ কর্ম্মের ভোগ ব্যতিরেকে নাশ হয় না এমত বোধক শাস্ত্রের অবশ্য তন্নাশবোধক শাস্ত্রান্তর না থাকিলেই প্রবৃত্তি হয় ইহা কল্পনা করিতে হইবেক। শাস্ত্রের কিছু অসাধ্য নাই সকলি বিধান করিতে পারেন। 'শাস্ত্র বিহিত বিষয়ে সংশয় অকর্ত্তব্য। অতএব কর্ম্মবিপাকোক্ত দানাদির ন্যায় গয়াশ্রাদ্ধও প্রারব্ধ কর্ম্ম নষ্ট করিয়া স্বকার্য্য করিবে ইহাতে সন্দেহ নাই সুতরাং গয়াশ্রাদ্ধ সফল হইল।

কিঞ্চ ভোগাদেব প্রারব্ধকর্ম্মক্ষয়াদনন্তরমুদ্ধারকল্পনেঽপি ন গয়াশ্রাদ্ধবৈফল্যং পাপবিশেষৈরেকৈকযোনিষ্বনেকাবৃত্তিশ্রবণাৎ ফলোন্মুখানামিতরেষামনারব্ধ ফলানাং কর্ম্মণাঞ্চ গয়াশ্রাদ্ধনাশ্যতা।

অসতি চ নারকীয়াদ্যারম্ভকে পাপে উদ্ধারস্য ব্রহ্মলোকাবাপ্তিরূপতৈব। স্বকর্ম্মানুসারেণ তল্লোকপ্রাপ্তেরপি পূর্ব্বং বৃত্তত্বে তু পুত্রনিষ্ঠঃ প্রত্যবায়পরিহার এব ফলং মুক্তাত্মপিত্রাদৌ তথাকল্পনস্য পূর্ব্বমুক্তত্বাৎ তথৈবাত্র কল্পনৌচিত্যাৎ।

অথ গয়াশ্রাদ্ধাধিকারিণঃ। তত্র পুত্রপৌত্রপ্রপৌত্রা এব প্রধানাধিকারিণঃ। তদ্ভিন্নাঃ সর্ব্বেঽপি গৌণাধিকারিণঃ।

কিন্তু ভোগ দ্বারা প্রারব্ধ কর্ম্ম ক্ষয় হইলে তৎপরে গয়াশ্রাদ্ধ জনিত পুণ্য দ্বারা উদ্ধার হয়, এরূপ কল্পনাতেও গয়াশ্রাদ্ধ বিফল হয় না। পাপ বিশেষ দ্বারা এক এক যোনিতে অনেক বার জন্মগ্রহণ করিতে হয় এমত শাস্ত্র আছে। তাহাতে গয়াশ্রাদ্ধ জন্য পুণ্য হইলে ঐ পাপদ্বারা ঐ যোনিতে পুনর্ব্বার জন্মগ্রহণ করিতে হইবেক না। সকল কর্ম্ম প্রারব্ধ কর্ম্ম নহে, কেবল যে কর্ম্ম ফলোন্মুখ হইয়াছিল তাহারি নাশ হইয়া গয়াশ্রাদ্ধ দ্বারা উদ্ধার হইবে। এই রূপে হীনযোনিজনক পাপ ক্ষয় এবং উৎকৃষ্ট স্থান প্রাপ্তিজনক পুণ্য উৎপাদন করাই গয়াশ্রাদ্ধের ফল ইহা কল্পনাও সঙ্গত এই সিদ্ধ হইল।

যে স্থলে এমত পাপ নাই সে স্থলে পিতার ব্রহ্মলোক প্রাপ্তিই ফল। নিজ কর্ম্মানুসারে পিতা ব্রহ্ম লোক প্রাপ্ত হইলে পুত্রাদির প্রত্যবায় নিবারণই ফল হইবে। পিতা মুক্ত হইলে পুত্রেরি ঐ মত ফল হয় তাহা পুর্ব্বে কথিত হইয়াছে। সেই মত এ স্থলেও হইবে।

ইহার পর গয়াশ্রাদ্ধে অধিকারী নিরূপিত হইতেছে। পুত্র পৌত্র প্রপৌত্র ইহাঁরা গয়াশ্রাদ্ধে মুখ্য অধিকারী, তদ্ভিন্ন সকলই গৌণ অধিকারী হয়।

তথা পুত্রেষু বিদ্যমানেষু নান্যো বৈ কারয়েৎ স্বধা-মিত্যাদিবচনেন পুত্রসত্ত্বেঽন্যকর্ত্তৃকশ্রাদ্ধস্য নিষেধেঽপি গয়ায়াং তস্য প্রতিপ্রসবঃ, আত্মজো বান্যজো বাপি গয়াকূপে যদা তদা। যন্নাম্না পাতয়েৎ পিণ্ডং তং নয়েদ্ ব্রহ্ম শাশ্বতমিতি প্রাগুক্তবচনাৎ সবর্ণা জ্ঞাতয়ো মিত্র বান্ধবাঃ সুহৃদস্তথা। তেঽপি ভূয়ো গয়াং গত্বা পিণ্ডং দদ্যুর্বিধানত ইতি স্মৃতিরত্নাবলীবাক্যাচ্চ। তথাচাত্র সম্বন্ধিমাত্রাণামধিকারঃ। যো যদীয়ধনং যথা কথঞ্চিদ্‌গৃহ্ণাতি সোঽসবর্ণোঽপি তদীয়গয়াশ্রাদ্ধেঽধিকারী, প্রেতঃ কশ্চিদ্বিশুদ্ধ্যর্থমিত্যাদিপ্রাগুক্তবায়বীয়বচনেঽসবর্ণবণিগ্দত্ত পিণ্ডেন প্রেতোদ্ধারস্য কীর্ত্তনাৎ পুত্রো বা বন্ধুপুত্রো বা মিত্রং বা স্বজনোঽপি বা। ঋণিকো বাথবা দদ্যাৎ দ্বয়োঃ স্বর্গস্তদা তয়োরিতি বহ্নিপুরাণীয়াচ্চ।

কিঞ্চ পুত্র সত্ত্বে অন্যে শ্রাদ্ধ করিতে পারে না শাস্ত্রে এমত নিষেধ থাকিলেও গয়ায় সে মত নিষেধ নাই। নিজ পুত্র, অথবা অন্যের পুত্র, গয়াকূপাদিতে যে কোন কালে যাহার নামে পিণ্ড দেয় তাহাকে সনাতন ব্রহ্ম লোক প্রাপ্ত করায় এই মত পূর্ব্বোক্ত বচন দ্বারা, স্বজাতি, জ্ঞাতি, বান্ধব, মিত্র, অথবা যে কোন ব্যক্তি, গয়া গমন করিয়া বিধান পূর্ব্বক পিণ্ডদান করিতে পারে এই মত স্মৃতি রত্নাবলী বাক্য দ্বারা, যে কোন স্বসম্পর্কী মনুষ্য মাত্রের গয়াশ্রাদ্ধে অধিকার আছে ইহা বিহিত হইয়াছে। পূর্ব্বোক্ত বায়ুপুরাণ বচনে নির্দ্দিষ্ট আছে যে, কোন প্রেত স্বোদ্ধারার্থে কোন বণিক্‌কে ধন দিয়া গয়াশ্রাদ্ধ করাইয়া ঐ বণিক্‌কৃত গয়াশ্রাদ্ধ দ্বারা প্রেতভাব হইতে মুক্ত হয়। এবং পুত্র, বন্ধুর পুত্র, মিত্র, যে কোন স্বজন অথবা অধমর্ণ (ঋণগ্রাহী) মৃত ব্যক্তিকে পিণ্ড দিতে পারে তাহাতে দাতা ও উদ্দেশ্য উভয়েরি স্বর্গ হয়, এই মত বহ্নি-পুরাণে লিখিত আছে। অতএব যে ব্যক্তি, যে ব্যক্তির ধন, কোন রূপে অর্থাৎ ঋণরূপে, অথবা প্রতিগ্রহ রূপে, গ্রহণ করে, সে ব্যক্তি, ভিন্ন জাতি হইলেও তাহার পিণ্ডদান করিতে পারে।

তথান্যত্র কর্ত্তৃবিশেষবিষয়কনিষেধোঽপি গয়ায়াং ন প্রবর্ত্ততে ন পুত্ত্রেভ্যঃ পিতা দদ্যান্নানুজেভ্যস্তদাগ্রজঃ। ন পত্ন্যৈ তু পতির্দ্দদ্যাৎ বুদ্ধিমান্ সুসমাহিত ইতি সামান্যতো নিষিধ্য তেঽপি যান্তি দিবং সর্ব্বে পিণ্ডে দত্তে ইতি শ্রুতিঃ। অতস্তেভ্যোঽত্র যত্নেন পিণ্ডং দদ্যাৎ সমাহিত ইতি স্মৃতিরত্নাবল্যাং গয়ায়াং প্রতিপ্রসবাৎ বৌধায়নেনাপি পিত্রা শ্রাদ্ধং ন কর্ত্তব্যং পুত্ত্রাণান্ত কদাচন। ভ্রাত্রাগ্রজেন বা কার্য্যং ভ্রাতৃণাং ন কনীয়সাম্। অতিস্নেহেন কার্য্যং বা সপিণ্ডীকরণং বিনা। গয়ায়ামবিশেষেণ জ্যায়ানপি সমাচরেদিতি সামান্যতো নিষিধ্য গয়ায়াং প্রতিপ্রসবাৎ। পূর্ব্ববচনে অত্রেতি গয়ায়ামিত্যর্থঃ।

অথ গয়াশ্রাদ্ধানধিকারিণঃ। জীবৎপিতৃকো জীবন্মাতৃকশ্চ গয়াশ্রাদ্ধে সর্ব্বথানধিকারী। জীবৎপিতৃকো মৃতমাতৃকস্তু যদি প্রসঙ্গেন গয়াং প্রাপ্নোতি তদা অন্বষ্টকাশ্রাদ্ধমিব মাতৃপার্ব্বণমেব কুর্য্যাৎ।

পিতা পুত্রের, জ্যেষ্ঠ ভ্রাতা কনিষ্ঠের, এবং পতি পত্নীর, শ্রাদ্ধ করিবে না এই মত সামান্য শ্রাদ্ধ নিষেধ করিয়া, তাহারাও গয়া যাইয়া ঐ সকলের পিণ্ড দান করিয়া স্বয়ং, ও শ্রাদ্ধের উদ্দেশ্য, এ উভয়েই স্বর্গ প্রাপ্ত হয় এই মত স্মৃতি রত্নাবলীতে লিখিত থাকায়, এবং পিতা পুত্রের, এবং জ্যেষ্ঠ কনিষ্ঠের, শ্রাদ্ধ করিবে না অতি স্নেহ বশতঃ যদিও করে তথাপি তাহাদের সপিণ্ডীকরণ কোন মতে করিবে না এই মত সামান্যতঃ নিষেধ করিয়া গয়াতে অবিশেষে পুত্রাদিরও শ্রাদ্ধ করিতে পারে এই মত বৌধায়ন বচন থাকায়, গয়ায় সকলেই সকলের শ্রাদ্ধ করিতে পারে, অর্থাৎ শ্রাদ্ধকর্ত্তা ও শ্রাদ্ধের উদ্দেশ্য বিশেষে যে অন্য স্থানে নিষেধ আছে তাহা গয়ায় প্রবৃত্ত হয় না।

গয়াশ্রাদ্ধে অনধিকারী বর্ণিত হইতেছে। যাহার পিতা ও মাতা বর্ত্তমান আছে এমত পুত্রের গয়াশ্রাদ্ধে সর্ব্বথাই অধিকার নাই। যাহার পিতা বর্ত্তমান কিন্তু মাতা অবর্ত্তমান এমত পুত্র গয়ায় কোন প্রসঙ্গে গমন করিলে অন্বষ্টকা শ্রাদ্ধ (অষ্টকা শ্রাদ্ধের ন্যায় মাতা পিতামহী প্রপিতামহীর শ্রাদ্ধ) যেমত বিধানে করিতে হয় ঐ মত মাতা প্রভৃতির পার্ব্বণ শ্রাদ্ধ করিবে।

আম্বষ্টক্যং গয়াপ্রাপ্তৌ সত্যাং যচ্চ ক্ষয়াহনি। মাতুঃ শ্রাদ্ধং সুতঃ কুর্য্যাৎ পিতর্য্যপি চ জীবতীতি মৈত্রায়ণীয়পরিশিষ্টবাক্যাৎ। অত্র প্রাপ্তাবিত্যুক্ত্যা প্রাসঙ্গিকগমনং সূচিতম্ গয়াং প্রসঙ্গতো গত্বা মাতৃশ্রাদ্ধং সমাচরেদিতি ত্রিস্থলীসেতুধৃতবচনে প্রসঙ্গত ইতি পদস্য স্পষ্টোপাদানস্বরসাৎ। তেন গয়ামুদ্দিশ্য জীবৎপিতৃকস্য গমনে ন মাতৃশ্রাদ্ধপ্রসক্তিঃ। মাতৃশ্রাদ্ধঞ্চান্বকাশ্রাদ্ধসাহচর্য্যাৎ পার্ব্বণমেব কার্য্যমিতি ত্রিস্থলীসেতুপ্রভৃতয়ঃ। অন্যে তু জীবন্মাতৃকো মৃতমাতৃকো বা জীবৎপিতৃকোঽপি পার্ব্বণবিধিনা পিতামহাদীনাং গয়াশ্রাদ্ধং কুর্য্যাৎ জীবে পিতরি বৈ পুত্রঃ শ্রাদ্ধকার্য্যং বিবর্জ্জয়েৎ। যেষাং বাপি পিতা দদ্যাত্তেষামেকে প্রচক্ষতে ইতি হারীতবচনোত্তরার্দ্ধেন জীবৎপিতৃকপার্ব্বণস্য বিধানেন গয়ায়ামপি তৎপ্রবৃত্তেরিত্যাহুঃ। আচার এবাত্রান্যতরপক্ষগ্রহণে শরণম্।

সংন্যাসিনস্তু সর্ব্বকর্ম্মপরিত্যাগিতয়া গয়াশ্রাদ্ধেঽনধিকারিণঃ। তথাপি তত্র বিষ্ণুপদাদিশ্রাদ্ধস্থানেষু দণ্ডমাত্রস্পর্শনং প্রণবোপাসনাদিবৎ তৈরাচরণীয়ং নতু শ্রাদ্ধতর্পণাদি।

যেহেতু অন্বষ্টকা শ্রাদ্ধ, প্রসঙ্গে গয়া প্রাপ্তিতে, এবং মাতার মৃত দিবসে, পিতা বর্ত্তমান থাকিলেও পুত্র মাতার শ্রাদ্ধ করিবে এইমত মৈত্রারণীয় পরিশিষ্ট বাক্যে বিধান আছে এবং প্রসঙ্গত গয়ায় যাইয়া মাতৃ শ্রাদ্ধ করিবে এই রূপ ত্রিস্থলীধৃত বচনে বিধান আছে। অত-এব প্রসঙ্গে গয়া গমনে মাতৃ শ্রাদ্ধ করিতে পারে, কিন্তু গয়া উদ্দেশে গমন করিলে মাতৃ শ্রাদ্ধও করিতে পারে না ইহা সিদ্ধ হইয়াছে। এই প্রকার ত্রিস্থলীসেতু প্রভৃতির মত। পিতা বর্ত্তমান থাকিলে পুত্র শ্রাদ্ধকর্ম্ম করিবে না কিন্তু কোন কোন মুনি কহেন পিতা যাঁহাদের পার্ব্বণ করেন পুত্র তাঁহাদেরি পার্ব্বণ করিবে এই মত হারীতবচনের শেষার্দ্ধদ্বারা বিহিত হইয়াছে যে জীবৎ পিতৃকও পিতামহাদির পার্ব্বণ করিতে পারে। এইমত অন্য অন্য পণ্ডিতে কহেন তাহাতে আমাদের এই বক্তব্য যে যাহাদের যে মত পরম্পরা আচার আছে তাহারা সেইমত করিবে।

সন্ন্যাসীর সকল কর্ম্ম নিষেধ থাকায় গয়াশ্রাদ্ধেও অধিকার নাই, কিন্তু বিষ্ণুপদে দণ্ডস্পার্শনমাত্র করিবে একার্য্যও তাহাদের অন্যান্য প্রণবোপাসনাদিধর্ম্মের ন্যায় কর্ত্তব্য কিন্তু শ্রাদ্ধ তর্পণাদি কর্ত্তব্য নয়।

দণ্ডং প্রদর্শয়েদ্ভিক্ষুর্গয়াং গত্বা ন পিণ্ডদঃ। দণ্ডং স্পৃষ্ট্বা বিষ্ণুপদে পিতৃভিঃ সহ মুচ্যতে ইতি বায়বীয়াৎ স্পৃষ্ট্বা স্পর্শয়িত্বেত্যর্থঃ। পুত্রবত্যাঃ স্ত্রিয়া নাধিকার ইতি গৌড়ৈকদেশিনামাচারঃ সতু মূলাভাবান্নাদরণীয়ঃ।

অথ গয়াশ্রাদ্ধকালঃ। গয়ায়াং সর্ব্বকালেষু পিণ্ডং দদ্যাৎ বিচক্ষণঃ। অধিমাসে জন্মদিনে অস্তে চ গুরু-শুক্রয়োঃ। ন ত্যক্তব্যং গয়াশ্রাদ্ধং সিংহস্থে চ বৃহস্পতা বিতিবায়বীয়াৎ। অত্র সর্ব্বকালেম্বিত্যুপক্রমাৎ অস্তে ইত্যাদ্যুক্তিস্তু সর্ব্বসময়াশুদ্ধিপ্রয়োজকনিমিত্তমাত্রোপ-লক্ষণার্থা নতু রাত্র্যাদিপর্য্যুদস্তকালগ্রহণার্থেতি বোধ্যং সর্ব্বত্র তীর্থাদৌ রাত্র্যাদিকালস্য পর্য্যুদস্ততয়া রঘুনন্দ-নাদিভিঃ স্বীকারাৎ।

সংক্রান্ত্যাদৌ তু ফলাতিশয়ঃ গয়াশ্রাদ্ধং প্রকুর্ব্বীত সংক্রান্ত্যাদৌ বিশেষতঃ। কালে বাপরপক্ষে বা চতুর্থ্যা-দিতিথিষ্বপীতিবহ্নিপুরাণীয়াৎ মকরে বর্ত্তমানেহর্কে গ্র-হণে চন্দ্রসূর্য্যয়োঃ। দুর্ল্লভং ত্রিষু লোকেষু গয়ায়াং পিণ্ডপাতনমিতিস্মৃতিরত্নাবলীবাক্যাচ্চ।

যেহেতু সন্ন্যাসী গয়ায় যাইয়া বিষ্ণুপদে দণ্ডস্পর্শন মাত্র করিবে তাহাতেই পিতৃগণের সহিত সে মুক্ত হয়, এই মত বায়ুপুরাণে কথিত আছে। পুত্রবতী স্ত্রীর অধিকার নিষেধে প্রমাণ নাই, কতকগুলি গৌড়দেশীয়ের আচার মাত্র।

এক্ষণে গয়াশ্রাদ্ধের কাল নিরূপিত হইতেছে। মল মাসে, জন্ম দিনে, গুরু, ও শুক্রের অস্তাদি সময়ে, অথবা সিংহ রাশিস্থ গুরু হইলেও, গয়াশ্রাদ্ধ ত্যাগ করিবে না। এইমত বায়ুপুরাণ বচন থাকায় গয়াতে কোন কালাশুদ্ধি নাই সর্ব্বকালেই শ্রাদ্ধ করিতে পারে। ইহাতে এই ভেদ সময়াশুদ্ধির প্রয়োজক মলমাসাদি কালেই শ্রাদ্ধ করিতে পারে কিন্তু রাত্রি প্রভৃতি কালে করিতে পারে না। রঘুনন্দন ভট্টাচার্য্যও সকল শ্রাদ্ধে সায়ংকালাদি ত্যাগ করিতে কহিয়াছেন।

সংক্রান্তি কালে, অপরপক্ষে, তন্মধ্যে চতুর্থী প্রভৃতি ১২ তিথিতে, বিশেষ ফলের জন্য গয়া শ্রাদ্ধ করিবে এই মত বায়ুপুরাণ বচনে, এবং মকররাশিতে রবি থাকিলে, গ্রহণ সময়ে, গয়ায় পিণ্ডদান অতি দুর্লভ এইমত স্মৃতিরত্নাবলীবাক্যে, সংক্রান্তি প্রভৃতি সময়ে গয়াশ্রাদ্ধে বিশেষ ফল হয় ইহা ব্যক্ত আছে।

তথান্যেঽপি নিষিদ্ধকালা গয়ায়াং প্রতিপ্রসূতাঃ। যথা বিবাহব্রতচূড়াসু বর্ষমর্দ্ধং তদর্দ্ধকম্। পিণ্ডদানং মৃদা স্নানং ন কুর্য্যাত্তিলতর্পণমিতি কাষ্ণাজিনিবচনেন, বৃদ্ধিমাত্রে তথান্যত্র পিণ্ডদাননিরাক্রিয়া। কৃতা গর্গাদিভির্মুখৈর্ম্মাসমেকন্তু কর্ম্মিণামিতি স্মৃতিসংগ্রহবাক্যেন, চ বিবাহাদেরূর্দ্ধং বর্ষাদিকালপর্য্যন্তং পিণ্ডদানস্য নিষেধেঽপি মহালয়ে গয়াশ্রাদ্ধে মাতাপিত্রোর্মৃতাহনি। কৃতোদ্বাহোঽপি কুর্ব্বীত পিণ্ডনির্ব্বপণং সুতইতি, পিত্রোঃ ক্ষয়াহে যজ্ঞে চ পিতৃযজ্ঞে মহালয়ে। গয়ায়াং পিণ্ডদানস্য ন কদাচিন্নিরাক্রিয়েতি চ ত্রিস্থলীসেতুধৃতস্মৃতিসংগ্রহবাক্যাৎ তৎপ্রতিপ্রসবঃ।

তথা তত্র তিলতর্পণনিষেধাভাবোঽপি উপরাগে ব্যতীপাতে গয়ায়ামথ পর্ব্বণি। আদিত্যাদিনিষেধেঽপি কর্ত্তব্যং তিলতর্পণমিতি স্মৃতিদর্পণধৃতসংগ্রহবাক্যাৎ।

বিবাহ, উপনয়ন, এবং চূড়াকরণের পর এক বর্ষ, ছয় মাস, অথবা তিন মাস, কাল পর্য্যন্ত কোন শ্রাদ্ধ, মৃত্তিকানুলেপন করিয়া স্নান, এবং তিলতর্পণ, করিবে না এইমত কার্ষ্ণাজিনি বচনে, যে কোন নান্দীমুখ শ্রাদ্ধের পর এক মাস পর্য্যন্ত কোন শ্রাদ্ধ করিবে না ইহা গর্গাদি মুনিরা কহিয়াছেন এই মত স্মৃতিরত্নাবলী বচনে, ব্যক্ত আছে যে কোন বৃদ্ধিশ্রাদ্ধের পর এক মাস বা তিন মাসাদি কাল পর্য্যন্ত সকল শ্রাদ্ধ বর্জ্জন করিবে এইরূপ যে নিষেধ আছে তাহা গয়ায় প্রবৃত্ত হয় না। যেহেতু মহালয়াশ্রাদ্ধ, গয়াশ্রাদ্ধ, মাতা পিতার মৃত দিন শ্রাদ্ধ, বিবাহের পরেও পুত্র করিতে পারে, এবং মাতা পিতার মৃত দিন শ্রাদ্ধ, যজ্ঞ নিমিত্ত শ্রাদ্ধ, প্রাত্যহিক শ্রাদ্ধ, পিণ্ড পিতৃ যজ্ঞ, ও মহালয়ার শ্রাদ্ধ, গয়ায় শ্রাদ্ধ, ইহার নিবারণ কখন নাই, এই মত ত্রিস্থলীসেতুধৃত বচনদ্বয়ে ঐরূপ বিধান আছে। সুতরাং বিবাহাদির পরও গয়াশ্রাদ্ধ করিতে পারে।

গয়ায় নিষিদ্ধ দিনেও 'তিলতর্পণ করিতে পারে গ্রহণে ব্যতীপাত যোগে (অমাবাস্যায় শ্রবণানক্ষত্র এবং গুরুবার এই তিনের যোগে) এবং গয়ায়, পর্ব্বে এবং রবিবারাদিতেও তিলতর্পণ করিতে পারে ইহা স্মৃতিদর্পণ গ্রন্থে স্পষ্ট বিহিত আছে।

অথ গয়াশ্রাদ্ধে নিষিদ্ধকালঃ। তীর্থশ্রাদ্ধং গয়াশ্রাদ্ধং শ্রাদ্ধমন্যচ্চ পৈতৃকম্। অব্দমধ্যে ন কুর্ব্বীত মহাগুরু নিপাতনে ইতি গারুড়াৎ প্রমীতমহাগুরুকস্য বর্ষমাত্রং গয়াশ্রাদ্ধং নিষিদ্ধম্। তত্রায়ং বিশেষঃ বৃদ্ধ্যাদিনিমিত্তকসপিণ্ডীকরণে তু কর্ত্তুং শক্যত এব অস্থিক্ষেপং গয়াশ্রাদ্ধং শ্রাদ্ধঞ্চাপরপক্ষিকম্। অব্দমধ্যে ন কুর্বীত সপিণ্ডীকরণং বিনেতি গারুড়বাক্যান্তরাৎ। অত্রাপ্যপরো বিশেষঃ যদি পিতৃভক্তিমান্ তদাব্দমধ্যেঽপি গয়াশ্রাদ্ধং কর্ত্তুং শক্নোতি অস্থিক্ষেপং গয়াশ্রাদ্ধং শ্রাদ্ধং চাপরপক্ষিকম্। প্রথমাব্দেঽপি কুর্বীত যদি স্যাদ্ভক্তিমান্ সুত ইতি ত্রিস্থলীসেতুধৃতবচনাৎ। অত্র ভক্তিঃ প্রীতিরিতি বহবঃ। অন্যেতু অব্দমধ্যে প্রেতস্য দেবতাত্বযোগ্যতাসিদ্ধয়ে দেবতাসংস্কারকমেকং পার্ব্বণং কর্ত্তব্যং তদেব ভক্তিপদাভিধেয়ং তচ্চ কৃত্বা গয়াশ্রাদ্ধং কুর্য্যাদিত্যাহুঃ। ভক্ত্যা বর্ষমধ্যে গয়াশ্রাদ্ধকরণে তু বৃদ্ধাবিব মাসিকাদীন্যপকৃষ্য কার্য্যাণীতি বোধ্যম্।

অথ গয়াশ্রাদ্ধে নিষিদ্ধ কাল। যে কোন তীর্থশ্রাদ্ধ, বিশেষতঃ গয়াশ্রাদ্ধ, যে কোন অন্যশ্রাদ্ধ, মহাগুরুনিপাত বৎসরে করিতে পারে না এই মত গরুড়পুরাণে নিষেধ থাকায় মহাগুরু (পুত্র ও অবিবাহিত কন্যার পিতা ও এবং মাতা স্ত্রীর ভর্ত্তা) মৃত হইলে বর্ষ পর্য্যন্ত গয়াশ্রাদ্ধ করিতে পারে না। তাহাতে এই বিশেষ যদি পুত্রাদির অন্নপ্রাশনাদিরূপ বৃদ্ধি উপলক্ষে সপিণ্ডীকরণ করিয়া থাকে তবে এক বর্ষ মধ্যেও গয়াশ্রাদ্ধ করিতে পারে যেহেতু গরুড়পুরাণেই স্থানান্তরে কথিত হইয়াছে যে সপিণ্ডীকরণ না করিলেই বর্ষমধ্যে অস্থিক্ষেপ. গয়াশ্রাদ্ধ, অপরপক্ষ শ্রাদ্ধ, করিতে পারে না। ইহাতেও অন্য বিশেষ আছে যদি পুত্র ভক্তিমান্ হয় তবে সপিণ্ডীকরণ না করিয়াও বর্ষ মধ্যে গয়াশ্রাদ্ধ করিতে পারে। যেহেতু ভক্তিমান্ পুত্র অস্থিক্ষেপ, গয়াশ্রাদ্ধ, অপরপক্ষশ্রাদ্ধ, বর্ষমধ্যেও করিতে পারে এইমত ত্রিস্থলীসেতুধৃত বচনে বিধান আছে। ঐ বচনে ভক্তি শব্দের অর্থ প্রীতিবিশেষ ইহাই অনেকে কহেন। শ্রাদ্ধে প্রেতের দেবতা হইবার জন্য এক পার্ব্বণ শ্রাদ্ধ করিতে হয় তাহাকেই কেহ বা ভক্তিশব্দার্থ বলেন। বৃদ্ধি জন্য যেমত স্বকালের পূর্ব্বেই মাসিকাদি করিতে হয়, ভক্তিশ্রাদ্ধেও সেইরূপ করিতে হয়।

অত্রেয়ং সম্প্রদায়ানুসারিণী ব্যবস্থা অকৃতসপিণ্ডনস্য প্রথমাব্দে গয়াশ্রাদ্ধং নৈব কার্য্যং কৃতসপিণ্ডনস্যাপি সতি সম্ভবে নৈব কার্য্যমিত্যেব মুখ্যঃ পক্ষঃ। প্রসঙ্গতো গয়াপ্রাপ্তৌ পুনরাগমনাদ্যসম্ভাবনায়ান্তু ভক্ত্যা, মতান্তরোক্তং ভক্তিশ্রাদ্ধং কৃত্বা, বা তৎ কার্য্যং নিত্যত্বাদিতি।

মহাপাতকিনামপি বর্ষমাত্রং গয়াশ্রাদ্ধং ন কার্য্যম্ ক্রিয়তে পতিতানাং চ গতে সংবৎসরে ক্বচিৎ। দেশধর্ম্মপ্রমাণত্বাদ্গয়াকূপে স্ববন্ধুভিরিতি ব্রাহ্মাৎ কূপগ্রহণং গয়ামাত্রোপলক্ষণম্। পতিতানামিতি যাবদ্দুর্ম্মরণহতানামুপলক্ষণার্থং তে চ বিস্তরভয়ান্নাত্র লিখিতাঃ। যুক্তঞ্চৈতৎ মিতাক্ষরায়াং যাবদ্দুর্ন্নিমিত্তহতানাং সংবৎসরাদূর্দ্ধমেব নারায়ণবলিবিধানপূর্ব্বকং শ্রাদ্ধকরণস্যোক্ততয়া গয়াশ্রাদ্ধস্যাপি তৎস্থানীয়ত্বেন তৎকালে এব করণৌচিত্যাৎ।

এস্থলে সম্প্রদায়ানুসারে এই ব্যবস্থা যে, যে কোন বৃদ্ধি উপলক্ষে সপিণ্ডীকরণ না হইলে বর্ষমধ্যে গয়াশ্রাদ্ধ করিবে না। কোন রূপে সপিণ্ডীকরণ হইলেও সাধ্যানুসারে প্রথম বর্ষ মধ্যে গয়াশ্রাদ্ধ করিবে না এই মুখ্য কল্প। যদি প্রসঙ্গত গয়া প্রাপ্ত হইয়া থাকে এবং পুনর্ব্বার আগমনের সম্ভাবনা না থাকে তবে ভক্তিশ্রাদ্ধ করিয়া অথবা যথার্থ পিতৃভক্ত হইলে বর্ষমধ্যেও গয়াশ্রাদ্ধ করিতে পারে।

বৎসর গত হইলে দেশাচারানুসারে পতিত ব্যক্তি প্রভৃতিরও গয়াকূপে শ্রাদ্ধ করিবে এই মত ব্রহ্মপুরাণ বচনে বিধান থাকায় এক বর্ষ মধ্যে মহাপাতকী প্রভৃতির গয়াশ্রাদ্ধ করিবে না। এ স্থলে পতিত শব্দ দুষ্ট নিমিত্ত মৃত ব্যক্তির উপলক্ষণ অর্থাৎ যে কোন দুষ্ট নিমিত্ত মরণ হইলে বর্ষ মাত্র তদুদ্দেশে কোন কর্ম্ম করিবে না। বিস্তর ভয়ে সে সকল নিমিত্ত এস্থলে লিখিত হইল না। একথা যুক্তিসঙ্গত যেহেতু মিতাক্ষরা গ্রন্থে সকল দুষ্ট মরণ মৃত ব্যক্তিরই এক বৎসরের পর নারায়ণ প্রভৃতির বলি দিয়া শ্রাদ্ধাদি করিতে লিখিয়াছেন। সুতরাং নারায়ণবলির স্থানীয় গয়াশ্রাদ্ধও এই মত বর্ষোত্তর করাই উচিত।

অতএব তদ্ধৃতষট্‌ত্রিংশন্মতীয়বাক্যং গোব্রাহ্মণহতানাঞ্চ পতিতানাং তথৈব চ। ঊর্দ্ধং সংবৎসরাৎ কার্য্যং সর্ব্বমেবৌর্দ্ধদেহিকমিতি। অত্র সর্ব্বমিতি সর্ব্বশব্দস্বরসাৎ নারায়ণবলেরিব গয়াশ্রাদ্ধাদেরপি বর্ষোত্তরমেব কর্ত্তব্যতা নার্ব্বাগিতি প্রতীয়তে। অতএব তদ্বচনব্যাখ্যায়াং মিতাক্ষরাকৃতা নারায়ণবলিং কৃত্বৌর্দ্ধদেহিকং কার্য্যমিত্যুক্তম্।

এবঞ্চাত্মঘাতিনাম্ নাস্তি কিঞ্চিদ্দায়াং বিনেত্যুক্তিরপি বর্ষোত্তরমেব তৎকর্ত্তব্যতাথৈর্বেতি বোধ্যম্।

অথ কর্ত্তৃবিশেষে গয়াশ্রাদ্ধবিশেষঃ। পিতৄণাং দত্তমক্ষয়মিতি, পিণ্ডং দদ্যাচ্চ পিত্রাদেরিতি, চ বায়বীয়াৎ পিত্রাদিত্রয়াণামুদ্দেশ্যতা। পিতরো যত্র পূজ্যন্তে তত্র মাতামহাদয় ইত্যুক্তেঃ, গয়ামুপক্রম্য মাতামহানামপ্যেবং শ্রুতিরেষা সনাতনীতি পাদ্মসৃষ্টিখণ্ডবচনাচ্চ, মাতামহাদীনমপ্যুদ্দিশ্যতেত্যেবং ষড়্‌দৈবতং পার্ব্বণমিতি গৌড়ীয়াঃ

অতএব গো ব্রাহ্মণ কর্ত্তৃক হত, এবং পতিত ব্যক্তির, বর্ষের পর সকল শ্রাদ্ধাদি কর্ম্ম করিবে এই মত মিতাক্ষরায় ষট্ত্রিংশৎ মতীয় বচনে সর্ব্ব শব্দ শ্রুত আছে ঐসর্ব্ব শব্দের অর্থ গয়াশ্রাদ্ধও হইবেক। মিতাক্ষরাকারও ইহার ঐস্বরস ব্যাখ্যা করিয়াছেন যে বর্ষ মধ্যে কোন কর্ম্ম করিবে না। বর্ষান্তেই নারায়ণ বলি দিয়া শ্রাদ্ধ করিবে।

এমত হইলে আত্মঘাতির গয়া ভিন্ন যে উপায় নাই শাস্ত্রে লিখিত আছে তাহাও এক বর্ষের পরই গয়াশ্রাদ্ধ করিলে উদ্ধার হয় এই কল্পনা করিতে হইবে।

কোন্ ব্যক্তি গয়াশ্রাদ্ধ কিরূপ করিবে অর্থাৎ কে কে গয়াশ্রাদ্ধের দেবতা হন ইহা প্রতিপাদিত হইতেছে। গয়ায় পিতা প্রভৃতিকে দত্ত দ্রব্য অক্ষয় হয়, গয়ায় পিতা প্রভৃতির পিণ্ড দিবে, এই মত বায়ুপুরাণের দুই বচন থাকায় পিতা, পিতামহ, প্রপিতামহ, এই তিন পুরুষ গয়াশ্রাদ্ধের প্রধান দেবতা। পিতা প্রভৃতি কে যেখানে তৃপ্ত করিতে হয় সে স্থলে মাতামহ প্রভৃতি তিন পুরুষকেও তৃপ্ত করিতে হয় এমত সামান্য বচন থাকায় মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ, এতিন পুরুষও গয়াশ্রাদ্ধে দেবতা। সুতরাং গয়াশ্রাদ্ধে ষট্পুরুষই প্রধান দেবতা। তদুদ্দেশে পার্ব্বণশ্রাদ্ধ করিবে এই গৌড় দেশীয়ের মত।

অম্বষ্টকায়াং বৃদ্ধৌ চ গয়ায়াঞ্চ মৃতাহনি। অত্র মাতুঃ পৃথক্‌শ্রাদ্ধমন্যত্র পতিনা সহেতি বায়ুগ্নিপুরাণোক্তেঃ, নান্দীমুখেঽন্বষ্টকায়াং গয়ায়াঞ্চ মৃতাহনি। পিতামহ্যাদিভিঃ সার্দ্ধং মাতুঃ শ্রাদ্ধং সমাচরেদিতি শাতাতপোক্তেশ্চ মাত্রাদীনামপ্যুপদ্দেশ্যতা তেন নবদৈবত্যম্। তত্রাপ্যয়ং বিশেষঃ। নান্দীমুখে যজুর্ব্বেদিনামেব নবদৈবত্যপার্ব্বণস্য বিধানেন তৎসাহচর্য্যাৎ তদ্বেদিনামেব নবদৈবত্যমিতি। পিত্রাদিনবদেবং বা তথা দ্বাদশদৈবতমিতি বহ্নিপুরাণীয়াৎ মাতামহ্যাদিত্রিকসহিতং নবদৈবতমিতি দ্বাদশদৈবতং বা। তত্র বাশব্দশ্রবণাৎ বিকল্পএব গম্যতে স চ দেশভেদাদিনা ব্যবস্থিতঃ। পিতৃব্যাদীনান্তু একোদ্দিষ্টমেব তদশক্তৌ পিণ্ডদানমাত্রং কার্য্যম্। তৎপত্নীনামপি পৃথগেবৈকোদ্দিষ্টাদিকং কার্য্যম্ন যোষিদ্ভ্যঃ পৃথগ্দদ্যাদিত্যাদিপৃথগ্দাননিষেধেঽপি। স্বগোত্রে পরগোত্রে বা দম্পত্যোঃ পিণ্ডপাতনম্। অপৃথক্ নিষ্ফলং শ্রাদ্ধং পিণ্ডঞ্চোদকতর্পণমিতি বায়বীয়ে গয়ামুপক্রম্য সহদাননিষেধেন তৎপ্রতিপ্রসবাৎ।

ইতিশ্রীতারানাথতর্কবাচস্পতিবিরচিতায়াং গয়াপদ্ধতৌ প্রয়োজনানুবন্ধাদিসমর্থনপ্রকরণং সম্পূর্ণম্।

অন্বষ্টকায়, নান্দীমুখে, গয়ায়, এবং মৃত দিনে, পৃথক্ রূপে, অন্য কালে পিতার সহিত, মাতার শ্রাদ্ধ করিবে এই মত বহ্নিপুরাণীয় বচন থাকায়, নান্দীমুখে, গয়ায় ও মৃত দিনে, পিতামহী ও প্রপিতামহীর সহিত মাতার শ্রাদ্ধ করিবে এই মত শাতাতপীয় বচন থাকায়, মাতা প্রভৃতিও গয়াশ্রাদ্ধে দেবতা হন। এই হেতু নয় জন (মাতৃপক্ষ, পিতৃপক্ষ, মাতামহ পক্ষ, এই নয় জন) উদ্দেশে পার্ব্বণ করিবে। নান্দীমুখে যজুর্ব্বেদিদের ই মাতৃপক্ষ আছে এমতে তাহারাই ঐমত শ্রাদ্ধ করিবে। গয়ায় নয় জন বা দ্বাদশ জন উদ্দেশে শ্রাদ্ধ করিবে এই মত বহ্নিপুরাণে অন্য বিধান থাকায় মাতামহী প্রমাতামহী ও বৃদ্ধপ্রমাতামহী ইহারাও শ্রাদ্ধে দেবতা হন। সুতরাং কুলাচারানুসারে ব্যবস্থামতে নয় বা দ্বাদশ জন উদ্দেশে পার্ব্বণ করিবে। পিতৃব্য প্রভৃতির একোদ্দিষ্ট বা পিণ্ডদান মাত্র যথাশক্তি করিবে। মৃত দিন ভিন্ন সময়ে স্ত্রীলোকের পতি হইতে পৃথক্ রূপে শ্রাদ্ধ নিষেধ থাকিলেও, "গয়ায় স্বগোত্র বা ভিন্ন গোত্রের স্ত্রী ও পুরুষকে একযোগে পিণ্ড দান করিলে নিষ্ফল হয়" এই মত বায়ুপুরাণে নিষেধ থাকায় গয়ায় পৃথক রূপেই স্ত্রী ও পুরুষ মাত্রের শ্রাদ্ধ বা পিণ্ড দান করিবে।

অথ গয়াযাত্রাপ্রয়োগঃ। যাত্রাদিনাৎ প্রাক্‌তৃতীয় দিনে একভক্তহবিষ্যভোজনব্রহ্মচর্য্যাদিনিয়মং বিধায় তদুত্তরদিনে কৃতপ্রাতঃস্নানাদিনিত্যক্রিয়ঃ দেশকালৌ সংকীর্ত্ত্য করিষ্যমাণগয়াযাত্রাঙ্গতয়োপবাসং করিষ্যে ইতি সংকল্প্যোপোষ্য চ তৎপরদিনে স্নানাদিনিত্যকর্ম্ম কৃত্বা পূজোপকরণং সংপাদ্যাসনে উপবিশ্যাচম্য প্রাণানায়ম্য দেশকালৌ সংকীর্ত্ত্য করিষ্যমাণগয়াযাত্রায়া নির্ব্বিঘ্নপরিসমাপ্ত্যর্থং গণেশসহিতেষ্টদেবতায়া যথাশক্তি পূজনমহং করিষ্যে ইতি সংকল্প্য যথাবিভবং ভক্ত্যা গণেশং স্বেষ্টদেবতাঞ্চ পূজয়েৎ। ততো দক্ষিণামভিলপ্য দত্ত্বা ঘৃতপ্রধানং শ্রাদ্ধং কুর্য্যাৎ। তচ্চ পার্ব্বণমাভ্যুদয়িকং বা কুলাচারানুসারেণানুষ্ঠেয়ম্। এতদপি গয়ায়ামিব ষড়্দৈবতং নবদৈবতং দ্বাদশদৈবতং বেত্যত্রাপি সমাচার এব ব্যবস্থাপকঃ। তচ্চ শূদ্রেণ সর্ব্বথৈবামান্নেন বৃদ্ধিবদেব কার্য্যমন্যপার্ব্বণে তেষানধিকারাৎ। দ্বিজৈস্তু সাগ্নিকৈঃ পক্বান্নৈর্নিরগ্নিভিস্ত্বামান্নৈরেব দর্শবৎ নান্দীমুখবদ্বা কার্য্যম্।' স্ত্রীভিস্তু কিঞ্চিচ্ছ্রাদ্ধং নৈব কার্য্যমিতি বিশেষঃ।

অথ গয়াযাত্রা প্রয়োগ। যাত্রা দিনের পূর্ব্ব-পূর্ব্ব দিনে একাহার-হবিষ্যভোজন-স্ত্রী-সংসর্গ-ত্যাগাদি নিয়ম করিয়া তৎপর দিনে প্রাতঃস্নানাদি নিত্যক্রিয়া করণান্তে দেশ ও কালের সংকীর্ত্তন পূর্ব্বক "গয়াযাত্রার অঙ্গরূপে উপবাস করিব" এই মত সংকল্প করিয়া উপবাস করিবে। তৎপর দিনে অর্থাৎ যাত্রা দিনে প্রাতঃস্নানাদি নিত্য-কর্ম্মান্তে পূজা-দ্রব্য সম্পাদন করিয়া আসনে উপবিষ্ট হইয়া আচমন ও প্রাণায়াম করিয়া দেশ কাল কীর্ত্তন পূর্ব্বক " কর্ত্তব্য গয়াযাত্রার নির্ব্বিঘ্ন সমাপ্তির জন্যে গণেশ ও ইষ্টদেবতার যথাশক্তি পূজন করিব" এই মত সংকল্প করিয়া যথাবিভবে ঐ উভয় দেবতার পূজন করিবে। তদন্তে দক্ষিণা বাক্য রচিয়া দক্ষিণা দিবে। তৎপরে ঘৃতপ্রধান শ্রাদ্ধ করিবে। ঐ শ্রাদ্ধ পার্ব্বণ বা আভ্যুদয়িক বিধানে কুলাচারানুসারে করিবে। ষট্‌পুরুষ বা নব পুরুষাদির গয়াশ্রাদ্ধবৎ ঐ শ্রাদ্ধ করিবে। তাহা সাগ্নিক দ্বিজাতি পক্বান্ন দ্বারা করিবে। কিন্তু শূদ্রজাতি আমান্ন দ্বারা বৃদ্ধি শ্রাদ্ধ বিধানেই করিবে যেহেতু ইতর পার্ব্বণে শূদ্রের অধিকার নাই। নিরগ্নি দ্বিজাতিও আমান্ন দ্বারা তাহা করিবে। স্ত্রীলোক কোন শ্রাদ্ধই করিবে না।

অথ সর্ব্বশ্রাদ্ধপ্রকৃতিপার্ব্বণশ্রাদ্ধপ্রয়োগঃ। তত্র শ্রাদ্ধদিনাৎ পূর্ব্বেদ্যুর্ব্বর্জ্জিতদন্তকাষ্ঠঃ শ্রাদ্ধভূমিং পাকসত্ত্বে পাকভূমিং চ বিবিক্তাং কৃত্বা গোময়েনোপলিপ্য দৃষদুপলোদূখলমূষলকণ্ডনশিলাপেষণযন্ত্রভোজনপাত্রদর্ব্বীপ্রভৃতীনি শুচীনি বিধায় নূতনমৃদ্ভাণ্ডানি তাম্রভাণ্ডানি বা পাকপাত্রাণি সমাহৃত্য শ্রাদ্ধদিনে উপয়োক্ষ্যমাণানশেষান্ পদার্থান্ সমাহৃত্য কৃতবস্ত্রাদিশৌচঃ সর্ব্বস্মিন্ পরিজনে ভুক্তবত্যসত্যুপাসাদিব্রতান্তরে নিরামিষমেকবারং ভুক্ত্বা প্রথমরাত্রে পাত্রীয়ব্রাহ্মণান্নিমন্ত্রয়েৎ। তৎপ্রকারস্ত্বধুনা পাত্রীয়ব্রাহ্মণালাভেন তথাননুষ্ঠানান্নাভিধীয়তে। কুশময়ব্রহ্মপক্ষে তু তদভাব এব।

অথ পরদিনে বর্জ্জিতদন্তধাবনানুলেপানাদিঃ কৃতশৌচস্নাননিত্যক্রিয়ঃ গোময়োপলিপ্তে সর্ব্বত্র সঙ্কীর্ণতিলে সন্নিহিতশুচিবন্ধুজ্ঞাতিসুহৃৎসবর্ণাহৃতসলিলক্ষালিতনিখিলোপকরণে-

অথ পার্ব্বণশ্রাদ্ধ পদ্ধতি। শ্রাদ্ধ দিনের পূর্ব্ব দিনে দন্তকাষ্ঠ বর্জ্জন ও শৌচাদি করিয়া, শ্রাদ্ধদেশ, ও পাক সত্ত্বে পাকস্থান, জনশূন্য ও মার্জ্জনাদি করিয়া গোময় দ্বারা লেপনান্তে পাক সাধন দ্রব্য, প্রস্তর, উদূখল, মূষল, কণ্ডনী, পেষণযন্ত্র, ভোজনপাত্র,ও দর্ব্বী প্রভৃতি দ্রব্য সকল পবিত্র করিয়া নূতন মৃণ্ময় বা তাম্রময় পাকপাত্র আহরণ করণান্তে শ্রাদ্ধ দিনে উপযোগী সকল দ্রব্যের আহরণ পূর্ব্বক বস্ত্রাদি ধৌত করিয়া সকল পরিজনের ভোজনান্তে নিরামিষ ও হবিষ্যান্ন একাহার করিবে। তদ্দিনে অন্য কারণে উপবাসাদি ব্রত সত্ত্বে উপবাসই করিবে। পরে প্রথম রাত্রে পাত্রীয় যথোক্ত ব্রাহ্মণকে নিমন্ত্রণ করিবে। ঐ মত ব্রাহ্মণ একালে অপ্রাপ্য প্রযুক্ত বিশেষতঃ গৌড়দেশে কুশময় ব্রাহ্মণই শ্রাদ্ধ করে এমতে নিমন্ত্রণ করিবারপ্রকার এস্থলে লিখিত হইল না। কুশব্রাহ্মণ পক্ষে নিমন্ত্রণাদি নাই। পরে শ্রাদ্ধ দিনে দন্তকাষ্ঠ তৈলাভ্যঙ্গাদি বর্জ্জন করত শৌচ স্নানাদি নিত্যক্রিয়া করিয়া পাকসত্ত্বে পাকস্থান গোময় দ্বারা লেপন পূর্ব্বক সর্ব্ব স্থানে তিলপ্রক্ষেপ করিবে। এবং শুচি, বন্ধু, জ্ঞাতি, সুহৃৎ অথবা সবর্ণ, দ্বারা জলাহরণ করাইয়া সকল উপকরণ দ্রব্য ধৌত করিয়া পাকস্থানে রাখিবে।

দূরোৎসারিতবীভৎসমৎসরিধূর্ত্তশূদ্রশূদ্রাপতিপতিতপাষণ্ডষণ্ডকাণকুষ্ঠিভ্রূণহশ্বিত্রিরজস্বলাস্বৈরিণীসংকীর্ণজাতিকুব্জবামনহীনাতিরিক্তাঙ্গপশুবিড়্বরাহখরকরভকরটকুক্কুটশ্বনকুলবিড়ালনীলকষায়বাসসি মহানসে নানাবিধানি শালিতণ্ডুলাদীনি হবিষ্যান্নানি সচেলং স্নাতঃ সপত্নীকো যজমানঃ স্বয়ং বা পক্তুমারভেত। অত্র বীভৎসাদয়ো ন কেবলং পাকস্থানাদপসারণীয়াঃ। কিন্তু শ্রাদ্ধদেশাদপ্যপসারণীয়াঃ। প্রামাদাদপি তৈরালোকিতানি পক্বাদীনি শ্রাদ্ধানর্হত্বেন ত্যাজ্যানি। পাকান্তরাসম্ভবে তু গৌরসর্ষপকৃষ্ণতিলৈরবকীর্য্য প্রশস্তমৃত্তিকাভস্মহিরণ্যদর্ভসংসৃষ্টৈর্জ্জলৈঃ শুদ্ধবত্যাদিভির্ম্মন্ত্রৈশ্চ প্রোক্ষণং বিদধ্যাৎ। শুদ্ধবত্যাদয়স্তু "শুদ্ধবত্যোঽথ কুষ্মাণ্ড্যঃ পাবমান্যস্তরৎসমাঃ (১)। এতাভিঃ প্রোক্ষণং কুর্য্যাৎ সূর্য্যাদীনাঞ্চ দর্শয়েৎ" ইতি শ্রাদ্ধকল্পোক্তা বোধ্যাঃ। এতাসামান্যতময়া প্রোক্ষণং কার্য্যমিত্যাচারঃ। গৌড়ানান্তু মৃজ্জলপ্রোক্ষণ মাত্রাচারঃ।

---

(১) শুদ্ধবত্যঃ এতো ন্বিন্দ্রমিত্যাদিমন্ত্রত্রয়ম্। ঋ০ ৮ ম০ ৮৪ সূ০। কুষ্মাণ্ড্যঃ যদ্দেবা ইত্যাদি অগ্রে বক্ষ্যতে। পাবমান্যঃ স্বাদিষ্ঠায়েত্যাদিহিন্বন্তীত্যন্তষট্‌ষষ্টিসূক্তাত্মিকাঃ। তন্মধ্যে অষ্টপঞ্চাশসূক্তম্ তরৎসমমিত্যাদি চতুষ্টয়ম্। ঋ০ ৯ ম০ ৫৮ সূ০ ১,২,৩, ৪ ম০।

বিকৃতাকার, অন্যশুভদ্বেষী, ধূর্ত্ত, শূদ্র, শূদ্রাপতি, পতিত, পাষণ্ড, নপুংসক, কাণ, কুষ্ঠরোগী, গর্ভপাতকারী, শ্বিত্ররোগী, ঋতুমতী-স্ত্রী, কুলটা-স্ত্রী, বর্ণসঙ্করজাতি, কুব্জ, বামন, হীনাঙ্গ, অধিকাঙ্গ, পশু, বিশেষতঃ গ্রাম্যশূকর, গর্দ্দভ, হস্তী, কৃকলাস. কুক্কুট, কুক্কুর, নকুল, বিড়াল, নীল-ও কষায়-বস্ত্রধারী, প্রভৃতিকে পাক স্থান হইতে দূরে অপসারিত করিয়া পুনর্ব্বার বস্ত্র সহিত স্নান করণান্তে পত্নীর সহিত বা স্বয়ং যজমান হবিষ্যাদি অন্নের পাকারম্ভ করিবে। এবং ঐ সকল শ্রাদ্ধদ্রব্যও দৃষ্ট করাইবে না দৈবাৎ তাহারা পাকাদি দর্শন করিলে ঐ দ্রব্য শ্রাদ্ধে দিবে না পরিত্যাগ করিবে। যদি তৎকালে পাকান্তর অসম্ভব হয় তবে শ্বেতসর্ষপ, কৃষ্ণতিল-প্রক্ষেপান্তে প্রশস্ত মৃত্তিকা, ভস্ম, সুবর্ণ, কুশযুক্ত জলদ্বারা প্রোক্ষণ করিবে। এবং শুদ্ধবতী প্রভৃতি মন্ত্রদ্বারা ও সংশোধন করিয়া সূর্য্যকে দেখাইবে। শুদ্ধবতী, কুষ্মাণ্ডী, তরৎসমা-পাবমানী, এই সকল বেদে প্রসিদ্ধ আছে তন্মধ্যে কোন মন্ত্রদ্বারা সংশোধন করিবে তাহাতে এগ্রন্থে কুষ্মাণ্ডীমন্ত্র অগ্রে উদ্ধৃত করিব বিস্তর, ভয়ে অন্য মন্ত্র লিখিত হইবে না। ঐ শোধনে মৃত্তিকাযুক্ত জল প্রোক্ষণ করাই গৌড়দেশীয়দের আচার।

অথ বর্জ্জ্যানি। অতিশুক্তোগ্রলবণং বিরসং চাপ্যসংস্কৃতম্। রাজসং তামসং চৈব বিশুষ্কং পরিলঙ্ঘিতম্। আসনারূঢ়মন্নাদ্যং পাদোপহতমেব চ। অনেধ্যাদাগতৈঃ স্পৃষ্টং প্রত্যক্ষলবণীকৃতম্। দ্বিঃস্বিন্নং পরিদগ্ধঞ্চ তথৈবাগ্রাবলেহিতম্। শর্করাজতুপাষাণশ্মশ্রুকেশাদ্যুপদ্রুতম্। বাগ্ভাবকর্ম্মদুষ্টঞ্চ দুষ্টৈরুপহৃতং তথা। বাসসা চাপধূতঞ্চ যদ্ ঘৃতাদি নখচ্যুতম্। একেন পাণিনা দত্তং পাণিনা পরিবেষিতম্। যদপ্যহৃদ্যমেতানি বর্জ্জ্যানি শ্রাদ্ধকর্ম্মণি। সক্তুধানপয়োঽপূপদধিতক্রঘৃতাদৃতে। বিনা চ স্নেহপক্কেন ক্রীতমন্নং বিবর্জ্জয়েৎ। ফলেক্ষুবটকাপূপধানাকৃশরপায়সম্। স্নেহপক্কানি সক্তুংশ্চ মুক্ত্বা পর্য্যুষিতং ত্যজেদিতি শ্রাদ্ধকল্পোক্তানি বোধ্যানি। অতিশুক্তং চিরাবস্থানাজ্জাতরসগন্ধান্তরম্। কট্বম্ললবণাত্যুষ্ণতীক্ষ্ণরুক্ষবিদাহ্যন্নং রাজসম্। উচ্ছিষ্টাশুচিপূতিবিরসমন্নং তামসম্। উপরিগত্যা লঙ্ঘিতং বিলঙ্ঘিতম্। পাকোত্তরং দত্তলবণং প্রত্যক্ষলবণম্। দ্বিঃপক্কমন্নং দ্বিঃস্বিন্নম্। যজ্জাতীয়মন্নং ব্যঞ্জনং বা যৎপ্রকারেণ পাচ্যং তাবতঃ পাকস্য দ্বিরাবৃত্তৌ দ্বিঃস্বিন্নং তেন প্রকারান্তরেণ জলঘৃতাদিভ্যাং দ্বিধা পক্কং শাকাদি ন দ্বিঃস্বিন্নম্। পাণিনা দর্ব্ব্যাদিশূন্যেন পাণিনা।

অথ শ্রাদ্ধে বর্জ্জনীয় দ্রব্য। চিরকালাবস্থানে রসান্তর বা গন্ধান্তর প্রাপ্ত দ্রব্য, অধিক লবণাক্ত, বিস্বাদ, অসম্পূর্ণ-পক্ক, রাজস-(অতি কটু, অতি অম্ল, অতি লবণাক্ত,অতি উষ্ণ, উগ্র স্বভাব, রুক্ষ, তাপকারী ) তামস- ( উচ্ছিষ্ট, অশুচি, দুর্গন্ধি, বিস্বাদু) ভোজ্য, অতি শুষ্ক, উপরি গমন দ্বারা লঙ্ঘিত, আসনে স্থাপিত, পাদস্পৃষ্ট, অশুচিদেশ হইতে আগতজন-স্পৃষ্ট, পাক নিষ্পত্তির পর লবণযুক্ত, দ্বিঃস্বিন্ন, ( যে দ্রব্যের যেমত পাক করিতে হয় ঐ মতে দুই বার পক্ক ) জল এবং ঘৃতাদি দ্বারা প্রকারান্তরে পক্ক-দ্রব্য দ্বিঃস্বিন্ন হয় না। দগ্ধ, ভুক্তাবশিষ্ট, শর্করা-(খাপরা) জতু-পাষাণ-লোম-কেশাদি-স্পৃষ্ট, বাক্য দ্বারা, কর্ম্ম দ্বারা, ভাব দ্বারা, দুষ্ট, দুষ্ট জন-কর্ত্তৃক আহৃত, বস্ত্র বাত দ্বারা আধূত, নখচ্যুত ঘৃতাদি, এক হস্তে বা হস্ত মাত্রে পরিবেষিত, এবং অপ্রিয় দ্রব্য শ্রাদ্ধে দিবে না। সক্তু, (ছাতু) ভ্রষ্ট যব, দুগ্ধ, পিষ্টক, দধি, তক্র, ঘৃত–তৈল–পক্কাদি ভিন্ন, ক্রীত অন্ন, শ্রাদ্ধে দিবে না। ফল, ইক্ষু, বটক, (বড়া) পিষ্টক, ভ্রষ্টযব, কৃশর-(তিল-গোধুম-মিশ্রিত তণ্ডুল চূর্ণ), পায়স, ঘৃতাদি-পক্ক, এবং সক্তু ইহা ভিন্ন পর্য্যুষিত (বাসিদ্রব্য) শ্রাদ্ধে দিবে না। শ্রাদ্ধ কল্প গ্রন্থে সপ্রমাণে এই সকল নিষিদ্ধ আছে।

অথ ষষ্ঠমুহূর্ত্তকৃত্যম্। নদ্যাদৌ নিত্যস্নানাদিকং বিধায় শ্রাদ্ধার্থং স্বয়মুদকমাহৃত্য শুচিশুক্লবাসাঃ সন্নিহিতবদ্ধকৃষ্ণচ্ছাগে প্রদীপিতদীপে শুচৌ বিবিক্তে গোময়োপলিপ্তে শ্রাদ্ধদেশে উত্তরতঃ সমূলান্ সকৃদুপমূলচ্ছিন্নান্ দর্ভান্ যবকৃষ্ণতিলাক্ষতমধুগন্ধপুষ্প ধূপাচ্ছাদনানি খড়্গাশৃঙ্গাদ্যর্ঘপাত্রাণি জলপাত্রং চ কৃষ্ণাজিনোপরি সংস্থাপ্য নেপালকম্বলাদীন্যাসনানি ছত্রোপানৎকমণ্ডলুভোজনপাত্রাণি ক্ষৌমং সূত্রং চেতি সম্ভারানানীয় তদুত্তরতঃ পক্কদ্রব্যাণি স্থাপয়েৎ।

অথাপরাহ্ণে কৃতপাদৌ বা কর্ত্তা শ্রাদ্ধদেশাৎ পশ্চিমতো গোময়গোমূত্রাভ্যাং দ্বিহস্তমাত্রদীর্ঘবিস্তারমুদক্প্লবমেকং চতুরস্রং মণ্ডলং বিধায় ততো দক্ষিণতো দক্ষিণপ্লবং চতুর্হস্তদীর্ঘবিস্তারমপরং চতুরস্রং কুর্য্যাৎ। অথ যজ্ঞোপবীতী উত্তরমণ্ডলে সযবকুসুমৌ প্রাগগ্রৌ দ্বৌদ্বৌ কুশৌ বিন্যস্য মণ্ডলমভ্যর্চ্চ্য তত্র ব্রাহ্মণপীঠৌ বিন্যসেৎ। অথৈতয়োঃ পীঠয়োঃ প্রাঙ্মুখৌ বৈশ্বদেবিকার্থৌ দ্বৌ দ্বিজৌ কুশময়ৌ দ্বিজৌ বা প্রদক্ষিণং সমুপবেশ্য পুরূরবাদ্র‍বঃসংজ্ঞকা বিশ্বে দেবা ইদং বঃ পাদ্যমিত্যুক্ত্বা পাদয়োঃ সকুশকুসুমযবং জলমঞ্জলিনা পাদপ্রক্ষালনার্থং দদ্যাৎ। গৌড়াস্তু পুরূরবোমাদ্রবসৌ ইত্যেবং পঠেয়ুঃ।

অথ ষষ্ঠমুহূর্ত্ত কর্ত্তব্য। স্নানাদি করিয়া স্বয়ং শ্রাদ্ধার্থ জল আহরণ করণান্তে শুদ্ধ শ্বেতবস্ত্র ধারণ করত শুচি ও নির্জ্জন শ্রাদ্ধদেশের নিকটে কৃষ্ণছাগবন্ধন, প্রদীপপ্রজ্বালন, এবং গোময়-লেপন করিয়া উত্তরে মূল সমীপে চ্ছিন্ন-সমূল কুশ, যব, কৃষ্ণতিল অক্ষত, মধু, গন্ধ, পুষ্প, ধূপ, বস্ত্রাদি, খড়্গাশৃঙ্গ-(গাণ্ডার শীর্ষ খড়্গ) প্রভৃতির অর্ঘ পাত্র ও জলপাত্র, এই সকল দ্রব্য কৃষ্ণমৃগচর্ম্মের উপরে রাখিয়া নেপাল কম্বলাদি আসন, ছত্র, পাদুকা, কমণ্ডলু, ভোজন পাত্র, ক্ষৌম বা পট্টসূত্র প্রভৃতি আহরণ করিয়া তাহার উত্তরে পক্ক দ্রব্য রাখিবে।

তৎপরে কুতপাদি কালে শ্রাদ্ধদেশের পশ্চিমে গোময় ও গোমূত্র দ্বারা দুই হস্ত দীর্ঘ ও বিস্তার-যুক্ত চতুষ্কোণ উত্তরাবনত এক মণ্ডল, এবং দক্ষিণে দক্ষিণাবনত চতুর্হস্ত দীর্ঘ ও বিস্তার-যুক্ত চতুষ্কোণ অপর মণ্ডল করিবে। উপবীতী হইয়া উত্তরমণ্ডলে সযবপুষ্প প্রাগগ্র দুই দুই কুশ দিয়া পূজান্তে তাহাতে বিপ্রপীঠ রাখিবে। ঐ দুই পীঠে দুই দৈববিপ্রকে দক্ষিণ দিক্‌ক্রমে প্রাঙ্মুখে বসাইবে। গৌড়েরা (ওঁ পুরূরবোমাদ্রবসৌ বিশ্বে দেবা ইদং বঃ পাদ্যম্) এই বাক্য বলিয়া ঐ দুই বিপ্রকে পাদপ্রক্ষালনার্থ অঞ্জলি দ্বারা যব কুশ পুষ্পাদি সহিত জল দিবে।

ততো বাস্তুপুরুষবিষ্ণুগঙ্গাপূজনং বিধায় পরক্ষেত্রে তন্মূল্যং দদ্যাৎ তদ্ভূস্বামিপিতৄন্ বাভ্যর্চ্চয়েৎ। তীর্থাদৌ তু ন কোঽপি ভূস্বামীতি ন তৎ কুর্য্যাদিতি বিশেষঃ।

ততঃ সহস্রশীর্ষেত্যস্য নারায়ণপুরুষ ঋষিরনুষ্টুপ্ ছন্দো নারায়ণো দেবতা দৈবব্রাহ্মণপূজনে বিনিয়োগ ইতি স্মৃত্বা। ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ। স ভূমিং সর্ব্বতঃ স্পৃত্বাত্যতিষ্ঠদ্দশাঙ্গুলমিতি(য০৩১অ০১ম০) মন্ত্রেণ দৈববিপ্রৌ ক্রমেণ দক্ষিণে, বামে, চ পাদে তথৈব জান্বোঃ, পাণ্যোঃ, অংসয়োঃ, শিরসি চ যবপুষ্পৈরভ্যর্চ্চ্য ওঁ পুরূরবার্দ্রবঃসংজ্ঞকা বিশ্বে দেবা এষ বোঽর্ঘ ইতি নিবেদ্য সংভৃতযবকুশকুসুমগন্ধোদকেন পাত্রেণ বিপ্রয়োঃ পাদেষর্ঘং দদ্যাৎ। সামগস্তু ইদমর্ঘ্যমিতি বদেৎ। পুরূরবার্দ্রবঃসজ্ঞাধিষ্ঠানভূতা দেবতা যদ্যপ্যেকৈব তথাপ্যাচারাৎ বহুবচনং প্রযোজ্যং পূজ্যত্বাৎ। এবং পিত্রাদিষ্বপ্যেকস্মিন্নর্থে ক্বচিদ্বহুবচনং ক্বচিদেকবচনং বাচারাৎপ্রযোজ্যমিতি বোধ্যম্।

---

(১) সহস্রশীর্ষা বহুমস্তকঃ অব্যক্তাদিভিন্নশ্চেতনঃ সর্ব্বপ্রাণিসমষ্টিরূপঃ সর্ব্বপ্রাণিনাং যানি শিরাংসি তান্যেব তস্যাপি তস্য সর্ব্বদেহান্তঃপাতিত্বাৎ সহস্রাক্ষঃ বহুনেত্রঃ সহস্রপাৎ বহুচরণঃ অক্ষিপাদশব্দশ্চ সর্ব্বজ্ঞানকর্ম্মেন্দ্রিয়োপলক্ষকঃ স পুরুষো ভূমিং ব্রহ্মাণ্ডং সর্ব্বতঃ ঊর্দ্ধমধস্তির্য্যক্ চ স্পৃত্বা ব্যাপ্য দশাঙ্গুলং নাভেরিতি শেষঃ অত্যতিষ্ঠৎ অতিক্রম্য হৃদি স্থিতঃ। সামবেদে ঋগ্বেদে চ সর্ব্বতঃ স্প ত্বেত্যত্র বিশ্বতো বৃত্বেতি পাঠঃ।

এই সময়ই বাস্তুপুরুষ, বিষ্ণু ও গঙ্গার পূজা করিয়া পরক্ষেত্রে ভূস্বামিকে মূল্য দিবে বা তৎপিতাপ্রভৃতিকে অর্চ্চনা করিবে। তীর্থে তাহা করিবে না। সহস্রশীর্ষেত্যাদি মন্ত্রের নারায়ণ পুরুষ ঋষি, (প্রথমদর্শী) অনুষ্টুপ্ (অষ্টাক্ষরপাদযুক্ত) ছন্দঃ নারায়ণ দেবতা (উপাস্য) এ স্থলে শ্রাদ্ধে দৈববিপ্র পূজার্থে পঠিত হইতেছে এইমত স্মরণ করিয়া (ওঁ সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ। স ভূমিং সর্ব্বতঃ স্পৃত্বাত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্) এই মন্ত্র পাঠ করিয়া ঐ দৈববিপ্রের প্রথম দক্ষিণ পাদে পরে বামপাদে ঐ ক্রমে দুই জানুতে দুই হস্তে, দুই স্কন্ধে এবং মস্তকে যব ও পুষ্পদ্বারা পূজা করিয়া গৌড়েরা (ওঁ পুরূরবোমাদ্রবসৌ বিশ্বে দেবা এষ বোঽর্ঘঃ) এই বাক্য বলিয়া নিবেদন করিয়া যব পুষ্প গন্ধাদিযুক্ত পাত্র দ্বারা দক্ষিণাদি ক্রমে দুই বিপ্রকে অর্ঘ দিবে। সামবেদী হইলে (ইদমর্ঘ্যম্) এইরূপ পাঠ করিবে। পুরূরবা যদ্যপি এক ব্যক্তি তথাপি আচার প্রযুক্ত পুজ্যতাভিপ্রায়ে বহুবচন প্রয়োগ করিবে। ঐ মত পিতৃ পক্ষে কোন স্থানে গৌরবে বহুবচন কোন স্থানে বা এক বচন পঠিত হয়। তাহাতে পূর্ব্ব পূর্ব্ব আচার হেতু ঐ মত প্রয়োগ করিবে।

ততো দক্ষিণমণ্ডলে প্রাদক্ষিণ্যেন উদঙ্মুখান্ পিত্রাদি-বিপ্রানুপবেশ্য অমুকগোত্র বসুরূপ পিতরমুকদেবশর্ম্মন্ এতত্তে পাদ্যমিত্যুক্ত্বা তিলকুশকুসুমসহিতং জলং পাদ-প্রক্ষালনার্থমঞ্জলিনা পিতৃদ্বিজপাদয়োর্দ্দত্ত্বা পাদং প্রক্ষা-লয়েৎ। প্রতীচ্যাস্তু পিতরিত্যত্র সপত্নীকাস্মৎপিতরিত্যা-দি প্রযুঞ্জতে। এবং সর্ব্বত্র। ততঃ পিতামহং রুদ্ররূপং প্রপিতামহমাদিত্যরূপং মাতামহাদীন্ বসুরুদ্রাদিত্যরূ-পান্ প্রকীর্ত্তয়ন্ পূর্ব্ববৎ প্রয়োগমুচ্চার্য্য শেষদ্বিজানামপি পাদ্যপ্রদানপূর্ব্বকং পাদপ্রক্ষালনং কুর্য্যাৎ। পিতৃভ্য ই-ত্যস্য প্রজাপত্যগ্নিসরস্বত্যশ্বয়শ্ছন্দোঽভাবঃ পিতরো দে-বতাঃ পিতৃদ্বিজপূজনে বি০। ওঁ পিতৃভ্যঃ স্বধায়িভ্যঃ স্বধা নমঃ। পিতামহেভ্যঃ স্বধায়িভ্যঃ০। প্রপিতামহেভ্যঃ স্বধা-য়ি০। অক্ষন্ পিতরঃ অমীমদন্ত পিতরঃ। অতীতৃপন্ত পিতরঃ। পিতরঃ শুন্ধন্তাম্ (য০১৯অ০৩৬ম০) ইতি মন্ত্রেণ (১)। শিরসি ক্রমেণ দক্ষিণবাময়োরংসয়োস্তথৈব পাণ্যোঃ জানুনোঃ পাদয়োশ্চ তিলকুসুমৈঃ পিতৃদ্বিজানভ্যর্চ্চয়েৎ।

---

(১) স্বধামন্নং প্রতিয়ন্তীতি তেভ্যঃ স্বধায়িভ্যঃ পিতৃভ্যঃ স্বধা অন্নম-স্ত্বিতি শেষঃ তেভ্যো নমোঽস্তু। এবং পিতামহেভ্যঃ প্রপিতামহেভ্য ইত্যনয়োরপ্যর্থঃ। পিতরঃ অক্ষন্ ভক্ষিতবন্তঃ ঘসের্লঙি রূপম্। পিত-রো অমীমদন্ত মদ তৃপ্তৌ মাদয়ন্তি স্ম। পিতরঃ অতীতৃপন্ত অস্মত্ত-র্পিতাঃ অস্মান্ তর্পয়ন্তি স্ম। হে পিতরঃ শুন্ধন্তাং পবিত্রীকুরুত।

তাহার পর দক্ষিণ মণ্ডলে উত্তরাভিমুখে দক্ষিণাদিক্রমে পিতৃ পিতামহাদির বিপ্র সকলকে বসাইয়া গৌড়েরা (অমুকগোত্র বসুরূপ পিতরমুকদেবশর্ম্মন্ এতত্তে পাদ্যম্) এই বাক্য বলিয়া পিতৃপক্ষ বিপ্রের পাদপ্রক্ষালনার্থে অঞ্জলি দ্বারা তিল ও কুশযুক্ত জল দিয়া বিপ্রের পাদপ্রক্ষালন করিবে। পাশ্চাত্য দেশীয়েরা পিতঃ (এ স্থানে সপত্নীক অস্মৎ পিতঃ) এই মত পাঠ করে। এবং পিতামহাদি সর্ব্বস্থানে ঐরূপপ্রয়োগ করে। তাহার পর পিতামহকে রুদ্ররূপে, প্রপিতামহকে, আদিত্য রূপে এবং মাতামহ প্রমাতামহ বৃদ্ধপ্রমাতামহকে ক্রমে বসু রুদ্র আদিত্য রূপে কীর্ত্তন করিয়া ঐ মত পাদ্যদান বাক্য প্রয়োগ করত সকলের পাদপ্রক্ষালন করিবে (পিতৃভ্য ইত্যাদি মন্ত্রের প্রজাপতি, অগ্নি এবং সরস্বতী ঋষি ছন্দঃ নাই পিতারা দেবতা পিতৃপক্ষ বিপ্রপূজার্থে পঠিত হইতেছে এইমত স্মরণ করিয়া (ওঁ পিতৃভ্যঃ স্বধায়িভ্যঃ স্বধা নমঃ। পিতামহেভ্যঃ স্বধায়িভ্যঃ স্বধা নমঃ। প্রপিতামহেভ্যঃ স্বধায়িভ্যঃ স্বধা নমঃ। অক্ষন্ পিতরঃ। অমীমদন্ত পিতরঃ। অতীতৃপন্ত পিতরঃ। পিতরঃ শুন্ধন্তাম্) এই মন্ত্র দ্বারা পূর্ব্বক্রমের বিপরীতক্রমে অর্থাৎ মস্তক দুই স্কন্ধ দুই হস্ত দুই জানু দুইপাদ এই সকলে অঙ্গে পিতৃপক্ষ বিপ্রের পূজা করিবে।

নমো বইত্যস্য প্রজাপতির্ঋষিশ্ছন্দোঽভাবঃ ঋতুরূপাঃ পিতরো দেবতা মাতামহদ্বিজোপস্থানে বি০। ওঁ নমো বঃ পিতরো রসায়। নমো বঃ পিতরঃ শোষায়। নমো বঃ পিতরো জীবায়। নমো বঃ পিতরঃ স্বধায়ৈ। নমো বঃ পিতরো ঘোরায়। নমো বঃ পিতরো মন্যবে। নমো বঃ পিতরঃ পিতরো নমো বঃ।। য০২অ০৩২ম০। ইতি মন্ত্রেণ মাতামহদ্বিজান্ তথৈবাভ্যর্চ্চ্য পাদ্যবৎ প্রয়োগমুক্ত্বা সম্ভৃতকুশযুক্তেন পাত্রেণার্ঘং দদ্যাৎ। তত উপবীতী নিক্ষিপ্তযবদর্ভয়োরাসনয়োরুপরি প্রাঙ্মুখৌ উত্তরদিক্সংস্থৌ দৈবদ্বিজাবুপবেশ্য প্রাচীনাবীতী নিক্ষিপ্ততিলকুশেস্বাসনেষু প্রতীচ্যাদিক্রমেণ প্রাক্সংস্থান্ পিতৃমাতামহাদি দ্বিজান্ উপবেশ্য চ। ব্রাহ্মণসংখ্যয়া চ দীপান্ স্থাপযেৎ। অথ কৃতাঞ্জলির্দক্ষিণামুখঃ সব্যং জানু ভূমৌ পাতয়িত্বা পুরঃস্থিতং গদাধরং ধ্যায়ন্ গঙ্গাগদাধরৌ নমস্কুর্য্যাৎ।

(১) হে পিতরো বো যুষ্মাকং রসায় রসভূতায় বসন্তায় নমঃ মধ্বাদিরসহেতুত্বাদ্বসন্তস্য রসতা। এবমগ্রেতনা মন্ত্রা ব্যাখ্যেয়াঃ। শুষ্যন্ত্যোষধয়ো যত্রেতি শোষো গ্রীষ্মস্তস্মৈ। জীবায় জীবনহেতবে জলরূপায় বর্ষর্ত্তবে। শরদি প্রায়শোঽন্নানি ভবন্তীতি পিতৃদেয়ান্ন হেতুত্বাৎ, শরদঃ স্বধারূপতা তস্যৈ। স্বধায়ৈ শীতাধিকতয়া দুঃখদত্বাৎ ঘোরায় হেমন্তায়। ওষধের্দাহকত্বেন মন্যবে। ক্রোধরূপায় ন শিশিরায়। হে পিতরঃ এবংভুতঋতুরূপেভ্যো বো নমোঽস্তু দ্বিরুক্তিরাদরাতিশয়ার্থা।

নমো ব ইত্যাদি মন্ত্রের প্রজাপতি ঋষি ছন্দো নাই ঋতু স্বরূপ পিতারা দেবতা মাতামহ পক্ষ বিপ্রপূজার্থে পঠিত হইতেছে এই মত স্মরণ করিয়া (নমো বঃ পিতরো রসায়। নমো বঃ পিতরঃ শোষায। নমো বঃ পিতরো জীবায়। নমো বঃ পিতরঃ স্বধায়ৈ। নমো বঃ পিতরো ঘোরায়। নমো বঃ পিতরঃ পিতরো নমো বঃ) এই মন্ত্র পাঠ করিয়া মাতামহ পক্ষ ব্রাহ্মণের মস্তকাদি পাদপর্য্যন্ত পূর্ব্বোক্ত অঙ্গে পূজা করিয়া পাদ্যদানের ন্যায় বাক্য প্রয়োগ করিয়া কুশাদি যুক্ত পাত্র দ্বারা অর্ঘ দিবে। তৎপরে উপবীতী হইয়া যব ও কুশ যুক্ত আসনদ্বয়ের উপরে দক্ষিণাদি ক্রমে পূর্ব্ব মুখে দুই দৈবপক্ষ বিপ্রকে বসাইবে। পরে প্রাচীনাবীতী হইয়া তিল ও কুশযুক্ত আসন সকলে পশ্চিমাদিক্রমে পিতৃপিতামহাদির ছয় বিপ্রকে বসাইবে। প্রত্যেক ব্রাহ্মণের নিকটে এক এক দীপ রাখিবে। তৎপরে কৃতাঞ্জলি ও দক্ষিণাভিমুখ হইয়া বাম জানু ভূমিতে স্থাপন করিয়া গদাধরকে সম্মুখস্থিত রূপে ধ্যান করত গঙ্গা ও গদাধরকে নমস্কার করিবে।

ওঁ দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত্বিতি ইতি ত্রিধা জপেৎ। প্রতীচ্যাস্তু নমঃ স্বাহায়ৈ স্বধায়ৈ নিত্যমেব নমঃ স্বধেতি পঠন্তি। এতচ্চ শ্রাদ্ধানুজ্ঞানানন্তরং গায়ত্রীজপাদনন্তরঞ্চ জপ্যমিতি রঘুনন্দনাদয়ঃ। শঙ্খচক্রধরং বিষ্ণুং দ্বিভুজং পীতবাসসম্। প্রারম্ভে কর্ম্মণাং বিপ্র পুণ্ডরীকং স্মরেদ্ধরি-গিত্যুক্তেঃ যস্য স্মৃত্যা চ নামোক্ত্যা তপোযজ্ঞক্রিয়াদিষু। ন্যূনং সংপূর্ণতাং যাতি সদ্যো বন্দে তমচ্যুতমিত্যনেন বিষ্ণুং স্মৃত্বা প্রাণায়ামং সংকল্পং কুর্য্যাৎ। তত্র মাস-পক্ষতিথ্যাদিনিমিত্তানামেবোল্লেখ ইতি গৌড়াঃ। হে-মাদ্রৌ তু সর্ব্বকালবৎ সর্ব্বদেশোল্লেখ উক্তঃ। তদনুসা-রেণোল্লেখবাক্যমভিধীয়তে। ওঁ তৎসদত্র পৃথ্ব্যাং জম্বু-দ্বীপে ভারতবর্ষে প্রজাপতিক্ষেত্রেঽমুকপ্রদেশে ইত্যাদি-নার্য্যাবর্ত্তাদিদেশমনুকীর্ত্ত্য অদ্য শ্রীব্রহ্মণো দ্বিতীয়পরার্দ্ধে শ্বেতবরাহকল্পে বৈবস্বতমন্বন্তরেঽষ্টাবিংশতিমে যুগে কলাবাদ্যপাদে ইত্যুক্ত্বা সংবৎসরায়নর্ত্তুমাসপক্ষতিথিন-ক্ষত্রযোগকরণ কুতপাদিকালনামানি সপ্তম্যন্তান্যনুকীর্ত্ত্য পিত্রাদিতৃপ্তিকাম অমুকগোত্রামুকদেবশর্ম্মণাম্ বসুরু-দ্রাদিত্যরূপাণাং পিত্রাদীনাং তথাবিধানাং মাতামহাদী-নাঞ্চ সদৈবং পার্ব্বণশ্রাদ্ধমহং করিষ্যে ইতি।

( দেবতাভ্যঃ পিতৃভ্যশ্চ মহাযোগিভ্য এব চ। নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ নিত্যমেব ভবন্ত্বিতি) এই মন্ত্র পাঠ করিবে। রঘুনন্দনাদি মতে শ্রাদ্ধানুজ্ঞা ও গায়ত্রী জপের পর পাঠ করিতে হয়। কর্ম্মের আরম্ভে দ্বিভুজ পীতাম্বর শঙ্খ চক্রধারী পুণ্ডরীকাক্ষ বিষ্ণুকে স্মরণ করিতে হয় এই বিধান থাকায় ( যস্য স্মৃত্যা চ নামোক্ত্যা তপোযজ্ঞক্রিয়াদিষু। ন্যূনং সংপূর্ণতাং যাতি সদ্যো বন্দে তমচ্যুতম্) ইহা পাঠ করিয়া বিষ্ণুস্মরণান্তে প্রাণায়াম করিয়া সংকল্প করিবে। তাহাতে গৌড়ীয়মতে মাস পক্ষ প্রভৃতি কাল রূপ নিমিত্তেরই উল্লেখ করিতে হয়। হেমাদ্রি মতে দেশ এবং অন্যান্য কালেরও উল্লেখ আছে এমতে তদনুসারে সংকল্প বাক্য লিখিতেছি “এই পৃথিবীতে জম্বুদ্বীপে ভারতবর্ষে প্রজাপতিক্ষেত্রে আর্য্যাবর্ত্তাদিদেশে, অদ্য ব্রহ্মার দ্বিতীয় বয়ো ভাগে শ্বেতবরাহ কল্পে বৈবস্বত মন্বন্তরে অষ্টাবিংশতি যুগে কলির আদ্যপাদে প্রভবাদি বর্ষ, উত্তরাদি অয়ন, বসন্তাদি ঋতু, চৈত্রাদি মাস, তিথি, নক্ষত্রাদি, সকল নিমিত্তের নামোল্লেখান্তে পিতা প্রভৃতির তৃপ্তি কামনায় অমুক গোত্র অমুক নামক বসু রুদ্র আদিত্য রূপ পিতা প্রভৃতির দৈব সহিত পার্ব্বণশ্রাদ্ধ করিব।”

প্রকৃতে চ গয়াযাত্রাঙ্গভূতমিতি শ্রাদ্ধং বিশেষণীয়ম্। ততঃ কর্ম্মকারয়িতৃদ্বিজেন ওঁ কুরুষ্বেতি প্রতিবদেদেবং সর্ব্বত্র। ততো গায়ত্রীমার্ষাদিস্মরণপূর্ব্বকং জপেৎ। দেবতাভ্য ইত্যপ্যত্রৈব জপেদিত্যন্যে। ওঁ নিহন্মি সর্ব্বং যদমেধ্য"মত্র নিহন্মি সর্ব্বানপি দানবাসুরান্"। রক্ষাংসি যক্ষাশ্চ পিশাচসংঘা হতা ময়া যাতুধানাশ্চ সর্ব্বে ইতি মন্ত্রেণ বিঘ্নাণিহত্য বামকটিলগ্নবস্ত্রং বহির্ভাগে নিবেষ্ট্য তিলকুশান্বিতানাং পরিধানবস্ত্রদশানাং গোপনং কুর্য্যাৎ। ওঁ তিলা রক্ষন্ত্বসুরাদ্ দর্ভা রক্ষন্তু রাক্ষসাৎ। বহ্নিং বৈ শ্রোত্রিয়ো রক্ষেদতিথিঃ সর্ব্বরক্ষকঃ ইতি মন্ত্রেণ তিলকুশান্ দ্বারদেশে ক্ষিপ্ত্বা ওঁ অগ্নিষ্বাত্তাঃ পিতৃগণাঃ প্রাচীং রক্ষন্তু মে দিশমিতি প্রাচ্যাম্। ওঁ তথা বর্হিষদঃ পান্তু যাম্যাং যে পিতরঃ স্থিতা ইতি মন্ত্রেণ যাম্যাম্। প্রতীচীমাজ্যপাস্তদ্বদিত্যনেন প্রতীচ্যাম্। ওঁ উদীচীমপি সোমপাঃ ইত্যনেনোদীচ্যাম্। ওঁ অধোর্দ্ধমপি কোণেষু হবিষ্মন্তশ্চ সর্ব্বত ইতি রক্ষোভূতপিশাচেভ্যস্তথৈবাসুরদোষকঃ। সর্ব্বতশ্চাধিপস্তেষাং যমো রক্ষাং করো তু মে। বায়ুভূতপিতৄণাং চ তৃপ্তির্ভবতু শাশ্বতী ইত্যনেন অধস্তাদূর্দ্ধং কোণেষু চ সর্ব্বত্র তিলান্ বিকিরেৎ।

---

"বস্তুবেদ্ধহাশ্চ সর্ব্বে সুরদানবা ময়া ইতি গৌড়াঃ পঠন্তি।"

এস্থলে এই শ্রাদ্ধ গয়াযাত্রার অঙ্গ ইহা বিশেষ রূপে কহিবে। তৎপরে কর্ম্ম কারয়িতা ব্রাহ্মণ 'ওঁ কুরুস্ব' এই প্রতি বাক্য কহিবে। তৎপরে ঋষ্যাদি স্মরণান্তে প্রণব ব্যাহৃতি যুক্ত গায়ত্রী জপ করিবে। তৎপরে "নিহন্মি সর্ব্বং যদমেধ্যবদ্ভবেদ্ধতাশ্চ সর্ব্বে সুরদানবা ময়া। রক্ষাংসি যক্ষাশ্চ পিশাচসংঘা হতা ময়া যাতুধানাশ্চ সর্ব্বে) এই মন্ত্র দ্বারা বিঘ্ন বিঘাত করিয়া বামকটি বস্ত্র বহির্ভাগে বেষ্টন করিয়া তিলকুশযুক্ত বস্ত্র প্রান্তে বন্ধন করিয়া নীবিগোপন করিবে। তৎপরে (তিলা রক্ষন্ত্বসুরাদ্ দর্ভা রক্ষন্তু রাক্ষসাৎ। বহ্নিং বৈ শ্রোত্রিয়ো রক্ষেদতিথিঃ সর্ব্বরক্ষকঃ) এই মন্ত্র পাঠান্তে দ্বারদেশে তিল ও কুশ ক্ষেপণ করিয়া (অগ্নিষ্বাত্তাঃ পিতৃগণাঃ প্রাচীং রক্ষন্তু মে দিশম্) এই মন্ত্র দ্বারা পূর্ব্ব দিকে, (তথা বর্হিষদঃ পান্তু যাম্যাং যে পিতরঃ স্থিতাঃ) এই মন্ত্র দ্বারা দক্ষিণে, (প্রতীচীমাজ্যপাস্তদ্বৎ) এই মন্ত্র দ্বারা পশ্চিমে, (উদীচীমপি সোমপাঃ) এই মন্ত্র দ্বারা উত্তরে, (অধোর্দ্ধ-মপি কোশেষু হবিষ্মন্তশ্চ সর্ব্বতঃ। রক্ষোভূত পিশাচে-ভ্যস্তথৈবাসুরদোষকঃ। সর্ব্বতশ্চাধিপস্তেষাং যমো রক্ষাং করোতু মে। বায়ুভূত পিতৃণাঞ্চ তৃপ্তির্ভবতু শাশ্বতী) এই মন্ত্র দ্বারা সকল দিকে তিল প্রক্ষেপ করিবে।

ততঃ পাত্রস্থং জলং দর্ভৈরবলোড্য যদ্দেবা ইত্যাদি-তিসৃণাং প্রজাপতিঋষিরনুষ্টুপ্ ছন্দঃ ক্রমেণ অগ্নিবায়ুসূর্য্যা দেবতাঃ শ্রাদ্ধদ্রব্যশোধনে বি০। ওঁ যদ্দেবা দেবহেডনং দেবাসশ্চকৃমা বয়ম্। অগ্নির্ম্মা তস্মাদেনসো বিশ্বান্মুঞ্চত্বংহসঃ ॥১॥ যদি দিবা যদি নক্তমেনাংসি চকৃমা বযম্। বায়ুর্মা তস্মাদেনসো বিশ্বা০ ॥ ২ ॥ যদি জাগ্রৎ যদি স্বপ্ন এনাংসি চকৃমা বয়ম্। সূর্য্যো মা তস্মাদেনসো বিশ্বা০॥ ৩॥ (১) (য০ ২০ অ০ ১৪, ১৫, ১৬ম০) ইতি মন্ত্রৈরভিমন্ত্র্য দুষ্টদৃষ্টিনিপাতদূষিতং পাকাদি পূতং ভবত্বিত্যুক্ত্বা তেন শ্রাদ্ধদ্রব্যং প্রোক্ষেৎ। গৌড়াস্তু স্বজ্জলাদিভিঃ প্রোক্ষণমেব কুর্ব্বন্তি। শুদ্ধবত্যাদিভিঃ প্রোক্ষণং পূর্ব্বসূচিতমত্রৈব কালে কার্য্যম্। যজ্ঞোপবীতী পাতিতদক্ষিণজানুঃ পবিত্রপাণির্ব্বামহস্তবিধৃতবহুকুশ উদঙ্মুখঃ সমাসীনো দৈবিকং, পৈতৃকং তু দক্ষিণামুখঃ পাতিতবামজানুঃ প্রাচীনাবীতী সর্ব্বং কুর্য্যাৎ।

---

(১) দীব্যন্তীতি দেবা দীপ্যমানা হে দেবাসো দেবা বয়ং যদ্দেবহেড়নং দেবানামবরাধং চকৃমা কৃতবন্তঃ ছান্দসো দীর্ঘঃ। অগ্নিস্তস্মাদেনসঃ পাপাৎ বিশ্বাৎ বিশ্বস্মাৎ সর্ব্বস্মাৎ অংহসো বিঘ্নাচ্চ মা মাং মুঞ্চতু পৃথক্ করোতু। স্মাদভাবআর্ষঃ ॥১॥ যদি চেৎ দিবা অহনি যদি নক্তং রাত্রৌ বয়মেনাংসি পাপানি চকৃমা কৃতবন্তঃ। বায়ুস্তস্মাদিত্যাদি প্রাগ্বৎ। (২) যদি জাগ্রৎ জাগ্রতি সপ্তম্যা লুক্ যদি স্বপ্নে স্বপ্নাবস্থায়ামেনাংসি বয়ং চকৃমা সূর্য্যস্তস্মাদিত্যাদি প্রাগ্বৎ। (৩) ইতি কুষ্মাণ্ডীসংজ্ঞা ঋচঃ।

তৎপরে কুশদ্বারা পাত্রস্থ জল চালন করিয়া যদ্দেবা ইত্যাদি তিন মন্ত্র দ্বারা "অপবিত্র দৃষ্টি দ্বারা দূষিত পাকাদি পবিত্র হউক" এই বাক্য বলিয়া জলপ্রোক্ষণ করিবে। ঐ মন্ত্রত্রয়ের প্রজাপতি ঋষি অনুষ্টুপ্ ছন্দঃ প্রথম মন্ত্রের অগ্নি, দ্বিতীয় মন্ত্রের বায়ু, তৃতীয় মন্ত্রের সূর্য্য, ইহারা ক্রমে দেবতা শ্রাদ্ধদ্রব্য শোধনার্থে পঠিত হইতেছে এই মত স্মরণান্তে (যদ্দেবা দেবহেড়নং দেবাসশ্চক্রমা বয়ম্। অগ্নির্ম্মা তস্মাদেনসো বিশ্বান্মুঞ্চত্বংহসঃ। যদি দিবা যদি নক্তমেনাংসি চক্রমা বয়ম্। বায়ুর্ম্মা তস্মাদেনসো বিশ্বান্মুঞ্চত্বং হসঃ। যদি জাগ্রৎ যদি স্বপ্ন এনাংসি চক্রমা বয়ম্। সূর্য্যো মা তস্মাদেনসো বিশ্বান্মুঞ্চত্বং হসঃ) এই তিন মন্ত্র পাঠ করিবে। গৌড়েরা মৃত্তিকা যুক্ত জল দ্বারা প্রোক্ষণমাত্র করেন। পূর্ব্ব সূচিত শুদ্ধবত্যাদি মন্ত্র দ্বারাও শোধন এই কালেই করিতে হয় তাহা বিস্তার ভয়ে এ গ্রন্থে দর্শিত হইল না। যজ্ঞোপবীতী ও উত্তরমুখ হইয়া দক্ষিণ হস্তে পবিত্র, বাম হস্তে বহু কুশ, গ্রহণ করিয়া দক্ষিণ জানু ভূমিতে স্থাপন করিয়া সকল দৈবকর্ম্ম করিবে। প্রাচীনাবীতী ও দক্ষিণমুখ হইয়া ঐ মত কুশগ্রহণ করিয়া বামজানু ভূমিতে স্থাপনানন্তর সকল পৈতৃক কর্ম্ম করিবে।

ততঃ ওঁ পুরূরবার্দ্রবংসংজ্ঞকানাং বিশ্বেষাং দেবানামিদমাসনমস্ত্বিতি জলযবসহিতৌ দ্বৌ কুশৌ প্রথমবৈশ্বদেবিকদ্বিজদক্ষিণভাগে বিন্যসেৎ। ওঁ স্বাসনমস্ত্বিতি প্রতিব্রুয়াৎ এবমিতরত্রাপি। ততো দক্ষপ্রজাপতেদু্হিতরি বিশ্বাভিধায়াং ধর্ম্মাদ্বিশ্বে দেবাঃ সমুৎপন্না ইতি বৈশ্বদেবিকীমুৎপত্তিমনুস্মরন্ গৃহীতযবকুশেন দক্ষিণপাণিনা কুশদ্বিজং স্পৃষ্ট্বা ওঁ পুরূরবার্দ্রবংসংজ্ঞকান্ বিশ্বান্ দেবানাবাহয়িষ্যে ইতি বৈশ্বদেবিকদ্বিজো পৃচ্ছেৎ তাভ্যাঞ্চাবাহয়েত্যনুজ্ঞাতঃ। বিশ্বে দেবাস ইত্যস্য মধুচ্ছন্দা ঋষির্গায়ত্রী ছন্দো বিশ্বে দেবা দেবতা বিশ্বদেবাবাহনে বিনিয়োগ ইতি স্মৃত্বা ওঁ বিশ্বে দেবাস আগত শৃণুতা ম ইমং হবম্। এদং বর্হির্নিষীদত (১) (ঋ০ ৭অ০ ৩৪ম০) ইতি জপিত্বা দ্বিজাগ্রে যবানুৎসৃজ্য কৃতাঞ্জলিঃ প্রার্থয়েত যথা।

(১) হে বিশ্বে দেবাসঃ দেবা যূয়মাগত অস্মদ্যজ্ঞং প্রতি আগচ্ছত আগত্য চ মে মমেমং হবমাহ্বানং শৃণুতা শৃণুত শ্রুত্বা চ ইদং মদীযং বর্হিঃ কুশমানিষীদত। ব্যবহিতেনাঙা নিষীদতেত্যস্যান্বয়ঃ। রূপনিসিদ্ধিশ্ছান্দসী। আ ইদমিতিচ্ছেদঃ।

তৎপরে (পুরূরবোমাদ্রবঃসজ্ঞকানাং বিশ্বেষাং দেবানামিদমাসনমস্তু) এই বাক্য বলিয়া যব সহিত কুশদ্বয় নির্ম্মিত আসন প্রথম দৈববিপ্রের দক্ষিণ ভাগে দিবে। তৎপরে অপর ব্রাহ্মণেরও ঐ রূপে দিবে। তাহার পরে ধর্ম্ম হইতে বিশ্বানামে দক্ষপ্রজাপতির কন্যাতে বৈশ্বদেবের উৎপত্তি যাহা পুরাণে উক্ত আছে তাহা স্মরণ করত যব ও কুশ-সহিত দক্ষিণ হস্তদ্বারা দৈব পক্ষ প্রধান বিপ্রকে স্পর্শ করিয়া (পুরূরবোমাদ্রবঃসংজ্ঞকান্ বিশ্বান্ দেবানাবাহয়িষ্যে) এই মত দৈব বিপ্র কে জিজ্ঞাসা করিবে। তাঁহারাও (আবাহয়) এইমত অনুজ্ঞা করিলে বিশ্বে দেবাস ইত্যাদি মন্ত্রের মধুচ্ছন্দানামে ঋষি গায়ত্রী (ষড়ক্ষর পাদ) ছন্দঃ বিশ্বদেবতারা দেবতা বৈশ্বদৈব আবাহনার্থে পঠিত হইতেছে এই মত স্মরণ করিয়া (বিশ্বে দেবাস আগত শৃণুতা ম ইমং হবম্। এদং বর্হির্নিষীদত) এই মন্ত্র পাঠ করিয়া আবাহন করিবে। তৎপরে দৈব বিপ্রাগ্রে যবাদি নিক্ষেপ করিয়া কৃতাঞ্জলি হইয়া বক্ষ্যমাণ মন্ত্র দ্বারা প্রার্থনা করিবে।

বিশ্বে দেবা ইত্যস্য সুহোত্র ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দো বিশ্বে দেবা দেবতা বিশ্বদেবপ্রার্থনে বিনিয়োগ ইতি স্মৃত্বা ওঁ বিশ্বে দেবাঃ শৃণুতেমং হবং মে যে অন্তরিক্ষে য উপ দ্যবি ষ্ঠ। যে অগ্নিজিহ্বা য উত যজত্রা আসদ্যাস্মিন্ বর্হিষি মাদয়ধ্বম্ (১) (য০৩৩অ০৫৩ম০) ইতি ওঁ আগচ্ছন্তু মহাভাগা বিশ্বে দেবা বরপ্রদাঃ ( ২ ) যে যত্র বিহিতাঃ শ্রাদ্ধে সাবধানা ভবন্তু তে ইতি চ পঠেৎ। দ্বিজানেকত্বেঽপি ন প্রতিদ্বিজমাবাহনানুবৃত্তিরেকাবাহনেনৈব সর্ব্বসান্নিধ্যসম্ভবাৎ।

ততঃ সাগ্রং প্রাদেশমাত্রং কুশপত্রদ্বয়ং গৃহীত্বা পবিত্রে ইত্যস্য প্রজাপতির্ঋষিঃ ছন্দোঽভাবঃ পবিত্রে দেবতে তচ্ছেদনে বিনিয়োগ ইতি স্মৃত্বা ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ (৩) (য০) অ০ ১১ম০ইত্যনেন পবিত্রং ছিত্ত্বা

---

(১) হে বিশ্বে দেবা যে যূয়মন্তরিক্ষে ষ্ঠ স্থ ভবথ যে চ উপ সমীপে পৃথিব্যাং দ্যবি স্বর্গে চ য়ে যে চাগ্নিজিহ্বা বহ্নিমুখা উত বা অপি চ যজত্রা যজমানত্রাতারস্তে যূয়মিমং মে সংকৃতং হবমাহ্বানং শৃণুত শ্রুত্বা চাস্মিন্ বর্হিষি কুশে আসদ্যোপবিশ্য মাদয়ধ্বং তৃপ্যত। রূপসিদ্ধিশ্ছান্দসী।

(২) বরপ্রদা ইত্যত্র মহাবলা ইতি ব্রাহ্মণসর্ব্বস্বাদৌ পাঠঃ।

(৩) হে পবিত্রে যুবাং বৈষ্ণব্যৌ বিষ্ণুদেবতাকে স্থো ভবথঃ।

বিশ্বে দেবা এই মন্ত্রের সুহোত্র ঋষি ত্রিষ্টুপ্ (একা দশাক্ষরপাদ) ছন্দঃ বিশ্বদেবতারা দেবতা বৈশ্বদেব প্রা-র্থনার্থ পঠিত হইতেছে এই মত স্মরণ করিয়া (বিশ্বে দেবাঃ শৃণুতেমং হবং মে যে অন্তরিক্ষে য উপ দ্যবি ষ্ঠ। যে অগ্নিজিহ্বা য উত যজত্রা আসদ্যাস্মিন্ বর্হিষি মাদয়ধ্বম্) ইহা পাঠ করিয়া এবং [আগচ্ছন্তু মহাভাগা বিশ্বে দেবা মহাবলাঃ। যে যত্র বিহিতাঃ শ্রাদ্ধে সাবধানা ভবন্তু তে) ইহাও পাঠ করিবে। দৈবপক্ষে দুই বিপ্র হইলেও ঐ মন্ত্র সকল এক বার মাত্র পাঠ করিবে তাহাতেই সকলের সান্নিধ্য হইতে পারে। তৎপরে প্রাদেশ প্রমাণ সাগ্র কুশদ্বয় গ্রহণ করিয়া পবিত্রে ইত্যাদি মন্ত্রের প্রজাপতি ঋষি ছন্দো নাই পবিত্র দেবতা পবিত্র-চ্ছেদনার্থে পঠিত হইতেছে এইমত স্মরণ করিয়া (প-বিত্রে স্থো বৈষ্ণব্যৌ) এই মন্ত্র দ্বারা নখব্যতিরেকে কুশচ্ছেদন করিয়া

বিষ্ণোরিত্যস্যার্ষাদিকমনুপদবৎ স্মৃত্বা পবিত্রীকরণে বি০। ওঁ বিষ্ণোর্ম্মনসা পূতে স্থঃ (১) ইত্যনেন পবিত্রে পবিত্রে কৃত্বা প্রাগগ্রাসাদিতদর্ভোপরি দক্ষিণাদ্যুদক্সংস্থয়োঃ সৌবর্ণাদিপাত্রয়োর্ম্মধ্যে প্রাগগ্রে দ্বে কুশপবিত্রে নিধায় শন্নো দেবীরিত্যস্য দধ্যঙ্ঙাথর্ব্বণ ঋষির্গায়ত্রী ছন্দঃ আপো দেবতা অর্ঘপাত্রে জলদানে বি০। ওঁ শন্নো দেবীরভীষ্টয় আপো ভবন্তু পীতয়ে। শংযোরভিস্রুবন্তু নঃ (২) (য০ ৩৬ অ০ ১২ ম০) ইত্যনেন দেবতীর্থেন জলমর্ঘপত্রে দত্ত্বা যবোঽসীত্যস্য প্রজাপতির্ঋষিশ্ছন্দোঽভাবঃ যবো দেবতাঽর্ঘপাত্রে যবদানে বি০। ওঁ যবোঽসি যবয়াস্মদ্দ্বেষো যবয়ারাতীঃ (৩) ইতি বেদমন্ত্রেণ

(১) হে পবিত্রে বিষ্ণোর্ম্মনসা চন্দ্রেণ পূতে পবিত্রে স্থো ভবথঃ। চন্দ্রমা মনসো জাত ইতি শ্রুত্যা বিষ্ণুমনোজাতত্বেন বিধোর্ম্মনোরূপতা তস্য চ সর্ব্বৌষধিষু রসাদিদানায় সঞ্চারাৎ পবিত্রীকারকতা।

(২) দেবীঃ দেব্যো দীপ্যমানা আপো নোঽস্মাকমভীষ্টয়ে অভিষেকায়াভীষ্টায় বা পীতয়ে পানায় চ শং সুখরূপা ভবন্তু শংযোঃ কল্যাণযোগায়াভিস্রবন্তু গচ্ছন্তু। সামবেদে তু আপো ভবন্তি্বত্যত্র শন্নো ভবন্ত্বিতি পাঠস্তদ্দেদিতিস্তথৈব পাঠ্যম্‌।

(৩) ত্বং যবোঽসি স্বয়মেব পৃথক্‌করঃ। তস্মাদস্মদ্দ্বেষঃ অস্মাকং কৃত্রিমশত্রূন অরাতীঃ সহজশত্রূংশ্চ যবয় পৃথক্‌ অসংহতান্‌ কুরু।

বিষ্ণোঃ, ইত্যাদি মন্ত্রের প্রজাপতি ঋষি ছন্দো নাই পবিত্র কে পবিত্র করণার্থে পঠিত হইতেছে এই মত স্মরণ করিয়া ( বিষ্ণোর্ম্মনসা পূতে স্থঃ ) এই মন্ত্র দ্বারা পবিত্র দ্বয়কে পবিত্র করিয়া প্রাঙ্মুখ স্থাপিত কুশের উপরে দক্ষিণাদি ক্রমে স্থাপিত সৌবর্ণাদি অর্ঘপাত্র মধ্যে ক্রমে ক্রমে প্রাঙ্মুখ কুশ পবিত্র স্থাপন করিয়া শন্নো দেবীঃ ) এই মন্ত্রের দধ্যঙ আথর্ব্বণ নামে ঋষি গায়ত্রী ছন্দঃ জল দেবতা অর্ঘপাত্রে জলদানার্থে পঠিত হইতেছে এই মত স্মরণ করিযা [শন্নো দেবীরভীষ্টয় আপো ভবন্তু পীতয়ে। শংযোরভিস্রবন্তু নঃ] এই মন্ত্র পাঠ করিয়া দৈবতীর্থ দ্বারা অর্ঘপাত্রে জল দিয়া যবোহসি ইত্যাদি মন্ত্রের প্রজাপতি ঋষি ছন্দো নাই যব দেবতা অর্ঘ পাত্রে যব দানার্থে পঠিত হইতেছে এই মত স্মরণান্তে (যবোহসি যবয়াস্মদ্দ্বেষো যবয়ারাতীঃ) এই বেদ মন্ত্র দ্বারা

যবোঽসি ধান্যরাজোঽসি বারুণো মধুসংযুতঃ। নির্ণোদঃ সর্ব্বপাপানাং পবিত্র ঋষিভিঃ স্মৃত ইতি পুরাণমন্ত্রেণ চ যবান্ তূষ্ণীং গন্ধপুষ্পদূর্ব্বাক্ষতাদিকং চ দত্ত্বা কুশান্তরেণাচ্ছাদ্য দৈবার্ঘপাত্রয়োরচ্ছিদ্রতাস্ত্বিত্যুক্তে অচ্ছিদ্রে স্তামিতি বিপ্রাভ্যাং প্রত্যুক্তে তয়োঃ পুরস্তাদর্ঘপাত্রং স্থাপয়েৎ। তত উদ্ঘাট্য বিপ্রহস্তয়োঃ পবিত্রে জলং পুষ্পং পুষ্পান্তরঞ্চ দত্ত্বা বিপ্রপাণৌ জলমাসিচ্য সহস্রশীর্ষেত্যাদিনা (৬৮পৃ০) পূর্ব্ববৎ পাদাদিশিরোঽন্তং পুষ্পযবৈর্দ্বিজৌ পৃথগভ্যর্চ্চ্য হস্তদ্বয়েনার্ঘপাত্রমুদ্ধৃত্য যা দিব্যা ইত্যস্য প্রজাপতির্ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দ আপো দেবতা অর্ঘপাত্রস্থজলদানে বি০। ওঁ যা দিব্যা আপঃ পয়সা সংবভূবুর্যা অন্তরিক্ষ উত পার্থিবীর্যাঃ। হিরণ্যবর্ণা যজ্ঞিয়াস্তা ন আপঃ শিবাঃ শং স্যোনা সুহবা ভবন্তু (১) ইত্যুচ্চার্য্য ওঁ পুরূরবাদ্রর্বঃসজ্ঞকা বিশ্বে দেবা এষ বোঽর্ঘ ইতি নিবেদ্য বিপ্রহস্তে পবিত্রোপরি পাত্রস্থং কৃৎস্নং জলং দদ্যাৎ। এবমন্যস্যাপি।

(১) যা আপো জলানি পয়সা ক্ষীরেণ সংবভূবুঃ সঙ্গতাঃ মাধুর্য্য শীতলত্বাদিনৈকীভূতা ইত্যর্থঃ। যাশ্চ দিব্যা দিবি স্বর্গে ভবা উত অপি অন্তরিক্ষে আকাশে ভবা উত যাঃ পার্থিবীঃ পার্থিব্যঃ পৃথিব্যাং ভবাঃ হিরণ্যবর্ণাঃ রজতবর্ণাঃ শুক্লা ইত্যর্থঃ। যজ্ঞিয়া যজ্ঞার্হাস্তা আপো নোঽস্মাকং শিবাঃ সুখরূপা শং কল্যাণরূপাঃ স্যোনাঃ সুখদাঃ সুহবাঃ সুষ্ঠু ব্রাহ্মণহস্তে হুতা ভবন্তু। রূপসিদ্ধিশ্ছান্দসী।

এবং (যবোঽসি ধান্য রাজোঽসি বারুণো মধুসংযুতঃ। নির্ণোদঃ সর্ব্বপাপানাং পবিত্র ঋষিভিঃ স্মৃতঃ) এই পুরাণ মন্ত্র দ্বারা ও অর্ঘ পাত্রে যব দিয়া অমন্ত্রক গন্ধ পুষ্প দুর্ব্বা অক্ষতাদি দিয়া ক্রমে দুইটী অর্ঘপাত্র প্রস্তুত করিয়া (দৈবার্ঘপাত্রয়োরচ্ছিদ্রতাস্তু) এই মত দৈববিপ্র দ্বয়কে জিজ্ঞাসা করিলে তাঁহারা (অচ্ছিদ্রে স্তাম্) এই মত প্রত্যুত্তর দিলে তাঁহাদের অগ্রে ঐ অর্ঘপাত্র দ্বয় স্থাপন করিবে। তৎপরে আচ্ছাদন রহিত করিয়া বিপ্রহস্তে জল দিয়া ক্রমে ঐ পবিত্র দ্বয়, অর্ঘপাত্রস্থ জল, পুষ্প এবং অন্য পুষ্প দিবে। তৎপরে সহস্রশীর্ষেত্যাদি মন্ত্র দ্বারা [ ৬৯পৃ০ ] পাদাদি মস্তক পর্যান্ত পূর্ব্বোক্ত অঙ্গ সকলে দুই বিপ্রকে একে একে যব ও পুষ্প দ্বারা পূজা করিয়া হস্তদ্বয়ে অর্ঘপাত্র লইয়া যা দিব্যা ; এই মন্ত্রের প্রজাপতি ঋষি ত্রিষ্টুপ্ ছন্দঃ জল দেবতা অর্ঘপাত্রস্থ জল দানার্থে পঠিত হইতেছে এই মত স্মরণান্তে (যা দিব্যা আপঃ পয়সা সংবভূবুর্যা অন্তরিক্ষ উত পার্থিবীর্যাঃ। হিরণ্যবর্ণা যজ্ঞিয়াস্তা ন আপঃ শিবাঃ শং স্যোনাঃ সুহবা ভবন্তু, এই মন্ত্র পাঠ করিয়া (পুরূরবোমাদ্রবসৌ বিশ্বে দেবা এষ বোঽর্ঘঃ) এই মত নিবেদনান্তে ক্রমে দুই বিপ্রহস্তস্থিত পবিত্রের উপরে সকল জল দিবে।

ততো দ্বিজয়োর্হস্তে জলমাসিচ্য ওঁ পুরূরবার্দ্রবঃ-সংজ্ঞকেভ্যো বিশ্বেভ্যো দেবেভ্য এতানি বো গন্ধপুষ্প-ধূপদীপাচ্ছাদনবিভূষণচ্ছত্রোপানৎপাদুকাকমণ্ডলুপ্রভৃ-তীনি নম ইত্যনেন নিবেদ্য প্রতিদ্রব্যং দদ্যাৎ। অভাবে গন্ধাদিপঞ্চকমাত্রং দদ্যাৎ। সর্ব্বত্র সুগন্ধো-ঽস্ত্বিতি সুপুষ্পমস্ত্বিত্যাদিক্রমেণ দ্বিজপ্রতিবচনম্।

এবং দৈব বিপ্রদ্বয়ার্চ্চনং বিধায় কৃতাঞ্জলিঃ ভবৎপ্র-সাদাদ্বৈশ্বদেবার্চ্চনবিধিঃ সংপূর্ণোঽস্তু ইতি প্রার্থয়েত। অস্তু সংপূর্ণ ইতি প্রতিবচনে সংকল্পসিদ্ধিরস্ত্বিতি ভব-ন্তোঽধিব্রুবন্ত্বিতি প্রার্থয়েত। অস্তু সংকল্পসিদ্ধিরিতি প্রতিবচনে নমস্কৃত্য যস্য স্মৃত্যেত্যাদি ( ৭৪ পৃ০) প্রাগু-ক্তং পঠেৎ ইতি দৈবিকাসনদানাদিকর্ম্মকাণ্ডম্।

অথ পিতৃপক্ষাসনদানাদি। অমুকগোত্র বসুরূপ-পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে দর্ভাসনং স্বধা ইতি নিবে-দয়েৎ। ছন্দোগৈস্তু ওঁ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধেত্যধিকং প্রযোজ্যমেবং সর্ব্বত্রার্ঘ্যাদিদান-বাক্যান্তে যোজনীয়ম্।

তৎপরে বিপ্রহস্তে জলসেচনান্তে [পুরূরবোমাদ্রবঃ সংজ্ঞকেভ্যো বিশ্বেভ্যো দেবেভ্য এতানি বো গন্ধপুষ্প ধূপদীপাচ্ছাদনাদীনি নমঃ] এই মত নিবেদন করিয়া একে একে সকল দ্রব্য দিবে। সকল দ্রব্য দানান্তে দৈববিপ্রেরা (সুগন্ধোঽস্তু) এবং (সুপুষ্পমস্তু) ইত্যাদি রূপে প্রতিবাক্য কহিবে। সকল দ্রব্যাভাবে গন্ধ পুষ্প ধূপ দীপ বস্ত্র এই পঞ্চ দ্রব্য অবশ্যই দিবে। এই রূপে দৈববিপ্র দ্বয়ের পূজান্তে কৃতাঞ্জলি হইয়া (ভবৎপ্রসাদাদ্বৈশ্বদেবার্চ্চনবিধিঃ সংপূর্ণোঽস্তু) এই মত প্রার্থনা করিলে দৈববিপ্রেরা (অস্তু সম্পূর্ণঃ) এই মত প্রতিবাক্য কহিবে। যজমান [সঙ্কল্পসিদ্ধিরস্তিতি ভবন্তোঽধিব্রুবন্তু] এই মত প্রার্থনা করিবে। (অস্তু সঙ্কল্প সিদ্ধিঃ) এইমত প্রতিবাক্য বলিবে। নমস্কারান্তে যস্য স্মৃত্যা চ (৭৫ পৃং) ইত্যাদি প্রাগুক্ত মন্ত্র পাঠ করিবে। ইতি দৈবপক্ষাসনাবাহনার্ঘাদিদানাদিকর্ম্মকাণ্ড।

অনন্তর পিতৃপক্ষের আসনাবাহনার্ঘাদিদানকাণ্ড উক্ত হইতেছে (অমুকগোত্র বসুরূপ পিতরমুক দেবশর্ম্মন্ এতত্তে দর্ভাসনং স্বধা) এইমত নিবেদন করিবে। সাম বেদিরা (যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা) ইহাও ঐ বাক্যান্তে যোজনা করিয়া পাঠ করিবে।

ততো দ্বিজকরে জলং দত্ত্বা মধ্যভাগে দ্বিগুণীকৃতান্ ত্রীন্ সতিলান্ দর্ভান্ দ্বিজাসনবামভাগে দদ্যাৎ। দ্বিজস্তু স্বাসনমস্ত্বিতি প্রতিবদেৎ। এবং পিতামহং রুদ্ররূপং প্রপিতামহমাদিত্যরূপং মাতামহাদীন্ বস্বুরুদ্রাদিত্যরূপাংশ্চ নামগোত্রোল্লেখপূর্ব্বকমনুকীর্ত্ত্য তদীয়দ্বিজানাং করেষু জলং দত্ত্বাসনং প্রাগ্বৎ দদ্যাৎ। গৌড়াস্তু আসনগন্ধাদ্যন্নদানান্যেকবাক্যপ্রয়োগেণাচরন্তি।

ততঃ গৃহীততিলকুশেন হস্তেন পিতৃদ্বিজং স্পৃষ্ট্বা ওঁ বস্বুরুদ্রাদিত্যরূপান্ পিতৄনাবাহয়িষ্যে ইতি প্রশ্নে তৈনাবাহয়েতি প্রত্যুক্তে ক্রমেণ পিত্রাদ্যধিষ্ঠানভূতেষু দ্বিজেষু পিত্রাদীন্ বস্বাদিরূপেণ ধ্যায়ন্ উশন্ত ইত্যস্য শঙ্খ ঋষিরনুষ্টুপ্ ছন্দঃ পিতরো দেবতাঃ পিত্রাদ্যাবাহনে বিং। উশন্তস্ত্বা নিধীমহ্যুশন্তঃ সমিধীমহি। উশন্নুশত আবহ পিতৄন্ হবিষে অত্তবে (১)। (ষং ১৯ অং ৭০মং) ইতি সকৃজ্জপ্ত্বা তেষাং পুরস্তাৎ তিলকুশানুৎসৃজ্য কৃতাঞ্জলির্ভূত্বা

(১) হে অগ্নে উশন্তঃ কাময়মানাঃ বয়ং ত্বা ত্বাং নিধীমহি স্থাপয়ামঃ। উশন্ত এব বয়ং ত্বা সমিধীমহি সংদীপয়ামঃ। ত্বঞ্চ উশন্ কাময়মানঃ সন্ উশতঃ কাময়মানান্ পিতৄন্ হবিষে অত্তবে হবিরত্তুমাবহ আনয়। অত্তবে ইত্যত্র তুমর্থে তবেপ্রত্যয়ঃ।

তৎপরে দ্বিজকরে জলদানান্তে মোটকরূপ দর্ভত্রয় যুক্ত ঐ আসন তিলযুক্ত করিয়া দ্বিজাসনের বাম ভাগে দিবে। বিপ্রও [স্বাসনমস্তু] এইমত প্রতিবাক্য বলিবে। এইমত পিতামহকে রুদ্র রূপে, প্রপিতামহকে আদিত্য রূপে, মাতামহাদিকে ক্রমে বসু রুদ্রাদিত্য রূপে কীর্ত্তন করিয়া পূর্ব্বমত বাক্য প্রয়োগান্তে তত্তদ্বিপ্র করে জল দিয়া আসন দিবে। গৌড়েরা একবাক্য উচ্চারণ করিয়া আসন গন্ধাদি দ্রব্য এবং অন্ন দান করিয়া থাকেন।

পরে তিল ও কুশ গ্রহণ করত হস্তদ্বারা পিতৃ বিপ্রকে স্পর্শ করিয়া (বসুরুদ্রাদিত্যরূপান্ পিতৄনাবাহয়িষ্যে) এই মত প্রশ্ন করিলে পিতৃবিপ্র (আবাহয়) এই মত প্রতিবাক্য বলিলে পিতা প্রভৃতির অধিষ্ঠানস্বরূপ ব্রাহ্মণ সকলে পিতা প্রভৃতিকে বসু রুদ্রাদিত্যরূপে ধ্যান করত উশন্তঃ, এই মন্ত্রের শঙ্খ ঋষি অনুষ্টুপ ছন্দঃ পিতারা দেবতা পিতৃলোকাবাহনার্থে এই মন্ত্র পঠিত হইতেছে এই মত স্মরণান্তে (উশন্তস্ত্বা নিধীমহ্যুশন্তঃ সমিধীমহি। (উশন্নুশত আবহ পিতৄন হবিষে অত্তবে,) এই মন্ত্র এক বার পাঠ করিয়া সকল বিপ্রের অগ্রে তিল ও কুশ ত্যাগ করিয়া কৃতাঞ্জলি হইয়া

আয়ান্তু ন ইত্যস্য শঙ্খ ঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃ পিতরো দেবতাস্তৎপ্রার্থনে বিং। ওঁ আয়ান্তু নঃ পিতরঃ সোম্যাসোঽগ্নিষ্বাত্তাঃ পথিভির্দ্দেবযানৈঃ। অস্মিন্ যজ্ঞে স্বধয়া মদন্তোঽধিব্রুবন্তু তেঽবন্ত্বস্মান্। (২) (০য১৯ অ০ ৫৮মং) ইতি সকৃজ্জপেৎ। এবং মাতামহপক্ষেঽপি।

ততঃ পিত্রাদিবিপ্রাগ্রতঃ সমূলং সাগ্রং কুশপত্রদ্বয়ং দক্ষিণাগ্রং ভূমৌ স্থাপয়িত্বা তস্যোপরি মূলে পিতুঃ, মধ্যে পিতামহস্য, অগ্রে প্রপিতামহস্য, খড়্গারজতাদিনির্ম্মিতমর্ঘপাত্রং নিধায় প্রত্যেকং প্রাগ্বৎ ওঁ পবিত্রে স্থো বৈষ্ণব্যাবিতি পঠিত্বা নখব্যতিরেকেণ পবিত্রে ছিত্ত্বা প্রাগ্বৎ ওঁ বিষ্ণোর্ম্মনসাপূতে স্থ ইত্যনেন সাগ্রে কুশপত্রদ্বয়াত্মকপবিত্রে প্রত্যেকং পূতে কৃত্বা দক্ষিণাগ্রে স্থাপয়িত্বা প্রত্যেকং পঠিতেন শন্নো দেবীরিত্যাদিনা (৮৪পৃং ৮পং) তেযু পাত্রেষু জলং দত্ত্বা তিলান্ গৃহীত্বার্ষাদিকং স্মৃত্বা বক্ষ্যমাণমন্ত্রঃ পাঠ্যঃ।

---

(২)অগ্নিষ্বাত্তাঃ অগ্নিনা স্বাদিতাঃ শ্রৌতযজ্ঞাদিভিস্তৃপ্তেনাগ্নিনা তর্পিতা ইত্যর্থঃ সৌম্যাসঃ সোম্যাঃ সোমপানার্হাঃ নোঽস্মাকং পিতরঃ, দৈবৈঃ সহ যান্তি পিতরো যেযু তৈর্দেবযানৈঃ পথিভির্ম্মার্গৈঃ আযান্তু আগচ্ছন্তু আগতাশ্চ তে পিতরঃ অস্মিন্ যজ্ঞে স্বধয়া অন্নেন মাদয়ন্তস্তৃপ্যন্তোঽস্মান্ অধিব্রুবন্তু অধিকান্ বদন্তু তদ্বাক্যেন সর্ব্বথাধিকা ভবেমেত্যর্থঃ অস্মান্ অবন্তু পালয়ন্তু।

আয়ান্তু নঃ, ইত্যাদি মন্ত্রের শঙ্খ ঋষি ত্রিষ্টুপ ছন্দঃ পিতারা দেবতা তাঁহাদের প্রার্থনার্থে এই মন্ত্র পঠিত হইতেছে এই মত স্মরণান্তে (আয়ান্তু নঃ পিতরঃ সোম্যাসো অগ্নিষাত্তাঃ পথিভির্দ্দেবযানৈঃ। অস্মিন্ যজ্ঞে স্বধয়া মদন্তোঽধিব্রুবন্তু তেঽবন্ত্বস্মান্) এই মন্ত্র এক বার পাঠ করিবে। এই রূপ মাতামহ পক্ষেও আসন দিয়া আবাহন করিবে। তৎপরে পিতা প্রভৃতির অগ্রে সমূল সাগ্র কুশদ্বয় দক্ষিণাগ্রে ভূমিতে স্থাপন করিয়া তাহার উপরে মূলে পিতার, মধ্যে পিতামহের, অগ্রে প্রপিতামহের, খড়্গ শৃঙ্গাদি নির্ম্মিত অর্ঘ পাত্র একে একে স্থাপন করিয়া (পবিত্রে স্থো বৈষ্ণব্যৌ) পূর্ব্ববৎ এই মন্ত্র পাঠান্তে নখ ব্যতিরেকে ঐ পবিত্র ছেদন করিয়া (বিষ্ণোর্ম্মনসা পুতে স্থঃ) এই মন্ত্র দ্বারা পূর্ব্ববৎ পবিত্রকে শোধন করিয়া (শন্নোদেবীঃ) ইত্যাদি পূর্ব্ববৎ মন্ত্র পাঠান্তে অর্ঘ পাত্রে জল দিয়া তিল গ্রহণ করিয়া ঋষি আদি স্মরণ করিয়া অগ্রিম মন্ত্র পাঠ করিবে।

তিলোঽসীত্যস্য প্রজাপতির্ঋষিরনুষ্টুপ্ ছন্দস্তিলো দেবতা পিতৃপাত্রে তিলদানে বি০। ওঁ তিলোঽসি সোমদৈবত্যো গোষবো দেবনির্ম্মিতঃ। প্রত্নমদ্ভিঃ পৃক্তঃ স্বধয়া পিতৃন্ লোকান্ প্রীণাহি নঃ স্বাহা (১)। ইতি প্রত্যেকমুচ্চার্য্য তেষু তিলান্, তূষ্ণীং দূর্ব্বাগন্ধ-পুষ্পাক্ষতাদিকং, চ দত্ত্বা কুশান্তরেণাচ্ছাদয়েৎ। এবং পিতামহাদীনামপি। ততঃ ওঁ অচ্ছিদ্রাণি অর্ঘপাত্রাণি সন্ত্বিতি প্রশ্নে ওঁ সন্ত্বচ্ছিদ্রাণীতি দ্বিজপ্রত্যুক্তৌ কুশাচ্ছাদনমুৎসার্য্য পাণিদ্বয়েন ধৃত্বা অমুকগোত্র বসুরূপ পিতরমুকদেবশর্ম্মন্নেষ তেঽর্ঘঃ স্বধেতি নিবেদ্য দ্বিজাগ্রে ভূমৌ নিধায় দ্বিজহস্তে জলাসিক্তে পবিত্রে, জলং, পুষ্পং, পুষ্পান্তরং চ দত্ত্বা নমঃ পিতৃভ্য ইত্যনেন দ্বিজং পুষ্পতিলৈরভ্যর্চ্চ্যার্ঘপাত্রং বামহস্তেনাদায় দক্ষিণহস্তেনাচ্ছাদ্য যা দিব্যা ইতি (৮৬পৃ০১১প০) মন্ত্রান্তে পুনর্ন্নামগোত্রোল্লেখনপূর্ব্বকং পিত্রে দদ্যাৎ। এবং পিতামহাদিভ্যোঽপি ক্রমেণ দদ্যাৎ। সামগাস্তু অর্ঘ্যং স্বধেতি বাক্যান্তে যে চাত্রেত্যাদি পঠিত্বা দদ্যুরিতি বিশেষঃ।

---

(১) গোষবঃ দাতুঃ স্বর্গপ্রসবকারী দেবনির্ম্মিতঃ বিষ্ণুনির্ম্মিতঃ সোমদৈবত্যস্তিলোঽসি ভবসি। ত্বঞ্চাদ্ভির্জ্জলৈঃ পৃক্তঃ সিক্তঃ সন্ নোঽস্মাকং পিতৃন্ লোকান্ পিতৃপিতামহাদীন্ স্বধয়া স্বধাকারেণ স্বধাদত্তান্নেন বা প্রত্নং চিরকালং প্রীণাহি প্রীতান্ কুরু স্বাহেতি তিলত্যাগঃ। গোষব ইত্যত্র গোসব ইতি গৌড়াঃ পঠন্তি।

তিলোঽসি ইত্যাদি মন্ত্রের প্রজাপতি ঋষি অনুষ্টুপ ছন্দঃ তিল দেবতা অর্ঘপাত্রে তিলদানার্থে এই মন্ত্র পঠিত হইতেছে এই মত স্মরণ করিয়া (তিলোঽসি সোম দৈবত্যো গোসবো দেবনির্ম্মিতঃ। প্রত্নমদ্ভিঃ পৃক্তঃ স্বধয়া পিতৄন্ লোকান্ প্রীণাহি নঃ স্বাহা) এইমন্ত্র পাঠ করিয়া অর্ঘপাত্রে তিল দিয়া অমন্ত্রক গন্ধ পুষ্প দূর্ব্বাক্ষতাদি দিবে। তৎপরে কুশ দ্বারা আচ্ছাদন করিবে। এই মত পিতামহ ও প্রপিতামহের অর্ঘপাত্র প্রস্তুত করিবে। তৎপরে (অচ্ছিদ্রাণি অর্ঘপাত্রাণি সন্তু) এই মত প্রশ্নে(সন্ত্বচ্ছিদ্রাণি ) এই মত বিপ্রেরা প্রতিবাক্য বলিলে, আচ্ছাদন রহিত করণান্তে হস্তদ্বয়ে ধরিয়া ( অমুক গোত্র বসুরূপ পিতরমুকদেবশর্ম্মন্নেষ তেঽর্ঘঃ স্বধা) এই মত নিবেদনান্তে বিপ্রাগ্রে ভূমিতে রাখিয়া বিপ্রহস্তে পবিত্র, জল, পুষ্প ও পুষ্পান্তর দিয়া, নমঃ পিতৃভ্যঃ ইত্যাদি প্রাগুক্ত মন্ত্রদ্বারা তিল ও পুষ্প দ্বারা পূজান্তে বামহস্তে অর্ঘপাত্র ধরিয়া দক্ষিণহস্তে আচ্ছাদনান্তে ( যা দিব্যা ইত্যাদি প্রাগুক্ত মন্ত্র দ্বারা পুনর্ব্বার নাম গোত্র উল্লেখ করিয়া পিতাকে এবং পিতামহাদিকে অর্ঘ দিবে ( সামবেদিরা অর্ঘ্যং স্বধা ) এই মত বাক্যান্তে যে চাত্রেত্যাদি এই মন্ত্র পাঠ করিবে।

এবং মাতামহাদীনামপি। তদ্বিপ্রার্চ্চনে তু নমো বঃ পিতর ইত্যাদি মন্ত্রঃ প্রাগ্বৎ (৭২পৃ০৮প০) পাঠ্য ইত্যেব ভেদঃ। অন্যৎ সর্ব্বং সমানম্। একৈকার্ঘদানানন্তরঞ্চ জলস্পর্শঃ। অর্ঘজলদানে চ কিঞ্চিদবশিষ্টং ক্ষরৎ জলং স্থাপয়েৎ। তজ্জলসহিতঞ্চার্ঘপাত্রং যথাস্থানং পুনঃ স্থাপয়েৎ। ততঃ পিতামহাদিপাত্রসংস্রবং পিতৃপাত্রে সংভৃত্য প্রাঙ্মুখো যজ্ঞোপবীতী যজমানঃ স্বয়মন্যো বা ওঁ আপঃ শিবা ইত্যস্য প্রজাপতির্ঋষির্গায়ত্রী ছন্দ আপো দেবতা অভিষেকে বি০। ওঁ আপঃ শিবাঃ শিবতমাঃ শান্তাঃ শান্ততমাস্তথা। তাস্তে কৃণ্বন্তু ভেষজম্(১)। ইত্যনেনাভিষিঞ্চেৎ। ততঃ প্রাচীনাবীতী দ্বিজপ্রদেশাদুত্তরতঃ কিঞ্চিদ্দূরে নিঃসঞ্চারপ্রদেশে ওঁ শুন্ধন্তাং লোকাঃ পিতৃষদনা ইত্যনেন জলৈরভ্যুক্ষ্য ওঁ পিতৃষদনমসীতি দক্ষিণাগ্রান্ দর্ভানাস্তীর্য্য ওঁ পিতৃভ্যঃ স্থানমসীতি পিত্রর্ঘপাত্রমুত্তানং কৃত্বা দক্ষিণাগ্রং নিধায় তদুপরি প্রপিতামহপাত্রং ন্যুব্জীকৃত্য স্থাপয়িত্বা দক্ষিণাগ্রকুশপত্রত্রয়েণ সংছাদ্য গন্ধপুষ্পৈরর্চ্চয়েৎ।

---

(১) তা আপস্তে তব যজমানস্য ভেষজমারোগ্যং কৃণ্বন্তু কুর্ব্বন্তু অন্যৎ স্পষ্টম্।

এবং মাতামহাদির অর্ঘ দিবে কিন্তু মাতামহ পক্ষে নমো বঃ, ইত্যাদি প্রাগুক্ত মন্ত্র দ্বারা বিপ্রপূজন করিবে এই মাত্র বিশেষ। এক এক অর্ঘ দান করিয়া জলস্পর্শ করিবে। অর্ঘদানের পর অবশিষ্ট কিঞ্চিৎ জল রাখিবে। ঐ জল সহিত অর্ঘপাত্র যথাস্থানেই রাখিবে। তৎপরে পিতামহাদি পাত্রের সংস্রুত জল পিতৃপাত্রে সঞ্চিত করিয়া পূর্ব্বাভিমুখে যজমান স্বয়ং যজ্ঞোপবীতী হইয়া অন্যই বা কেহ ঐ রূপ হইয়া আপঃ শিবাঃ, এই মন্ত্রের প্রজাপতি ঋষি গায়ত্রী ছন্দঃ জল দেবতা অভিষেকার্থে এই মন্ত্র পঠিত হইতেছে এই মত স্মরণ করিয়া (আপঃ শিবাঃ শিবতমাঃ শান্তাঃ শান্ততমাস্তথা। তাস্তে কৃণ্বন্তু ভেষজম] এই মন্ত্র দ্বারা অভিষেক করিবে। তৎপরে প্রাচীনাবীতী হইয়া শ্রাদ্ধদেশের কিঞ্চিদ্দূরে উত্তরে লোক গমন রহিত দেশে (শুন্ধন্তাংলোকাঃ পিতৃষদনাঃ) এই মন্ত্র পাঠান্তে জল দ্বারা অভ্যুক্ষণ করিয়া (পিতৃষদনমসি) এই মন্ত্রদ্বারা দক্ষিণাগ্র কুশ আস্তরণ করিয়া (পিতৃভ্যঃ স্থানমসি) এই মন্ত্র দ্বারা পিতার অর্ঘপাত্র উত্তানরূপে দক্ষিণাগ্র কুশের উপরে রাখিয়া প্রপিতামহ পাত্র ন্যুব্জ করিয়া আচ্ছাদন দিয়া তাহার উপর তিল ও কুশ দ্বারা আচ্ছাদন করিয়া গন্ধ পুষ্পাদি দ্বারা পূজা করিবে।

তচ্চ পাত্রং ভূমাবেব ন্যুব্জীকর্ত্তব্যং ন পীঠাদেরুপরি, তথাস্থিতঞ্চাশ্রাদ্ধসমাপ্তের্নোত্তানীকুর্য্যাৎ। নান্যত্র নয়েৎ। নাপি স্পৃশেৎ।

ততো দ্বিজহস্তে জলং দত্ত্বা গন্ধাদিকং ধৃত্বা অমুকগোত্র বসুরূপ পিতরমুকদেবশর্ম্মন্নেতানি তে গন্ধপুষ্পধূপদীপাচ্ছাদনাদীনি স্বধেতি বাক্যমুচ্চার্য্য গন্ধপুষ্পধূপদীপবস্ত্রচ্ছত্রোপানৎকমণ্ডলুপ্রভৃতীনি পিতুরাত্মনশ্চ প্রিয়াণি বস্তূনি যথাবিভবং দদ্যাৎ। গৌড়াস্তু তন্ত্রেণ পিত্রাদিভ্যঃ একবাক্যপ্রয়োগেণৈব দদ্যাদিতি বদন্তি। এবং মাতামহাদিভ্যোঽপি তত্তদ্দ্রব্যাণি দদ্যাৎ। অসম্ভবে গন্ধাদিপঞ্চকমাত্রদানম্। এষ তে গন্ধইত্যাদিনা প্রত্যেকদ্রব্যদানান্তে জলস্পর্শঃ। সুগন্ধোঽস্তু সুপুষ্পমস্ত্বিত্যাদিক্রমেণ চ প্রতিবচনম্।

গৌড়াস্তু দৈবে আসনদানানন্তরমাবাহনং ততঃ পৈত্রে আসনদানাবহনে মাতামহাদীনামপি তথৈবাচরন্তি। এবং দৈবার্ঘদানানন্তরমেব পিত্রাদ্যর্ঘদানমেবং গন্ধাদিদানান্যপি তৎক্রমেণৈবাচরন্তি। অত্রাচারএবান্যতরপক্ষাশ্রয়ণে মূলম্। প্রতীচ্যাস্তু সর্ব্বত্র দানবাক্যান্তে ইদং পিত্রে নমমেতি বাক্যং প্রযুঞ্জতে।

ঐ পাত্র পীঠাদির উপরে রাখিবে না। ভূমিতেই রাখিবে শ্রাদ্ধ সমাপ্তি পর্য্যন্ত ঐরূপ রাখিবে উত্তান করিবে না। স্থানান্তরেও লইবে না এবং স্পর্শও করিবে না।

পরে বিপ্রহস্তে জল দিয়া গন্ধাদিদ্রব্য লইয়া ( অমুক গোত্র বসুরূপ পিতরমুকদেবশর্ম্মন্নেতানি তে গন্ধপুষ্পধূপদীপাচ্ছাদনাদীনি স্বধা), এই মত বাক্য বলিয়া গন্ধাদি দ্রব্য এবং পিতা ও আপনার প্রিয় যে বস্তু তাহা দিবে। গৌড়েরা পিতা প্রভৃতিকে এক বাক্য প্রয়োগ করিয়া গন্ধাদি দ্রব্য দেন। এই মত মাতামহাদিকেও গন্ধাদি দ্রব্য দিবে। অভাবে উভয়পক্ষেই গন্ধাদিপঞ্চক অবশ্যই দিবে। পরে ( এষ তে গন্ধঃ ) ইত্যাদি বাক্য বলিয়া এক এক দ্রব্য দিবে প্রত্যেক দ্রব্য দানান্তে জল স্পর্শ করিবে। বিপ্রেরাও (সুগন্ধোঽস্তু) (সুপুষ্পমস্তু) ইত্যাদি রূপে প্রতি বাক্য বলিবেন।

গৌড়েরা দৈবে আসন দান ও আবাহন করিয়া পিতৃ পক্ষের আসন দান ও আবাহন করেন। মাতামহ পক্ষেরও ঐ মত করেন। দৈবে অর্ঘ দিয়া পৈত্রাদিপক্ষে ক্রমে অর্ঘ দেন এবং গন্ধাদিদানও ঐ মত ক্রমে করেন। পাশ্চাত্ত্যেরা সকল স্থলে দান বাক্যান্তে ( ইদং দ্রব্যং পিত্রে স্বধা ন মম) এই মত বাক্য বলেন।

এবং পিতৃপক্ষস্য মাতামহপক্ষস্য চ গন্ধাদিদানং সমাপ্য কৃতাঞ্জলির্ভূত্বা ভবৎপ্রসাদাৎ পৈতৃকমর্চ্চনং সংপূর্ণমস্তু ইতি পৈতৃকাদিদ্বিজান্ প্রার্থয়েত। অস্তু সংপূর্ণমিতি দ্বিজপ্রত্যুক্তৌ সংকল্পসিদ্ধিরস্ত্বিতি ভবন্তোঽধিব্রুবন্ত্বিতি বদেৎ। অস্তু সংকল্পসিদ্ধিরিতি দ্বিজপ্রত্যুক্তৌ যস্য স্মৃত্যেত্যাদি (৭৩পৃ০ ৮প০) প্রাগুক্তং পঠেৎ। ইতি পিত্রাদ্যাসনার্ঘগন্ধাদিদানকর্ম্মকাণ্ডম্।

ততঃ ওঁ ভোজনপাত্রং পাতয়িষ্য ইত্যুক্তে ওঁ পাতয়েতি প্রতিবচনে দ্বিজাগ্রেষু ভোজনপাত্রাধারস্থানেষু তণ্ডুল-পিষ্টরেখাভিঃ চতুরস্রাণি মণ্ডলানি কুর্য্যাৎ। তত্র দৈবে ঐশানীমারভ্য পূর্ব্বাগ্রে দ্বে মণ্ডলে, পৈত্রে তু নৈঋর্তী মারভ্য দক্ষিণাগ্রাণি ষড়্মণ্ডলানি কার্য্যাণি। তত্র চ দৈবে স্বর্ণময়াদীনি পৈত্রে রাজতাদীনি অসম্ভবে কদ-লীত্বঙ্ময়ানি সর্ব্বত্র পাত্রাণি স্থাপয়েৎ। অপহতা ইত্যস্য প্রজাপতির্ঋষিশ্ছন্দোঽভাবঃ অসুরা দেবতা রক্ষোনিবারণে বি০॥ ওঁ অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ (য০২ম০২৯)(১) ইত্যনেন দৈবে যবান্ পৈত্রে পাত্রে চ তিলান্ বিকীর্য্য জলমুপস্পৃশেৎ।

---

(১) বেদ্যাং সীদন্তীতি বেদিষদোঽসুরাঃ রক্ষাংসি চ বেদীস কাশাদপহতা অপগতাঃ সন্ত্বিতি শেষঃ।

এই রূপে পিতৃপক্ষে ও মাতৃপক্ষে গন্ধাদি দ্রব্য দান কর্ম্ম সমাপন করিয়া কৃতাঞ্জলি হইয়া (ভবৎ প্রসাদাৎ পৈতৃকমর্চ্চনং সংপূর্ণমস্তু) এই রূপে সকল ব্রাহ্মণকে জিজ্ঞাসা করিলে তাঁহারা (অস্তু সংপূর্ণম্) এই রূপ প্রতি বাক্য বলিবেন। (সংকল্পসিদ্ধিরস্ত্বিতি ভবন্তোঽধিব্রুবন্তু) এই মত প্রার্থনা করিলে বিপ্রেরা (অস্তু সংকল্পসিদ্ধিঃ) এই মত প্রতিবাক্য দিবেন। পরে যজমান যস্য স্মৃত্যা চ ইত্যাদি পাঠ করিবে। এই রূপে পৈতৃকার্ঘ দানাদিকর্ম্মকাণ্ড উক্ত হইল। পরে (ভোজনপাত্রং পাতয়িষ্যে) এই মত প্রশ্নে বিপ্রেরা (পাতয়) এই অনুজ্ঞা দিলে বিপ্রদের অগ্রে ভোজন পাত্রাধার স্থানে তণ্ডুল-চূর্ণ পিষ্টাদি দ্বারা চতুরস্র মণ্ডল করিবে। তাহাতে দৈবে ঈশান কোণাবধি পূর্ব্বাগ্র দুই মণ্ডল, পৈতৃকে নৈর্ঋত কোণাবধি দক্ষিণাগ্র ছয় মণ্ডল, করিবে। ঐ মণ্ডলের উপরি দৈবে, স্বর্ণপাত্র, পৈত্রে রৌপ্যপাত্র, অভাবে সর্ব্বত্র কদলীত্বচাদি পাত্র রাখিবে। পরে অপহতা ইত্যাদি মন্ত্রের প্রজাপতি ঋষি অসুরেরা দেবতা রক্ষোবারণার্থে এই মন্ত্র পঠিত হইতেছে এইমত স্মরণান্তে (অপহতা অসুরা রক্ষাংসি বেদিষদঃ) ইহা পাঠান্তে দৈবে যব, পৈত্রে তিল, দিয়া জল স্পর্শ করিবে।

ততঃ একস্মিন্ পাত্রে সতিলকুশঘৃতযুতমোদনং নিধায় সকুশপাত্রান্তরেণ পিধায় পাণিভ্যামুদ্ধৃত্য ওঁ অগ্নৌ করিষ্যে ইতি পৃচ্ছেৎ ওঁ কুরুষ্বেতি প্রত্যুক্তে অগ্নয়ে ইত্যাদিকয়োঃ প্রজাপতির্ঋষিশ্ছন্দোঽভাবঃ বিশ্বে দেবা দেবতা অগ্নৌ করণহোমে বিং ইতি স্মৃত্বা। ওঁ অগ্নয়ে কব্যবাহনায় স্বাহা, ওঁ সোমায় পিতৃমতে স্বাহা, (যং ২ অং ২৯ মং ) (১) ইত্যেতাভ্যাং সামগাস্তু ওঁ স্বাহা অগ্নয়ে কব্যবাহনায়, ওঁ স্বাহা সোমায় পিতৃমতে ইত্যেতাভ্যাং দ্বে আহুতী বিপ্রহস্তে জলে বা সকুশেন দক্ষিণপাণিনা পিতৃতীর্থেন দত্ত্বা তূষ্ণীং দ্বিজৈর্হুয়াৎ। হুতশেষং পিত্রাদিদ্বিজপাত্রেষু ত্রিবারং দদ্যাৎ। এবং মাতামহাদিপাত্রেষ্বপি। শেষং পিণ্ডার্থং স্থাপয়েৎ। দৈবে তু অন্যদেবান্নং দদ্যাদিতি হেমাদ্রিঃ। হুতশেষাদেব বারদ্বয়ং দদ্যাদিতি হলায়ুধাদয়ঃ। যথাচারং সমাচরেৎ। ততোঽগ্নৌ হুতং সুহুতমস্তু ইত্যুক্তে সুহুতমস্ত্বিতি প্রত্যুক্তিঃ।

ততো দৈবদ্বিজপাত্রমধোমুখেন পৈতৃকপাত্রস্তূত্তানেন স্বস্তিকাকৃতিনা হস্তদ্বয়েন ধৃত্বা

---

(১) কবয়ঃ ক্রান্তদর্শিনঃ পিতরস্তৎসম্বন্ধি কব্যং তদ্বাহনায় তৎপ্রাপকায় কর্ত্তরি ল্যুঃ অগ্নয়ে স্বাহা তস্মৈ হবির্দ্দত্তমিত্যর্থঃ। পিতৃমান্ পিতৃযুক্তস্তস্মৈ সোমায় তন্নামকায় দেবায় স্বাহা সুহুতমস্তু।

পরে এক পাত্রে তিল, কুশ ও ঘৃত যুক্ত অন্ন লইয়া সকুশ পাত্রান্তর দ্বারা আচ্ছাদানান্তে ঐ পাত্র হস্তদ্বয়ে লইয়া (অগ্নৌ করিষ্যে) এই মত প্রশ্ন করিবে। বিপ্রেরা (কুরুষ) এই মত অনুজ্ঞা করিবেন। অগ্নয়ে ইত্যাদি দুই মন্ত্রের প্রজাপতি ঋষি ছন্দো নাই বিশ্বদেবতারা দেবতা অগ্নৌ করণ নামকহোমার্থে এই মন্ত্র পঠিত হইতেছে এই মত স্মরণান্তে (অগ্নয়ে কব্যবাহনায় স্বাহা) সোমায় পিতৃমতে স্বাহা ) এই মত, সামবেদী ( স্বাহা অগ্নয়ে কব্যবাহনায় ) ( স্বাহা সোমায় পিতৃমতে ) এই মত, দুই মন্ত্র পাঠদ্বারা বিপ্রদক্ষিণহস্তে জলে বা পিতৃতীর্থ দ্বারা দুই আহুতি দিয়া অমন্ত্রক দুই আহুতি দিবে। তৎ-পরে হুতাবশেষ পৈতৃক দ্বিজ পাত্র সকলে তিন ২ বার দিবে। দৈব বিপ্রপাত্রে অন্য অন্নাদি দিবে এই মত হেমাদ্রিগ্রন্থে উক্ত আছে। হলায়ুধাদি মতে ঐ হুতশে-ষই দেবপক্ষেও দুই দুই বার দিতে হয়। আচারানু-সারে একতর পক্ষ আশ্রয় করিবে। পরে ( অগ্নৌ হুতং স্বহুতমস্তু) এই মত প্রশ্নে বিপ্রেরা (সুহুতমস্তু) এই মত প্রত্যুত্তর দিবেন। তৎপরে দৈববিপ্রপাত্র অধোমুখ, স্বস্তিকাকৃতি দুই হস্তে, পৈতৃকবিপ্রপাত্র উত্তান ঐ রূপ দুই হস্তে, ধরিয়া অগ্রিম মন্ত্র পাঠ করিবে।

পৃথিবীত্যস্য প্রজাপতির্ঋষিশ্ছন্দোঽভাবোঽমৃতং দেবতা তৎপাত্রসংস্কারে বি০। ওঁ পৃথিবী তে পাত্রং দ্যৌঃ পিধানং ব্রাহ্মণস্য মুখে অমৃতে অমৃতং জুহোমি স্বাহা (১) ইতি মন্ত্রং সর্ব্বত্র জপেৎ। ততো দৈবাদিক্রমেণান্নব্যঞ্জনাদিকং সর্ব্বপ্রকারমন্নং সৌবর্ণাদিদর্ব্ব্যা অভাবে পর্ণেন কুশেন বা দক্ষিণপাণিনা যজমানঃ স্বয়ং পত্ন্যা বা পরিবেষয়েৎ। ততো দৈবে ওঁ বিষ্ণো হব্যমিদং রক্ষস্ব (২) ইতি, পৈত্রে তু ওঁ বিষ্ণো কব্যমিদং রক্ষস্বেতি বিপ্রদক্ষিণাঙ্গুষ্ঠং কুশবিপ্রে তু স্বাঙ্গুষ্ঠম্ ইদং বিষ্ণুরিত্যস্য মেধাতিথির্ঋষির্গায়ত্রী ছন্দো বিষ্ণুর্দ্দেবতান্নরক্ষণে বি০। ওঁ ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদম্। সমূঢ়মস্য পাংসুলে। (য০৪ অ০১৫ ম০) ইত্যনেনান্নোপরি নিবেশয়েৎ।

---

(১) হে হুতশেষ বিশ্বাধারোঽপি পৃথিবী তে তব পাত্রমাধারঃ দ্যৌঃ সর্ব্বব্যাপকাকাশশ্চ তে তব পিধানমতোঽগ্নিরূপস্য ব্রাহ্মণস্য অমৃতে অবিনষ্টে অন্যভক্ষণাদ্যদূষিতে অমৃতং হুতশেষং ত্বাং জুহোমি তস্মৈ স্বাহা ইদমমৃতং দত্তমিত্যর্থঃ।

(২) অঙ্গুষ্ঠমাত্রো বিষ্ণুরসুরান্নিহন্তীতি স্মৃতেরঙ্গুষ্ঠমাত্রতয়া ধ্যাতব্যস্য বিষ্ণোর্ন্নিকটেঽসুরাদ্রক্ষণপ্রার্থনম্।

(৩) বিষ্ণুর্ব্যাপকোঽপি ত্রিবিক্রমাবতারী ভূত্বা ইদং বিশ্বং বিচক্রমে বিবিধং ক্রান্তবান্। তদেবাহ ত্রেধা পদং নিদধে ভুমাবেকমন্তরিক্ষে দ্বিতীয়ং দিবি তৃতীয়মিতি ক্রমাদগ্নিবায়ুসূর্য্যরূপেণ ত্রিধাবস্থানাৎ ব্যাপ্তবানিত্যর্থঃ। পাংসবো ভূম্যাদয় এব লোকাঃ পাংসুতুল্যা যস্যেতি তস্মিন্ পাংসুলে অস্য বিষ্ণোঃ পদে সমূঢ়মন্তর্ভূতং বিশ্বমিতি শেষঃ।

পৃথিবী ইত্যাদি মন্ত্রের প্রজাপতি ঋষি ছন্দো নাই অমৃত (হুতশেষ) দেবতা হুতশেষ পাত্রশোধনার্থে এই মন্ত্র পঠিত হইতেছে এই মত স্মরণান্তে ( পৃথিবী তে পাত্রং দ্যৌঃ পিধানং ব্রাহ্মণস্য মুখে অমৃতে অমৃতং জুহোমি স্বাহা ) এই মন্ত্র পাঠ করিবে। তৎপরে দৈবে এবং পৈত্রে ক্রমে২ সকল প্রকার অন্ন ব্যঞ্জন কর্ত্তা, স্বয়ং বা পত্নী দ্বারা স্বর্ণাদি দর্বী, অভাবে পত্র বা কুশ, দিয়া পরিবেষণ করিবে। পরে দৈবে, (বিষ্ণো হব্যমিদং রক্ষস্ব) এবং পৈত্রে, ( বিষ্ণো কব্যমিদং রক্ষস্ব ) এই মন্ত্র পাঠ করিয়া বিপ্রাঙ্গুষ্ঠ, কুশময়বিপ্রপক্ষে স্বাঙ্গুষ্ঠই, ঋষ্যাদি স্মরণ করিয়া অগ্রিম মন্ত্র পাঠান্তে অন্নে অভিনিবেশিত করিবে। ঐ মন্ত্রের ঋষ্যাদি এইরূপ। যথা ইদং বিষ্ণুঃ ইত্যাদি মন্ত্রের প্রজাপতি ঋষি গায়ত্রী ছন্দঃ বিষ্ণু দেবতা অঙ্গুষ্ঠ নিবেশনার্থে এই মন্ত্র পঠিত হইতেছে, এই মত স্মরণ করিয়া (ইদং বিষ্ণুর্বিচক্রমে ত্রেধা নিদধে পদম্। সমূঢ়মস্য পাংসুলে ) এই মন্ত্র পাঠ করিবে।

এবং প্রত্যেকপাত্রেষু কুর্য্যাৎ। ততো দৈবে যবান্(১) পৈত্রে তিলাংশ্চ পূর্ব্ববদেব অপহতা ইত্যাদিনা দত্ত্বা সন্ধ্যাবদৃষ্যাদি স্মৃত্বা সপ্রণবাং গায়ত্রীং জপ্ত্বা ব্রাহ্মণেভ্যো জলং দত্ত্বা দৈবে কুশত্রয়মাদায় ওঁ পূরূরবার্দ্রবঃসংজ্ঞকা বিশ্বে দেবা এতদন্নং সোপকরণং সযবগঙ্গোদকং বো নম ইত্যুৎসৃজেৎ। তীর্থযাত্রাঙ্গশ্রাদ্ধে তু ঘৃতস্যৈব প্রাধান্যেন অন্নাদ্যুপস্করসহিতমিদং ঘৃতং বো নম ইতি বদেৎ। ইত্থমন্নমুৎসৃজ্য প্রত্যেকং দ্রব্যাণি দর্শয়েৎ যথা ইদমন্নং ইমা গঙ্গায়া আপ এতানি হবীংষি এতানি উপকরণানি যথাসুখং বাগ্‌যতৌ স্বদতমিতি বদেৎ। ততো ব্রাহ্মণায় জলগণ্ডূষং দদ্যাৎ। ততঃ পৈত্রবিপ্রেষু জলং দত্ত্বা সপ্রণবাং গায়ত্রীং জপ্ত্বা মোটকমাদায় অমুকগোত্র বসুরূপ পিতরমুক দেবশর্ম্মন্নেতত্তে সোপকরণমন্নং সতিলগঙ্গোদকং তুভ্যং স্বধা ইতি প্রত্যেকং দদ্যাৎ। দৈববদেব প্রত্যেকদ্রব্যদর্শনং প্রকৃতে চ ঘৃতস্য প্রধানতয়োল্লেখশ্চ। এবং পিতামহাদিবিপ্রেভ্যোঽপ্যন্নমুৎসৃজেৎ।

(১) সামগাস্তু যবদানে যবোঽসি যবয়াস্মদ্দ্বেষোঽরাতীর্দ্দিবে ত্বাঽন্তরিক্ষায় ত্বা পৃথিব্যৈ ত্বা শুন্ধন্তাং লোকাঃ পিতৃষদনাঃ পিতৃষদনমসীত্যেব পঠন্ত্যেবমন্যত্রাপি।

সকল অন্ন পাত্রেই এই মত অঙ্গুষ্ঠ অভিনিবেশ করিবে। তৎপরে দৈবপাত্রে যব, এবং পৈত্রে তিল দিবে। তাহাতে পূর্ব্বোক্ত ঋষি আদি স্মরণ পূর্ব্বক (অপহতাঃ) ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। পরে সন্ধ্যার ন্যায় ঋষি প্রভৃতি স্মরণান্তে গায়ত্রী পাঠ করিয়া ব্রাহ্মণদিগকে জল দিয়া দৈবে ত্রিপত্র কুশ লইয়া (পূরূরবোমাদ্রবসৌ বিশ্বে দেবা এতদন্নং সোপকরণং সযবগঙ্গোদকং বো নমঃ) এই বাক্য বলিয়া অন্ন দান করিবে। তীর্থযাত্রাঙ্গশ্রাদ্ধে (অন্নাদ্যুপস্করসহিতমিদং ঘৃতং বো নমঃ) এই মত বলিবে। পরে এক ২ দ্রব্য উল্লেখ করিয়া (ইদমন্নমিমা গঙ্গায়া আপ এতানি হবীংষি এতানি উপকরণানি যথাসুখং বাগ্‌যতৌ স্বদতম্) এই মত দেখাইয়া ভোজনার্থে প্রার্থনা করিবে। পরে পৈত্র ব্রাহ্মণে জল গণ্ডুষ দিয়া গায়ত্রী জপ করিয়া মোটক লইয়া (অমুকগোত্র বসুরূপ পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে সোপকরণমন্নং সতিলগঙ্গোদকং তুভ্যং স্বধা) এই মত বাক্য, তীর্থ যাত্রাঙ্গ শ্রাদ্ধে (অন্নাদ্যুপস্করসহিতমিদং ঘৃতং তুভ্যং স্বধা) এই মত বাক্য, বলিয়া অন্ন দানান্তে পূর্ব্ববৎ এক এক দ্রব্য,সকল দেখাইয়া ভোজনার্থে প্রার্থনা করিবে। এই মত পিতামহাদি বিপ্রকেও অন্ন দিবে।

তত্র পিতৃপিতামহাদীনেকবাক্যেনৈবাল্লেখ্য দদ্যা-দিতি গৌড়াঃ। সর্ব্বত্র মধু দত্ত্বা মধুসূক্তং পঠিত্বা মধু মধু মধু ইতিত্রির্ব্বদেৎ। তত্রাদৌ তৎসূক্তস্যর্ষ্যাদিকং স্মরেদ্‌যথা। মধুবাতা ইত্যাদি তৃচস্য গৌতম ঋষির্গায়ত্রী ছন্দো বিশ্বে দেবা দেবতা অন্নে মধুঘৃতাভ্যঞ্জনে বি০। ওঁ মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ ।১। মধু নক্তমুতোষসো মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা ।২। মধুমান্নো বনস্পতির্ম্মধুমাঁ অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্তু নঃ ।৩। (১) (য০১৩ অ০ ২৭, ২৮, ২৯ম০) ইতি মধুসূক্তম্।

---

(১) বাতাঃ ঋতং যজ্ঞমযন্তীতি তস্মৈ ঋতায়তে যজমানায় মধু মধুমন্তঃ সন্তু। সিন্ধবো নদ্যঃ যজমানায় মধু ক্ষরন্তি ক্ষরন্তু। ওষধীরোষধ্যোঽপি নোঽস্মাকং মাধ্বীর্ম্মধুযুক্তাঃ সন্তু।১। নোঽস্মাকং নক্তং রাত্রি মধু মধুমৎ মধুররসোপেতমানন্দকরমস্তু। উত অপি চ উষসো দিবসা অপি মধুমন্তঃ সন্তু। পার্থিবং রজঃ পৃথিবীলোকো মাতৃভূতো মধুমদস্তু তথা পিতৃভূতঃ পিতৃলোকোদ্যৌর্দ্যুলোকো মধুমানস্তু ।২। নোঽস্মাকং বনস্পতিরশ্বত্থাদির্মধুমান্ রসবান্ যজ্ঞসাধনীভূতোঽস্তু সূর্য্যঃ মধুবান্ সন্তাপরাহিত্যলক্ষণসুখদোঽস্তু। গাবঃ সূর্য্যরশ্ময়ঃ কর্ম্মসাধনতয়া মাধ্বীর্ম্মধুযুতাস্তে তব যজমানস্য ভবন্তু।৩।

গৌড়েরা পিতা প্রভৃতি তিন পুরুষকে এক বাক্যে এবং মাতামহাদি তিন পুরুষকে একবাক্যে উল্লেখ করিয়া অন্ন দেন। পরে সকল পাত্রে মধু দিয়া গায়ত্রী জপান্তে মধু সূক্ত পাঠ করিয়া মধু শব্দ তিন বার বলিবে। মধুসূক্তের গৌতম ঋষি গায়ত্রী ছন্দঃ বিশ্ব-দেবতারা দেবতা অন্নে ঘৃত ও মধু দানার্থে এই মন্ত্র পঠিত হইতেছে এই মত স্মরণান্তে ( মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ। মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ। মধু নক্তমুতোষসো মধুমৎ পার্থিবং রজঃ। মধু দ্যৌরস্তু নঃ পিতা। মধুমান্নো বনস্পতির্মধুমাঁ অস্তু সূর্য্যঃ। মাধ্বীর্গাবো ভবন্ত্বিতি ) এই তিন মন্ত্রকে মধুসূক্ত বলে ইহা পাঠ করিবে।

ততঃ সতিলকুশকুসুমং জলমাদায় যে চেহেত্যস্য প্রজাপত্যাশ্বিসরস্বত্য ঋষয়স্ত্রিষ্টুপ্ ছন্দঃ পিতরো দেবতাস্তৎপ্রার্থনে বিং। ওঁ যে চেহ পিতরো যে চ নেহ যাংশ্চ বিদ্ম যাঁ উ চ ন প্রবিদ্ম। ত্বং বেত্থ যতি তে জাতবেদঃ স্বধাভির্যজ্ঞং সুকৃতং জুষস্ব(১)। (য০১৯অ০৬৭ক০)। ইত্যভিপূজ্য পিতৃভ্যঃ স্বধায়িভ্য ইত্যাদিনা প্রাগুক্তেন জলং দত্ত্বা পিত্রাদিদ্বিজান্ প্রতি যথাসুখং জুষধ্বমিতি ব্রুবন্ প্রণমেৎ। অনন্তরং পিতা পিতামহশ্চৈব তথৈব প্রপিতামহঃ। তৃপ্তিং প্রয়ান্তু মে ভক্ত্যা যন্ময়ৈতদুদাহৃতম্। মাতামহস্তৃপ্তিমুপৈতু মেঽদ্য তথা পিতা তস্য পিতা চ তস্য। বিশ্বে চ দেবাঃ পরমাং প্রয়ান্তু তৃপ্তিং প্রণশ্যন্তু চ যাতুধানা ইতি ওঁ যজ্ঞেশ্বরো হব্যসমস্তকব্যভোক্তাব্যয়াত্মা হরিরীশ্বরোঽত্র। তৎসন্নিধানাদপয়ান্তু সদ্যো রক্ষাংস্যশেষাণ্যসুরাশ্চ সর্ব্বে ইতি চ কৃতাঞ্জলিরুদাহরেৎ।

অথ ভুঞ্জানেষু বিপ্রেষু যজ্ঞোপবীতী দক্ষিণামুখঃ সপ্রণাবাং সব্যাহৃতিকাং গায়ত্রীঃ ত্রিঃ সকৃদ্বা, পবিত্র সূক্তাদীনি চ পঠিত্বা শ্রাবয়েৎ।

---

(১) যে পিতর ইহ লোকে বর্ত্তন্তে যে চ ইহ ন, যাংশ্চ পিতৄন্ বয়ং বিদ্ম জানীমঃ (উ পাদপূরণে) যাংশ্চ ন প্রবিদ্ম। হে জাতবেদঃ তে পিতরো যতি যাবন্তো বর্ত্তন্তে তান্ ত্বং বেত্থ জানাসি। কিঞ্চ স্বধাভিঃ পিতৃণামন্নৈঃ সুকৃতং ত্বং জুষস্ব সেবস্ব।

তৎপরে যে চেহ ইত্যাদি মন্ত্রের প্রজাপতি, অগ্নি এবং সরস্বতী ইহাঁরা ঋষি ত্রিষ্টুপ্ ছন্দঃ পিতারা দেবতা তৎপ্রীত্যর্থে এই মন্ত্র পঠিত হইতেছে এই মত স্মরণ করিয়া (যে চেহ পিতরো যে চ নেহ যাংশ্চ বিদ্ম যাঁ উ চ ন প্রবিদ্ম। ত্বং বেত্থ যতি তে জাতবেদঃ স্বধাভির্যজ্ঞং সুকৃতং জুষস্ব) এই মন্ত্র পাঠান্তে তিল, কুশ, কুসুম ও জল দিয়া অর্চ্চনা করিবে। পিতৃভ্যঃ স্বধায়িভ্য ইত্যাদি পূর্ব্বোক্ত মন্ত্র দ্বারা পৈত্রবিপ্র সকলকে জল দিয়া (যথাসুখং জুষধ্বম্) এই মত প্রার্থনা করিয়া প্রণাম করিবে। পরে কৃতাঞ্জলি হইয়া (পিতা পিতামহশ্চৈব তথৈব প্রপিতামহঃ। তৃপ্তিং প্রয়ান্তু মে ভক্ত্যা যন্ময়ৈতদুদাহৃতম্। মাতামহস্তৃপ্তিমুপৈতু মেহদ্য তথা পিতা তস্য পিতা চ তস্য। বিশ্বে চ দেবাঃ পরমাং প্রয়ান্তু তৃপ্তিং প্রণশ্যন্তু চ যাতুধানাঃ। যোগীশ্বরো হব্য সমস্তকব্যভোক্তাহব্যয়াত্মা হরিরীশ্বরোহত্র। তৎসন্নিধানাদপয়ান্তু সদ্যো রক্ষাংস্যশেষাণ্যসুরাশ্চ সর্ব্বে) এই মন্ত্র পাঠ করিবে।

পরে বিপ্র সকলের ভোজন কালে যজ্ঞোপবীতী ও দক্ষিণ মুখ হইয়া গায়ত্রী তিনবার বা একবার জপ করিয়া অগ্রিম পবিত্র সূক্ত সকল পাঠ করিয়া শুনাইবে।

তানি চ কৃণু ষপাজ ইত্যাদিপঞ্চর্চ্চং (১)। সহস্র শার্যেত্যাদি ষোড়শর্চ্চম্ (২)। নমস্তে রুদ্র মন্যব ইত্যাদি ষোড়শর্চ্চম্ (৩)। ইতিহাসা হবিঃস্তোত্রাদীনি। বিস্তরভয়াচ্চ তান্যত্র নোদ্ধৃতানি।

গৌড়াস্তু ততঃ কৃতাঞ্জলিঃ। অন্নহীনং ক্রিয়াহীনং বিধিহীনঞ্চ যদ্ভবেৎ। তৎসর্ব্বমচ্ছিদ্রমস্ত্বিতি প্রার্থ্য গায়ত্রীং মধুসুক্তঞ্চ জপ্ত্বা ওঁ যোগীশ্বরং যাজ্ঞবল্ক্যং সংপূজ্য মুনয়োঽব্রবন্। বর্ণাশ্রমেতরাণাংনো ব্রূহি ধর্ম্মানশেষতঃ। মন্বত্রিবিষ্ণুহারীতযাজ্ঞবল্ক্যোশনোঽঙ্গিরাঃ। যমাপস্তম্ব-সংবর্ত্তাঃ কাত্যায়নবৃহস্পতী। পরাশরব্যাসশঙ্খলিখিতা দক্ষগোতমৌ। শাতাতপো বসিষ্ঠশ্চ ধর্ম্মশাস্ত্রপ্রযোজকাঃ। ইতি যাজ্ঞবল্ক্যীয়ম্, তদ্বিষ্ণোরিত্যস্য মেধাতিথিঋষি র্গায়ত্রী ছন্দো বিষ্ণুর্দ্দেবতা তদুপস্থানে বিং। ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্। (৪) ( ষং৬অং ৫মং ) ইতি মন্ত্রঞ্চ পঠন্তি।

---

(১) মৎকৃততুলাদানাদিপদ্ধতৌ (১৪পং ২পৃং )

(২) মৎকৃততুলাদানাদিপদ্ধতৌ (১১৪, ১১৫পং ১, ২,১পৃং )

(৩) মৎকৃততুলাদানাদিপদ্ধতৌ। (১১৫, ১১৬পং ১,২,১পৃং )

(৪) সূরয়ো বিদ্বাংসঃ বেদান্তজ্ঞাঃ দিবি হার্দ্দাকাশে নিরাবরণে বা আততং ব্যাপ্তং চক্ষুঃ সূর্য্যমিব প্রকাশকং বিষ্ণোস্তৎ পরমং পদং স্বরূপং সদা পশ্যন্তি।

তাহাতে কৃণুষ্ব পাজ ইত্যাদি পঞ্চ মন্ত্র রক্ষো নিবারক সূক্ত ১। সহস্রশীর্ষেত্যাদি ষোড়শ মন্ত্রাত্মক পুরুষ সূক্ত ২। নমস্তে রুদ্রেত্যাদি ষোড়শ মন্ত্রাত্মক রুদ্র সূক্ত ৩। এই তিন সূক্ত মৎকৃত তুলাদানাদি-পদ্ধতিতে লিখিত আছে সেই অনুসারে পাঠ করিবে। তৎপরে ইতিহাস হবিঃ স্তবাদি পাঠ করিবে। বাহুল্য ভয়ে সে সকল উক্ত হইল না।

গৌড়েরা কৃতাঞ্জলি হইয়া (অন্ন হীনং ক্রিয়া হীনং বিধিহীনঞ্চ যদ্ভবেৎ। তৎসর্ব্বমচ্ছিদ্রমস্তু) এই মত প্রার্থনা করিয়া গায়ত্রী ও মধুসূক্ত পাঠ করেন। পরে (যোগীশ্বরং যাজ্ঞবল্ক্যং সংপূজ্য মুনয়োঽব্রুবন্। বর্ণাশ্রমেতরাণাং নো ব্রূহি ধর্ম্মানশেষতঃ। মন্বত্রিবিষ্ণুহারীতযাজ্ঞবল্ক্যোশনোঽঙ্গিরাঃ। যমাপস্তম্বসংবর্ত্তাঃ কাত্যায়নবৃহস্পতী। পরাশরব্যাসশঙ্খলিখিতা দক্ষগৌতমৌ। শাতাতপো বসিষ্ঠশ্চ ধর্ম্মশাস্ত্র প্রযোজকাঃ) এই মত পাঠ করিয়া তদ্বিষ্ণোঃ ইত্যাদি মন্ত্রের মেধাতিথি ঋষি গায়ত্রী ছন্দঃ বিষ্ণু দেবতা তাঁহার উপাসনার্থে এই মন্ত্র পঠিত হইতেছে এই মত স্মরণ করিয়া (তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্) ইহা পাঠ করেন।

ততঃ ওঁ দুর্য্যোধনো মন্যুময়ো মহাদ্রুমঃ
স্কন্ধঃ কর্ণঃ শকুনিস্তস্য শাখা।
দুঃশাসনঃ পুষ্পফলে সমৃদ্ধে
মূলং রাজা ধৃতরাষ্ট্রো মনীষী।
ওঁ যুধিষ্ঠিরো ধর্ম্মময়ো মহাদ্রুমঃ
স্কন্ধোঽর্জ্জুনো ভীমসেনোঽস্য শাখা
মাদ্রীসুতৌ পুষ্পফলে সমৃদ্ধে
মূলং কৃষ্ণো ব্রহ্ম চ ব্রাহ্মণাশ্চ।

ইতি ভারতীয়গাথাম্ ওঁ সপ্ত ব্যাধা দশার্ণেষু মৃগাঃ কালাঞ্জরে গিরৌ। চক্রবাকাঃ শরদ্বীপে হংসাঃ সরসি মানসে। তেঽভিজাতাঃ কুরুক্ষেত্রে ব্রাহ্মণা বেদপারগাঃ। প্রস্থিতা দূরমধ্বানং যূয়ং তেভ্যোঽবসীদত। ইতি হবিস্তোত্রঞ্চ পঠিত্বা রুচিস্তবাদিকং পঠন্তি। তচ্চ বিস্তর ভয়ান্নোক্তম্।

ততো দৈবপৈত্রব্রাহ্মণয়োর্ম্মধ্যে হস্তমাত্রান্তরে দেশে নৈর্ঋত্যাং কুশানাস্তীর্য্য সতিলমুদকং নিষিচ্য সর্ব্বপ্রকারমন্নমেকস্থং কৃত্বা সতিলসলিলকুশং গৃহীত্বা ওঁ অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেপ্যদগ্ধাঃ কুলে মম। ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা য়ান্তু পরাং গতিম্। ইতি পিতৃতীর্থেন তদন্নং বিকীর্য্য কৃতাঞ্জলিভূ ত্বা।

পরে (দুর্য্যোধনো মন্যুময়ো মহাদ্রুমঃ স্কন্ধঃ কর্ণঃ শকুনিস্তস্য শাখা। দুঃশাসনঃ পুষ্পফলে সমৃদ্ধে মূলং রাজা ধৃতরাষ্ট্রো মনীষী। যুধিষ্ঠিরো ধর্ম্মময়ো মহাদ্রুমঃ স্কন্ধোঽর্জ্জুনো ভীমসেনোঽস্য শাখা। মাদ্রীসুতৌ পুষ্প ফলে সমৃদ্ধে মূলং কৃষ্ণো ব্রহ্ম চ ব্রাহ্মণাশ্চ) এই ভারতীয় গাথা পাঠ করিয়া (সপ্ত ব্যাধা দশার্ণেষু মৃগাঃ কালাঞ্জরে গিরৌ। চক্রবাকাঃ শরদ্বীপে হংসাঃ সরসি মানসে। তেঽভিজাতাঃ কুরুক্ষেত্রে ব্রাহ্মণা বেদপারগাঃ। প্রস্থিতা দূরমধ্বানং যূয়ং তেভ্যোঽবদীদত) এই মত হবিঃ প্রশংসাজ্ঞাপক আখ্যায়িকা (১) শুনান।

তৎপরে দৈব ও পৈত্র বিপ্র স্থানের মধ্যে এক হস্ত মাত্র ব্যবধান দেশে নৈঋতকোণে কতকগুলিন কুশ আস্তরণ করিয়া তাহার উপরে তিল দিয়া জলপ্রোক্ষণান্তে সকল প্রকার অন্ন একত্র করিয়া তিল কুশাদি সহিত দক্ষিণ হস্তে গ্রহণ করিয়া [অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম। ভূমৌ দত্তেন তৃপ্যন্তু তৃপ্তা য়ান্তু পরাং গতিম্] এই মন্ত্র পাঠ করিয়া ঐ অন্ন পিতৃতীর্থ দ্বারা নিক্ষেপ করিয়া কৃতাঞ্জলি হইয়া

(১) আচার্য্যের বৃষ হরণ করিয়া শিষ্যেরা ঐ বৃষ দ্বারা শ্রাদ্ধ করিয়া তাহা ভোজন করে এমতে তাহারা প্রথম ব্যাধমৃগাদি যোনি প্রাপ্ত হইয়া ক্রমে ক্রমে শ্রাদ্ধমাহাত্ম্যে বেদাভিজ্ঞ বিপ্র হইয়াছিলেন।

ওঁ যেষাং ন মাতা ন পিতা ন বন্ধু-
র্নৈবান্নসিদ্ধির্ন তথান্নমস্তি।
তত্তৃপ্তয়েঽন্নং ভুবি দত্তমেতৎ
প্রয়াতু লোকায় সুখায় তদ্বৎ।

ইতি পঠিত্বা হস্তৌ প্রক্ষাল্য দক্ষিণশ্রবণং স্পৃষ্ট্বা-চামেৎ। ততো দৈবাদিক্রমেণ ব্রাহ্মণেভ্যো জলং দত্ত্বা গায়ত্রীং মধুসূক্তঞ্চ প্রাগ্বৎ জপেৎ। দৈবে ওঁ রুচিত-মিতি প্রশ্নঃ, ওঁ রুচিতমিতি প্রতিবচনম্। পৈত্রে তু ওঁ তৃপ্তাঃ স্থ ইতি দ্বিজান্ পৃচ্ছেৎ। তে চ ওঁ তৃপ্তাঃ স্ম ইতি প্রতিবদেয়ুঃ। কুশবিপ্রেষেতন্নাস্তীতি গৌড়াঃ ততঃ পিণ্ডপর্য্যাপ্তং সর্ব্বপ্রকারমন্নমেকপাত্রে সমুদ্ধৃত্য ওঁ শেষমন্নমপ্যস্তি কিং ক্রিয়তামিতি প্রশ্নঃ। ইষ্টৈঃ সহ ভুজ্যতামিতি দ্বিজপ্রতিবচনম্। ওঁ পিণ্ডদান মহং করিষ্যে ইত্যুক্তৌ ওঁ কুরুষেতি প্রতিবচনম্।

ততঃ পিণ্ডদানমারভমাণঃ দ্বিজোচ্ছিষ্টাদুত্তরতো ব্যাম মাত্রাৎ পরতো গোময়োপলিপ্তায়াং ভুবি নিহন্মি সর্ব্ব-মিত্যাদিনা বিঘ্নানুৎসার্য্য করাভ্যাং ধৃতকুশমূলেন নি-হন্মীত্যাদিনা অপহতা ইত্যাদিনা চ নৈর্ঋতীমারভ্য দ-ক্ষিণাগ্রযা রেখয়া চতুরস্রমণ্ডলমেকং কৃত্বা তৎপূর্ব্বতো দ্বিতীয়ং তৎপূর্ব্বতশ্চ তৃতীয়ং কুর্য্যাৎ।

(যেষাং ন মাতা ন পিতা ন বন্ধুর্নৈবান্নসিদ্ধির্ন তথান্নমস্তি। তত্তৃপ্তয়েঽন্নং ভুবি দত্তমেতৎ প্রয়ান্তু লোকায় সুখায় তদ্বৎ) এই মত পাঠ করিয়া হস্তপ্রক্ষালন দক্ষিণকর্ণ স্পর্শান্তে আচমন করিবে। তৎপরে দৈবাদি ক্রমে সকল বিপ্রকে আচমনার্থ জল দিয়া গায়ত্রী ও মধুসূক্ত জপ করিবে পরে দৈবে (রুচিতম্) এই মত, পৈত্রে (তৃপ্তাঃ স্থঃ) এই মত, প্রশ্ন করিলে দৈববিপ্রেরা (রুচিতম্) এইমত, পৈত্রবিপ্রেরা (তৃপ্তাঃ স্ম ) এই মত, প্রতিবাক্য বলিবেন। পরে পিণ্ডদানযোগ্য সকল অন্ন একত্র করিয়া পাত্রে লইয়া ( শেষমন্নমপ্যস্তি কিং ক্রিয়তাম্ ) এইমত, প্রশ্ন করিবে। বিপ্রেরা (ইষ্টৈঃ সহ ভুজ্যতাম্ ) এই মত প্রতিবাক্য দিলে (পিণ্ডদানমহং করিষ্যে ) এই মত প্রশ্নে বিপ্রেরা ( কুরুষ) এইমত প্রতিবাক্য বলিবে। পরে বিপ্রোচ্ছিষ্ট দেশের উত্তরে ব্যাম (পঞ্চ হস্ত) মাত্র ব্যবহিত দেশে গোময় উপলিপ্তভূমিতে নিহন্মি ইত্যাদি মন্ত্রদ্বারা বিঘ্ন নিবারণান্তে হস্তে কুশ লইয়া নিহন্মি ইত্যাদি এবং অপহতা ইত্যাদি মন্ত্র পাঠান্তে নৈর্ঋত কোণাবধি দক্ষিণাগ্র রেখা দ্বারা চতুষ্কোণ এক মণ্ডল করিয়া তৎপূর্ব্বাদি ক্রমে ঐ মত দুই মণ্ডল ক্রমে ক্রমে করিবে।

এবং মাতামহাদীনামপি মণ্ডলত্রয়ং কুর্য্যাৎ। ততঃ প্রত্যেকং পিণ্ডস্থানং তিলোদকৈরভ্যুক্ষ্য সতিল কুশানাস্তীর্য্য দেবতাভ্যইতিপঠিত্বা সতিলান্ গৃহীত্বা আয়ান্ত ন ইত্যাদিনা [৯২পৃ০১প০] প্রাগুক্তমন্ত্রেণ পিতৃনাবাহয়েৎ। সামগস্তু ওঁ এত পিতরঃ সোম্যাসো গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বিণেভিঃ। দত্তাস্মভ্যং দ্রবিণে হ ভদ্রং রয়িঞ্চন সর্ব্ববীরং নিযচ্ছত(১)। (ছা০ব্রা০২প্র০৩কং০] ইত্যনেনাবাহয়েৎ। এবং প্রথমমপ্যনেনাপ্যাবাহয়তি(২) তত্র চেমং মন্ত্রং উশন্ত ইত্যস্মাৎ পূর্ব্বমেব পঠতি। ততো মোটকং গৃহীত্বা অমুকগোত্র বরুণরূপ পিতরমুকদেবশর্ম্মন্ এতত্তেঽবনেনিক্ষ্ব স্বধেতি প্রথমরেখায়াং পাত্রান্তরচ্যুতেন তিলোদকেন পিতৃস্থানমবনেনিজ্যাৎ। এবং প্রজাপতিরূপং পিতামহমগ্নিরূপং প্রপিতামহং বরুণপ্রজাপত্যগ্নিরূপাংশ্চ মাতামহাদীন্ গোত্রনামভ্যামুল্লিখ্যাবনেনিজ্যাৎ।

---

(১) সোম্যাসঃ সৌম্যাঃ সোমদেবতাঃ পিতরঃ গম্ভীরেভিঃ গম্ভীরৈর্দুরবগাহৈঃ পূর্ব্বিণেভিঃ পূর্ব্বৈঃ পূর্ব্বগতানুসারিভিঃ পথিভিঃ মার্গৈঃ এত আগচ্ছত আগতাশ্চাস্মভ্যং দ্রবিণে (হ প্রসিদ্ধে) ভদ্রং কুশলং দত্ত চন অপি চ সর্ব্ববীরং সর্ব্ববীর্য্যসাধনং রযিং ধনং বলং বা নিয়চ্ছত নিধত্ত। রূপসিদ্ধিশ্ছান্দসী।

(২) এবং দৈববিপ্রস্যাবাহনাদনন্তরপ্রার্থনায়ামপি। ওঁ ওষধয়ঃ সমমদন্ত সোমেন সহ রাজ্ঞা যস্মৈ কৃণোতি ব্রাহ্মণস্তং রাজন্ পরয়ামসি। (ঋ০ ১০ ম ৯৭ সূ০ ২২ ম০)। অয়মপি সামগৈঃ পাঠ্যঃ।

এবং ঐ রূপ মাতামহাদিরও তিন মণ্ডল করিবে। তৎপরে সকল পিণ্ডস্থান ক্রমে তিল ও জলদ্বারা অভ্যুক্ষণ করিয়া তিল লইয়া ঐ মণ্ডল সকলে পিতৃ-লোকের আবাহন করিবে। তাহাতে যজুর্ব্বেদীরা আয়ান্তু নঃ ইত্যাদি পূর্ব্বোক্ত মন্ত্র পাঠান্তে, সামবেদীরা ( এত পিতরঃ সোম্যাসঃ গম্ভীরেভিঃ পথিভিঃ পূর্ব্বি-ণেভিঃ। দত্তাস্মভ্যং দ্রবিণে হ ভদ্রং রয়িঞ্চন সর্ব্ববীরং নিযচ্ছত) এই মন্ত্র পাঠান্তে, আবাহন করিবে। সাম-বেদীরা এই মন্ত্র প্রথমাবাহনসময়ে ও উশন্ত ইত্যাদি পূর্ব্বোক্ত মন্ত্রের পূর্ব্বেই পাঠ করিবেন।

তৎপরে মোটক লইয়া (অমুকগোত্র বরুণরূপ পিতরমু-কদেবশর্ম্মন্নেতত্তেহবনেনিক্ষ্ব স্বধা ) এই মত বাক্য বলিয়া প্রথমমণ্ডলে পিতৃস্থানে সতিল পাত্রচ্যুত জল দ্বারা শো-ধন করিবে এই মত পিতামহকে প্রজাপতি রূপে প্রপি-তামহকে অগ্নিরূপে মাতামহদিগকে ক্রমে বরুণ প্রজা-পতি এবং অগ্নিরূপে কীর্ত্তন করিয়া তাহাদের নাম ও গোত্র উল্লেখ করিয়া তাঁহারদের পিণ্ডস্থান ঐ মত শোধন করিবে।

ততো দক্ষিণাগ্রান্ কুশানাস্তীর্য্য সতিলজলৈরভ্যুক্ষ্যাবনেজনক্রমেণ কপিত্থবিল্বকুক্কুটাণ্ডামলকতুল্যান্ যথাশক্তি সর্ব্বপ্রকারকান্নেন পিতৃতীর্থেন দক্ষিণহস্তেন পিত্রাদিভ্যঃ পিণ্ডান্ দদ্যাৎ। যথান্নং গৃহীত্বা মধুবা তা ইত্যাদিত্র্যচং পঠিত্বা মোটকতিলতুলসীমধুসর্পির্যুক্তং কৃত্বা অমুকগোত্র বরুণরূপ পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে পিণ্ডং স্বধেত্যভিধায় যজুর্ব্বেদী দদ্যাৎ। সামগবহ্বৃচৌ তু মধুসূক্তং পঠিত্বা অক্ষন্নিত্যাদি মন্ত্রস্য গৌতম ঋষিঃ পঙ্‌ক্তিশ্ছন্দঃ ইন্দ্রো দেবতা পিতৃযজ্ঞে বিং। ওঁ অক্ষন্নমীমদন্ত হ্যবপ্রিয়া অধূষত। অস্তোষত স্বভানবো বিপ্রা নবিষ্টয়া মতী যোজ ন্বিন্দ্র তে হরী। (ঋং ১মং ৮২সূং ২মং) ইত্যগ্রে পাঠিত্বাহভিলাপবাক্যান্তে দদ্যাতাম্ দানবাক্যে তু এষ তে পিণ্ড ইতি ভেদঃ। তত্রাপি সামগানাং বাক্যান্তে যে চাত্রেত্যাদিযোজনা প্রাগ্বৎ।

---

(১) হে ইন্দ্র ত্বয়া দত্তান্যন্নানি অক্ষন্ যজমানা ভুক্তবন্তঃ ভুক্ত্বা চামীমদন্ত হি তৃপ্তাশ্চাসন্। প্রিয়াঃ স্বকীয়াস্তনূরধূষত অকম্পায়ন্ অনন্তরং স্বভানবঃ স্বায়ত্তদীপ্তয়ো বিপ্রা মেধাবিনঃ নবিষ্টয়া অবিতৃপ্ততময়া মতী মত্যা স্তুত্যা অস্তোষত অস্তুবন্। হে ইন্দ্র তে হরী ত্বদীয়াবশ্বৌ নু ক্ষিপ্রং যোজ যোজয়। রূপসিদ্ধিশ্ছান্দসী।

তৎপরে অবনেজন ক্রমেই দক্ষিণাগ্র কতিপয় কুশ আস্তরণ করিয়া তাহার উপরে তিল জল দিয়া সেচন করিয়া যথাশক্তি কপিত্থ বিল্বাদিপ্রমাণে সর্ব্ব-প্রকার অন্নের পিণ্ড লইয়া অগ্রিম মন্ত্র ও বাক্য বলিয়া দান করিবে। যজুর্ব্বেদীরা মধু বাতা ইত্যাদি সূক্ত পাঠ করিয়া ( অমুকগোত্র বরুণরূপ পিতরমুকদেবশর্ম্ম-ন্নেতত্তে পিণ্ডং স্বধা ) এই বাক্য বলিয়া মোটক তিল তুলসী ঘৃত মধু সহিত পিণ্ড দিবে।

ঋগ্বেদী ও সামবেদীরা মধুবাতা ইত্যাদি মধু সূক্ত জপ করিয়া অক্ষন্ ইত্যাদি মন্ত্রের গৌতম ঋষি পংক্তি (দশাক্ষরপাদ) ছন্দঃ পিতারা দেবতা পিণ্ডপিতৃযজ্ঞার্থে এই মন্ত্র পঠিত হইতেছে এই মত স্মরণ করিয়া (অক্ষন্ন-মীমদন্ত হ্যবপ্রিয়া অধূষত। অস্তোষত স্বভানবো বিপ্রা নবিষ্টয়া মতী যোজ ন্বিন্দ্র তে হরী ) এই মন্ত্র পাঠ, পূর্ব্বোক্ত বাক্য প্রয়োগ, করিয়া পিণ্ড দিবেন। তাঁহারা দানবাক্যে ( এষ তে পিণ্ডঃ ) এই মত বলিবেন। তন্মধ্যে সামবেদীরা ঐ বাক্যান্তে পূর্ব্বোক্ত যে চাত্র ইত্যাদি মন্ত্রও পাঠ করিবেন।

এবং পিতামহাদীনামপি পূর্ব্বোক্তপ্রজাপত্যাদিরূপেণ ধ্যাতানাং নামগোত্রোল্লেখপূর্ব্বকং পিণ্ডান্ দদ্যাৎ। পাশ্চাত্ত্যাস্তু গয়ায়ামেব পিণ্ডশব্দং প্রযুঞ্জতে অন্যত্রান্নশব্দম্। ততঃ পিণ্ডান্তিকে পিণ্ডশেষং বিকীর্য্য পিণ্ডোপরি কুশান্ নিধায় পরিস্তরণকুশমূলেষু হস্তাবঘর্ষণেন ওঁ লেপভুজঃ পিতরঃ প্রীয়ন্তামিতি লেপোন্মার্জ্জনং কুর্য্যাৎ। ততঃ কৃতাঞ্জলির্ভূত্বা অত্র পিতর ইত্যাদিকস্য প্রজাপতির্ঋষিশ্ছন্দোঽভাবঃ পিতরো দেবতাঃ পিণ্ডপিতৃযজ্ঞে বি০। ওঁ অত্র পিতরো মাদয়ধ্বং যথাভাগমাবৃষায়ধ্বম্ (১)। (য০২অ০ ৩০ ॥ ক০) ইত্যর্দ্ধমুচ্চার্য্য প্রদক্ষিণং পরাঙ্মুখোঽপাবৃত্ত্যোদঙ্মুখঃ পিতৃন্ ধ্যায়ন্ প্রাণানায়ম্য মুক্তোচ্ছ্বাসস্তেনৈব পথা পরাবৃত্য ওঁ অমীমদন্ত পিতরো যথাভাগমাবৃষায়িষত (২)। (য০ ২অ০ ৩১ক০) ইত্যুত্তরার্দ্ধমুচ্চার্য্য শনৈরুচ্ছ্বস্য পূর্ব্ববৎ সতিলোদকং পিণ্ডোপরি অবনেজনং দদ্যাৎ। যজুর্ব্বেদী তু প্রত্যবনেনিক্ষ্ব স্বধেতি বদেৎ।

---

(১) হে পিতরঃ অস্মিন্ বর্হিষি মাদয়ধ্বং হৃষ্টা ভবত। ততো বর্হিষি যথাভাগং স্বংস্বং ভাগমনতিক্রম্য আবৃষায়ধ্বং সমন্তাৎ বৃষবদাচরত। যথা বৃষঃ স্বাভীষ্টং ঘাসং প্রাপ্য তৃপ্তিমত্তাং করোতি তথা কুরুতেত্যর্থঃ।

(২) যান্ পিতৃন্ প্রতি, মাদয়ধ্বমিত্যুক্তং তে পিতরঃ অমীমদন্ত হৃষ্টা অভবন্। যথাভাগং স্বংস্বং ভাগমনতিক্রম্য চাবৃষায়িষত সমন্তাৎ বৃষবদাচরিতবন্তঃ।

এই রূপ প্রজাপতি প্রভৃতি রূপে ধ্যান করিয়া পিতামহ প্রভৃতির নাম গোত্র উল্লেখ করিয়া পিণ্ড দিবে। পশ্চিমদেশীয়েরা গয়াতেই পিণ্ড শব্দ বলেন অন্য স্থলে অন্ন শব্দই বলেন। পরে পিণ্ড সমীপে পিণ্ড শেষ নিক্ষেপান্তে পিণ্ডের উপরি কুশ দিয়া আস্তরণ কুশে হস্ত ঘর্ষণ করিয়া (লেপভুজঃ পিতরঃ প্রীয়ন্তাম্) এই মত বাক্য বলিয়া পিণ্ড লেপ শেষ মার্জ্জন করিবে। পরে কৃতাঞ্জলি হইয়া অত্র পিতরঃ ইত্যাদি মন্ত্রের প্রজাপতি ঋষি ছন্দো নাই পিতারা দেবতা পিণ্ডপিতৃযজ্ঞার্থে এই মন্ত্র পঠিত হইতেছে এই মত স্মরণান্তে (ওঁ অত্র পিতরো মাদয়ধ্বং যথাভাগমাবৃষায়ধ্বম্) এই মন্ত্র পাঠ করিয়া দক্ষিণাবর্ত্তে উত্তর মুখ হইয়া পিতাদিগকে ধ্যান করিয়া শ্বাসরোধ করত ঐ পথে প্রত্যাবৃত্তি করিয়া পুনর্দ্দক্ষিণামুখ হইয়া মন্দ মন্দ শ্বাসত্যাগ করত (অমীমদন্ত পিতরো যথাভাগমাবৃষায়িষত) এই মন্ত্র পাঠান্তে তিলসহিত অবনেজন জল পূর্ব্ববৎ দিবে। যজুর্ব্বেদীরা ঐজলদান বাক্য (এতত্তে প্রত্যবনেনিক্ষ্ব স্বধা) এই মত বিশেষ বলিবেন।

ততো নীবিং বিমুচ্য নমো বঃ পিতরো রসায়েত্যাদিভিঃ নমো বঃ পিতরো মন্যবে ইত্যন্তৈঃ (৭২পৃ° ২পং) প্রাগুক্তৈর্ষড়্ভির্যজুর্ভিরঞ্জলিবন্ধেন নমস্কুর্য্যাৎ। গৌড়াস্তু ওঁ বসন্তায় নমস্তুভ্যং গ্রীষ্মায় চ নমো নমঃ। বর্ষাভ্যশ্চ শরৎসংজ্ঞঋতবে চ নমঃ সদা। হেমন্তায় নমস্তুভ্যং নমস্তে শিশিরায় চ। মাসসংবৎসরেভ্যশ্চ দিবসেভ্যো নমো নমঃ। ইত্যেব পঠিত্বা ঋতুরূপান্ পিতৄন্ নমস্কুর্ব্বন্তি। তত ঋষ্যাদিকং (৭২পৃ° ১পং) পূর্ব্ববৎ স্মৃত্বা ওঁ নমো বঃ পিতরঃ পিতরো নমো বঃ। গৃহান্নঃ পিতরঃ সতো বঃ পিতরো দেষ্ম (য° ৩অ° ৩২কং) (১)। ইত্যাশিষং প্রার্থ্য তথৈবার্ষাদিকং স্মৃত্বা ওঁ এতদ্বঃ পিতরো বাসঃ (য° ২অ° ৩২কং) (২) ইত্যুক্ত্বা সূত্রাদিরূপং পিণ্ডাচ্ছাদনং বাসো দত্ত্বা অমুকগোত্র বরুণরূপ পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে বাসঃ স্বধা ইত্যভিলপ্য দদ্যাৎ। এবং পিতামহাদীনামপি। গৌড়াস্তু বস্ত্রাদিরূপতয়া সর্ব্বত্রৈব তান্ ধ্যায়ন্তি। তেষাং শাস্ত্রোক্তানি ধ্যেয়রূপাণি যথা

---

(১) হে পিতরঃ এবংবিধঋতুরূপেভ্যো বো নমঃ। অভ্যাসশ্চাদরাতিশয়ার্থঃ। হে পিতরঃ নোঽস্মভ্যং গৃহান্ ভার্য্যাপুত্র পৌত্রাদীন্ দত্ত। হে পিতরঃ সতো বিদ্যমানাৎ ধনাদিতি শেষঃ দেষ্ম বো দদাম যুষ্মভ্যং দদতামস্মাকং কদাচিৎ ধনক্ষয়ো মা ভূদিত্যর্থঃ।

(২) হে পিতরঃ বো যুষ্মভ্যমেতদ্বাসঃ সূত্রমেব পরিধানমস্তু।

পরে নীবিবন্ধন মুক্ত করিয়া কৃতাঞ্জলি হইয়া নমো বঃ পিতর ইত্যাদি পূর্ব্বোক্ত ৬ মন্ত্র দ্বারা পিতা প্রভৃতিকে ঋতুরূপ ভাবিয়া নমস্কার করিবে। গৌড়েরা (বসন্তায় নমস্তুভ্যং গ্রীষ্মায় চ নমো নমঃ। বর্ষাভ্যশ্চ শরৎসংজ্ঞঋতবে চ নমঃ সদা। হেমন্তায় নমস্তুভ্যং নমস্তে শিশিরায় চ। মাসসংবৎসরেভ্যশ্চ দিবসেভ্যো নমো নমঃ) এই মন্ত্র দ্বারাই নমস্কার করেন। পরে ঐ ছয় মন্ত্রের ন্যায় নমো বঃ এই মন্ত্রের ঋষ্যাদি স্মরণ করিয়া (নমো বঃ পিতরঃ পিতরো নমো বঃ। গৃহান্নঃ পিতরঃ সতো বঃ পিতরো দেষ্ম) এই মন্ত্র দ্বারা প্রার্থনা করিয়া ঐ মত ঋষ্যাদি স্মরণান্তে (এতদ্বঃ পিতরো বাসঃ) এই মন্ত্র দ্বারা পিণ্ড সকলে ক্রমে ক্রমে সূত্র রূপ বস্ত্র দিয়া (অমুকগোত্র বসুরূপ পিতরমুকদেবশর্ম্মন্নেতত্তে বাসঃ স্বধা) এই বাক্য বলিয়া সূত্র দিবে। এই মত পিতামহাদি পিণ্ডেও সূত্র দিবে। গৌড়েরা পিণ্ডদানেও পূর্ব্বোক্ত বসু রুদ্র আদিত্য রূপেই পিতাদিকে ধ্যান করেন। এবং অভিলাপ বাক্যেও ঐ মত বলেন। বসু প্রভৃতির ধ্যেয় রূপ শাস্ত্রে এই মত নির্দ্দিষ্ট আছে। যথা

প্রসন্নবদনাঃ সৌম্যা বরদাঃ শক্তিপাণয়ঃ। পদ্মাসনস্থা দ্বিভুজা বসবোঽষ্টৌ প্রকীর্ত্তিতাঃ (বসূনাম্)। করে ত্রিশূলিনো বামে দক্ষিণে চাক্ষমালিনঃ। একাদশ তু ধ্যাতব্যা রুদ্রাস্ত্র্যক্ষেন্দুমৌলয়ঃ (রুদ্রাণাম্)। পদ্মাসনস্থা দ্বিভুজাঃ পদ্মগর্ব্ভাঙ্গকান্তয়ঃ। করাদিস্কন্ধপর্য্যন্তং নালপঙ্কজধারিণঃ। ইন্দ্রাদ্যা দ্বাদশাদিত্যাস্তেজোমণ্ডলমধ্যগাঃ (আদিত্যানাম্)। নাগপাশধরো রক্তভূষণো বাহিনীপতিঃ। বরুণোঽম্বুপতিঃ স্বর্ণবর্ণো মকরবাহনঃ। (বরুণস্য) যজ্ঞোপবীতী হংসস্থ একবক্ত্রশ্চতুর্ভুজঃ। অক্ষং স্রুচং স্রুবং বিভ্রৎ কুণ্ডিকাং চ প্রজাপতিঃ। (প্রজাপতেঃ) ছাগস্থঃ সাক্ষসূত্রোঽগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ। চিহ্নিতং চমরেণাস্য করমন্যং প্রকল্পয়েৎ। (অগ্নেঃ) ইত্যেবংমতভেদেন ধ্যাত্বা গন্ধাদিভিঃ পূজয়েৎ। ততঃ প্রথমং পৈত্রে ততো দৈবে দ্বিজেভ্য আচমনীয়ং দত্ত্বা ওঁ সুসুপ্রোক্ষিতমস্ত্বিতি শ্রাদ্ধদেশং সংপ্রোক্ষ্য দ্বিজেভ্যঃ পবিত্রান্তরং দত্ত্বা ওঁ শিবাঃ আপঃ সন্তু ইতি দ্বিজেষু জলং দদ্যাৎ ওঁ সন্ত্বিতি দ্বিজপ্রত্যুক্তিঃ। ওঁ সৌমনস্যমস্তু ইতি পুষ্পাণি দদ্যাৎ। ওঁ অস্তু সৌমনস্যম্ ইতি দ্বিজপ্রত্যুক্তিঃ।

শান্তমূর্ত্তি, দুই হস্তে বর ও শক্তি, প্রসন্ন বদন, পদ্ম আসন, এই মত অষ্ট অসুর রূপ। তিন চক্ষু, কপালে চন্দ্র, বামে ত্রিশূল দক্ষিণ হস্তে জপমালা এই মত ১১ রুদ্রের রূপ। দুই হস্তে হস্তাবধি স্কন্ধ পর্য্যন্ত, মৃণালগ্রথিত পদ্ম, তেজো মণ্ডলের মধ্যে স্থিতি, পদ্ম আসন. পদ্মগর্ভ তুল্য দেহকান্তি, এই মত ইন্দ্রাদি ১২ আদিত্যের রূপ। হেমতুল্য বর্ণ, রক্তবর্ণ-ভূষণ, মকর বাহন, হস্তে নাগপাশ, সমীপে নদী সকল, এই মত জলাধিপ বরুণের রূপ। গলায় যজ্ঞোপবীত, হংস বাহন, এক মুখ, চারি হস্তে স্রুক্, স্রুব, (যজ্ঞকাষ্ঠ বিশেষ) জপমালা, কমণ্ডলু, এই চারি দ্রব্য এই মত প্রজাপতির রূপ। ছাগ বাহন, সপ্ত শিখা, চারি হস্তে জপমালা, সূত্র, শক্তি, চমরমৃগ এই চারি দ্রব্য, এই মত অগ্নির রূপ। পিতাদিকে ঐ রূপে ধ্যান করিয়া গন্ধপুষ্পাদি দ্বারা পূজা করিবে। পরে দৈবাদি ক্রমে বিপ্রে জল দিয়া (সুসম্প্রোক্ষিতমস্তু) এই বাক্যান্তে শ্রাদ্ধদেশ শোধন করিয়া বিপ্রদিগকে কুশ-পবিত্র দিয়া (শিবাঃ আপঃ সন্তু) এই বলিয়া জল দিলে বিপ্রেরা ( সন্তু ) এই মত প্রতিবাক্য বলিবেন। (সৌমনস্যমস্তু) এই বলিয়া পুষ্প দিলে বিপ্রেরা (অস্তু সৌমনস্যম্) এই প্রতিবাক্য বলিবেন।

ওঁ অক্ষতং চারিষ্টং চাস্তু ইত্যক্ষতান্ প্রক্ষিপেৎ ওঁ অস্ত্বরিষ্টম্ ইতি প্রত্যুক্তিঃ। ততো দ্বিজেভ্যস্ত্রিপত্রমোটকাদিসহিতং ঘৃতমধুযুক্তমক্ষয্যোদকং দদ্যাৎ। তত্র প্রথমং ওঁ পুরূরবার্দ্রবঃসংজ্ঞকানাং বিশ্বেষাং দেবানামিদমক্ষয্যমস্ত্বিতি বদন্ দৈবে দদ্যাৎ। ততঃ অমুকগোত্রস্য বসুরূপস্য পিতুরমুকদেবশর্ম্মণঃ ইদমক্ষয্যমস্ত্বিত্যাদিক্রমেণ পিতৃপিতামহাদীনাং প্রত্যেকমভিলপ্য দদ্যাদিতি হেমাদ্রিঃ। গৌড়াস্তু পৈত্র এবাক্ষয্যং দদ্যান্ন দৈবে ইতি বদন্তি। সর্ব্বত্র ওঁ অস্ত্বক্ষয্যমিতি প্রত্যুক্তিঃ। অথ যজ্ঞোপবীতী কৃতাঞ্জলিঃ প্রাঙ্মুখঃ পিণ্ড সমীপে উপবিশ্য ওঁ যেষামুদ্দিষ্টং তেষামক্ষয্যমস্ত্বিতি প্রার্থয়েত। ওঁ অস্ত্বক্ষয্যমিতি প্রত্যুক্তিঃ। ওঁ অঘোরাঃ পিতরঃ সন্তু ইত্যুক্তৌ ওঁ সন্ত্বঘোরাঃ পিতরঃ ইতি প্রত্যুক্তিঃ। ওঁ গোত্রং নো বর্দ্ধতাম্ ইত্যুক্তৌ ওঁ বর্দ্ধতাং বো গোত্রম্ ইতি প্রত্যুক্তিঃ। ওঁ দাতারো নোঽভিবর্দ্ধন্তাম্ ইত্যুক্তৌ ওঁ অভিবর্দ্ধন্তাং বো দাতারঃ। এবং ওঁ বেদাশ্চ নোঽভিবর্দ্ধন্তাম্ ওঁ অভিবর্দ্ধন্তাং বো বেদাঃ। ওঁ সন্ততির্নোঽভিবর্দ্ধতাম্। ওঁ অভিবর্দ্ধতাং বঃ সন্ততিঃ।

(অক্ষতং চারিষ্টং চাস্তু) ইহা বলিয়া দূর্ব্বাক্ষতাদি দিলে বিপ্রেরা (অস্ত্বরিষ্টম্) এই মত বলিবেন। পরে দৈবাদি বিপ্র সকলকে মধু ঘৃততিলপত্রাদিযুক্ত অক্ষয্য উদক দিবে তাহাতে (পুরূরবোমাদ্রবসোর্ব্বিশ্বেষাং দেবানামিদমক্ষয্যমস্তু) এই মত বলিয়া দৈবে দিবে। পরে (অমুকগোত্রস্য বসুরূপস্য পিতুরমুকদেবশর্ম্মণ ইদমক্ষয্যমস্তু) ইত্যাদি রূপ বাক্য বলিয়া পিতা প্রভৃতিকে দিবে ইহা হেমাদ্রি বলেন। পিতৃ প্রভৃতিকেই অক্ষয্য দিবে দৈবে দিবে না ইহা গৌড়েরা কহেন। বিপ্রেরা সকল বাক্যেরই প্রত্যুত্তর (অস্ত্বক্ষয্যম্) এইমত দিবেন। পরে কৃতাঞ্জলি ও যজ্ঞোপবীতী হইয়া পৈত্র বিপ্রসমীপে যেষামুদ্দিষ্টং তেষামক্ষয্যমস্তু) এই মত বলিলে বিপ্রেরা (ওঁ অস্ত্বক্ষয্যম্) এই মত প্রতিবাক্য বলিবেন। পরে (অঘোরাঃ পিতরঃ সন্তু) এই বাক্যে (সন্ত্বঘোরাঃ পিতরঃ) এই প্রতিবাক্য, (গোত্রং নো বর্দ্ধতাম্) এই বাক্যে (বর্দ্ধতাং বো গোত্রম্) এই প্রতিবাক্য, (দাতারো নোঽভিবর্দ্ধন্তাম্) এই বাক্যে (অভিবর্দ্ধন্তাং বো দাতারঃ) এই প্রতিবাক্য, (বেদাশ্চ নোঽভিবর্দ্ধন্তাম্) এই বাক্যে (অভিবর্দ্ধন্তাং বো বেদাঃ) এই প্রতিবাক্য, (সন্ততির্নোঽভিবর্দ্ধতাম্) এই বাক্যে (অভিবর্দ্ধতাং বঃ সন্ততিঃ) এই প্রতিবাক্য, বলিবেন।

ওঁ শ্রদ্ধা চ নো মা বিগমৎ। ওঁ মা বিগমদ্বঃ শ্রদ্ধা। ওঁ বহু দেয়ঞ্চ নোঽস্তু। ওঁ অস্তু বো বহু দেয়ম্। ওঁ অন্নঞ্চ নো বহু ভবেৎ। ওঁ ভবত্বন্নং বো বহু। ওঁ অতিথীংশ্চ লভেমহি। ওঁ লভধ্বং চাতিথীন্। ওঁ যাচিতারশ্চ নঃ সন্তু। ওঁ সন্তু বো যাচিতারঃ। ওঁ মা চ যাচিষ্ম কঞ্চন। ওঁ মা যাচধ্বং কঞ্চন। ওঁ এতাঃ সত্যাঃ অশিষঃ সন্তু। ওঁ সন্তু সত্যা ইত্যেবংপ্রার্থনাপ্রতিবচনেভ্যোঽনন্তরং দ্বিজৈর্দ্দত্তমক্ষতপুষ্পং গৃহীত্বা শিরসি ধারয়েৎ। অথ ন্যুব্জপাত্রোপরিস্থিতপবিত্রাণ্যর্ঘপাত্রস্থপবিত্রৈঃ সহ সমানীয় পিণ্ডপশ্চিমদিশি দক্ষিণাগ্রাণি নিধায় ওঁ স্বধাং বাচয়িষ্য ইতি দ্বিজানাপৃচ্ছ্য ওঁ বাচ্যতামিতি তৈরনুজ্ঞাতঃ ওঁ বসুরূপেভ্যোঽমুকনামগোত্রেভ্যঃ পিতৃভ্যঃ স্বধোচ্যতামিত্যাদিক্রমেণোক্তে ওঁ উচ্যতাং স্বধেতি দ্বিজপ্রত্যুক্তৌ ঊর্জ্জমিত্যস্য প্রজাপতিঋষির্বিরাট্ ছন্দঃ আপো দেবতাঃ পিণ্ডে জলসেচনে বি০ ইতি স্মৃত্বা ওঁ ঊর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতম্। স্বধা স্থ তর্পয়ত মে পিতৄন্(১) (ষ০২অ০৩৪ক০) ইত্যুচ্চার্য্য

(১) হে আপঃ অমৃতং রোগনাশকং মৃত্যুনাশকং বা কীলো ব ন্ধস্তদ্বারকম্ পরিস্রুতম্ ঊর্জ্জং স্বাদ্বন্নরসং ঘৃতং পয়ো দুগ্ধং বহন্তীঃ বহন্ত্যঃ স্বধা পিতৃহবিঃস্বরূপাঃ স্থ ভবথ। তদ্রূপাশ্চ সত্যঃ মে মম পিতৄন্ তর্পয়ত।

(শ্রদ্ধা চ নো মা বিগমৎ) এই বাক্যে (মা বিগমদ্বঃ শ্রদ্ধা) এই প্রতিবাক্য, (বহু দেয়ঞ্চ নোঽস্তু) এই বাক্যে (অস্তু বো বহু দেয়ম্) এই মত প্রতিবাক্য, (অন্নঞ্চ নো বহু ভবেৎ) এই বাক্যে (ভবত্বন্নং বো বহু) এই প্রতিবাক্য, (অতিথীংশ্চ লভেমহি) এই বাক্যে (লভ ধ্বং চাতিথীন্) এই প্রতিবাক্য, (যাচিতারশ্চ নঃ সন্তু) এই বাক্যে (সন্তু বো যাচিতারঃ) এই প্রতিবাক্য, (মা চ যাচিষ্ম কঞ্চন) এই বাক্যে (মা যাচধ্বং কঞ্চন) এই প্রতিবাক্য, (এতাঃ সত্যা আশিষঃ সন্তু) এই বাক্যে (সন্তু সত্যাঃ) এই প্রতি-বাক্য, বলিয়া দ্বিজেরা আশীর্ব্বাদার্থে অক্ষত ও পুষ্পাদি দিলে তাহা লইয়া মস্তকে ধারণ করিবে। পরে ন্যুব্জ পাত্রের উপরিস্থিত ও অর্ঘপাত্রস্থ পবিত্র পিণ্ডের পশ্চিম ভাগে দক্ষিণাগ্র করিয়া দিয়া (স্বধাং বাচয়িষ্যে) এই প্রশ্নে দ্বিজেরা (উচ্যতাম্) এই প্রতিবাক্য বলিলে (বসুরূপেভ্যোঽমুকগোত্রনামভ্যঃ পিতৃভ্যঃ স্বধোচ্যতাম্) ই-ত্যাদিক্রমে পিতৃপিতামহাদিবিপ্রসকলকে স্বধাবাচন করাইবে। পরে (উর্জ্জং বহন্তীঃ) এই মন্ত্রের প্রজা-পতি ঋষি বিরাট্ ছন্দঃ জল দেবতা পিণ্ডে জলসেচনার্থে এই মন্ত্র পঠিত হইতেছে এই স্মরণান্তে (উর্জ্জমিত্যাদি (১৩০পৃ০ ১৭প০) উক্ত মন্ত্র পাঠ করিয়া—

সতিলমধুযুতপাত্রস্থচ্যুতজলেন সকুশেন পিতৃতীর্থেন পিণ্ডোপরি নিষিঞ্চেৎ। ওঁ স্বধা সংপদ্যতামিত্যুক্তৌ সংপদ্যতাং স্বধেতি প্রত্যুক্তৌ ন্যুব্জপাত্রমুত্তানং কুর্য্যাৎ। ততঃ অদ্যেত্যাদি অমুকগোত্রাণাম্ অমুকদেবশর্ম্মণাং বসুরুদ্রাদিত্যরূপাণাং পিতৃপিতামহপ্রপিতামহানাং কৃতৈতৎপার্ব্বণশ্রাদ্ধকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থমিদং রজতং দক্ষিণাং ব্রাহ্মণায়াহং দদানীত্যুৎসৃজেৎ। এবং মাতামহাদীনামপি। ততঃ অদ্যেত্যাদি অমুকগোত্রনাম্নাং বসুরুদ্রাদিত্যরূপাণাং পিতৃপিতামহপ্রপিতামহানাং মাতামহপ্রমাতামহবৃদ্ধপ্রমাতামহানাঞ্চ কৃতে শ্রাদ্ধে পুরূরবাদ্র্বঃসংজ্ঞকানাং বিশ্বেষাং দেবানাং কৃতৈতৎপার্ব্বণশ্রাদ্ধকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থমিদং হিরণ্যং দক্ষিণাং ব্রাহ্মণায়াহং দদানীত্যভিলপেৎ। ততো দৈবে বিপ্রে জলং দত্ত্বা ওঁ বিশ্বে দেবাঃ প্রীয়ন্তামিতি ভবন্তোঽধিব্রুবন্তু ইতি দ্বিজান্ প্রার্থয়েত। তে চ ওঁ প্রীয়ন্তাং বিশ্বে দেবা ইতি প্রতিব্রূয়ুঃ। ততস্তূষ্ণীং জলপুষ্পাক্ষতাদীনি পূর্ব্ববৎ ক্রমেণ পিতৃদ্বিজেষু দত্ত্বা পিতৃভ্য ইত্যাদিনা পিত্রাদিপিণ্ডান্ নমো বঃ ইত্যাদিনা চ মাতামহাদিপিণ্ডাংশ্চাভ্যর্চ্চ্য পিতা ধর্ম্মঃ পিতা স্বর্গঃ পিতা হি পরমং তপঃ। পিতরি প্রীতিমাপন্নে প্রীয়ন্তে সর্ব্বদেবতা ইত্যনেন পিতৄন্নমেৎ।

তিল-মধু-যুক্ত পাত্র ক্ষরিত জল দিয়া সকুশ পিতৃ তীর্থ দ্বারা পিণ্ডের উপরি জল দিবে। পরে (স্বধা সম্পদ্যতাম্) এইমত বলিলে বিপ্রেরা (সংপদ্যতাং স্বধা) এই প্রতিবাক্য বলিবেন। পরে ন্যুব্জ উত্তান করিবে। পরে দেশ কাল সকল উল্লেখান্তে (অমুকামুকগোত্র নাম্নাং বসুরুদ্রাদিত্যরূপাণাং পিতৃপিতামহপ্রপিতামহানাং কৃতৈতত্পার্ব্বণশ্রাদ্ধকর্ম্মণঃ প্রাতষ্ঠার্থমিদং রজতং দক্ষিণাং ব্রাহ্মণায়াহং দদানি) এই মত বাক্য, মাতামহাদি পক্ষেও ঐরূপ বাক্য, বলিয়া দক্ষিণা দিবে। পরে (অমুকামুকগোত্রনাম্নাং বসুরুদ্রাদিত্যরূপাণাং পিত্রাদীনাং মাতামহাদীনাঞ্চ কৃতে শ্রাদ্ধে পুরূরবো মাদ্রবসোর্ব্বিশ্বেষাং দেবানাং কৃতৈতৎপার্ব্বণশ্রাদ্ধকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থমিদং হিরণ্যং দক্ষিণাং ব্রাহ্মণায়াহং দদানি) এইমত বাক্য বলিয়া দেবপক্ষে দক্ষিণা দিবে। পরে দৈব বিপ্রে জল দিয়া (বিশ্বে দেবাঃ প্রীয়ন্তামিতি ভবন্তোহধিব্রুবন্তু) এই প্রার্থনা করিলে, বিপ্রেরা (প্রীয়ন্তাং বিশ্বে দেবাঃ) এই মত প্রতি বাক্য বলিবেন। পরে অমন্ত্রক জলপুষ্প অক্ষতাদি দিয়া পিতৃ পক্ষে, পূর্ব্বোক্ত পিতৃভ্য ইত্যাদি, মাতামহ পক্ষে নমো বঃ ইত্যাদি, মন্ত্র দ্বারা পূজা করিয়া পিতা ধর্ম্ম ইত্যাদি মন্ত্র পাঠান্তে প্রণাম করিবে।

ততঃ কৃতাঞ্জলিঃ। ওঁ পিতা পিতামহশ্চৈব তথৈব প্রপিতামহঃ। তৃপ্তিমায়ান্তু পিণ্ডেন ময়া দত্তেন ভূতলে। মাতামহস্তৎপিতা চ পিতা তস্যাপি তৃপ্যতু। দ্বিজানাং তর্পণাদ্ধোমাৎ পিণ্ডদানাচ্চ মে সদা ইতি পঠেৎ। ততঃ সপ্ত ব্যাধা ইত্যাদি পঠিত্বা ওঁ গয়ায়াং মুণ্ডপৃষ্ঠে চ সরসি ব্রহ্মণস্তথা। গয়াশীর্ষে বটে চৈব পিতৃণাং দত্তমক্ষয়ম্। গয়ায়াং পিতৃরূপেণ স্বয়মেব জনার্দ্দনঃ। তং দৃষ্ট্বা পুণ্ডরীকাক্ষং মুচ্যতে চ ঋণত্রয়াৎ। শমীপত্রপ্রমাণেন পিণ্ডং দদ্যাদ্গয়াশিরে। উদ্ধরেৎ সপ্ত গোত্রাণি কুলৈঞ্চেকোত্তরং শতম্ ইতি চ পঠেৎ। ততঃ ওঁ ইদং সাঙ্গং কর্ম্ম বিধিবৎ গয়াশ্রাদ্ধরূপমস্তু ইতি পৃচ্ছেৎ। তে'চ ওঁ অস্তু গয়াশ্রাদ্ধরূপম্ ইতি প্রতিবদেয়ুঃ। ততো ওঁ মন্ত্রহীনং ক্রিয়াহীনং শ্রদ্ধাহীনং দ্বিজোত্তমাঃ। শ্রাদ্ধং সংপূর্ণতাং যাতু প্রসাদাদ্ভবতাং মম ইতি প্রার্থয়েত। সর্ব্বে চ ওঁ সম্পূর্ণমস্তু ইতি প্রতিবদেয়ুঃ। ততো হস্তদ্বয়েনৈকৈকং পিণ্ডমুদ্ধৃত্য পাত্রে নিধায় পাণিভ্যাং পাত্রমুৎক্ষিপ্য পিণ্ডানবঘ্রায়াচম্য কর্ম্মোপযুক্তান্ কুশানগ্নৌ প্রক্ষিপ্য চ স্বয়ং পুত্রঃ শিষ্যঃ সজাতির্ব্বা দ্বিজভোজনভাজনানি চালয়েৎ নান্যঃ।

পরে কৃতাঞ্জলি হইয়া (পিতা পিতামহশ্চৈব তথৈব প্রপিতামহঃ। তৃপ্তিমায়ান্তু পিণ্ডেন ময়া দত্তেন ভূতলে। মাতামহস্তৎপিতা চ পিতা তস্যাপি তৃপ্যতু। দ্বিজানাং তর্পণাদ্ধোমাৎ পিণ্ডদানাচ্চ মে সদা) এই মন্ত্র পাঠ করিবে পরে সপ্তব্যাধা ইত্যাদি পূর্ব্বোক্ত মন্ত্র পাঠান্তে (গয়ায়াং মুণ্ডপৃষ্ঠে চ সরসি ব্রহ্মণস্তথা। গয়াশীর্ষে বটে চৈব পিতৄণাং দত্তমক্ষয়ম্। গয়ায়াং পিতৃরূপেণ স্বয়মেব জনার্দ্দনঃ। তং দৃষ্ট্বা পুণ্ডরীকাক্ষং মুচ্যতে চ ঋণত্রয়াৎ। শমীপত্রপ্রমাণেন পিণ্ডং দদ্যাদ্গয়াশিরে। উদ্ধরেৎ সপ্ত গোত্রাণি কুলমেকোত্তরং শতম্) এই মন্ত্র পাঠ করিবে। পরে (ইদং সাঙ্গং কর্ম্ম বিধিবৎ গয়া-শ্রাদ্ধরূপমস্তু) এই প্রার্থনায় বিপ্রেরা (অস্তু গয়াশ্রাদ্ধরূ-পম্) এই প্রতিবাক্য বলিবেন। পরে (মন্ত্রহীনং ক্রিয়া-হীনং শ্রদ্ধাহীনং দ্বিজোত্তমাঃ। শ্রাদ্ধং সংপূর্ণতাং যাতু প্রসাদাদ্ভবতাং মম) এইপ্রার্থনায় বিপ্রেরা (সংপূর্ণমস্তু) এই প্রতিবাক্য বলিবেন। পরে দুই হস্তে এক এক পিণ্ড তুলিয়া পাত্রে রাখিয়া পাত্র অপসারণান্তে দুই হস্ত দ্বারা লইয়া পিণ্ড সকল আঘ্রাণান্তে আচমন করিবে। পরে কুশ সকল অগ্নিতে দিয়া স্বয়ং, পুত্র, শিষ্য, বা সজাতি দ্বারা বিপ্র ভোজন পাত্র অপসারিত করিবে।

ততঃ শ্রাদ্ধভূমিং জলৈরভ্যুক্ষ্য দৈবক্রমেণ দ্বিজেম্বপো দত্ত্বা ওঁ স্বস্তি ভবন্তোঽধিব্রুবন্তু। ইতি প্রার্থয়েত। তে চ প্রত্যেকং ওঁ স্বস্ত্যস্তু ইতি প্রতিবদেয়ুঃ। অথ কুশাগ্রেণ দ্বিজং স্পৃশন্ বাজে বাজে ইত্যস্য বসিষ্ঠঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দোঽশ্বতুল্যাঃ পিতরো দেবতাঃ শ্রাদ্ধে পিতৃবিসর্জ্জনে বি০ ওঁ বাজেবাজেঽবত বাজিনো নো ধনেষু বিপ্রা অমৃতা ঋতজ্ঞাঃ। অস্য মধ্বঃ পিবত মাদয়ধ্বং তৃপ্তা যাত পথিভির্দ্দেবযানৈঃ (১) ( য০ ৯অ০ ১৮ক০) ইত্যুক্ত্বা ওঁ উত্তিষ্ঠত পিতর ইত্যেবমাদৌ পিত্রাদীন্, ততস্তথৈব মাতামহাদীন্, ততস্তেনৈব মন্ত্রেণ ওঁ উত্তিষ্ঠত বিশ্বে দেবা ইত্যুচ্চার্য্য চ দেবান্ বিসর্জ্জয়েৎ। ততোঽভিরম্যতাং ক্ষমধ্বমিত্যাসনং সঞ্চালয়েৎ আমাবাজে ইত্যস্য বসিষ্ঠঋষিস্ত্রিষ্টুপ্ ছন্দঃপ্রজাপতির্দ্দেবতা শ্রাদ্ধে প্রদক্ষিণীকরণার্থে বি০ ইতি ঋষ্যাদিকং স্মৃত্বা—

---

(১) হে বিপ্রা মেধাবিনঃ পরিদৃষ্টকারিণো বা অমৃতা অমরণধর্ম্মাণঃ ঋতজ্ঞাঃ সত্যজ্ঞা যজ্ঞজ্ঞা বা বাজিনোঽশ্বাঃ শীঘ্রগমনাগমনকারিত্বাদশ্বতুল্যাঃ পিতরঃ ইত্যর্থঃ। বাজেবাজে প্রতিবাজং সর্ব্বস্মিন্নন্নে উপস্থিতে সতি ধনেষু চোপস্থিতেষু সৎসু নোঽস্মান্ অবত পালয়ত। কিঞ্চ অস্য মধ্বঃ ইদং শ্রাদ্ধান্নাদি হবির্লক্ষণং মধু পিবত পীত্বা চ মাদয়ধ্বং তৃপ্তা ভবত। ততস্তৃপ্তাঃ সন্তো দেবযানৈর্দ্দেবাধিষ্ঠিতৈঃ পথিভির্ম্মার্গৈর্য্যাত যথাস্থানং গচ্ছত।

পরে জলদ্বারা শ্রাদ্ধভূমি শোধন করিয়া সকল বিপ্রে জল দিয়া (স্বস্তি ভবন্তোঽধিক্রুবন্তু) এই মত প্রার্থনা করিলে বিপ্রেরা (স্বস্ত্যস্তু) এই মত বলিবেন। পরে কুশাগ্রদ্বারা পৈত্র বিপ্রকে স্পর্শ করিয়া বাজেবাজে ইত্যাদি মন্ত্রের বসিষ্ঠ ঋষি ত্রিষ্টুপ্ ছন্দঃ অশ্বতুল্য শীঘ্রগামী পিতা প্রভৃতি দেবতা শ্রাদ্ধে পিতৃবিসর্জ্জনার্থে এই মন্ত্র পঠিত হইতেছে এই মত স্মরণ করিয়া (বাজে বাজেঽবত বাজিনো নো ধনেষু বিপ্রা অমৃতা ঋতজ্ঞাঃ। অস্য মধ্বঃ পিবত মাদয়ধ্বং তৃপ্তা যাত পথিভির্দ্দেবযানৈঃ) এই মন্ত্র পাঠান্তে (উত্তিষ্ঠতঃ পিতরঃ) এই মত বাক্য বলিয়া প্রথমে পিতা প্রভৃতিকে; পরে মাতামহ প্রভৃতিকে বিসর্জ্জন করিবে। তৎপরে ঐ মন্ত্র পাঠ করিয়া (উত্তিষ্ঠত বিশ্বে দেবাঃ) এই মত বাক্য বলিয়াই বিশ্ব দেবতাকে বিসর্জ্জন করিবে। পরে (অভিরম্যতাং ক্ষমধ্বম্) এই মত বলিয়া পূর্ব্বোক্ত ক্রমে সকল বিপ্রের আসন সঞ্চালিত করিবে।

পরে আ মা বাজস্য ইত্যাদি মন্ত্রের বসিষ্ঠ ঋষি ত্রিষ্টুপ্ ছন্দঃ প্রজাপতি দেবতা শ্রাদ্ধবিপ্র প্রদক্ষিণী করণার্থে এই মন্ত্র পঠিত হইতেছে এই মত স্মরণ করিয়া—

ওঁ আ মা বাজস্থ প্রসবো জগম্যাদেমে দ্যাবাপৃথিবী বিশ্বরূপে। আ মা গন্তাং পিতরামাতরা চা মা সোমো-হমৃতত্বেন গম্যাৎ। (য০ ৯অ০ ১৯ক০) (১) ইত্যনেন প্রদক্ষিণীকৃত্য নমস্কৃত্য চ পিতৃভ্যো বরান্ প্রার্থয়েত। যথা ওঁ দাতারো নোহভিবর্দ্ধন্তাং বেদাঃ সন্ততিরেব চ। শ্রদ্ধা চ নো বহু ভবেদতিথীংশ্চ লভেমহি। যাচিতারশ্চ নঃ সন্তু মা চ যাচিষ্ম কঞ্চন। অন্নং প্রবর্দ্ধতাং নিত্যং দাতা শতং জীবতু। যেভ্যঃ সঙ্কল্পিতা দ্বিজাস্তেষামক্ষয়া তৃপ্তিরস্তু। পিতৃবরপ্রসাদোহস্তু। ইত্যুক্তৌ বিপ্রাঃ ওঁ এবং সর্ব্বঞ্চাস্তু ইতি বদেয়ুঃ। তত ওঁ আয়ুঃ প্রজাং ধনং বিদ্যাং স্বর্গং মোক্ষং সুখানি চ। প্রযচ্ছন্তু তথা রাজ্যং প্রীতা নৃণাং পিতামহা ইতি পঠেৎ। ততো দ্বিজান্ পরিচর্য্য ওঁ অদ্য মে সফলং জন্ম ভবৎপাদাভিবন্দনাৎ। অদ্য মে বংশজাঃ সর্ব্বে যাতা বোহনুগ্রহাদ্দিবম্। পত্রশাকাদিদানেন ক্লেশিতা যূয়মীদৃশম্। তং ক্লেশমিহ সংজাতং বিস্মৃত্য ক্ষন্তুমর্হথ ইতি ক্ষময়িত্বা বিপ্রান্ বিসর্জ্জয়েৎ।

(১) বাজস্যান্নস্য প্রসবঃ বিস্তরঃ মা মাম্ আ জগম্যাৎ আগচ্ছতু। আ ইমে বিশ্বরূপে নানারূপে দ্যাবাপৃথিবী দ্যাবাপৃথীব্যৌ মাং-প্রতি জগম্যাতাম্ আগচ্ছতাম্। বচনব্যত্যয়ঃ। পিতরামাতরা পিতামাতরৌ চ মা মাংপ্রতি আ গন্তাম্ আ গচ্ছতাম্ সোমশ্চন্দ্রশ্চামৃতত্বেন সহোপেতঃ চতুর্থ্যর্থে তৃতীয়া বা অমৃতত্বায় মম দেবজন্মনে মা মাম্ আ গম্যাৎ আগচ্ছেত্। রূপসিদ্ধিশ্চান্দসী।

(আ মা বাজস্য প্রসবো জগম্যাদেমে দ্যাবা পৃথিবী বিশ্বরূপে। আ মা গন্তাং পিতরামাতরা চা মা সোমোঽমৃতত্ত্বেন গম্যাৎ) এই মন্ত্র পাঠ করিয়া বিপ্র সকলকে প্রদক্ষিণ ও নমস্কার করিয়া এই মত প্রার্থনা করিবে। যথা (দাতারো নোঽভিবর্দ্ধন্তাং বেদাঃ সন্ততিরেব চ। শ্রদ্ধা চ নো বহু ভবেদতিথীংশ্চ লভেমহি। যাচিতারশ্চ নঃ সন্তু মা চ যাচিষ্ম কঞ্চন। অন্নং প্রবর্দ্ধতাং নিত্যং দাতা শতং জীবতু। যেভ্যঃ সঙ্কল্পিতা দ্বিজাস্তেষামক্ষয়া তৃপ্তিরস্তু। পিতৃবরপ্রসাদোঽস্তু) এই মত সকল বিপ্র নিকটে প্রার্থনা করিলে তাঁহারা (এবং সর্ব্বং চাস্তু) এই মত প্রতিবাক্য বলিবেন। তৎপরে (আয়ুঃ প্রজাং বলং বিদ্যাং স্বর্গং মোক্ষং সুখানি চ। প্রযচ্ছন্তু তথা রাজ্যং প্রীতা নৃণাং পিতামহাঃ) এই মন্ত্র পাঠ করিবে। পরে বিপ্র সকলকে পরিচর্য্যা করিয়া [অদ্য মে সফলং জন্ম ভবৎপাদাভিবন্দনাৎ। অদ্য মে বংশজাঃ সর্ব্বে যাতা বোঽনুগ্রহাদ্দিবম্। পত্রশাকাদিদানেন ক্লেশিতা যূয়মীদৃশম্। তং ক্লেশমিহ সংজাতং বিস্মৃত্য ক্ষন্তুমর্হথ] এই মত ক্ষমা প্রার্থনা করিয়া বিপ্র সকলকে বিসর্জ্জন করিবে।

ততঃ পাত্রান্নং বিপ্রসাৎ কৃত্বা পিণ্ডং জলাদৌ ক্ষিপেৎ। ততো দেবতাভ্য ইতি ত্রির্জ্জপেৎ। ততঃ অদ্যেত্যাদি কৃতৈতৎপার্ব্বণশ্রাদ্ধমচ্ছিদ্রমস্ত্বিতি বাক্যে কশ্চিদ্বিপ্রঃ ওঁ অচ্ছিদ্রম্ ইতি প্রতিবদেৎ। ততঃ বিপ্র গ্রন্থিমুন্মুচ্য স্বস্বশাখীয়ং শান্ত্যাদিকং পঠেৎ। তচ্চ বিস্তরভয়ান্নোক্তম্ মৎকৃততুলাদানাদিপদ্ধতৌ তু তদ্‌দ্রষ্টব্যম্। ততঃ কর্ম্মবৈগুণ্যসমাধানার্থং সংকল্প্য যস্য স্মৃত্যেত্যাদিনা বিষ্ণুং স্মরেৎ। ততঃ কর্ম্মফলমীশ্বরেঽর্পয়েৎ। ততঃ শ্রাদ্ধশেষং ভুঞ্জীত। প্রকৃতস্যাভ্যুয়িকরূপতয়া কর্ত্তব্যত্বে ঋজবো দর্ভা বসুসত্যৌ বিশ্বে দেবাঃ পিত্রাদিশব্দাৎ পূর্ব্বং নান্দীমুখেতিশব্দস্য, স্বধাশব্দমপহায় নমঃশব্দস্য, দেবতাভ্য ইতি মন্ত্রে তু স্বধায়ৈ ইত্যপহায় পুষ্ট্যৈ ইতি পদস্য, চ প্রয়োগঃ। সপ্তব্যাধা ইত্যাদিমন্ত্রাভাবঃ। তৃপ্তিপ্রশ্নপ্রতিবাক্যে ন স্তঃ। আমান্নশ্রাদ্ধকরণে তু তৎপ্রক্ষালনম্। যজুর্ব্বেদিনা বৃদ্ধিশ্রাদ্ধবৎকর্ত্তব্যতায়াং মাতৃপক্ষোঽধিকঃ কার্য্যঃ। শূদ্রৈর্যজুর্ব্বেদিবিধানানুসারেণৈব পার্ব্বণমাভ্যুদায়িকং বা বিধেয়ম্ তত্র বেদমন্ত্রঃ কর্ম্মকারয়িতৃবিপ্রৈরেব পাঠ্যঃ শূদ্রেণ তু তৎস্থলে নমঃশব্দ এব পঠনীয়ঃ পৌরাণিকমন্ত্রা বাক্যানি চ প্রণবস্বধাশব্দৌ বিহায় পাঠ্যান্যন্যৎ সমানম্।

ইতিপার্ব্বণশ্রাদ্ধবিধানম্।

পরে বিপ্রে পাত্রান্ন, জলে পিণ্ড, দিয়া দেবতাভ্য ইত্যাদি মন্ত্র তিন বার পাঠ করিবে। পরে সংকল্পান্তে (কৃতৈতৎপার্ব্বণকর্ম্মাচ্ছিদ্রমস্তু) এই মত প্রার্থনায়, কর্ম্ম কারয়িতা বিপ্র (অস্ত্বচ্ছিদ্রম্) এই মত বলিলে বিপ্র গ্রন্থি মোচন করিয়া আপন আপন শাখীয় মন্ত্রদ্বারা শান্তি করিবে ঐ শান্তি মন্ত্র মৎকৃত তুলাদানাদিপদ্ধতিতে লিখিত আছে বাহুল্যভয়ে এস্থলে লিখিত হইল না। শ্রাদ্ধের যে কিছু অঙ্গহীন আছে তৎসমাধনার্থ যস্য স্মৃতেত্যাদি মন্ত্র দ্বারা বিষ্ণু স্মরণ করিয়া কর্ম্ম ফল ঈশ্বরে অর্পণ করণান্তে শ্রাদ্ধ শেষ ভোজন করিবে। তীর্থযাত্রাঙ্গশ্রাদ্ধ আভ্যুয়িক বিধানে কর্ত্তব্য এই পক্ষে কুশ সকল ত্রিপত্ররূপে দিবে বসুসত্য নামে বিশ্বদেব, পিতৃপ্রভৃতির পূর্ব্বে নান্দীমুখ এই শব্দ, স্বধা শব্দ স্থানে নমঃ-শব্দ, দেবতাভ্য ইত্যাদি মন্ত্রে স্বধায়ৈ এই স্থানে পুষ্ট্যৈ এই, বলিবে। সপ্তব্যাধা ইত্যাদি মন্ত্র পাঠ নাই। তৃপ্তি প্রশ্ন ও প্রতিবাক্য নাই। বৃদ্ধিশ্রাদ্ধবৎ কর্ত্তব্যতা-পক্ষে যজুর্ব্বেদীরা মাতৃপক্ষেরও শ্রাদ্ধ করিবে। এবং আমান্ন জল-প্রোক্ষিত করিবে। শূদ্রেরা যজুর্ব্বেদীর ন্যায় কর্ম্ম করিবে তাহারা বৈদিক মন্ত্র বলিবে না নমঃশব্দ বলিবে, পৌরাণিক মন্ত্র ও বাক্য সকল বলিবে এইমাত্র বিশেষ ইহা ভিন্ন সকল তুল্য।

ততো যথাশক্তি বস্ত্রালঙ্কারগোভূহিরণ্যাদিভিস্ত্র্য-বরাণাং বিপ্রাণাং পূজনং বিধায় যাত্রাসংকল্পং কুর্য্যাৎ। যথা অদ্যেত্যাদিনা দেশকালৌ সংকীর্ত্ত্য সমস্তপিতৃণাং সপ্তসু গোত্রেষু চৈকোত্তরশতপুরুষাণাং দশপূর্ব্বদশাপরস্ববংশ্যানাঞ্চ পদেপদে স্বর্গারোহণ সিদ্ধয়ে নরকোদ্ধারপূর্ব্বকশাশ্বতব্রহ্মভাবপ্রাপ্তয়ে চ গয়াশ্রাদ্ধাদিকরণায় গয়াযাত্রামহং করিষ্যে ইতি। ততঃ কাষায়াদিবস্ত্রপরিধানরূপং কার্পটীবেষং বিধায় শ্রাদ্ধশেষং ঘৃতমাদায় জ্যোতিষোক্তযাত্রাসময়ে গ্রামা-ন্নির্গত্য তং গ্রামং প্রদক্ষিণীকৃত্য ক্রোশাভ্যন্তরস্থং গ্রামান্তরমাসাদ্য শ্রাদ্ধশেষঘৃতেন পারয়েৎ। উত্তর দিনে পূর্ব্বাহ্নে যাত্রামুহূর্ত্তলাভে এবং ক্রমঃ। পূর্ব্ব-রাত্রে শেষরাত্রে বা মুহূর্ত্তসত্ত্বে তু তদ্দিনে উপবাসং বিধায় জ্যোতিঃশাস্ত্রোক্তরীত্যা ক্বচিৎ ফলবস্ত্রাদিকপ্র-স্থাপনং কৃত্বা প্রাতঃ শ্রাদ্ধাদিকং বিধায় নির্গত্য তৎ প্রাস্থানিকং গৃহীত্বা গ্রামং প্রদক্ষিণীকৃত্য গ্রামান্তরে পারয়েদিতি বিশেষঃ। ততো দ্বিতীয়দিনে তমপি গ্রামং প্রদক্ষিণীকৃত্য প্রাতঃস্নানসন্ধ্যাদি নিত্যং কর্ম্ম সমাপ্য প্রতিগ্রহনিবৃত্ত্যাদিনিয়মবানামধ্যাহ্নং গচ্ছেৎ।

পরে গো ভূমি হিরণ্যবস্ত্রাদি দ্বারা তিনের অন্যূন বিপ্রকে যথাশক্তি পূজা করিয়া দেশ ও কাল উল্লেখ করিয়া (সমস্ত পিতৃলোকের পূর্ব্বোক্ত সপ্ত গোত্রের এক শত এক পুরুষের, স্ববংশ্য পূর্ব্বের দশ ও পরের দশ পুরুষের, গয়া গমনে পদে পদে স্বর্গারোহণার্থে, এবং ঐ সকলের নরক নিবৃত্তি পূর্ব্বক সনাতন ব্রহ্মলোক প্রাপ্তির নিমিত্তে, গয়াশ্রাদ্ধ করণোদ্দেশে গয়া যাত্রা আমি করিব) এই মত সংকল্প করিয়া রক্ত বস্ত্র পরিধান করত শ্রাদ্ধশেষ ঘৃত লইয়া গ্রাম প্রদক্ষিণ করিয়া যাত্রা সময়ে গ্রাম হইতে নির্গত হইয়া ক্রোশমধ্যস্থিত গ্রামান্তরে যাইয়া ঐ ঘৃত দ্বারা পারণ করিবে। যদি পর দিনে পূর্ব্বাহ্ণ সময়ে ঐ যাত্রিক সময় পাওয়া যায় তবে ঐ মত ক্রমে যাইবে। কিন্তু যদি পর দিনে পূর্ব্ব রাত্রে বা শেষ রাত্রে যাত্রিক সময় থাকে তবে ঐ সময়ে জ্যোতিষানুসারে প্রাস্থানিক ফল বস্ত্রাদি স্থানান্তরে পাঠাইয়া পর দিনে শ্রাদ্ধ করণান্তে ঐ প্রাস্থানিক দ্রব্য লইয়া গ্রাম প্রদক্ষিণ করিয়া গ্রামান্তরে যাইয়া ঐ মত পারণা করিবে। পরে দ্বিতীয় দিবসে ঐ গ্রাম প্রদক্ষিণান্তে প্রাতঃস্নানাদি নিত্যক্রিয়া করিয়া প্রতিগ্রহ নিবৃত্তি প্রভৃতি নিয়মধারী হইয়া মধ্যাহ্ন পর্য্যন্ত গমন করিবে।

প্রতিগ্রহনিবৃত্ত্যাদি নিয়মোযথা যস্য হস্তৌ চ পাদৌ চ মনশ্চৈব সুসংযতম্। বিদ্যা তপশ্চ কীর্ত্তিশ্চ স তীর্থফলমশ্নুতে। প্রতিগ্রহাদুপাবৃত্তঃ সংতুষ্টো যেন কেনচিৎ। অহঙ্কার বিমুক্তশ্চ স তীর্থফলমশ্নুতে। অকল্ককো নিরালম্ভো লঘ্বাহারো চ জিতেন্দ্রিয়ঃ। বিমুক্তঃ সর্ব্বসঙ্গেষু স তীর্থ ফলমশ্নুতে। অশ্রদ্দধানঃ পাপাত্মা নাস্তিকোঽচ্ছিন্নসংশয়ঃ। হেতুনিষ্ঠশ্চ পঞ্চৈতে ন তীর্থফলভাগিনইতি অকল্ককো দম্ভরহিতঃ। এবং ভাবাভাবনিয়মং বিধায় গচ্ছেৎ। ততো মধ্যাহ্নসময়ে নদ্যাদিকমবগাহ্য মাধ্যাহ্নিকং সন্ধ্যাদিকং বিধায় পাকানুষ্ঠানপূর্ব্বকং পঞ্চযজ্ঞ ভোজনাদিকং বিধায় সায়ংসন্ধ্যামুপাস্য তত্রৈব তিষ্ঠেৎ। ততস্তৃতীয়দিনেঽপি তথৈবসর্ব্বং কুর্য্যাৎ। এবং প্রতি দিনমাতীর্থপ্রাপ্তি গচ্ছেৎ। মার্গে যদি বারাণসী পুনঃপুনা শোণো বা প্রাপ্যতে তদা তত্র বক্ষ্যমাণবিধানেন স্নানতর্পণে বিধায় শ্রাদ্ধং কুর্য্যাৎ। তত্র পুনঃপুনাশ্রাদ্ধে ওঁ অস্মৎ কুলে মৃতা যে চ আগচ্ছন্তু পুনঃপুনামিতি পঠেৎ।

প্রতিগ্রহাদি নিবৃত্তি নিয়ম দর্শিত হইতেছে। যে ব্যক্তির হস্ত সংযত (যথেষ্ট প্রতিগ্রহ নিবৃত্ত) পাদসংযত (অগম্যগমন রহিত) মনঃ সংযত (পাপাদি নিবৃত্ত) বিদ্যা (তীর্থরহস্য স্তান) তপস্যা (কায়ক্লেশ সহিষ্ণুতা) এবং কীর্ত্তি (সতত তীর্থগুণকীর্ত্তন) আছে সেই ব্যক্তি তীর্থোক্ত সম্যক্ ফল প্রাপ্ত হয়। প্রতিগ্রহাদি (পূর্ব্ব শ্লোকোক্ত পদার্থ) হইতে নিবৃত্ত. সন্তোষী, (লোভ রহিত) ও অহঙ্কার শূন্য, তীর্থফল ভাজন হয়। দম্ভশূন্য, নিরা রম্ভ, (বহুব্যাপারশূন্য) মিতভোজী, জিতেন্দ্রিয় ও সর্ব্বসঙ্গ রহিত ব্যক্তি তীর্থফল ভাগী হয়। শ্রদ্ধা রহিত, পাপ-শালী, বেদ নিন্দক, সন্দিহান ও কারণান্বেষী এই পঞ্চ জন তীর্থফল প্রাপ্ত হয় না। এই নিয়ম করিবে। মধ্যাহ্ন কালে নদী প্রভৃতিতে স্নানান্তে মাধ্যাহ্নিক কৃত্য করিয়া পাকান্তে পঞ্চ যজ্ঞ (তর্পণ বলি বৈশ্বদেব প্রভৃতি) করিয়া ভোজন করিবে। পরে সায়ং সন্ধ্যা করিয়া ঐ স্থানেই সে দিন থাকিবে। তৃতীয়াদি দিনে এইরূপ করত তীর্থ প্রাপ্তি পর্য্যন্ত এই মত যাইবে। পথে যদি বারা-ণসী, পুনঃপুনা, বা শোণ নদ, প্রাপ্ত হয় তাহাতে স্নান, তর্পণ ও শ্রাদ্ধ করিবে। পুনঃপুনা শ্রাদ্ধে (অস্মৎ কুলে মৃতা যে চ আগচ্ছন্তু পুনঃপুনাম্) ইহাও পাঠ করিবে।

অথ গয়াপ্রাপ্তিদিনকৃত্যম্। যদি যানারূঢ়ঃ সোপানৎকো বা গচ্ছেৎ তদা গয়াপ্রাপ্তিদিনে পাদচারেণ যাবৎ গন্তুং শক্যতে তাবতঃ স্থানাৎ যানোপানহৌ পরিত্যজ্য গচ্ছেৎ তীর্থে দৃষ্টিগোচরতাং গতে যথাভূমিপরাগো গাত্রে লগতি তথাঽষ্টাঙ্গং (পদ্ভ্যাং করাভ্যাং জানুভ্যাং শিরসা চোরসা তথা। মনসা বচসা দৃষ্ট্যা প্রণামোঽষ্টাঙ্গ উচ্যতে ইত্যুক্তলক্ষণম্) প্রণম্য শিরোঽবগুণ্ঠনশস্ত্রমাল্যকঞ্চুকাদিকং পরিত্যজ্য তীর্থং গচ্ছেৎ। ততস্তীর্থে সংপ্রাপ্তে উদ্ধৃতোদকেন তীর্থদূরে পাদৌ পাণী চ প্রক্ষাল্যাচামেৎ। ততঃ ওঁ গয়াতীর্থায় নম ইতি গন্ধপুষ্পাদিভিরভ্যর্চ্য যথাশক্তি হিরণ্যবস্ত্রাদ্যোপঢৌকনিকং স্থাপয়েৎ। ততঃ ফল্গ্বাং স্বতঃসিদ্ধং খাতোৎপাদিতং বা তীর্থজলং প্রণবেনালোড্যাঙ্গবস্ত্রাণ্যেকীকৃত্য সচেলং স্নানং কুর্য্যাৎ। তথা স্নাত্বা চ জলাদ্বহিরাগত্য দক্ষিণে পাণৌ পবিত্রং বামে কুশাংশ্চ ধৃত্বাচম্য প্রাণানায়ম্য দেশকালৌ সংকীর্ত্ত্য সমস্তপিতৃলোকানাং বিষ্ণুলোকাবাপ্তয়ে আত্মনশ্চ ভুক্তিমুক্তিপ্রাপ্তয়ে তীর্থপ্রাপ্তিনিমিত্তং স্নানমহং করিষ্যে ইতি সংকল্প্য—

অথ গয়াপ্রাপ্তি দিনে কর্ত্তব্য। যদি বাহনারূঢ় অথবা পাদুকাগূঢ় পাদ হইয়া গমন করে তবে তীর্থ প্রাপ্তি দিনে বাহন ও পাদুকা ত্যাগ করিয়া যাবৎ গমন করিতে পারে তাবৎ পথ, পাদ-দ্বারা ঐ দিবসে গমন করিবে। তীর্থ দৃষ্টিপথে পতিত হইলে ভূমিস্থ ধূলি যাহাতে গাত্রে লগ্ন হয় এমত রূপে অষ্টাঙ্গ প্রণাম করিয়া উষ্ণীষ শস্ত্র মালাদি ত্যাগ করণান্তে তীর্থে গমন করিবে। তীর্থ প্রাপ্ত হইলে উদ্ধৃত জল দ্বারা জলস্থান হইতে দূরে পাদ ও হস্ত প্রক্ষালন করিয়া আচমন করিবে। ততঃ (গয়াতীর্থায় নমঃ) এই মন্ত্র দ্বারা তীর্থকে গন্ধাদি দিয়া অর্চ্চনা করিয়া স্বর্ণ বস্ত্রাদি যথাশক্তি উপহার দ্রব্য রাখিবে। পরে ফল্গু নদীর স্বতঃসিদ্ধ অথবা খাতোৎপাদিত জলেতে প্রণব দ্বারা আলোড়ন করিয়া দেহবস্ত্র সকল একত্র করণান্তে সবস্ত্র স্নান করিবে। ঐ প্রকার স্নান করিয়া জল হইতে বাহ্যভূমিতে আসিয়া দক্ষিণ হস্তে পবিত্র বামহস্তে বহুকুশ লইয়া আচমন ও প্রাণায়াম করিয়া ( অদ্যেত্যাদি সমস্তপিতৃলোকানাং বিষ্ণুলোকাবাপ্তয়ে আত্মনশ্চ ভুক্তিমুক্তিপ্রাপ্তয়ে তীর্থপ্রাপ্তিনিমিত্তং স্নানমহং করিষ্যে ) এই মত সংকল্প করিয়া—

ওঁ নমো দেবদেবায় শিতিকণ্ঠায় দণ্ডিনে। রুদ্রায় চাপহস্তায় চক্রিণে বেধসে নমঃ। সরস্বতী চ সাবিত্রী বেদমাতা গরীয়সী। সন্নিধানীভবত্বত্র তীর্থ-পাপপ্রণাশিনী ইতি মন্ত্রাভ্যাম্ ওঁ সাগরস্বননির্ঘোষ দণ্ডহস্তাসুরান্তক। জগৎস্রষ্টর্জ্জগদর্দ্দিন্নমামি ত্বাং সুরেশ্বর। তীক্ষ্ণদংষ্ট্র মহাকায় কল্পান্তদহনোপম। ভৈরবায় নমস্তুভ্যমনুজ্ঞাং দাতুমর্হসীতি মন্ত্রাভ্যাং চ লিঙ্গোক্তদেবতানাং প্রণামপ্রার্থনে কুর্য্যাৎ। ততঃ ওঁ ফল্গুতীর্থে বিষ্ণুজলে করোমি স্নানমাদৃতঃ। পিতৃণাং বিষ্ণুলোকায় ভুক্তিমুক্তিপ্রসিদ্ধয় ইতি মন্ত্রং পঠিত্বা বৈধস্নানং কুর্য্যাৎ। যথা ঋতঞ্চ সত্যঞ্চেত্যাদ্যন্তাঘমর্ষণ সূক্তেন (১) ত্রিরাবৃত্তেন জলাভিমন্ত্রণং তোয়াবর্ত্তনরূপং তীর্থপরিকল্পনং তেনৈব ত্রিরাবৃত্তেনাচমনং তেনৈব ত্রিরাবৃত্তেন মার্জ্জনঞ্চ কৃত্বা জলমধ্যে তৎসূক্তং ত্রির্জপিত্বা ত্রিরাবৃত্তেন তেন স্নানং কুর্য্যাৎ। শূদ্রাদিস্তু অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে। মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতম্। মৃত্তিকে ব্রহ্মদত্তাসি কাশ্যপে-নাভিমন্ত্রিতা। আরুহ্য মম গাত্রাণি সর্ব্বপাপং প্রমোচয়। ইতি মন্ত্রেণ সর্ব্বগাত্রেষু মৃত্তিকাং দদ্যাৎ।

---

(১) দ্রুপদাদিব মুমুচানইত্যাদিকম্ ঋতঞ্চ সত্যঞ্চেত্যাদিকমিত্যেবং সূক্তং সন্ধ্যাপদ্ধতুক্তার্ষাদিস্মরণপূর্ব্বকং পাঠ্যম্।

ওঁ (নমো দেবদেবায় শিতিকণ্ঠায় দণ্ডিনে। রুদ্রায় চাপ হস্তায় চক্রিণে বেধসে নমঃ। সরস্বতী চ সাবিত্রী বেদমাতা গরীয়সী। সন্নিধানীভবত্বত্র তীর্থপাপপ্রণাশিনী) এই দুই মন্ত্র দ্বারা (সাগরস্বননির্ঘোষ দণ্ডহস্তাসুরান্তক। জগৎস্রষ্টর্জগদর্দ্দিন্নমামি ত্বাং সুরেশ্বর। তীক্ষ্ণদংষ্ট্র-মহাকায় কল্পান্তদহনোপম। ভৈরবায় নমস্তুভ্যমনুজ্ঞাং দাতুমর্হসি) ও এই দুই মন্ত্র দ্বারা রুদ্র, বিষ্ণু, ব্রহ্মা প্রভৃতিকে নমস্কার ও প্রার্থনা করিবে পরে (ফল্গুতীর্থে বিষ্ণুজলে করোমি স্নানমাদৃতঃ। পিতৃণাং বিষ্ণুলোকায় ভুক্তিমুক্তিপ্রসিদ্ধয়ে) এই মন্ত্র পাঠান্তে বৈধস্নান করিবে যথা ঋতঞ্চ সত্যঞ্চেত্যাদি সন্ধ্যাপদ্ধতি উক্ত অঘমর্ষণ সূক্ত তিন বার পাঠান্তে জলে অভিমন্ত্রণ করিবে ঐ রূপেই জল আবর্ত্তন করিয়া তীর্থ কল্পিত করিবে ঐ সূক্ত দ্বারাই আচমন ও মার্জ্জন করিবে। পরে জলমধ্যে ঐ সূক্তের তিন বার জপ করিয়া ঐ সূক্ত তিন বার পাঠান্তে স্নান করিবে। কিন্তু শূদ্র প্রভৃতি (অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে। মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতম্। মৃত্তিকে ব্রহ্মদত্তাসি কাশ্যপেনাভিমন্ত্রিতা। আবাহ্য মম গাত্রাণি সর্ব্বপাপং প্রমোচয়) এই মন্ত্র দ্বারা সর্ব্বগাত্রে মৃত্তিকা লেপন করিবে।

ততো নাভিমাত্রজলে নমো নারায়ণায়েতি মন্ত্রেণ চতুর্হস্তং চতুরস্রং তীর্থং কল্পয়িত্বা ওঁ বিষ্ণুপাদপ্রসূতাসি পাপং মে হর জাহ্নবীতি মন্ত্রং পঠিত্বা জলমধ্যে নমো নারায়ণায়েতি মন্ত্রং সপ্ত বারান্ জপিত্বা তেন মন্ত্রেণ শিরসি সপ্তাঞ্জলীন্দদ্যাৎ। ততঃ পূর্ব্বোক্তবিধিনা ত্রিঃ সকৃদ্বা জলে মজ্জেৎ। অত্র চ পদ্মপুরাণীয়স্নানে সর্ব্বাধিকারঃ। এবং স্নাত্বা ধৌতবস্ত্রে পরিধায় গোপীচন্দনগঙ্গামৃত্তিকাদিভিরূর্দ্ধপুণ্ড্রং ভস্মনা ত্রিপুণ্ডং চ বিধায় মাধ্যাহ্নিকসন্ধ্যাং কৃত্বা দেশকালৌ সংকীর্ত্ত্য সমস্তপিতৄণামসদ্গতীনাং সদ্গতিপ্রাপ্তয়ে সদ্গতীনাঞ্চ শাশ্বতব্রহ্মলোকাদিপ্রাপ্তয়ে তীর্থপ্রাপ্তিনিমিত্তং নিত্যং চ তর্পণং তন্ত্রেণাহং করিষ্যে ইতি সংকল্প্য ব্রহ্মাদীন্ তর্পয়েৎ।

অথ সামান্যতর্পণবিধিরভিধীয়তে। তত্র প্রাঙ্মুখঃ কুশহস্ত আচম্য উপবীতী যবেন সহ পূর্ব্বাগ্রান্ কুশান্ দক্ষিণহস্তেন গৃহীত্বা বিশ্বে দেবাস ইত্যাদি (৮০পৃ০৯প০) পূর্ব্ববৎ দেবানাবাহ্য বিশ্বে দেবা ইত্যাদিনা (৮২পৃ০১প০) প্রার্থ্য চ ওঁ দেবা আগচ্ছত ইত্যনেন দেবানাবাহ্য ব্রহ্মাদীন্ তর্পয়েৎ।

পরে নাভিমাত্র জলে (নমো নারায়ণায়) এই মন্ত্র দ্বারা চতুর্হস্ত প্রমাণে চতুষ্কোণ তীর্থ. জল মধ্যে কল্পনা করিয়া (বিষ্ণুপাদপ্রসূতাসি পাপং মে হর জাহ্নবি) এই মন্ত্র পাঠান্তে জল মধ্যে (নমো নারায়ণায়) এই মন্ত্র সপ্ত বার জপ করিয়া ঐ মন্ত্র দ্বারাই মস্তকে সপ্ত অঞ্জলি দিবে। তৎপরে তিন বা এক-বার জলে মজ্জন করিবে। এই পদ্মপুরাণীয় স্নানে সর্ব্ববর্ণের অধিকার আছে। এই মত স্নান করিয়া ধৌতবস্ত্র পরিধান করিয়া গোপীচন্দনাদি দ্বারা তিল-কাদি বিধানান্তে মধ্যাহ্ন সন্ধ্যা করিয়া (অদ্যেত্যাদি সমস্তপিতৃণামসদ্গতীনাং সদ্গতিপ্রাপ্তয়ে সদ্গতীনাঞ্চ শাশ্বতব্রহ্মলোকপ্রাপ্তয়ে তীর্থপ্রাপ্তিনিমিত্তং নিত্যং চ তর্পণং তন্ত্রেণাহং করিষ্যে) এই মত সংকল্প করিয়া ব্রহ্মাদি দেবতার তর্পণ করিবে।

অথ সামান্য তর্পণ বিধি। পূর্ব্বমুখে উপবীতী কুশ হস্ত হইয়া আচমনান্তে সযব পূর্ব্বাগ্র কুশ দক্ষিণ হস্তে লইয়া প্রাগুক্ত বিশ্বে দেবাস ইত্যাদি মন্ত্র দ্বারা বিশ্বদেবকে আবাহনান্তে কৃতাঞ্জলি হইয়া বিশ্বে দেবা ইত্যাদি মন্ত্র দ্বারা প্রার্থনা করিয়া (দেবা আগচ্ছত) এই-রূপে দেবগণকে আবাহন করিয়া তর্পণ করিবে।

যথা ওঁ ব্রহ্মা তৃপ্যতু বিষ্ণুস্তৃপ্যতু রুদ্রস্তৃপ্যতু প্রজাপতিস্তৃপ্যতু ইতি প্রত্যেকমঞ্জলিং দত্বা জলং সিঞ্চেদনেন মন্ত্রেণ ওঁ দেবা যক্ষাস্তথানাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ। ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জম্ভগাঃ খগাঃ। বিদ্যাধরা জলাধারাস্তথৈবাকাশগামিনঃ। নীরাহারাশ্চ যে জীবাঃ পাপে ধর্ম্মে রতাশ্চ যে। তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া। ইত্যেবং দেবতর্পণং কুর্য্যাৎ। সামবেদী তু তৃপ্যতামিত্যেব ক্রিয়াপদে আত্মনেপদং প্রযুঞ্জীত। ততো নিবীতী উদঙ্মুখ উত্তরাগ্রকুশেন প্রজাপতিতীর্থেন যবেন সমমঞ্জলিনা জলং সিঞ্চেদনেন মন্ত্রেণ। ওঁ সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ। কপিলশ্চাসুরিশ্চৈব বোঢ়ুঃ পঞ্চশিখস্তথা। সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা। ততঃ প্রাঙ্মুখ উপবীতী পূর্ব্বাগ্রসযবকুশত্রয়েণ দেবতীর্থেন মরীচ্যাদীংস্তর্পয়েৎ। যথা ওঁ মরীচিস্তৃপ্যতু অত্রিস্তৃপ্যতু অঙ্গিরাস্তৃপ্যতু এবং পুলস্ত্যস্তৃপ্যতু পুলহস্তৃপ্যতু এবং ক্রতুঃ প্রচেতাঃ বশিষ্ঠঃ নারদঃ। ততঃ প্রাচীনাবীতী দক্ষিণামুখঃ পিতৃতীর্থগতভগ্নকুশেন তিলোদক চন্দনেনাগ্নিষ্বাত্তাদীন্ তর্পয়েৎ।

(ব্রহ্মা তৃপ্যতু বিষ্ণুস্তৃপ্যতু রুদ্রস্তৃপ্যতু প্রজাপতিস্তৃপ্যতু) এইরূপ বলিয়া এক এক অঞ্জলি দিয়া (দেবা যক্ষাস্তথা নাগা গন্ধর্ব্বাপ্সরসোঽসুরাঃ। ক্রূরাঃ সর্পাঃ সুপর্ণাশ্চ তরবো জন্তুগাঃ খগাঃ। বিদ্যাধরা জলাধারাস্তথৈবাকাশগামিনঃ। নীরাহারাশ্চ যে জীবাঃ পাপে ধর্ম্মে রতাশ্চ যে। তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়া) এই মন্ত্র পাঠান্তে এক অঞ্জলি দিবে। সামবেদী (তৃপ্যতু) এই স্থানে (তৃপ্যতাম্) এই মত বলিবে। পরে উত্তরমুখ ও নিবীতী (কণ্ঠলম্বিতোপবীতী) হইয়া প্রজাপতি তীর্থ দ্বারা উত্তরাগ্রকুশ ও যব সহিত জলাঞ্জলি দ্বারা (সনকশ্চ সনন্দশ্চ তৃতীয়শ্চ সনাতনঃ। কপিলশ্চাসুরিশ্চৈব বোঢুঃ পঞ্চশিখস্তথা। সর্ব্বে তে তৃপ্তিমায়ান্তু মদ্দত্তেনাম্বুনা সদা) এই মন্ত্র দ্বারা সনকাদির তর্পণ করিবে। পরে পূর্ব্বমুখ ও উপবীতী হইয়া দেবতীর্থ দ্বারা পূর্ব্বাগ্রকুশ ত্রয় ও যব সহিত জলাঞ্জলি দ্বারা (মরীচিস্তৃপ্যতু) এই মত বলিয়া মরীচির তর্পণ করিবে। এইরূপ অত্রি, অঙ্গিরাঃ, পুলস্ত্য, পুলহ, ক্রতু, প্রচেতাঃ, বসিষ্ঠ, এবং নারদ এই সকল ঋষিগণের তর্পণ করিবে। পরে দক্ষিণামুখ ও প্রাচীনাবীতী হইয়া পিতৃতীর্থগত মোটক রূপ কুশ ও তিল জল দিয়া পিতৃতীর্থ দ্বারা অগ্নিষ্বাত্তাদিগণের তর্পণ করিবে।

যথা ওঁ অগ্নিষাত্তাঃ পিতরস্তৃপ্যন্তু এবং সোম্যাঃ হবিষ্মন্তঃ উষ্মপাঃ সুকালিনঃ বর্হিষদঃ আজ্যপাঃ। এষু সর্ব্বত্র ক্রিয়াপদমুক্ত্বা অঞ্জলিত্রয়ং দদ্যাৎ। ততঃ চতুর্দ্দশভ্যো যমেভ্যঃ প্রত্যেকং তিলোদকাঞ্জলিত্রয়ং দদ্যাৎ। অথবা ওঁ যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ। বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ। ঔডুম্বরায় দধ্নায় নীলায় পরমেষ্ঠিনে। বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ। ইতি মন্ত্রেণাঞ্জলিত্রয়ং দদ্যাৎ। ততস্তিলান্ গৃহীত্বা পিতৃনাবাহয়িষ্যে। ইত্যুক্ত্বা উশন্ত ইত্যাদিনা (৯০পৃ০ ১১প০) প্রাগ্বৎ পিতৃনাবাহ্য সামবেদী তু এত পিতর ইত্যাদিনা চাবাহ্য বদ্ধাঞ্জলিঃ আয়ান্তু নঃ (৯২ পৃ০ ১ প০) ইত্যাদিনা প্রার্থয়েত। ইত্থং সামান্যাবাহনপ্রার্থনে কৃত্বা তর্পণে ওঁ আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্ণন্ত্বপোঽঞ্জলিমিতি বিশেষাবাহনপ্রার্থনে কুর্য্যাৎ। তীর্থে তু আবাহনং নাস্তীতি বিশেষঃ। ততো বামহস্তস্থতিলান্ দক্ষিণাঙ্গুষ্ঠতর্জ্জনীভ্যামাদায় তর্পণীয়জলে দত্ত্বা বস্ত্রাদিরূপেণ পিতৃন্ ধ্যায়ন্

যথা (অগ্নিষ্বাত্তাঃ পিতরস্তৃপ্যন্তু) এই মত বাক্য বলিয়া অগ্নিষ্বত্ত নামে পিতৃলোকের তর্পণ করিবে। এই রূপে সৌম্য, হবিষ্মান্ উষ্মপ, সুকালী, বর্হিষদ ও আজ্যপ এই সকল পিতৃগণের তর্পণ করিবে। পরে চতুর্দ্দশ যমকে প্রত্যেককে তিন তিন তিল-সহিত অ-ঞ্জলি দিবে। অথবা (যমায় ধর্ম্মরাজায় মৃত্যবে চান্তকায় চ। বৈবস্বতায় কালায় সর্ব্বভূতক্ষয়ায় চ। ঔড়ুম্বরায় দ-ধ্নায় নীলায় পরমেষ্ঠিনে। বৃকোদরায় চিত্রায় চিত্রগুপ্তায় বৈ নমঃ) এই মন্ত্র দ্বারা তিন সতিল অঞ্জলি দিবে। পরে তিল লইয়া (পিতৃনাবাহয়িষ্যে) এই বাক্য বলিয়া (উশন্তস্ত্বা) ইত্যাদি পূর্ব্বোক্ত মন্ত্র দ্বারা পিতৃগণের আবাহনান্তে কৃতাঞ্জলি হইয়া (আয়ান্তু নঃ) ইত্যাদি পূর্ব্বোক্ত মন্ত্র দ্বারা প্রার্থনা করিবে। সামবেদী আবা-হনে এত পিতর ইত্যাদি মন্ত্র পাঠও করিবে। এই রূপে সামান্য আবাহন প্রার্থনা করিয়া তর্পণে (আগচ্ছন্তু মে পিতর ইমং গৃহ্নন্ত্বপোঽঞ্জলিম্) এই মত বিশেষ আবাহন ও প্রার্থনা করিবে। তীর্থে আবাহন নাই এই বিশেষ। পরে দক্ষিণ অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা বাম হস্তস্থ তিল লইয়া তর্পণ জলে দিয়া পিতৃগণকে বসুরুদ্রাদিত্য রূপে ধ্যান করত।

ঊর্জ্জমিত্যাদি ( ১৩০পৃ০ ১৪প০ ) মন্ত্রং পঠিত্বা অমুকগোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতৎ সতিলোদকং তুভ্যং স্বধেতি বাক্যমভিধায় অঞ্জলিত্রয়ং দদ্যাৎ। সামবেদীতু অমুকগোত্রঃ পিতা অমুকদেবশর্ম্মা এতৎ সতিলোদকং তস্মৈ স্বধেতি বাক্যমভিদধ্যাৎ। প্রতীচ্যাস্তু অমুকসগোত্রাঃ অস্মৎপিতরঃ অমুকদেবশর্ম্মাণ এতৎ সতিলোদকং তৃপ্যধ্বং স্বধা নম ইতি বাক্যান্তে পিতৄন্ প্রীণয়ামীতি বদন্তি। এবং পিতামহ প্রপিতামহ মাতামহ প্রমাতামহ বৃদ্ধপ্রমাতামহানাং প্রত্যেকম্ ঊর্জ্জং বহন্তীরিতি মন্ত্রপাঠপূর্ব্বকং বাক্যমুক্ত্বা প্রত্যেকং জলাঞ্জলিত্রয়ং দদ্যাৎ। ততো মাতুস্তর্পণং কুর্য্যাৎ। যথা ঊর্জ্জমিতি মন্ত্রান্তে অমুকগোত্রে মাতরমুকীদেবি এতৎ সতিলোদকং তুভ্যং স্বধা ইতি বাক্যত্রয়েণাঞ্জলিত্রয়ং দদ্যাৎ। সামবেদীতু অমুকগোত্রা মাতা অমুকী দেবী এতৎ সতিলোদকং তস্যৈ স্বধেতি বাক্যং বদেৎ। ততো মাতৃসপত্নী পিতামহী তৎসপত্নী প্রপিতামহী তৎসপত্নী মাতামহী তৎসপত্নী প্রমাতামহী তৎসপত্নী বৃদ্ধপ্রমাতামহী তৎসপত্নীনাং গোত্রসম্বন্ধনামান্যুল্লিখ্য সর্ব্বাসামেকৈকাঞ্জলিনা তর্পণং কুর্য্যাৎ।

(ঊর্জ্জং বহন্তীঃ) ইত্যাদি পূর্ব্বোক্ত মন্ত্র পাঠ করিয়া ( অমুক গোত্র পিতরমুকদেবশর্ম্মন্নেতৎ সতিলোদকং তুভ্যং স্বধা) এই বলিয়া তিন সতিল অঞ্জলি দিবে। সামবেদী ( অমুকগোত্রঃ পিতা অমুকদেবশর্ম্মা এতৎ সতিলোদকং তস্মৈ স্বধা ) এই মত বলিবে। পাশ্চাত্ত্যদেশীয়েরা (অমুক সগোত্রাঃ অস্মৎপিতরঃ অমুকদেবশর্ম্মাণ এতৎ সতিলোদকং তৃপ্যধ্বং স্বধা নমঃ) এই মত বলিয়া ( পিতৄন্ প্রীণয়ামি ) এই মত অধিক বলেন। এই রূপে পিতামহ প্রপিতামহ মাতামহ প্রমাতামহ বৃদ্ধ প্রমাতামহ এই পঞ্চ পুরুষের প্রাগুক্ত মন্ত্র ও বাক্য বলিয়া তিন তিন অঞ্জলি দিয়া তর্পণ করিবে। পরে ( ঊর্জ্জং বহন্তীঃ ) ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া (অমুকগোত্রে মাতরমুকী দেবি এতৎ সতিলোদকং তুভ্যং স্বধা) এই মত বলিয়া মাতাকে তিন অঞ্জলি দিবে। সামবেদী ( অমুকগোত্রা মাতা অমুকী দেবী এতৎ সতিলোদকং তস্যৈ স্বধা ) এই মত বলিবে। পরে মাতৃসপত্নী পিতামহী তৎসপত্নী প্রপিতামহী তৎসপত্নী মাতামহী তৎসপত্নী প্রমাতামহী তৎসপত্নী বৃদ্ধপ্রমাতামহী তৎসপত্নী এই সকলের গোত্র, সম্বন্ধ ও নাম উল্লেখ করিয়া এক এক অঞ্জলি দ্বারা তর্পণ করিবে।

ততো নিজপত্নী গুরু গুরুপত্নী পিতৃব্য তৎপত্নী মাতুলমাতুলানী ভ্রাতৃভ্রাতৃপত্নী পিতৃমাতৃস্বসৃ তৎপতিদুহিতৃযামাতৃশ্বশুরশ্বশ্রূপুত্রতৎপত্নীপৌত্রদৌহিত্র বান্ধবমিত্রাদীনাং গোত্রসম্বন্ধনামান্যুল্লিখ্য স্ত্রীণাং পুরুষাণাঞ্চৈকাঞ্জলিনা তর্পণং কুর্য্যাৎ। ততঃ সর্ব্বতর্পণাবশেষে ভগ্নকুশেন পিতৃতীর্থেন তিলোদকাঞ্জলিত্রয়ম্ ওঁ যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ। তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণঃ। ইতি মন্ত্রেণ বান্ধবাদিভ্যো দদ্যাৎ। পদ্মপুরাণোক্ততর্পণে তু বিষ্ণুপুরাণোক্তবিশেষদেবতর্পণং ন কর্ত্তব্যং পদ্মপুরাণে তদশ্রবণাৎ কিন্তু সামান্যতো দেবাদিজন্তুপর্য্যন্ততর্পণমেব দেবতর্পণ সময়ে কার্য্যং যথা ওঁ দেবাসুরাস্তথা নাগা যক্ষা গন্ধর্ব্বরাক্ষসাঃ। পিশাচা গুহ্যকাঃ সিদ্ধাঃ কূষ্মাণ্ডাস্তরবঃ খগাঃ। জলেচরা ভূমিচরা বায্বাহারাশ্চ জন্তবঃ। তৃপ্তিমেতেন যান্ত্বাশু মদ্দত্তেনাম্বুনা সদা ইতি। এবং সর্ব্বতর্পণশেষে চ ওঁ নরকেষু সমস্তেষু যাতনাসু চ যে স্থিতাঃ। তেষামাপ্যায়নায়ৈতদ্দীয়তে সলিলং ময়েতি। ওঁ যেঽবান্ধবা বান্ধবা ইত্যাদি প্রাগুক্তম্। ওঁ যত্র ক্বচন সংস্থানাং ক্ষুত্তৃষ্ণোপহতাত্মনাম্। ইদমক্ষয্যমেবাস্তু ময়া দত্তং তিলোদকমিতি চ ত্রিভির্ম্মন্ত্রেরেকোঽঞ্জলির্দ্দেয় ইতি।

পরে নিজ পত্নী, গুরু, গুরুপত্নী, পিতৃব্য, তৎপত্নী, মাতুল, তৎপত্নী, ভ্রাতৃ, ভ্রাতৃপত্নী, পিতৃষ্বসা, তৎপতি, মাতৃষ্বসা-তৎপতি, দুহিতা, যামাতা, শ্বশুর, শ্বশ্রূ, পুত্র, স্নুষা, পৌত্র, দৌহিত্র, আত্ম-পিতৃ-মাতৃ-বান্ধব, (পিতৃষ্বস্রেয় মাতৃষ্বস্রেয় মাতুল পুত্র) কুলসংবন্ধী ও মিত্রগণ এই সকল পুরুষ ও স্ত্রী লোকের গোত্র, সম্বন্ধ ও নাম উল্লেখ করিয়া এক এক অঞ্জলি দ্বারা তর্পণ করিবে। এই সকল তর্পণ শেষে (যেঽবান্ধবা বান্ধবা বা যেঽন্যজন্মনি বান্ধবাঃ। তে তৃপ্তিমখিলাং যান্তু যে চাস্মত্তোয়কাঙ্ক্ষিণঃ)। এই মন্ত্র পাঠান্তে তিন অঞ্জলি দিবে। পদ্মপুরাণে দেবপর্পণ-বিশেষরূপে উক্ত নাই কিন্তু এইমত সামান্য উক্ত আছে অতএব তদনুসারে দেব তপণ কালে (দেবাসুরাস্তথা নাগা যক্ষা গন্ধর্ব্বরাক্ষসাঃ। পিশাচা গুহ্যকাঃ সিদ্ধাঃ কুষ্মাণ্ডাস্তরবঃ খগাঃ। জলেচরা ভূমিচরা বায়্বাহারাশ্চ-জন্তবঃ। তৃপ্তিমেতেন যান্ত্বাশু মদ্দত্তেনাম্বুনা সদা) এই মত সামান্য তর্পণ করিবে। পরে সর্ব্বতর্পণশেষে (নর-কেষু সমস্তেষু যাতনাসু চ যে স্থিতাঃ। তেষামাপ্যায়না-য়ৈতদ্দীয়তে সলিলং ময়া) (যেঽবান্ধবা ইত্যাদি পূর্ব্বো-ক্তম্) যত্র ক্বচন সংস্থানাং ক্ষুত্তৃষ্ণাপহতাত্মনাম্। ইদমক্ষয্যমেবাস্তু ময়া দত্তং তিলোদকম্।) এই মত ৩ মন্ত্র পাঠ করিয়া এক অঞ্জলি দিবে।

এতাবত্তর্পণাশক্তৌ তু। ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং জগৎ-স্থাবরজঙ্গমম্। ময়া দত্তেন তোয়েন তৃপ্তিং যাতু পরাং গতিমিতি মন্ত্রেণ ত্রীন্ জলাঞ্জলীন্ দদ্যাৎ। অথবা ওঁ আব্রহ্মস্তম্বপর্য্যন্তং দেবর্ষিপিতৃমানবাঃ। তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ। অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাম্। আব্রহ্মভুবনাল্লোকাদিদমস্তু তিলোদকমিতি শ্লোকদ্বয়াত্মকেন মন্ত্রেণ সতিলান্ ত্রীন্ জলাঞ্জলীন্ দদ্যাৎ। অত্র সন্ধ্যার্ঘ্যদানবৎ প্রত্যঞ্জলি মন্ত্রাবৃত্তিরিতি বহবঃ। সকৃদেব মন্ত্রং পঠন্ ত্রীনঞ্জলীন্দদ্যাদিতি কেচিৎ। ইত্যেবং তর্পণং সমাপ্য জলাদুত্তীর্য্য ওঁ যে চাস্মাকং কুলে জাতা অপুত্রা গোত্রিণো হৃতাঃ। তে তৃপ্যন্তু ময়া দত্তং বস্ত্রনিষ্পীড়নোদকম্। ইতি পঠিত্বা স্নানবস্ত্রং নিষ্পীড্য তত্তদুদ্দেশেন জলং ভূমৌ ত্যজেৎ। ইতি তর্পণবিধিঃ।

ইত্থং তর্পণং বিধায় বিষ্ণুং ষোড়শভিঃ পঞ্চভির্ব্বোপচারৈঃ সংপূজ্য গয়াখ্যমহাতীর্থপ্রাপ্তিনিমিত্তকং কুলাচারানুসারেণ পিতৃপক্ষ মাতামহপক্ষ মাতৃপক্ষ মাতামহী পক্ষ পার্ব্বণ পূর্ব্বোক্ত ত্রিপক্ষ পার্ব্বণ প্রথমোক্ত দ্বিপক্ষ পার্ব্বণান্যতম পার্ব্বণ পিতৃব্যাদ্যেকোদ্দিষ্টসমুদায়াত্মকং শ্রাদ্ধমন্নেনামেন হেম্না বা ব্রাহ্মণেষু কুশবটুষু বা যথাসম্ভবং পূর্ব্বোক্তস্বশ্রাদ্ধবিধানানুসারেণার্ঘবাহনাদিনিষিদ্ধবর্জ্জং কুর্য্যাৎ।

এই প্রকার বিশেষরূপে তর্পণ করিতে না পারিলে (আব্রহ্ম স্তম্বপর্য্যন্তং জগৎস্থাবরজঙ্গমম্। ময়া দত্তেন তোয়েন তৃপ্তিং যাতু পরাং গতিম্) এই মন্ত্র দ্বারা তিন অঞ্জলি দিবে। অথবা, আব্রহ্ম স্তম্বপর্য্যন্তা দেবর্ষিপিতৃমানবাঃ। তৃপ্যন্তু পিতরঃ সর্ব্বে মাতৃমাতামহাদয়ঃ। অতীতকুলকোটীনাং সপ্তদ্বীপনিবাসিনাম্ আব্রহ্মভুবনাল্লোকাদিদমস্তু তিলোদকম্) ইহা পড়িয়া তিন অঞ্জলি দিবে। মন্ত্রের একবার পাঠ বা তিন বার পাঠ ইহাতে পণ্ডিতগণের মত দ্বৈধ আছে। এই মত তর্পণান্তে জল হইতে উত্থিত হইয়া (যে চাস্মাকং কুলে জাতা অপুত্রা গোত্রিণো মৃতাঃ। তে তৃপ্যন্তু ময়া দত্তং বস্ত্রনিষ্পীড়নোদকম্) এই মন্ত্র দ্বারা বস্ত্র নিষ্পীড়ন জল ভূমিতে দিবে। ইতি তর্পণ বিধি।

তর্পণান্তে ষোড়শ বা পঞ্চ উপচারে বিষ্ণুপূজান্তে পিতা পিতামহ প্রপিতামহ মাতা মাতামহ প্রমাতামহ বৃদ্ধপ্রমাতামহ (৬) মাতা পিতামহী প্রপিতামহী (৯) মাতামহী প্রমাতামহী বৃদ্ধপ্রমাতামহী এই দ্বাদশ জনের, কুলাচারানুসারে পূর্ব্বোক্ত ছয় জনের বা নয় জনের পার্ব্বণশ্রাদ্ধ পিতৃব্য প্রভৃতির একোদ্দিষ্ট এই মত শ্রাদ্ধ পূর্ব্বোক্তবিধানে করিবে। তাহাতে আবাহনাদি নাই।

অথ তীর্থশ্রাদ্ধে বর্জ্জনীয়ানি। অর্ঘদানমাবাহনং বিসর্জ্জনং দ্বিজাঙ্গুষ্ঠান্যান্নে নিবেশনং তৃপ্তিপ্রশ্নং বিকিরদানং দিগ্বন্ধং দৃষ্টিদোষকৃতাপবিত্রতাশোধনার্থং শুদ্ধবত্যাদিমন্ত্রজপম্ অগ্নৌ করণং পাত্রালম্ভনপূর্ব্বকং পৃথিবী তে ইত্যাদি মন্ত্রজপং ভুঞ্জানেষু বিপ্রেষু দেবতাভ্য ইত্যাদিমন্ত্রজপং চ বর্জ্জয়েৎ। গয়াশ্রাদ্ধে পিণ্ডদানে এতত্তে পিণ্ডং স্বধা নম ইতি অন্যত্রান্নং স্বধা নম ইতি ক্রয়াদিতি প্রতীচ্যাঃ। সামবেদী তু এষ তে পিণ্ডঃ যে চাত্র ত্বেতি পঠেদিতি। অন্যবেদী তু এতত্তে পিণ্ডং স্বধেতিবিশেষঃ। অত্র তীর্থশ্রাদ্ধে পুরূরবার্দ্রবঃ-সংজ্ঞকা বিশ্বে দেবা ইতি ত্রিস্থলীসেতুঃ।

অত্র পিণ্ডদানদ্রব্যাণি তু আগ্নেয়ে পয়েসেনাজ্য-যুক্তেন সক্তুনা চরুণা তথা। পিণ্ডদানং তণ্ডুলৈশ্চ গোধূমৈস্তিলমিশ্রিতৈরিতি, দেবীপুরাণে চ সক্তুভিঃ পিণ্ডদানঞ্চ সংযাবৈঃ পায়সেন চ। কর্ত্তব্যস্ব্যষিভিঃ প্রোক্তং পিণ্যাকেন গুড়েন বা ইত্যুক্তানি বেদিতব্যানি।

অথ তীর্থশ্রাদ্ধে বর্জ্জনীয়। আবাহন, অর্ঘদান, বিসর্জ্জন, অন্নে বিপ্রাঙ্গুষ্ঠ নিবেশন, বিপ্রের প্রতি তৃপ্তি প্রশ্ন, বিকির-( পিণ্ড শেষ ) দান, দিগ্বন্ধন, বীভৎসাদি দৃষ্টিদোষে অপবিত্র হইলে তৎপবিত্রতার্থে শুদ্ধবতী প্রভৃতিমন্ত্র জপ, অগ্নৌ করণ, ( বিপ্র হস্তে হোম ) পাত্রালম্ভন, ( পৃথিবী তে ইত্যাদিমন্ত্রদ্বারা হুতশেষ দানার্থে পাত্র স্পর্শ ) এবং বিপ্রভোজনকালে দেবতাভ্য ইত্যাদি মন্ত্র জপ, ইহা বর্জ্জনীয়। পাশ্চাত্ত্যদেশীয়েরা গয়াতীর্থেই শ্রাদ্ধে পিণ্ড শব্দ, অন্যত্র অন্ন শব্দ, প্রয়োগ করেন। সামবেদী (এষ তে পিণ্ডঃ যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা ) এই মত বলিবে। অন্য বেদী ( এতত্তে পিণ্ডং স্বধা ) এই মত বলিবে। ঐ শ্রাদ্ধে পুরূরবোমাদ্রবা নামে বিশ্ব দেব।

গয়াশ্রাদ্ধে পিণ্ডদ্রব্য, ঘৃতযুক্ত পায়স, সক্তু (ছাতু ) চরু, তণ্ডুল ও তিলযুক্ত গোধূম এই সকল দ্রব্য দ্বারা পিণ্ডদান করিবে ইহা অগ্নিপুরাণে উক্ত হইয়াছে সক্তু, যাবক, ( যাও অর্থাৎ দুগ্ধ পক্ক তিল ও যব চূর্ণ ) পায়স, তিলকল্ক, ( খলি) ও গুড় এই দ্রব্য দ্বারা পিণ্ডদান করিবে ইহা দেবীপুরাণে উক্ত আছে। ঐ শাস্ত্রানুসারে এই সকল দ্রব্য দ্বারা পিণ্ড দিবে।

তত্র শ্রাদ্ধে দেশকালৌ সংকীর্ত্ত্য সপ্তসু গোত্রেষু (গ০ মা০ ৮০পৃ০ ১৫প০) একোত্তরশত (গ০ মা০ ৮০পৃ০ ১৭প০) কুলোৎপন্নানামসদ্গতীনাং স্বর্গতয়ে সদ্গতীনাঞ্চ বিষ্ণু লোকপ্রাপ্তয়ে গয়াখ্যমহাতীর্থপ্রাপ্তিনিমিত্তকমমুকামুকনামগোত্রাণাং পিত্রাদীনাং পার্ব্বণং পিতৃব্যাদীনামেকোদ্দিষ্টবিধিকঞ্চ শ্রাদ্ধং কুশবিপ্রেষহং করিষ্যে ইত্যেবং সংকল্পং কুর্য্যাৎ। তত্রাদৌ পিত্রাদিশ্রাদ্ধং ততো মাতৃশ্রাদ্ধং ততো মাতামহাদীনাং ততো মাতাহ্যাদীনামিত্যেব. ক্রমে বিশেষঃ। অত্রায়মপ্যন্যোবিশেষঃ। অপহতা ইত্যাদিনা লেখাং কৃত্বাহবনেজনজলং দত্ত্বা কুশানাস্তীর্য্য পিত্রাদীনাং ক্রমেণ পিণ্ডান্ দত্ত্বা কুলাদিসংবন্ধিনঃ (গ০মা০৮২ পৃ০ ৬প০) প্রাগুক্তৈঃ অস্মৎ কুলে মৃতা যে চেত্যাদিভিঃ দর্ভপৃষ্ঠে তিলোদকৈরিত্যন্তৈস্ত্রিভির্ম্মন্ত্রৈরাবাহ্য (গ০ মা০ ৮৪পৃ০ ১প০) প্রাগুক্তাভ্যাম্ আব্রহ্ম স্তম্বেত্যাদিকাভ্যামিদমস্তু তিলোদকমিত্যন্তাভ্যাং দ্বাভ্যাং তেভ্যঃ কুশেষু তিলোদকং দত্ত্বা তদুত্তরবর্ত্তিভিরস্মৎকুলে মৃতা যে চেত্যাদিভিঃ তেভ্যঃ স্বধা পিণ্ডমহং দদামীত্যন্তৈরূনবিংশতিমন্ত্রৈরূনবিংশতি পিণ্ডান্ প্রাদক্ষিণ্যেন পুরুষেভ্যঃ তৈরেব মন্ত্রৈঃ স্ত্রীলিঙ্গতয়া সমূহিতৈশ্চ স্ত্রীভ্যো দদ্যাদিতি। এবং সর্ব্বত্র।

ঐ শ্রাদ্ধে দেশকালকীর্ত্তনান্তে ( সপ্তসু গোত্রেষেকোত্তরশতকুলোৎপন্নানামসজ্জাতীনাং স্বর্গতয়ে সজ্জাতীনাঞ্চ বিষ্ণুলোকপ্রাপ্তয়ে গয়াখ্যমহাতীর্থপ্রাপ্তিনিমিত্তকমমুকামুকনামগোত্রাণাং পিত্রাদীনাংপার্ব্বণং পিতৃব্যাদীনামেকোদিষ্টবিধিকঞ্চ শ্রাদ্ধং কুশবিপ্রম্বেহং করিষ্যে ) এই মত সংকল্প করিবে। পূর্ব্বোক্ত শ্রাদ্ধবিধানানুসারে প্রথমে পিতৃপ্রভৃতির পরে মাতৃপ্রভৃতির তৎপরে মাতামহপ্রভৃতির তৎপরে মাতামহীপ্রভৃতির এই ক্রমে শ্রাদ্ধ করিবে এই বিশেষ আছে। ইহাতে আর অন্যও বিশেষ আছে। অপহতা ইত্যাদি পূর্ব্বোক্ত মন্ত্র দ্বারা রেখা করিয়া অবনেজন জল দিয়া কুশাস্তরণ করিয়া শ্রাদ্ধের উদ্দেশ্য পিতা প্রভৃতির পিণ্ড দিয়া গয়ামাহাত্ম্য উক্ত (অস্মৎকুলে মৃতা) ইত্যাদি মন্ত্র দ্বারা স্বসংবন্ধিগণকে আবাহন করিবে আব্রহ্ম স্তম্বেত্যাদি পূর্ব্বোক্ত মন্ত্র দ্বারা তাহাদিগকে তিলোদক দিয়া দক্ষিণাদিক্রমে প্রথমতঃ পুরুষ সকলকে ঐ গ্রন্থে উক্ত ১৯ মন্ত্র দ্বারা ১৯ পিণ্ড দিয়া ঐ সকল মন্ত্রে পুংলিঙ্গ স্থানে স্ত্রীলিঙ্গ করিয়া উল্লেখ পূর্ব্বক সম্বন্ধিনী স্ত্রীগণকে ১৯ মন্ত্র দ্বারা ১৯ পিণ্ড দিবে এই মত সকল স্থানেই করিবে।

তদশক্তৌ তু রেখাকরণাদি পিণ্ডপ্রবাহণান্তং পিণ্ডদানমাত্রমেব সর্ব্বত্র কার্য্যম্। তদ্‌যথা বিষ্ণুপূজনং কর্ম্মপাত্র পূরণং জলাভিমন্ত্রণং প্রাণায়ামঃ পুণ্ডরীকাক্ষস্মরণং দ্রব্যপ্রোক্ষণং তিলাবকিরণম্ (অপসব্যম্) ওঁ গয়ায়ৈ নমঃ ওঁ গদাধরায় নম ইতি তয়োর্ন্নমস্কারঃ। অঞ্জলিং বদ্ধা দেবতাভ্য ইতি ত্রির্জ্জপঃ। দেশকালয়োঃ সংকীর্ত্তনান্তে সমস্তপিতৃণামসদ্গতীনাং সদ্গতিপ্রাপ্তয়ে সদ্গতীনাঞ্চ শাশ্বতবিষ্ণুলোকাবাপ্তয়ে গয়াখ্যতীর্থপ্রাপ্তিনিমিত্তকং পিণ্ডদানমাত্রমহং করিষ্য ইতি সংকল্পঃ নীবিবন্ধনম্ অপহতা ইতি লেখাকরণম্ অবনেজনং কুশাস্তরণম্ পিত্রাদীনাং সর্ব্বেষাং পিণ্ডদানম্ পূর্ব্বোক্তোনবিংশতিমন্ত্রৈরূনবিংশতিপিণ্ডদানম্ অত্র পিতরঃ (১২২পৃ০ ৯প০) ইতি জপঃ। উদগাবর্ত্তনম্। অমীমদন্তেতি (১২২পৃ০ ১২প০) জপঃ। প্রত্যবনেজনং নীবিবিস্রংসনম্ নমো বঃ (১২৪পৃ০ ৯প০) ইতি ষড়ঞ্জলিকরণম্ প্রতিপিণ্ডং সূত্রদানং (১৩০পৃ০ ১৬প০) উক্তেন ঊর্জ্জমিত্যনেনাপোনিষেকঃ গন্ধাদিভিঃ পিণ্ডপূজনম্ স্বধাবাচনং দানসাঙ্গতার্থং দক্ষিণাসংকল্পঃ। পিণ্ডোদ্ধরণম্। (সব্যম্)। পিণ্ডাবঘ্রাণম্। তীর্থপ্রাপ্তিনিমিত্তং পিণ্ডদানং পরিপূর্ণমস্ত্বিতি প্রার্থনম্ পিণ্ডানাং তীর্থজলএব প্রক্ষেপঃ।

এই প্রকার সকল কর্ম্ম করিতে না পারিলে রেখা করনাবধি পিণ্ড প্রক্ষেপ পর্য্যন্ত পিণ্ডদানমাত্রই করিবে তাহার ক্রম এই, বিষ্ণুপূজা, কর্ম্মপাত্রে জল পূরণ, জলের অভিমন্ত্রণ, প্রাণায়াম, পুণ্ডরীকাক্ষ স্মরণ, পিণ্ড দ্রব্য প্রোক্ষণ, তিল প্রক্ষেপ, গয়া ও গদাধরের প্রণাম, কৃতাঞ্জলি হইয়া দেবতাভ্য ইত্যাদি মন্ত্রের তিন বার জপ, দেশকালকীর্ত্তনান্তে ( সমস্তপিতৃণামসদ্গতীনাং স্বর্গতয়ে সদ্গতীনাঞ্চ বিষ্ণুলোকপ্রাপ্তয়ে গয়াখ্যতীর্থপ্রাপ্তিনিমিত্তকপিণ্ডদানমাত্রমহং করিষ্যে) এইমতসংকল্পান্তে নীবিবন্ধন, অপহতা ইত্যাদি মন্ত্র দ্বারা রেখাকরণ, অবনেজনজলদান, কুশাস্তরণ উদ্দেশ্য পিতৃগণের পিণ্ডদান, পূর্ব্বোক্ত ১৯ মন্ত্র দ্বারা পুরুষ ও স্ত্রী লোকের ১৯ টী পিণ্ডদান, অত্র পিতর ইতি মন্ত্র জপ, উত্তরাবৃত্তিক্রমে গতি, অমীমদন্তেত্যাদি মন্ত্রজপ, পুনরবনেজনজলদান নীবিবন্ধন মোচন, নমো ব ইতাদি ছয় মন্ত্র দ্বারা অঞ্জলি বন্ধন, প্রতি পিণ্ডে সূত্রদান, উর্জ্জমিত্যাদি মন্ত্র দ্বারা জলাভিষেচন, গন্ধাদি দ্বারা পিণ্ড পূজন, পরিপূর্ণতা প্রার্থনা, স্বধাবাচন, সঙ্গাতার্থ দক্ষিণাদান পিণ্ড উত্তোলন তদবঘ্রাণ, তীর্থজলে পিণ্ড প্রক্ষেপ।

যস্য স্মৃত্যেতি (৭৪ পৃ০ ৭প০) বিষ্ণুস্মরণম্। এতানি চ শ্রাদ্ধপদ্ধত্যুক্তদিশা কার্য্যাণি। এবং প্রত্যেকং পিণ্ডদানাশক্তৌ একং পিণ্ডং দদ্যাৎ। তদ্যথা। অবনেজনান্তং পূর্ব্ববৎ কৃত্বা। পিতা পিতামহশ্চৈবেত্যাদিনা (গ০ মা০ ৮২পৃ০ ১প০) প্রাগুক্তেনৈকং পিণ্ডং দত্ত্বা প্রকৃতপিণ্ডদানশেষং সমাপয়েৎ। ইতি প্রথমদিনকৃত্যম্

অথ দ্বিতীয়দিনকৃত্যম্। ফল্গুতীর্থে প্রাতঃস্নানাদি কৃত্বা গয়াবায়ব্যদিশি স্থিতং প্রেতপর্ব্বতং গত্বা তন্মূলসংলগ্নে ঈশানকোণস্থিতে ব্রহ্মকুণ্ডে পিতৃণাং স্বভাবিত প্রেতত্বনাশপূর্ব্বকশাশ্বতব্রহ্মলোকপ্রাপ্তয়ে স্নানতর্পণে বিধায় পূর্ব্বোক্তং তীর্থশ্রাদ্ধং পিণ্ডদানমাত্রং বা কার্য্যম্। তত্রায়ং বিশেষঃ শ্রাদ্ধার্থং জলমাদায় প্রেতপর্ব্বতমারুহ্য স্ুবর্ণরেখাঙ্কিতশিলাসন্নিধৌ গত্বা পাদশৌচাদিকং বিধায় পিতৄন্ ধ্যায়ন্ কব্যবালো নল ইত্যাদিনা শাশ্বতীমিত্যন্তেন (গ০ মা০ ৭৮পৃ০ ১প০) প্রাগদর্শিতেন মন্ত্রেণ পিতৄনাবাহয়েৎ।

পরে যস্য স্মৃত্যেত্যাদি পূর্ব্বোক্ত মন্ত্রদ্বারা বিষ্ণু স্মরণ করিবে। এই সকল কর্ম্ম শ্রাদ্ধ পদ্ধতির অনুসারে করিবে। এইমত প্রত্যেক পিণ্ডদান করিতে না পারিলে (পিতা পিতামহশ্চেবেত্যাদি) গয়ামাহাত্ম্যদর্শিত মন্ত্রদ্বারা এক পিণ্ড দিয়া অন্য সকল কর্ম্ম পূর্ব্ববৎ সমাপন করিবে। এই প্রথম দিন কর্ত্তব্য।

অথ দ্বিতীয় দিবসে কর্ত্তব্য। ফল্গুতীর্থে প্রাতঃ স্নানাদি করিয়া গয়াক্ষেত্রের বায়ব্য ভাগে স্থিত প্রেত পর্ব্বত মূলে ঈশানকোণে সংলগ্ন ব্রহ্মকুণ্ডে পিতৃ লোকের ও আপনার প্রেতত্ব-নিবারণার্থ স্নান ও তর্পণ করিয়া পূর্ব্বোক্তরূপে শ্রাদ্ধ পিণ্ডদান-মাত্র বা সাধ্যানুসারে করিবে। ইহাতে এই বিশেষ। শ্রাদ্ধার্থ জল লইয়া প্রেত পর্ব্বতে স্থাপনান্তে সুবর্ণরেখাঙ্কিত শিলায় যাইয়া পাদশৌচাদি করিয়া ধ্যান করত গয়া-মাহাত্ম্যে দর্শিত কব্যবাল ইত্যাদি, মন্ত্র দ্বারা আবাহন করিবে।

ততো গায়ত্র্যা গোমূত্রং, "গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়ে শ্রিয়ম্" (১) ইতি গোময়ম্, "আপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোম বৃষ্ণ্যম্। ভবা বাজস্য সংগথে"(২) ইতি দুগ্ধং, "দধিক্রাব্ণোঽকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখা করৎ প্র ণ আয়ূংষি তারিষৎ„(৩) ইতি দধি, "তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধাম নামাসি প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনম্" (৪) ইতি ঘৃতঞ্চ সংশোধ্য শ্রাদ্ধপর্য্যাপ্তং স্থানং তৈঃ শোধয়েৎ।

---

(১) আনন্দকর্দ্দমচিক্লীতা ঋষয়োঽনুষ্টুপ্ ছন্দঃ শ্রীর্দ্দেবতা গোময়শোধনে বি০। গন্ধদ্বারাং সর্ব্বসৌরভাশ্রয়াং দুরাধর্ষাং দুরভিভবাং নিত্যপুষ্টাং সততহৃষ্টাং করীষিণীম্ গোময়াধিষ্ঠাতৃদেবীং সর্ব্বভূতানামীশ্বরীং তাং প্রসিদ্ধাং শ্রিয়মিহাস্মিন্ কর্ম্মণি উপহ্বয়ে আহ্বয়ামি। (ঋ০ লক্ষ্মী সূ০ ৯ম০)

(২) গৌতম ঋষির্গায়ত্রী ছন্দঃ সোমো দেবতা দুগ্ধশোধনে বি০। হে সোম ত্বমাপ্যায়স্ব বর্দ্ধস্ব তে তব বৃষ্ণ্যং বীর্য্যং বিশ্বতঃ সর্ব্বতঃ সমেতু সঙ্গচ্ছতাং তাদৃশস্ত্বং বাজস্যান্নস্য সংগথে সংগমনে আভব অন্নপ্রদো ভবেত্যর্থঃ। রূপসিদ্ধিশ্ছান্দসী (ঋ০১ম০ ১৯১সূ০ ১৬ম০)

(৩) বামদেবাত্মজদধিক্রাবা ঋষিরনুষ্টুপ্ ছন্দোঽশ্বো দেবতা দধিশোধনে বি০। দধাতি ধারয়তীতি দধিঃ সন্ ক্রামতীতি দধিক্রাবা তস্য জিষ্ণোর্জ্জয়শীলস্য বজতি গচ্ছতীতি বাজী তস্যাশ্বস্য সংস্কারায়েতি শেষঃ অকারিষং বয়মধ্বর্য্বাদয়ঃ অশ্লীলবচনমিতি শেষঃ কৃতবন্তঃ (বচনব্যত্যয়ঃ)। তাদৃশাশ্লীলভাষণেন দুর্গন্ধীনি নোঽস্মাকং মুখা মুখানি সুরভি সুরভীণি করৎ করোতু যজ্ঞ ইতি শেষঃ। নোঽস্মাকমায়ূংষি বাল্যযৌবনবার্দ্ধকানি প্রতারিষৎ প্রতারয়তু বর্দ্ধয়তু। রূপসিদ্ধিশ্ছান্দসী (য০ ২৩অ০ ৩২ক০)

(৪) প্রজাপত্যগ্নিসরস্বত্য ঋষয়শ্ছন্দোঽভাবঃ আজ্যং দে-

পরে গায়ত্রী পাঠ করিয়া গোমুত্র (গন্ধদ্বারা দুরাধর্ষাং নিত্যপুষ্ট্যাং করীষিণীম্। ঈশ্বরীং সর্ব্বভূতানাং তামিহোপহ্বয়ে শ্রিয়ম্) ইহা দ্বারা গোময়, (আপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোম বৃষ্ণ্যম্ ভবা বাজস্য সঙ্গথে) ইহা দ্বারা দুগ্ধ (দধিক্রাব্ণোঽকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ) (সুরভি নো মুখা করৎ প্র ণ আয়ূংষি তারিষৎ) ইহা দ্বারা দধি (তেজোসি শুক্র-মস্যমৃতমসি ধাম নামাসি প্রিয়ং দেববানামনাধৃষ্টং দেবযজনম্) ও ইহা দ্বারা ঘৃত শোধন করিয়া এইমত পঞ্চগব্য দ্বারা শ্রাদ্ধ স্থান শোধন করিবে।

---

বতা ঘৃতশোধনে বিনিয়োগঃ। হে আজ্য ত্বং দেহকান্তিহেতুত্বাৎ তেজোঽসি স্নিগ্ধরূপত্বাং শুক্রং দীপ্তিমদসি বহুদিনাবস্থানে-প্যোদনবৎ পর্য্যুষিতদোষাভাবাৎ অমৃতং বিনাশরহিতমসি ধীয়তে স্থাপ্যতে দেবৈঃ চিত্তবৃত্তিরত্রেতি ধাম স্থানমসি সর্ব্বাণি ভূ-তান্যাত্মানং প্রতি নাময়তীতি নাম আজ্যং দৃষ্ট্বা সর্ব্বেঽপ্য-ত্তুং নমন্তীতি ভাবঃ। দেবানাং প্রিয়মিষ্টমনভিভূতমসারতা-দোষপরিহারেণ অতিরস্কৃতং দেবা ইজ্যন্তেঽনেনেতি দেবয়জনং যজ্ঞসাধনমসি অত ঈদৃশং ত্বাং গৃহ্ণামীতি শেষঃ।

ততঃ পূর্ব্ববৎ অন্নদানান্তং সমাপ্য পিণ্ডদানসময়েঽপি তথৈব কব্যবালো নল ইত্যাদিনাবাহনম্। পিত্রাদিপিণ্ড-দানান্তে ত্বয়ং বিশেষঃ। পিতা পিতামহশ্চৈবেত্যা-দিনা (গ০ মা০ পৃঃ৮২ প০১) দর্শিতেন মন্ত্রেণ তিলা-জ্যদধিমধুজলযুতস্য মুষ্টিমাত্রস্য সক্তু কৃতস্যাক্ষয্যপিণ্ড-স্যৈকস্যাবশ্যদানম্। ততস্তদ্দক্ষিণতঃ প্রাদক্ষিণ্যেনানে-ককুশাস্তরণান্তে পূর্ব্ববৎ আবাহনতিলোদকদানপূর্ব্বকো-নবিংশতিপিণ্ডদানম্। তদ্দক্ষিণতশ্চ স্ত্রীলিঙ্গতয়া পূর্ব্বো-ক্তৈরেবোহিতমন্ত্রৈরাবাহনতিলোদকপিণ্ডদানানি প্রাদ-ক্ষিণ্যেন ক্রমেণ কুর্য্যাৎ। পুত্রকামশ্চেৎতদা "যো মে প্রজাং নাশয়তি জীবো নশ্যতি বা স্বয়ম্। তস্য কাশ্যপ-গোত্রস্য বায়ুরূপস্য দেহিনঃ। প্রেতস্যোদ্ধারবিধয়ে তস্মৈ পিণ্ডং দদাম্যহম্। যো মে প্রজাং নাশয়তি জীবো নশ্য-তি বা স্বয়ম্। তস্য প্রেতস্য দত্তোঽত্র পিণ্ডোঽয়মুপতি-ষ্ঠতু। যো মে প্রজাং নাশয়তি জীবো নশ্যতি বা স্বয়ম্। বিষ্ণুরূপঃ স লভতাং তাংযা পিণ্ডার্পণাহুতিঃ। তস্য কা-শ্যপগোত্রস্য বায়ুরূপস্য দেহিনঃ। অয়ং পিণ্ডো ময়া দত্তো যঃ পীড়াং কুরুতে মমেতি"। তথা "ইমং তিলময়ং পিণ্ডং মধুসর্পিঃসমন্বিতম্। দদামি তস্মৈ প্রেতায় যঃ পীড়াং কুরুতে মমেতি" মন্ত্রৈঃ চতুরঃ পিণ্ডান্ দদ্যাৎ।

পরে অন্নদানান্ত কর্ম্ম সমাপন করিয়া কব্যবাল ইত্যাদি মন্ত্র দ্বারা পিণ্ডদান কালে পিতৃগণের আবাহন করিয়া অন্য সকল পূর্ব্ববৎ করিবে। ইহাতে এই বিশেষ এই স্থানে ( পিতা পিতামহশ্চেবেত্যাদি ) মন্ত্র দ্বারা তিল ঘৃত, দধি মধু জলযুক্ত মুষ্টিমাত্র সক্তু দ্বারা অক্ষয্য পিণ্ড একটী অবশ্য দিবে। পরে তাহার দক্ষিণভাগে আবাহন তিলোদকদান পূর্ব্বক পূর্ব্বোক্ত ১৯ মন্ত্রদ্বারা পুরুষ সকলকে এবং স্ত্রীলিঙ্গ করিয়া উল্লেখ করিয়া ঐ ১৯ মন্ত্র দ্বারা, ১৯ পিণ্ড সকল স্ত্রীকে দিবে ( যদি পুত্র কামনা থাকে তবে ( যো মে প্রজাং নাশয়তীত্যাদি ) বামপার্শ্বে উক্ত ৪ চারি মন্ত্র দ্বারা ৪ চারিটী পিণ্ড অধিক দিবে।

প্রতিপিণ্ডঞ্চ অত্র পিতর ইতি জপঃ। ততঃ শ্রাদ্ধশেষং পূর্ব্ববৎ সমাপয়েৎ। ইত্থং ব্রাহ্মণ বিসর্জ্জনান্তং কর্ম্ম কৃত্বাচম্য প্রাঙ্মুখো ভূত্বা সাক্ষিণঃ সন্তু মে দেবা ইত্যাদিনা ঋণত্রয়াদিত্যন্তেন (গ০ মা০ ৯০পৃ০ ৮ পং০) দর্শিতেন সাক্ষিতয়া ব্রহ্মাদীন্ কল্পয়িত্বা শ্রাবয়েৎ। এবং প্রেতপর্ব্বতে শ্রাদ্ধং পিণ্ডদান মাত্রং বা কৃত্বা পিত্রাদিগতপ্রেতত্ববিমুক্তিস্বগতপ্রেতত্বাভাবকামঃ প্রেতপর্ব্বতে তিলমিশ্রিতসক্তুনিক্ষেপং তিলমিশ্রজলাঞ্জলিদানং চ করিষ্যে ইতি সংকল্প্য যে কেচিদিত্যাদিনা (গ০ মা০ ৯০পৃ০ ১৫ পং০) দর্শিতমন্ত্রেণ দক্ষিণামুখঃ তিলমিশ্রসক্তুন্ ক্ষিপ্ত্বা আব্রহ্মস্তম্বেত্যাদি (গ০ মা০ ৯০পৃ০ ১৭ পং০) দর্শিত মন্ত্রেণ তিলসংযুতজলাঞ্জলীন্ দদ্যাৎ। ইতি প্রেতপর্ব্বতকৃত্যম্।

ততঃ প্রেতপর্ব্বতাদবরুহ্য মহানদীপশ্চিমতীরস্থাং গয়োত্তরস্যাং প্রেতশিলাং গত্বা পাদশৌচাদি কৃত্বা সংকল্প্য কব্যবাল ইত্যাদিনা প্রেতপর্ব্বতপ্রকরণদর্শিতেন মন্ত্রেণ পিতৄনাবাহ্য তদুদ্দেশেন শ্রাদ্ধং পিণ্ডদানমাত্রং বা যথাশক্তি কুর্য্যাৎ। তত্র পঞ্চগব্যদ্বারা শোধিত স্থানপ্রক্ষালনাদি সাক্ষিশ্রাবণান্তং কৃত্বা সংকল্প্য প্রেতশিলায়াং সমাচারাদেব নবভাণ্ডস্ফোটনং কুর্য্যাৎ।

প্রত্যেক পিণ্ডদানের পরে (অত্র পিতর ইত্যাদি) প্রাগুক্ত মন্ত্র জপ করিবে পরে অন্যান্য সামান্য শ্রাদ্ধ শেষ পূর্ব্ববৎ করিবে। এইরূপে বিপ্রবিসর্জ্জনান্ত সকল কর্ম্ম সমাপনান্তে আচমন করিয়া পূর্ব্বমুখ হইয়া গয়ামাহাত্ম্যে উক্ত (সাক্ষিণঃ সন্তু) ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া ব্রহ্মাদিদেবগণকে সাক্ষিরূপে কল্পিত করিয়া ঐ বাক্য শুনাইবে। এই রূপে প্রেতপর্ব্বতে শ্রাদ্ধ বা পিণ্ডদানমাত্র করিয়া পিতৃগণের ও আপনার প্রেতত্বমুক্তিকামনায় সংকল্প করিয়া প্রেতপর্ব্বতে তিল মিশ্রিত সক্তু নিক্ষেপ ও তিলযুক্ত জলাঞ্জলি দান করিবে। তাহাতে সক্তু পিণ্ডনিক্ষেপে গয়ামাহাত্ম্যে উক্ত (যে কেচিদিত্যাদি) মন্ত্র, তিল যুক্ত জলাঞ্জলি দানে ঐ গ্রন্থে পঠিত (আব্রহ্ম স্তম্বেত্যাদি) মন্ত্র, পাঠ করিবে।

পরে প্রেতপর্ব্বত হইতে অবরোহণ করিয়া মহানদীপশ্চিমভাগস্থ গয়াগ্রামের উত্তর ভাগে প্রেতশিলা আছে তথায় যাইয়া পাদ শৌচাদি ও সংকল্প করিয়া কব্যবাল ইত্যাদি মন্ত্র দ্বারা পিতৃলোককে আবাহন করিয়া যথাশক্তি তাঁহাদের শ্রাদ্ধ বা পিণ্ডদানমাত্র করিবে। তথায় পঞ্চগব্য দ্বারা স্থান শোধনান্তে সাক্ষিশ্রাবণান্ত কর্ম্ম করিয়া আচারাৎ নবভাণ্ড স্ফোটন (ভঞ্জন) করিবে।

অথ প্রেতশিলাধঃপ্রভাসাদ্রিসঙ্গতায়াং মহানদ্যাং রাম-তীর্থত্বেন প্রসিদ্ধে প্রভাসহ্রদে দেশকালাদিকীর্ত্ত-নান্তে জন্মান্তরকৃত দুষ্কৃতবিনাশকামো রামতীর্থে স্নান-মহং করিষ্যে ইতি সংকল্প্য প্রকৃতস্নানমন্ত্রান্তে জন্মা-ন্তরগতং সাগ্রং যন্ময়া দুষ্কৃতং কৃতম্। তৎসর্ব্বং বিলয়ং যাতু রামতীর্থাভিষেচনাদিতি মন্ত্রেণ স্নানং বিধায় পিতৃন্ সন্তর্প্য স্বস্য বিষ্ণুলোকপ্রাপ্তিকামঃ পিতৃণাঞ্চ প্রেতত্ববিমুক্তিপূর্ব্বকপিতৃপদপ্রাপ্তিকামো রামতীর্থে শ্রাদ্ধপিণ্ডদানমাত্রমক্ষয্যপিণ্ডদানমাত্রং বা করিষ্যে ইতি সংকল্প্য কব্যবাল ইত্যাদ্যাবাহনাদি সাক্ষিশ্রাব-ণান্তং কুর্য্যাৎ। ততঃ স্বগতপাপনাশকামঃ "রামরাম ম-হাবাহো দেবানামভয়ঙ্কর। ত্বাং নমাম্যত্র দেবেশ মম নশ্যতু পাতকমিতি" মন্ত্রেণ রামং নত্বা প্রেতলোকেশঞ্চ প্রণমেৎ। ততঃ মানসবাচিককায়িককর্ম্মজপাপনাশ-কামঃ "আপস্ত্বমসি দেবেশ জ্যোতিষাং পতিরেব চ। পাপং নাশয় দেবেশ মনোবাক্‌কায়কর্ম্মজমিতি" মন্ত্রেণ প্রার্থ্য যমরাজেত্যাদিনা (গ০ মা০ ১০২পৃ০ ৪প০) উক্ত মন্ত্রেণ এষ কুশতিলজলমিশ্রিতো বলির্যমরাজধর্ম্মরাজা-ভ্যাং নম ইত্যুক্ত্বা যমবলিং দত্ত্বা দ্বৌ শ্বানাবিতি তৎ-পরবর্ত্তিমন্ত্রেণ এষ বলির্যমরাজধর্ম্মরাজানুচরাভ্যাং শ্ব-ভ্যাং নম ইতি শ্ববলিং দদ্যাৎ।

পরে প্রেতশিলার নীচস্থানে প্রভাস পর্ব্বতে সঙ্গত মহানদীর প্রভাসহ্রদ রামতীর্থ নামে প্রসিদ্ধ আছে তথা যাইয়া জন্মান্তরকৃতপাপনাশকামনায় সংকল্প করিয়া স্নান করিবে তাহাতে সামান্য স্নান মন্ত্রান্তে (জন্মান্তরশতং সাগ্রং যন্ময়া দুষ্কৃতং কৃতম্। তৎ সর্ব্বং বিলয়ং যাতু রামতীর্থাভিষেচনাৎ) এই মন্ত্র পড়িবে। পরে তর্পণ করিয়া পিতৃগণের প্রেতত্বনিবারণ পূর্ব্বক-পিতৃপদপ্রাপ্তি কামনায় সংকল্প করিয়া শ্রাদ্ধ বা পিণ্ড দান বা অক্ষয্য পিণ্ডদান মাত্র করিবে। তাহাতে পূর্ব্বোক্ত কব্যবাল ইত্যাদি মন্ত্র দ্বারা আবাহনাদি সাক্ষিশ্রাবণ পর্য্যন্ত করিবে। পরে পাপনাশকামনায় সংকল্প করিয়া (রাম রাম মহাবাহো দেবানামভয়ঙ্কর। ত্বাং নমাম্যত্র দেবেশ মম নশ্যতু পাতকম্) এই মন্ত্র দ্বারা রামকে প্রণাম করিবে। পরে মানসিক বাচিক কায়িক ও কর্ম্মজ পাপ নাশকামনায় সংকল্পান্তে (আপস্ত্বমসি দেবেশ জ্যোতিষাং পতিরেব চ। পাপং নাশয় দেবেশ মনোবাক্কায়কর্ম্মজম্) ইহা দ্বারা প্রার্থনা করিয়া যমরাজে-ত্যাদি মন্ত্রান্তে (এষ তিলজলযুতো বলির্যমরাজধর্ম্ম-রাজাভ্যাং নমঃ) ইহা বলিয়া যম বলি দিয়া তদনুচরকুক্কুর দ্বয়কে (দ্বৌ শ্বানাবিত্যাদি) মন্ত্র দ্বারা (এষ বলির্যমরাজ-ধর্ম্মরাজানুচরাভ্যাং শ্বভ্যাং নমঃ) ইহা বলিয়া বলি দিবে।

তচ্চ প্রভাসাদ্রিদক্ষিণদিগবস্থিতপ্রেতশিলাজঘনস্থলগত পর্ব্বতে যমবলিবদ্দদ্যাৎ। যমরাজধর্ম্মরাজবলিদানঞ্চ নিত্যমকরণে গয়াশ্রাদ্ধানর্থক্যশ্রবণাৎ। ইতি দ্বিতীয়দিন-কৃত্যম্।

অথ তৃতীয়দিন কৃত্যম্। ফল্গুতীর্থে প্রাতঃস্নানাদিকং কৃত্বা উত্তরমানসং গত্বা দর্ভপাণিস্তীর্থোদকেনাচম্য-শিরস্যভ্যুক্ষ্য দেশকালকীর্ত্তনান্তে আত্মশুদ্ধিসূর্য্যলো-কাদিপ্রাপ্তিপিতৃমুক্তিকাম উত্তরমানসে স্নানং করি-ষ্যে ইতি সংকল্প্য প্রকৃতস্নানমন্ত্রান্তে উত্তরে মানসে ইত্যাদিনা (গ০ মা০ ৯২পৃ০ ৯প০) দর্শিতেন মন্ত্রেণ স্নায়াৎ। ততস্তর্পণান্তে (প০ মা০ ৮৪পৃ০ ১প০) উক্তেন আব্রহ্মস্তম্বপর্য্যন্তমিত্যনেনৈকোহঞ্জলির্দেয়ঃ। ততঃ পি-তৃণামক্ষয়তৃপ্তিকাম উত্তরমানসে শ্রাদ্ধং পিণ্ডদানমাত্রং বা করিষ্যে ইতি সংকল্প্য কব্যবালইত্যাদিনাবাহনাদি সাক্ষিশ্রাবণান্তং কৃত্বা পিতৃণাং সূর্য্যলোকনযনকাম উত্তরার্কস্য প্রণামং গন্ধাদিভিঃ পূজনং চ করিষ্যে ইতি সংকল্প্য ওঁ নমো ভগবতে ইত্যাদিনা (গ০ মা০ ৯২পৃ০ ১৩প০) দর্শিতেন মন্ত্রেণ উত্তরার্কস্য নতিপূজনে কুর্য্যাৎ।

ঐ কুক্কুর-বলি প্রভাসপর্ব্বতের দক্ষিণভাগস্থিত প্রেত শিলার জঘনস্থপর্ব্বতে যম বলির ন্যায় দিবে। যমরাজ-ও ধর্ম্মরাজ-বলি অবশ্য দেয় না দিলে শ্রাদ্ধ নিরর্থক হয় শাস্ত্রে এমত লিখিত আছে) এই দ্বিতীয় দিনকর্ত্তব্য।

অথ তৃতীয় দিন কৃত্য। ফল্গুতীর্থে প্রাতঃস্নানাদি করিয়া উত্তরমানসে যাইয়া কুশহস্তে আচমনান্তে মস্তকে জলসেচন করিয়া দেশকালাদিকীর্ত্তনান্তে আত্মশুদ্ধি, সূর্য্যলোকপ্রাপ্তি ও পিতৃগণের মুক্তি, কামনায় সংকল্প করিয়া উত্তর মানসে স্নান করিবে। ঐ স্নানে সামান্য স্নানমন্ত্রান্তে গয়ামাহাত্ম্যে উক্ত (উত্তরে মানসে ইত্যাদি) মন্ত্র পাঠ করিবে। পরে তর্পণ করিয়া ঐ গ্রন্থে উক্ত ( আব্রহ্মস্তম্বেত্যাদি ) মন্ত্র দ্বারা এক অঞ্জলি দিবে। পরে পিতৃলোকের অক্ষয়তৃপ্তিকামনায় সংকল্প করিয়া উত্তরমানসে শ্রাদ্ধ পিণ্ডদান মাত্র বা করিবে। তাহাতে (কব্যবালইত্যাদি মন্ত্রদ্বারা) আবাহনাদি সাক্ষিশ্রাবণপর্য্যন্ত করিয়া পিতৃলোকের সূর্য্যলোকগমনকামনায় সংকল্প করিয়া উত্তরার্কের প্রণাম ও গন্ধাদি দ্বারা পূজা করিবে ঐ প্রণাম ও পূজা গয়ামাহাত্ম্যে উক্ত ( নমো ভগবতে ইত্যাদি ) মন্ত্র দ্বারা করিবে।

ততো মৌনেন দক্ষিণমানসং গত্বা তদন্তর্গতে উত্তরভাগস্থে উদীচীনামতীর্থে আত্মবিশুদ্ধিসূর্য্যলোকাদিপ্রাপ্তিব্রহ্মহত্যাদিপাপসমূহনাশকামঃ পিতৃমুক্তিকামো বোদীচীতীর্থে স্নানমহং করিষ্যে ইতি সংকল্প্য প্রকৃতস্নানমন্ত্রান্তে ব্রহ্মহত্যাদীত্যাদিনা (গং মাং ৯৪ পৃং ৮ পং) দর্শিতেন দক্ষিণমানসে স্নাত্বা পিতৄন্ সন্তর্প্য পিতৃমুক্তিকাম উদীচীতীর্থে শ্রাদ্ধং পিণ্ডদানং বা করিষ্যে ইতি সংকল্প্য কব্যবাল ইত্যাবাহনাদি সাক্ষিশ্রাবণান্তং কুর্য্যাৎ। ততো দক্ষিণমানসান্তর্গত এব মধ্যভাগস্থে কনখলতীর্থে পূর্ব্বোক্তকামনয়া সংকল্পান্তে পূর্ব্বোক্তমন্ত্রদ্বারা স্নানং তর্পণঞ্চ শ্রাদ্ধং পিণ্ডদানমাত্রং বা কার্য্যম্। ততস্তদন্তর্গতএব দক্ষিণভাগস্থে দক্ষিণমানসে পূর্ব্বোক্তকামনয়ৈব পূর্ব্ববদেব সর্ব্বং কার্য্যম্। ততঃ পিতৃগততৃপ্তিতরণস্বগতপুত্রপৌত্রধনৈশ্বর্য্যায়ুরারোগ্যবৃদ্ধিকামনয়া "নমামি সূর্য্যং তৃপ্ত্যর্থং পিতৄণাং তারণায় চ। পুত্রপৌত্রধনৈশ্বর্য্যায়ায়ুরারোগ্যবৃদ্ধয়" ইতি মন্ত্রেণ মৌনেন দক্ষিণার্কস্য নতিঃ পূজনং চ কার্য্যম্। মৌনেন পূজনীয়ত্বাদয়মেব মৌনার্কঃ। ততঃ কব্যবাল ইত্যাদিকং পূর্ব্বোক্তং মন্ত্রমর্কাগ্রে পঠেদিতি নারায়ণপদ্ধতৌ স্থিতম্।

পরে মৌনী হইয়া দক্ষিণমানসে যাইয়া তন্মধ্যে উত্তর ভাগস্থ উদীচী তীর্থে আপনার শুদ্ধি, সূর্য্যলোক প্রাপ্তি ও ব্রহ্মহত্যাদি পাপনাশ অথবা পিতৃগণের মুক্তি-কামনায় সঙ্কল্পান্তে সামান্য স্নান মন্ত্র শেষে গয়া-মাহাত্ম্যে উক্ত (ব্রহ্মহত্যাদীত্যাদি) মন্ত্র পাঠান্তে স্নান করিবে। পরে তর্পণান্তে পিতৃ গণের মুক্তিকামনায় সঙ্কল্পান্তে ঐ উদীচী তীর্থে শ্রাদ্ধ বা পিণ্ডদানমাত্র করিবে। তাহাতে পূর্ব্ববৎ আবাহনাদি সাক্ষিশ্রাবণান্ত কর্ম্ম করিবে। পরে দক্ষিণমানসান্তর্গত মধ্যভাগস্থিত কনখল তীর্থে পূর্ব্বোক্ত কামনায় সঙ্কল্পান্তে পূর্ব্বরূপে স্নান তর্পণ ও শ্রাদ্ধ বা পিণ্ডদান মাত্র করিবে। পরে তদন্তর্গত দক্ষিণমানসতীর্থে পূর্ব্বোক্তমন্ত্র দ্বারা পূর্ব্বোক্ত কামনায় স্নান ও তর্পণ শ্রাদ্ধ বা পিণ্ডদান-মাত্র করিবে। পরে পিতৃগণের তৃপ্তি ও উদ্ধার ও আপনার পুত্র পৌত্র ধন ঐশ্বর্য্য আয়ু আরোগ্য ও বৃদ্ধি কামনায় সঙ্কল্পান্তে দক্ষিণার্ককে (নমামি সূর্য্যং তৃপ্ত্যর্থং পিতৃণাং তারণায় চ। পুত্রপৌত্রধনৈশ্বর্য্যা-য়ুরারোগ্যবৃদ্ধয়ে) ইহা দ্বারা পূজা ও প্রণাম করিবে। মৌনভাবে পূজ্য এইহেতু ইহাকে মৌনার্ক বলে। ইহার সমীপে (কব্যবাল ইত্যাদি) সকল মন্ত্র পাঠ করিবে ইহা নারায়ণপদ্ধতিতে উক্ত আছে।

ততো গদাধরপূর্ব্বদেশে সর্ব্বতীর্থোত্তমং ফল্গুতীর্থং গত্বা পিতৃণাং বিষ্ণুলোকপ্রাপ্তয়ে আত্মনশ্চ ভুক্তি-মুক্তিসিদ্ধয়ে ফল্গুতীর্থে স্নানং করিষ্য ইতি সংকল্প্য স্নানীয়প্রাকৃতমন্ত্রান্তে ফল্গুতীর্থে বিষ্ণুজলে করোমি স্নানমাদৃতঃ। পিতৃণাং বিষ্ণুলোকায় ভুক্তিমুক্তি-প্রসিদ্ধয় ইতি মন্ত্রেণ স্নানং তর্পণং চ কুর্য্যাৎ। ততঃ পিতৃণাং মোক্ষপ্রাপ্তিকামঃ ফল্গ্বাং শ্রাদ্ধং করিষ্য ইতি সংকল্প্য পূর্ব্ববদেব শ্রাদ্ধংপিণ্ডদানমাত্রং বা কুর্য্যাৎ। ততঃ ওঁ নমঃ শিবায় দেবায় ঈশানপুরুষায় চ। অঘোর বামদেবায় সদ্যোজাতায় শম্ভবে। ইতি মন্ত্রেণ মধুস্রবাদক্ষিণকূলস্থস্য পিতামহেশ্বরস্য প্রণামপূজনে। ততো গদাধরপূজাঙ্গতয়া পুনঃ ফল্গুতীর্থে স্নানম্। ততঃ পিতৃভিঃ সার্দ্ধমাত্মনো বৈষ্ণবপদনয়নকামনয়া গদা-ধরস্য দর্শনং প্রণামঃ পঞ্চামৃতৈঃ স্নপনম্ ওঁ নমো বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় চ। প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় শ্রীধরায় চ বিষ্ণবে ইতি মন্ত্রেণ পুষ্পবস্ত্রাদ্যলঙ্কারাদিভির্যথা-শক্তি পূজনঞ্চ কার্য্যম্। ইদঞ্চ গদাধরপূজনং নিত্য-মকরণে গয়াশ্রাদ্ধানর্থক্যশ্রবণাৎ। অত্র পঞ্চতীর্থ স্নানানাং পিতৃব্রহ্মলোকনয়নং বা ফলম্। ইতি তৃতীয় দিনকৃত্যম্।

পরে গদাধর পূর্ব্বস্থ সকল তীর্থের মধ্যে অত্যুত্তম ফল্গু-তীর্থে যাইয়া পিতৃগণের বিষ্ণুলোক ও আপনার ভোগ মোক্ষ সিদ্ধি, কামনায় সংকল্পান্তে প্রাকৃত স্নান মন্ত্রান্তে (ফল্গুতীর্থে বিষ্ণুজলে করোমি স্নানমাদৃতঃ। পিতৄণাং বিষ্ণুলোকায় ভুক্তিমুক্তিপ্রসিদ্ধয়ে) এই মন্ত্র দ্বারা স্নান ও তর্পণ করিবে। পরে পিতৃগণের মুক্তিকামনায় সংকল্পান্তে তথায় শ্রাদ্ধ করিবে। পরে মধুস্রবা তীর্থের দক্ষিণতীরস্থ পিতামহেশ্বরকে (নমঃ শিবায় দেবায় ঈশানপুরুষায় চ। অঘোরবামদেবায় সদ্যোজাতায় শম্ভবে) এই মন্ত্র দ্বারা পূজা ও প্রণাম করিবে। পরে গদাধর পূজার্থ পুনর্ব্বার ফল্গুতীর্থে স্নান করিবে। পরে পিতৃগণের সহিত আপনার বিষ্ণুলোক গমন কামনায় সংকল্পান্তে গদাধরকে দর্শন ও প্রণাম ও পঞ্চামৃত দ্বারা স্নপনান্তে (ওঁ নমো বাসুদেবায় নমঃ সঙ্কর্ষণায় চ। প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় শ্রীধরায় চ বিষ্ণবে) এই মন্ত্র পাঠে বস্ত্র অলঙ্কার দ্বারা যথাশক্তি পূজা করিবে। এই গদাধর পূজা নিত্য না করিলে শ্রাদ্ধ নিরর্থক হয় ইহা শাস্ত্রে কথিত আছে। এই পঞ্চতীর্থ-(উত্তরমানস ১ উদীচী২ কনখল ৩ দক্ষিণমানস ৪ ফল্গুতীর্থ ৫) স্নানের ফল পিতৃগণের ব্রহ্মলোক প্রাপ্তি। এই তৃতীয় দিন কর্ত্তব্য।

অথ চতুর্থদিনকৃত্যম্। তত্র ফল্গ্বাং স্নানাদি প্রাতঃকৃত্যং কৃত্বা ধর্ম্মারণ্যং গত্বা সর্ব্বপাপবিশুদ্ধিকামো মতঙ্গবাপ্যাং স্নানং করিষ্য ইতি সঙ্কল্প্য তত্র মাতঙ্গবাপ্যাং স্নানং তর্পণঞ্চ কুর্য্যাৎ। ততঃ পিত্রুদ্ধারকামনয়া প্রেতপর্ব্বতবৎ শ্রাদ্ধং পিণ্ডদানমাত্রং বা কার্য্যম্। ততো মতঙ্গবাপ্যুত্তরকূলস্থং মতঙ্গেশং দৃষ্ট্বা প্রণম্য " প্রমাণং দেবতাঃ সন্তু লোকপালাশ্চ সাক্ষিণঃ। ময়াগত্য মতঙ্গেস্মিন্ পিতৃণাং নিষ্কৃতিঃ কৃতেতি " মন্ত্রঃ পাঠ্যঃ। ততো ব্রহ্মতীর্থসংজ্ঞকং ব্রহ্মকূপং গত্বা পিত্রুদ্ধারকামনয়া স্নানতর্পণশ্রাদ্ধানি পূর্ব্ববৎ কার্য্যাণি। ততো ব্রহ্মকূপযূপয়োর্ম্মধ্যে পিতৃতারণকামনয়া প্রেতপর্ব্বতবৎ শ্রাদ্ধং পিণ্ড দানমাত্রং বা কার্য্যম্। ততো ধর্ম্মস্য ধর্ম্মেশ্বরস্য চ প্রণামঃ। ততো মহাবোধিতরোরধঃ স্বস্য স্বর্গলোকপ্রাপ্তিকামনয়া প্রেতপর্ব্বতবৎ শ্রাদ্ধং পিণ্ডদানমাত্রং বা কার্য্যম্। চলদ্দলায়েত্যাদিনা (গ০ মা০ ৯৮পৃ০ ১৪প০) দর্শিতেন মন্ত্রেণ অশ্বত্থং প্রণম্য অশ্বত্থরূপিণমিত্যাদিনা তদনন্তরপঠিতমন্ত্রেণ বিষ্ণুং প্রণমেৎ। ব্রহ্মকূপস্তু মতঙ্গবাপ্যামাগ্নেয়কোণে আসীৎ অধুনাবটমাত্রতয়া তস্য স্থিতের্ন তত্র স্নানসম্ভব ইতি চতুর্থদিনকৃত্যম্।

চতুর্থ দিনের কর্ত্তব্য। ফল্গুতীর্থে প্রাতঃস্নানাদি করিয়া ধর্ম্মারণ্যে যাইয়া মতঙ্গবাপীতে সর্ব্বপাপ হইতে শুদ্ধি কামনায় সংকল্পান্তে স্নান ও তর্পণ করিয়া পিতৃগণের উদ্ধারকামনায় ঐ স্থলে শ্রাদ্ধ বা পিণ্ডদান মাত্র করিবে। পরে মতঙ্গবাপীর উত্তরতীরস্থ মতঙ্গেশ্বরকে দর্শন ও প্রণাম করিয়া (প্রমাণং দেবতাঃ সন্তু লোকপালাশ্চ সাক্ষিণঃ। ময়াগত্য মতঙ্গেঽস্মিন্ পিতৃণাং নিষ্কৃতিঃ কৃতা) এই মন্ত্র পাঠ করিবে। পরে ব্রহ্মতীর্থনামে ব্রহ্মকূপে যাইয়া পিতৃগণের উদ্ধারকামনায় সংকল্পান্তে স্নান তর্পণ শ্রাদ্ধাদি করিবে। পরে ব্রহ্মকূপ ও ব্রহ্ম যূপের মধ্যে পিতৃগণের উদ্ধারকামনায় শ্রাদ্ধাদি পূর্ব্ববৎ করিবে। পরে ধর্ম্ম ও ধর্ম্মেশ্বরের প্রণাম করিবে। পরে ঐ স্থলে অশ্বত্থ বৃক্ষের নীচস্থানে স্বর্গকামনায় শ্রাদ্ধ বা পিণ্ডদান করিবে। পরে গয়ামাহাত্ম্যে উক্ত (চলদ্দলায়) ইত্যাদি মন্ত্র দ্বারা অশ্বত্থকে প্রণাম করিয়া অশ্বত্থরূপী বিষ্ণুকেও প্রণাম করিবে। তৎপ্রণামে (অশ্বত্থরূপিণমিত্যাদি) মন্ত্র ঐ গ্রন্থে তৎপরেই উক্ত হইয়াছে। মতঙ্গবাপীর অগ্নিকোণে ব্রহ্মযূপ ছিল তাহা পূর্ণ হইয়া এক্ষণে গর্ত্ত রূপে আছে এক্ষণে তাহাতে স্নান সম্ভব নাই। ইতি চতুর্থ দিন কর্ত্তব্য।

অথ পঞ্চমদিনকৃত্যম্। তত্র ফল্গ্বাং প্রাতঃস্নানাদি নিত্যং কর্ম্ম কৃত্বা ব্রহ্মসরো গত্বা ঋণত্রয়বিমুক্তিকামঃ করিষ্যমাণতর্পণশ্রাদ্ধপিণ্ডদানোপযোগ্যাত্মশুদ্ধিকামশ্চ ব্রহ্মসরসি স্নানং করিষ্য ইতি সঙ্কল্প্য প্রকৃতস্নানমন্ত্রান্তে ওঁ স্নানং করোমি তীর্থেঽস্মিন্নৃণত্রয়বিমুক্তয়ে। শ্রাদ্ধায় পিণ্ডদানায় তর্পণায়াত্মশুদ্ধয়ে ইতি মন্ত্রেণ স্নানং তর্পণঞ্চ কুর্য্যাৎ। ততঃ পিতৃণাং ব্রহ্মলোকনয়নকামনয়া ব্রহ্মসরসি ব্রহ্মযূপসমীপে শ্রাদ্ধং পিতৃতারণকামনয়া ব্রহ্মকূপযূপয়োর্ম্মধ্যে চ শ্রাদ্ধং পিণ্ডদানমাত্রং বা কার্য্যম্। ততঃ পিতৃণাং মোক্ষপ্রাপ্তিকামো ব্রহ্মপ্রকল্পিতাম্রবৃক্ষসেচনমহং করিষ্যে ইতি সঙ্কল্প্য ওঁ আম্রং ব্রহ্মসরোভূতং সর্ব্বদেবময়ং তরুম্। বিষ্ণুরূপং প্রসিঞ্চামি পিতৃণাঞ্চ বিমুক্তয় ইতিমন্ত্রাবৃত্ত্যা ব্রহ্মসরঃসম্ভূতানুচ্ছিষ্টোদকেন কুশযুতেন গোপ্রচারসমীপস্থানাম্রানাসিঞ্চেৎ। ততো বাজপেয়ফলপ্রাপ্তিকামনয়া ব্রহ্মযূপপ্রদক্ষিণাং করিষ্য ইতি সঙ্কল্প্য ব্রহ্মযূপপ্রদক্ষিণা কার্য্যা। ওঁ নমো ব্রহ্মণেঽজায় জগজ্জন্মাদিকারিণে। ভক্তানাঞ্চ পিতৃণাঞ্চ তারণায় নমো নম ইতি মন্ত্রেণ পিতৃণাং ব্রহ্মপুরনয়নকামনয়া ব্রহ্মসরোবায়ব্যকোণস্থস্য ব্রহ্মণো নতিঃ পূজা চ কার্য্যা।

অথ পঞ্চম দিন কর্ত্তব্য। ফল্গুতীর্থে প্রাতঃস্নানাদি নিত্যকর্ম্ম করিয়া ব্রহ্মসরোবরে যাইয়া তর্পণ ও শ্রাদ্ধের যোগ্য আত্মশুদ্ধি কামনায় এবং ঋণত্রয় মোক্ষ কামনায় সঙ্কল্পান্তে (স্নানং করোমি তীর্থেঽস্মিন্ ঋণত্রয়বিমুক্তয়ে। শ্রাদ্ধায় পিণ্ডদানায় তর্পণায়াত্মশুদ্ধয়ে) এই মন্ত্র, সামান্য স্নান মন্ত্রান্তে পাঠ করিয়া স্নান ও তর্পণ করিবে। পরে পিতৃগণের ব্রহ্মলোক গমন কামনায় ব্রহ্মসরোবরে ব্রহ্ম-যূপসমীপে ও পিতৃগণের উদ্ধারার্থে ব্রহ্মকূপ ও ব্রহ্মযূপ ইহার মধ্যে শ্রাদ্ধ বা পিণ্ডদান করিবে। পরে পিতৃগণের মুক্তিকামনায় সংকল্পান্তে (আম্রং ব্রহ্মসরোভূতং সর্ব্ব-দেবময়ং তরুম্। বিষ্ণুরূপং প্রসিঞ্চামি পিতৃণাঞ্চ বিমু-ক্তয়ে) এই মন্ত্র প্রত্যেক পাঠে গোপ্রচার নিকটস্থ প্র-ত্যেক আম্রবৃক্ষ সেচন করিবে। পরে বাজপেয় ফল কামনায় সংকল্পান্তে ব্রহ্মযূপের প্রদক্ষিণা করিবে। পরে (নমোঽস্তু ব্রহ্মণেঽজায় জগজ্জন্মাদিকারিণে। ভক্তানাঞ্চ পিতৃণাঞ্চ তারণায় নমো নমঃ) এই মন্ত্র দ্বারা ব্রহ্মসরো-বর মধ্যস্থিত ব্রহ্মকে প্রণাম ও পূজা করিবে।

ততঃ পিতৃমুক্তয়ে যমবলিদানং করিষ্যে ইতি সঙ্কল্প্য। ওঁ যমরাজধর্ম্মরাজৌ নিশ্চলার্থং স্থিরীকৃতৌ। তাভ্যাং বলিং প্রযচ্ছামি পিতৄণাং মুক্তিহেতবে। এষ বলির্যমরাজধর্ম্মরাজাভ্যাং নম ইতি মন্ত্রেণ যজ্ঞোপবীতিনা প্রাচীনাবীতিনা বা সকুশোদকেন ভক্তাদিনা তাভ্যাং বলিদানম্। ততঃ "দ্বৌ শ্বানৌ শ্যামধবলৌ বৈবস্বতকুলোদ্ভবৌ। তাভ্যাং বলিং প্রযচ্ছামি স্যাতামেতাবহিংসকৌ" এষ বলিঃ শ্বভ্যাং নম ইতি শ্বভ্যাং বলিদানম্। ওঁ ঐন্দ্রবারুণবায়ব্যা যাম্যা বৈ নিঋর্তাস্তথা। বায়সাঃ প্রতিগৃহ্নন্তু ভূমৌ পিণ্ডং ময়োজ্ঝিতমিতি মন্ত্রেণ কাকেভ্যো বলিদানম্। ততো ব্রহ্মসরস্যেব কাকবলিদাননিমিত্তাশুচিতাপরিহারার্থং পুনস্তূষ্ণীং স্নানম্। ইতি পঞ্চমদিনকৃত্যম্।

অথ ষষ্ঠদিনকৃত্যম্। তত্র দশলক্ষাশ্বমেধজন্যফলকামঃ ফল্গুতীর্থে স্নানং করিষ্য ইতি সঙ্কল্প্য প্রাকৃতস্নানমন্ত্রান্তে ফল্গুতীর্থে ইত্যাদি মন্ত্রেণ স্নানং তর্পণঞ্চ কৃত্বা পদেষু শ্রাদ্ধানি কুর্য্যাৎ। তত্র যদ্যপি ব্রহ্মবিষ্ণুরুদ্রকশ্যপপদানামন্যতমপদে আরম্ভসমাপ্তী কার্য্যে। মধ্যেষু ত্বনিয়ম এব তথাপি বায়ুপুরাণপাঠক্রমমনুস্মৃত্য শ্রাদ্ধান্যুচ্যন্তে।

পরে পিতৃমুক্তি কামনায় সঙ্কল্পান্তে (যমরাজ ধর্ম্মরাজৌ নিশ্চলার্থং স্থিরীকৃতৌ। তাভ্যাং বলিং প্রযচ্ছামি পিতৃণাং মুক্তিহেতবে) এই মন্ত্রান্তে (এষ বলি র্যমরাজধর্ম্মরাজাভ্যাং নমঃ) এই বলিয়া কুশসহিত ভক্তাদি যম বলি দিবে। পরে (দ্বৌ শ্বানৌ শ্যামধবলৌ বৈবস্বতকুলোদ্ভবৌ। তাভ্যাং বলিং প্রযচ্ছামি স্যাতামেতাবহিংসকৌ) এই মন্ত্রান্তে (এষ বলিঃ শ্বভ্যাং নমঃ) এই বলিয়া যমানুচর দুই কুক্কুরকে বলি দিবে। পরে (ঐন্দ্রবারুণবায়ব্যা যাম্যা বৈ নিঋ্ৰ্ব তাস্তথা। বায়সাঃ প্রতিগৃহ্ণন্তু ভূমৌ পিণ্ডং ময়োজ্‌ঝিতম্) এই মন্ত্রান্তে কাকগণকে বলি দিবে। পরে কাকবলিদান নিমিত্ত অশুচিতাপরিহারার্থে ব্রহ্মসরোবরে স্নান করিবে। ইতি পঞ্চম দিনকৃত্য।

অথ ষষ্ঠদিন কৃত্য। দশলক্ষাশ্বমেধ ফল কামনায় সঙ্কল্পান্তে সামান্য স্নান মন্ত্রান্তে (ফল্গুতীর্থে বিষ্ণুজলে ইত্যাদি" পূর্ব্বোক্ত মন্ত্র পাঠান্তে ফল্গুতীর্থে স্নান ও তর্পণ করিবে। পরে অগ্রে বক্তব্য পদ সকলে শ্রাদ্ধ করিবে। তন্মধ্যে যদ্যপি ব্রহ্ম বিষ্ণু রুদ্র ও কাশ্যপ পদ মধ্যে একতম পদে আরম্ভ ও সমাপ্তি করিবে অন্য পদ শ্রাদ্ধে নিয়ম নাই তথাপি বায়ুপুরাণে যেমত ক্রমে পঠিত হইয়াছে ঐ ক্রমানুসারে কর্ত্তব্য সকল শ্রাদ্ধ কথিত হইতেছে।

অদ্যেত্যাদি আত্মনঃ সর্ব্বপাপনাশকামো বিষ্ণুপদ-দর্শনং করিষ্য ইতি সঙ্কল্প্য অত্র বিষ্ণুপদং দিব্যং দর্শনাৎ পাপনাশনম্। স্পর্শনাৎ পূজনাচ্চৈব পিতৃণাং-মুক্তিহেতবে ইতি মন্ত্রেণ বিষ্ণুপদস্য দর্শনম্ পিতৃবিমুক্তিকামো বিষ্ণুপূজনং করিষ্য ইতি সঙ্কল্প্য পঞ্চোপচারৈর্বিষ্ণু পূজনঞ্চ কুর্য্যাৎ। ততঃ সম্বন্ধবিশেষমনাদৃত্য আত্মীয়কুলসহস্রসমুদ্ধারপূর্ব্বকবিষ্ণুলোকনয়নকামো বিষ্ণুপদে শ্রাদ্ধং করিষ্যে ইতি সঙ্কল্প্য কব্যবাল ইত্যাদ্যাবাহনাদি সাক্ষিশ্রাবণান্তং কুর্য্যাৎ। অত্রায়ং ভেদঃ পঞ্চগব্যপ্রক্ষালনানন্তরং ষোড়শভিঃ পঞ্চভির্ব্বোপচারৈঃ বিষ্ণুং পুরুষসূক্তেন(১) তৎবিষ্ণোঃ পরমং পদমিত্যনেন বা বিষ্ণুং পূজয়েৎ এবং রুদ্রাদিপদেষপি তত্তন্মন্ত্রেণ তত্তদ্দেবতানাং পূজনমধিকমিতি। তত্র রুদ্রপদে শ্রাদ্ধে আত্মসহিতকুলশতস্য শিবপুরনয়নম্। ব্রহ্মপদে কুলশতসমুদ্ধারপূর্ব্বকব্রহ্মলোকনয়নম্ দক্ষিণাগ্নিপদে স্বস্য বাজপেয়যাগফলম্। গার্হপত্যপদে স্বস্য অশ্বমেধ যজ্ঞফলম্। আবহনীয়পদে স্বস্য রাজসূয়যজ্ঞফলম্। সভ্যাগ্নিপদে স্বস্য জ্যোতিষ্টোমফলম্। আবসথ্যাগ্নি-পদে স্বস্য সোমলোকপ্রাপ্তিঃ।

(১) মৎকৃত তুলাদানাদিপদ্ধতৌ (১১৫,১১৬পং ১,২,১,পৃং)

অদ্যেত্যাদি নিজ সর্ব্ব পাপ নাশ কামনায় সঙ্কল্পান্তে অত্র বিষ্ণুপদমিত্যাদি বামপার্শ্বস্থ মন্ত্র, পাঠে বিষ্ণুপদ দর্শন করিবে। পিতৃমুক্তি কামনার সংকল্পান্তে বিষ্ণু পূজা করিবে। পরে সম্বন্ধ বিশেষ উল্লেখ না করিয়া স্বকীয় কুল সহস্র সমুদ্ধার পূর্ব্বক বিষ্ণুলোকগমনকামনায় সংকল্পান্তে বিষ্ণুপদে শ্রাদ্ধ করিবে। তাহাতে কব্যবাল ইত্যাদি সাক্ষিশ্রাবণান্ত পূর্ব্ববৎ করিবে। ইহাতে এই মাত্র ভেদ পঞ্চগব্য দ্বারা প্রক্ষালনান্তে বিষ্ণুকে ষোড়শ বা পঞ্চ উপচারে পুরুষসূক্ত (মৎকৃত তুলাদানপদ্ধতিতে লিখিত) দ্বারা বা তদ্বিষ্ণোঃ পরমং পদ ইত্যাদি মন্ত্র দ্বারা পূজা করিবে। ঐ রূপে ব্রহ্ম রুদ্রাদি পদেও তত্তদ্দেবতার তত্তন্মন্ত্র দ্বারা পূজা করিবে। পরে বিধানমতে শ্রাদ্ধ করিবে। তাহাতে রুদ্রপদে শ্রাদ্ধে আত্ম সহিতকুলশতের শিবপুর গমন ফল হয়। ব্রহ্মপদ শ্রাদ্ধে শতকুল উদ্ধার পূর্ব্বক ব্রহ্মলোক গতি ফল হয়। দক্ষিণাগ্নি পদে শ্রাদ্ধে বাজপেয় ফল হয়। গার্হপত্য বহ্নিপদশ্রাদ্ধে রাজসূয় যজ্ঞ ফল হয়। আবাহনীয় বহ্নিপদ শ্রাদ্ধে অশ্বমেধ ফল হয়। সভ্য বহ্নিপদ শ্রাদ্ধে জ্যোতিষ্টোম যজ্ঞ ফল হয়। আবসথ্য বহ্নিপদ শ্রাদ্ধে সোমলোক প্রাপ্তি হয়।

সূর্য্যপদে পঞ্চশতকুলানাং সূর্য্যপুরনয়নম্। কার্ত্তিকেয়পদে পিতৃণাং শিবলোকনয়নম্। ইন্দ্রপদে পিতৃণামিন্দ্রলোকপ্রাপ্তিঃ। অগস্ত্যপদে পিতৃণাং ব্রহ্মলোকনয়নম্। চন্দ্রগণেশক্রৌঞ্চমাতঙ্গপদেষু পিতৃণাং ব্রহ্মপুরনয়নম্। কশ্যপপদে পিতৃণাং ব্রহ্মপুরনয়নম্। ইতি সপ্তদশপদেষু তত্তৎফলোদ্দেশেন শ্রাদ্ধানি কার্য্যাণি তত্তদ্দেবানাং পূজা চ কার্য্যা। তন্মধ্যে বিষ্ণুরুদ্রব্রহ্মকশ্যপপদেষু শ্রাদ্ধকর্ত্তুরপি মুক্তিরিতি বিশেষঃ। ততঃ পদশিলায়ামেবোত্তরভাগস্থায়াং গজকর্ণিকায়াং পিতৃণাং স্বর্গনয়নকামনয়া শুদ্ধোদকেন পিতৃতর্পণং পূর্ব্ববিধানেন কার্য্যম্। ততঃ পিতৃণাং তারণার্থং পদশিলোত্তরভাগস্থমার্গসমীপস্থানাং কনকেশ্বরকেদারেশ্বরনারসিংহবামনানাংপঞ্চভিরুপচারৈঃ পূজা কার্য্যা। সন্ন্যাসিভিস্তু গয়াং গত্বা বিষ্ণুপদে দণ্ডস্পর্শনমাত্রং কার্য্যম্। ইতি ষষ্ঠদিনকৃত্যম্।

অথ সপ্তমদিনকৃত্যম্। তত্র ফল্গুতীর্থে স্নানাদিপ্রাতঃকৃত্যং কৃত্বা গদালোলং তীর্থং গত্বা আত্মনঃ শুদ্ধয়ে অক্ষয়স্বর্গপ্রাপ্তয়ে চ গদালোলে স্নানং করিষ্য ইতি সঙ্কল্প্য গদালোলে ইত্যাদিনা (গং মাং ১১২ পৃং ৩পং) দর্শিতমন্ত্রেণ গদালোলে স্নানতর্পণে কৃত্বা

সূর্য্যপদ শ্রাদ্ধে পঞ্চশত কুলের সূর্য্যলোক প্রাপ্তি। কার্ত্তিকেয়পদ শ্রাদ্ধে পিতৃগণের শিবলোক প্রাপ্তি। ইন্দ্রপদ শ্রাদ্ধে ইন্দ্রলোক প্রাপ্তি। অগস্ত্যপদ শ্রাদ্ধে পিতৃগণের ব্রহ্মপুর প্রাপ্তি। চন্দ্র গণেশ ক্রৌঞ্চ ও মাতঙ্গ পদ শ্রাদ্ধে পিতৃগণের ব্রহ্মপুর প্রাপ্তি। কশ্যপ পদ শ্রাদ্ধে পিতৃগণের ব্রহ্মপুর প্রাপ্তি। এই মত ১৭ পদ স্থানে উক্ত ফল কামনায় শ্রাদ্ধ করিবে ও ঐ ঐ দেবতার পূজাও করিবে। তন্মধ্যে ব্রহ্মা বিষ্ণু ও রুদ্র কশ্যপ পদ শ্রাদ্ধে কর্ত্তারও মুক্তি হয় এই বিশেষ। পরে পদশিলার উত্তর ভাগস্থ গজকর্ণিকাতে পিতৃগণের স্বর্গ কামনায় তিল হীন জল দ্বারা পূর্ব্ববৎ তর্পণ করিবে। পরে পিতৃগণের উদ্ধারার্থ পদশিলার উত্তরস্থ পথস্থিত কনকেশ্বর কেদারেশ্বর নরসিংহ ও বামনদেবের পঞ্চোপচারে পূজা ও প্রণাম করিবে। সন্ন্যাসিগণ গয়ায় যাইয়া বিষ্ণুপদে দণ্ড স্পর্শন মাত্র করিবে। এই ষষ্ঠ দিন কর্ত্তব্য।

অথ সপ্ত দিন কর্ত্তব্য। ফল্গুতীর্থে প্রাতঃস্নানাদি কর্ম্ম করিয়া গদালোল তীর্থে যাইয়া আত্মশুদ্ধি ও অক্ষয় স্বর্গ কামনায় সংকল্প করিয়া গয়ামাহাত্ম্য পঠিত (গদালোলে ইত্যাদি) মন্ত্র দ্বারা তথায় স্নান ও তর্পণ করিয়া

পিতৃতৃপ্তিব্রহ্মলোকাবাপ্তিকামঃ শ্রাদ্ধং পিণ্ডমাত্রং বা করিষ্যে ইতি সঙ্কল্প্য পূর্ব্ববৎ সাধ্যানুসারেণ শ্রাদ্ধং পিণ্ডদানমাত্রং বা কুর্য্যাৎ। ততোঽক্ষয়বটে গত্বা পিতৃণাং ব্রহ্মলোকপ্রাপ্তিকামোঽক্ষয়বটচ্ছায়ায়াং শ্রাদ্ধং করিষ্যে ইতি সংকল্প্য অন্নেনৈব শ্রাদ্ধং পূর্ব্ববৎ কৃত্বা ব্রহ্মকল্পিতবিপ্রভোজনং কুর্য্যাৎ। ততঃ একার্ণবে ইত্যাদিনা (গ০ মা০১১৪পৃ০ ১প০) দর্শিতেন মন্ত্রেণাক্ষয়বটপ্রণামং পিতৃণামক্ষয়ব্রহ্মলোকপ্রাপ্তিকামনয়া সংসারবৃক্ষেত্যাদিনা (গ০ মা০ ১১৪পৃ০ ৩প০) দর্শিত মন্ত্রেণ অক্ষয়বটেশ্বরপ্রণামপূজনে ততঃ প্রপিতামহরূপগদাধরপূজনপ্রণামৌ চ কার্য্যৌ ইতি সপ্তমদিনকৃত্যম্।

অথানিয়তদিনকৃত্যানি। পূর্ব্বদিনে উপোষ্য পরাহে প্রাতর্গয়াস্থগায়ত্রীসংমুখস্থং গায়ত্রীতীর্থং গত্বা তৎকূলে ব্রাহ্মণ্যাবিচ্ছেদকামনয়া সংকল্প্য প্রাতঃসন্ধ্যাবন্দনশ্রাদ্ধানি কার্য্যাণি। অন্যদিনে উদ্যন্তনামপর্ব্বতস্থিতে সাবিত্র্যাঃ পুরোগতে সমুদিততীর্থে কুলশতস্বর্গনয়নকামনয়া সঙ্কল্প্য মধ্যাহ্নসন্ধ্যোপাসনাতর্পণশ্রাদ্ধানি কার্য্যাণি। এবমেব সরস্বত্যাঃ পুরতঃ প্রাচ্যাং সরস্বত্যাং সায়াহ্নে কুলসহস্রমুক্তিকামনয়া সঙ্কল্প্য স্নানসায়ংসন্ধ্যোপাসনাশ্রাদ্ধানি কার্য্যাণি।

পিতৃগণের তৃপ্তি ও ব্রহ্মলোক প্রাপ্তি কামনায় শ্রাদ্ধ অথবা পিণ্ডদান করিবে। পরে অক্ষয়বট সমীপে যাইয়া পিতৃগণের ব্রহ্মলোক প্রাপ্তি কামনায় সঙ্কল্পান্তে অক্ষয়বটচ্ছায়ায় অন্ন দ্বারা শ্রাদ্ধ করিয়া ব্রহ্ম কল্পিত বিপ্র ভোজন করাইবে। পরে গয়ামাহাত্ম্য পঠিত (একার্ণবে ইত্যাদি) মন্ত্র দ্বারা অক্ষয়বটের প্রণাম ও পূজা করিবে। পিতৃগণের অক্ষয় ব্রহ্মলোককামনায় গয়ামাহাত্ম্যে পঠিত (সংসার বৃক্ষেত্যাদি) মন্ত্র দ্বারা অক্ষয়বটেশ্বরের প্রণাম ও পূজা করিবে। পরে প্রপিতামহ রূপ আদিগদাধরকে প্রণাম ও পূজা করিবে। এই সপ্তম দিন কৃত্য।

অথ অনিয়ত দিনকৃত্য। পূর্ব্ব দিনে উপবাসানন্তর পর দিনে প্রাতঃকালে গয়াস্থ গায়ত্রী সংমুখস্থিত গায়ত্রী তীর্থে যাইয়া অবিচ্ছিন্ন-ব্রাহ্মণ্য-কামনায় সংকল্পান্তে ঐ তীর্থে প্রাতঃস্নান প্রাতঃসন্ধ্যাবন্দন ও শ্রাদ্ধ করিবে। অন্য দিনে উদ্যন্ত পর্ব্বতস্থিত সাবিত্রীর অগ্রে সমুদিত তীর্থে এক শত কুলের স্বর্গ কামনায় সংকল্পান্তে মধ্যাহ্ন সন্ধ্যোপাসনা তর্পণ ও শ্রাদ্ধ করিবে। এইরূপ সরস্বতীর অগ্রে পূর্ব্বদিগ্বর্ত্তি সরস্বতীতীর্থে সায়ংকালে কুলসহস্র মুক্তি কামনায় সংকল্পান্তে সায়ং সন্ধ্যোপাসনা ও শ্রাদ্ধ করিবে।

শিলায়াং লেলিহানে ভরতাশ্রমে মুণ্ডপৃষ্ঠে গদাধরসমীপে আকাশগঙ্গায়াং গিরিকর্ণমুখে চ কুলশতব্রহ্মলোকনয়নকামনয়া শ্রাদ্ধং পিণ্ডদানমাত্রং বা কার্য্যম্। বৈতরণ্যামেকবিংশতিকুলোদ্ধারণকামনয়া স্নানতর্পণশ্রাদ্ধানি কার্য্যাণি। তত্র যমদ্বারে ইত্যাদিনা (গ০ মা০ ১২০ পৃ০ ১৪ প০) দর্শিতেন মন্ত্রেণ গোদানং কার্য্যম্। দেবনদ্যাং (বৈতরণ্যাং) গোপ্রচারে ঘৃতকূল্যায়াং মধুকুল্যায়াং গদালোলে কোটিতীর্থে রুক্মিণীকুণ্ডে চ পিতৃস্বর্গকামনয়া শ্রাদ্ধং পিণ্ডদানমাত্রং বা কার্য্যম্। পিতৃতারণকামনয়া মার্কণ্ডেয়েশ্বরং কোটীশ্বরং চ প্রণমেৎ। পিতামহসন্নিহিতপারিজাতবনস্থপাণ্ডুশিলায়াং পিতৃণামক্ষয়তৃপ্তিকামনয়া শ্রাদ্ধং পিণ্ডদানমাত্রং বা কার্য্যম্। ঘৃতকূল্যা মধুকূল্যা দেবিকা মহানদী (সরস্বতী) চেতি চতস্রো যত্র পাণ্ডশিলয়া মিলিতাঃ সা মধুস্রবা তস্যাং স্নানতর্পণে অশ্বমেধফলকে শ্রাদ্ধং চ কুলসহস্রস্য নরকাদুদ্ধারপূর্ব্বকবিষ্ণুপুরনয়নফলকম্। দশাশ্বমেধে হংসতীর্থে চ পিতামহাদ্দক্ষিণস্যাং মহানদ্যামুদ্যন্তপর্ব্বতসমীপস্থে মখকুণ্ডে চ মুক্তিকামনয়া স্নানং পিতৃতৃপ্তিকামনয়া তর্পণশ্রাদ্ধে কার্য্যে। সঙ্গমে তারকেশ্বরপ্রণামে পিতৃস্বর্গঃ। অশ্বমেধফলকামনয়া গয়াকূপে শ্রাদ্ধম্।

লেলিহান তীর্থে ভরতাশ্রমে মুণ্ডপৃষ্ঠে গদাধরাগ্রে আকাশগঙ্গায় ও গিরিকর্ণমুখে একশতকুলের ব্রহ্মলোক প্রাপ্তি কামনায় শ্রাদ্ধ বা পিণ্ডদান করিবে। বৈতরণী নদীতে ২১ কুলের উদ্ধার কামনায় স্নান তর্পণ ও শ্রাদ্ধ করিবে ঐ স্থানে গয়ামাহাত্ম্যে পঠিত (যমদ্বারে ইত্যাদি) মন্ত্র দ্বারা গোদান করিবে। দেবনদী (বৈতরণী) গোপ্রচার, ঘৃতকুল্যা মধুকুল্যা গদালোল কোটি তীর্থ ও রুক্মিণী কুণ্ডে পিতৃগণের স্বর্গকামনায় শ্রাদ্ধ বা পিণ্ডদান করিবে। পিতৃগণের উদ্ধার কামনায় মার্কণ্ডেয়েশ্বর ও কোটীশ্বরকে প্রণাম করিবে। পিতামহ সন্নিকৃষ্ট পারিজাতবনে পিতৃগণের অক্ষয় তৃপ্তি কামনায় পাণ্ডুশিলাতে শ্রাদ্ধ বা পিণ্ডদান মাত্র করিবে। ঐ শিলাতে ঘৃতকুল্যা মধুকুল্যা দেবিকা ও মহানদী (সরস্বতী) এই চারি তীর্থ সঙ্গত হইয়া মধুস্রবা নামে খ্যাত হইয়াছে ঐ মধুস্রবা তীর্থে স্নান ও তর্পণে অশ্বমেধ ফল লাভ হয় শ্রাদ্ধে কুলসহস্রের উদ্ধার পূর্ব্বক বিষ্ণুলোকে গতি হয়। দশাশ্বমেধ তীর্থে হংসতীর্থে পিতামহ দক্ষিণস্থ, মহানদীতে ও উদ্যন্তপর্ব্বত সমীপে মথকুণ্ডে, মুক্তি কামনায় স্নান, পিতৃ তৃপ্তি কামনায় তর্পণ, ও শ্রাদ্ধ করিবে। ঐ সঙ্গমে তারকেশ্বর প্রণামে পিতৃস্বর্গ হয়। গয়াকূপে শ্রাদ্ধে অশ্বমেধ ফল হয়।

অত্র পতিতদুর্ম্মরণাদিহতানামপি স্বর্গকামনয়া বর্ষো-ত্তরং শ্রাদ্ধং কার্য্যম্। পিতৃসন্তারণকামনয়া ভস্মকূপে ভস্মনা স্নানম্। গয়াগ্রামমধ্যস্থসুষুম্নায়াং মহাকালী সমীপে একবিংশতিকুলস্বর্গকামনয়া শ্রাদ্ধম্। গৃধ্রব-টোত্তরভাগস্থে বসিষ্ঠতীর্থে স্নাত্বা বসিষ্ঠেশ্বরনমনমশ্ব-মেধফলকামনয়া কার্য্যম্। ধেনুকারণ্যজলাশয়ে স্নাত্বা কামধেনুং প্রণম্য পিতৃব্রহ্মলোকনয়নকামনয়া কামধেনু পদেষু শ্রাদ্ধং কার্য্যম্। কর্দ্দমালে গয়ানাভৌ মুণ্ডপৃষ্ঠ-সমীপে চ স্নানশ্রাদ্ধে চণ্ডিকাফল্গুচণ্ডীশমঙ্গলাদিগ্রহন তিশ্চ পিতৃস্বর্গকামনয়া কার্য্যাণি। গয়াগজে গয়াদিত্যে-গায়ত্র্যাং গদাধরসমীপে গয়ায়াং গয়াশিরসি চেতি গকারবতি স্থানষট্কে মুক্তিকামনয়া পূজাপিতৃশ্রাদ্ধা-দিকঞ্চ কার্য্যম্। গয়ায়াং যত্র ক্বাপি যদা কদাচিদেক-বিংশতিকুলোদ্ধারকামনয়া বৃষোৎসর্গঃ কার্য্যঃ। গয়ায়া-মাদিগদাধরং ধ্যাত্বা পিতৃণাং কুলশতস্য নরকাদুদ্ধা-রব্রহ্মলোকনয়নকামনয়া শ্রাদ্ধং পিণ্ডদানং বা কার্য্যম্। ভস্মকূটস্থিতং জনার্দ্দনং নত্বা তৎসমীপে বামজানু নিপাত্যাত্মনো বিষ্ণুলোককামনয়া পিত্রাদীনাং শ্রাদ্ধং কৃত্বা তঞ্চ ষোড়শভিঃ পঞ্চভির্ব্বোপচারৈঃ সংপূজ্য দধ্যোদনং নৈবেদ্যং দত্ত্বা

এই স্থানে পতিত ও দুষ্টমৃত্যু প্রাপ্ত ব্যক্তিরও স্বর্গকামনায়, একবর্ষের পর শ্রাদ্ধ করিবে। পিতৃ সমুদ্ধারকামনায় ভস্মকূপে ভস্মদ্বারা স্নানানুলেপন করিবে। গয়াগ্রামমধ্যস্থ সুষুম্না স্থানে মহাকালী সমীপে ২১ কুলের স্বর্গ কামনায় শ্রাদ্ধ করিবে। গৃধ্রবটের উত্তরভাগস্থ বসিষ্ঠ তীর্থে স্নানে ও বসিষ্ঠেশ্বর প্রণামে অশ্বমেধ যজ্ঞ ফল হয়। ধেনুকারণ্যস্থ জলাশয়ে স্নানে ও কামধেনু প্রণামে এবং কামধেনু পদে শ্রাদ্ধ পিতৃগণের ব্রহ্মলোক প্রাপ্তি হয়। গয়নাভি কর্দ্দমাল ও মুণ্ডপৃষ্ঠসমীপে স্নান ও শ্রাদ্ধ, চণ্ডিকা ফল্গুচণ্ডীশ্বর ও মঙ্গলাদি গ্রহের প্রণাম ও পূজা করিলে পিতৃগণের স্বর্গ হয়। গয়াগজ, গয়াদিত্য, গায়ত্রী, গদাধর, গয়া ও গয়ামস্তক এই গ-কার-বর্ণ-বিশিষ্ট ছয় স্থানে মুক্তিকামনায় শ্রাদ্ধ ও ঐ ঐ দেবতার পূজা প্রণামাদি করিবে। গয়াতে যে কোন স্থানে যে কোন কালে ২১কুলের উদ্ধার কামনায় বৃষোৎসর্গ করিবে। গয়াতে আদিগদাধরকে ধ্যান করিয়া এক শত কুলের উদ্ধার ও ব্রহ্মলোক প্রাপ্তি কামনায় শ্রাদ্ধ বা পিণ্ডদান করিবে। ভস্মকূট স্থিত জনার্দ্দন প্রণামান্তে তাঁহার সমীপে বাম জানু ভূমিতে পাতিত করিয়া বিষ্ণুলোক কামনায় পিতৃগণের শ্রাদ্ধ করিয়া ঐ দেবকে ষোড়শ বা পঞ্চ উপচারে পূজা করিয়া দধিমিশ্রিত অন্ন নৈবেদ্য দিয়া

তচ্ছেয়েণ তিলং বিনা বিষ্ণুলোককামনয়া জীবতএবাত্মন উদ্দেশেন এষ পিণ্ড ইত্যাদি (গ০ মা০ ৫৮পৃ০ ৩প০) দর্শিতেন মন্ত্রেণ জনার্দ্দন বামহস্তে পিণ্ডং দদ্যাৎ। অগ্নি-পুরাণে তু পিণ্ডত্রয়দানমুক্তমতস্তত্রত্যম্ "ত্রয়ঃ পিণ্ডা ময়া দত্তাস্তব হস্তে জনার্দ্দন; পরলোকগতে মহ্যমক্ষয্য-মুপতিষ্ঠতাম্" ইত্যেবং মন্ত্রং পঠিত্বা তত্রয়ং দদ্যাৎ। তন্ নৈবেদ্যদধ্যোদনশেষেণৈব তথৈবান্যেষাং জীবতামপ্যু-দ্দেশেন এষ পিণ্ডো ময়েত্যাদিনা (গ০ মা০৫৮পৃ০ ১প০) দর্শিতেন মন্ত্রেণ পিণ্ডং দদ্যাৎ। ততো জনার্দ্দন নম ইত্যা-দিনা (গ০ মা০ ৫৮পৃ০ ৫প০) দর্শিতেন মন্ত্রেণ তস্য প্রণা মঃ। ঋণত্রয়মুক্তিকামনয়া পুণ্ডরীকাক্ষং দৃষ্ট্বা স্বর্গকাম-নয়াতস্য পূজা কার্য্যা। তৎপ্রণামে লক্ষ্মীকান্ত নম ইত্যাদিঃ (গ০ মা০ ৫৮পৃ০ ৮ প০) দর্শিতো মন্ত্রঃ পাঠ্যঃ। মহানদীপরপারগতভরতাশ্রমসন্নিধৌ মহান-দ্যাং স্নাত্বা রামেশ্বরং সীতাসহিতং রামঞ্চ রাম রামেতি (গ০ মা০ ৫০ পৃ০ ১১প০) দর্শিতেন মন্ত্রেণ নত্বা তত্রস্থে রামপদে পিতৃকুলশতসহিতস্যাত্মনো বিষ্ণুপুরগমনকাম-নয়া শ্রাদ্ধং পিণ্ডদানমাত্রং বা কার্য্যম্। ধর্ম্মশিলাদক্ষিণ-হস্তস্থাপিতকুণ্ডপর্ব্বতে পিতৄণাং ব্রহ্মপুরনয়নকামনয়া শ্রাদ্ধম্। তত্রত্যমতঙ্গপদে পিতৃস্বর্গকামনা শ্রাদ্ধং কার্য্যম্।

তাহার অবশিষ্ট ভাগ দ্বারা গয়ামাহাত্ম্যে পঠিত (এষ পিণ্ডো ইত্যাদি) মন্ত্র দ্বারা বিষ্ণুলোক প্রাপ্তি কামনায় জনার্দ্দন বাম হস্তে তিলশূন্য জীবিত আপনার পিণ্ড দিবে। অগ্নিপুরাণে এই বিষয়ে তিন পিণ্ড দিতে উক্ত আছে। তাহাতে (ত্রয়ঃ পিণ্ডা ময়া দত্তাস্তব হস্তে জনার্দ্দন। পরলোকগতে মহ্যমক্ষয্যমুপতিষ্ঠতাম্) এই মন্ত্র পাঠ করিবে। এই মত অন্য জীবিত ব্যক্তিরও পিণ্ড দিবে। তাহাতে গয়ামাহাত্ম্যে পঠিত (এষ পিণ্ডো ময়া দত্ত ইত্যাদি) মন্ত্র পাঠ করিবে। পরে গয়ামাহাত্ম্যে পঠিত (জনার্দ্দন নমঃ ইত্যাদি) মন্ত্রদ্বারা জনার্দ্দনকে প্রণাম করিবে। গয়ামাহাত্ম্য পঠিত (নমস্তে পুণ্ডরীকাক্ষ ইত্যাদি) মন্ত্রদ্বারা পুণ্ডরীকাক্ষকে প্রণাম ও পূজা করিলে দেব ঋষি ও পিতৃঋণ হইতে মুক্ত হয়। মহানদী পারগত ভরতাশ্রম সমীপে মহানদী স্নানোত্তর রামেশ্বর ও সীতা সহিত রাম প্রণাম করিবে। তাহাতে গয়ামাহাত্ম্য পঠিত (রাম রাম মহাবাহো ইত্যাদি) মন্ত্র পড়িবে। ঐ রামপদে কুলশত সহিত আপনার বিষ্ণুলোকপ্রাপ্তিকামনায় শ্রাদ্ধ করিবে। ধর্ম্মশিলার দক্ষিণহস্তস্থাপিত কুণ্ডপর্ব্বতে পিতৃগণের ব্রহ্মলোক প্রাপ্তি কামনায় শ্রাদ্ধ করিবে। ঐ স্থানে পিতৃ স্বর্গকামনায় মতঙ্গপদে শ্রাদ্ধ করিবে।

ধর্ম্মশিলাবামহস্তস্থাপিতে উদ্যন্তপর্ব্বতে পিতৃণাং ব্রহ্ম প্রাপ্তিকামনয়া শ্রাদ্ধং তত্রৈবোদ্যন্তকুণ্ডে মধ্যাহ্নে স্নাত্বা মধ্যাহ্নসন্ধ্যোপাসনম্ স্বস্য কোটিজন্মাবধিধনাঢ্যবেদ-বেদাঙ্গপারগবিপ্রত্বকামনয়া তত্রত্য সবিত্রীপূজা কার্য্যা। অগস্ত্যপদে স্নাত্বা দেবৈঃ পূজ্যতায়াঃ পিতৃ-সহিতস্যাত্মনো ব্রহ্মলোকপ্রাপ্তেশ্চ কামনয়া শ্রাদ্ধং কার্যম্। জন্মনিবারণপূর্ব্বকব্রহ্মভাবপ্রাপ্তিকামনয়া ব্রহ্ম যোনিং প্রবিশ্য ততো নির্গমনং কার্য্যম্। গয়াকুমার নতৌ ব্রাহ্মণ্যলাভঃ। পিতৃণাং চন্দ্রলোকপ্রাপ্তি-কামনয়া সোমকুণ্ডে স্নানতর্পণশ্রাদ্ধানি কার্য্যাণি । ঋণ-মোক্ষকামনয়া যমোঽসীত্যাদি ( গ০ মা০ ৫২ পৃ০ ৭প০) দর্শিতমন্ত্রেণ কাকশিলায়াং কাকবলিদানম্। স্বর্গপ্রাপ্তি-পূর্ব্বকব্রহ্মলোকগমন কামনয়া স্বর্গদ্বারেশস্য প্রণামঃ। পিতৃনিষ্পাপতার্থং ব্যোমগঙ্গায়াং শ্রাদ্ধম্। ধর্ম্মশিলা দক্ষিণহস্তগতে ভস্মকূটাদ্রৌ স্বর্গপ্রাপ্তিকামনয়া তত্রত্য ভস্মনা স্নানম্। অক্ষয়বটসমীপে বটেশ্বরঃ প্রপিতাম-হশ্চ স্তস্তদগ্রে রুক্মিণীকুণ্ডং তৎপশ্চিমতঃ কপিলা নদী তত্তীরে কপিলেশ্বরশ্চৈতে পূজ্যাঃ কপিলায়াং সোমামা-যোগে স্বর্গকামনয়া স্নানশ্রাদ্ধে কার্য্যে।

ধর্ম্মশিলা বামহস্তস্থাপিত উদ্যন্ত পর্ব্বতে পিতৃগণের ব্রহ্ম প্রাপ্তি কামনায় শ্রাদ্ধ করিবে। ঐ স্থানে উদ্যন্ত কুণ্ডে স্নান করিয়া কোটি জন্মাবধি ধনাঢ্য বেদবেদাঙ্গ-পারগামিবিপ্র-হইতে ইচ্ছা করিয়া মধ্যাহ্ন-সন্ধোপাসনা করিবে এবং ঐ স্থানে সাবিত্রীর পূজা করিবে। অগস্ত্যপদে স্নানের পরে দেবতার পূজা হইয়া পিতৃ সহিত ব্রহ্মলোক প্রাপ্তি কামনায় শ্রাদ্ধ করিবে। জন্ম নিবৃত্তিপূর্ব্বক ব্রহ্মরূপ প্রাপ্তি কামনায় ব্রহ্মযোনি প্রবেশ করিয়া তাহা হইতে নির্গত হইবে। গয়াকুমার প্রণামে ব্রাহ্মণ্য-লাভ হয়। পিতৃগণের ব্রহ্মলোক প্রাপ্তিকামনায় সোমকুণ্ডে স্নান তর্পণ ও শ্রাদ্ধ করিবে। গয়ামাহাত্ম্য দর্শিত (যমোহসীত্যাদি) মন্ত্রদ্বারা ঋণ মোক্ষকামনায় কাকশিলাতে কাক বলি দিবে। স্বর্গ ও ব্রহ্মলোক প্রাপ্তিকামনায় স্বর্গদ্বারেশ্বর প্রণাম করিবে। ধর্ম্মশিলা দক্ষিণহস্তগত ভস্মকূট পর্ব্বতে স্বর্গপ্রাপ্তিকামনায় তত্রত্য ভস্ম দ্বারা স্নানানুলেপন করিবে। অক্ষয়বট সমীপে বটেশ্বর ও পিতামহ আছেন তাঁহাদের অগ্রে রুক্মিণী কুণ্ড, তাহার পশ্চিমে কপিলা নদী তত্তীরে কপিলেশ্বর ইহাদের পূজা করিবে। সোমবারে অমাবাস্যা যোগে পিতৃস্বর্গ কামনায় কপিলা নদীতে স্নান ও শ্রাদ্ধ করিবে।

স্বর্গকামনয়া মাহেশ্বরীকুণ্ডে রুক্মিণীকুণ্ডে চ স্নানশ্রাদ্ধে কার্য্যে। স্ত্রীভিঃ সৌভাগ্যকামনয়া মাহেশ্বরীকুণ্ডসমীপে মঙ্গলাগৌরী পূজ্যা। ধর্ম্মশিলাদক্ষিণপাদস্থাপিতপ্রেত-কূটাদ্রৌ পিতৃমুক্তিকামনয়া শ্রাদ্ধং কার্য্যম্। তত্রত্য এব প্রেতকুণ্ডে পিতৃণাং প্রেতত্বমুক্তিকামনয়া শ্রাদ্ধাদি কার্য্যম্। পিতৃণাং ব্রহ্মপুরপ্রাপ্তিকামনয়া বৈকুণ্ঠস্থহেম-কূটপর্ব্বতে গয়ায়াং লোহদণ্ডতয়া খ্যাতে গিরৌ শ্রাদ্ধং কার্য্যম্। ধর্ম্মশিলাদক্ষিণপাদস্থগৃধ্রকূটগিরৌ শিব-পুরপ্রাপ্তিকামনয়া গৃধ্রেশ্বরদর্শনম্। স্বর্গকামনয়া তত্রত্য গৃধ্রবটপ্রণামঃ। পিতৃলোকপ্রাপ্তিকামনয়া তত্রত্যায়াং গৃধ্রগুহায়াং শ্রাদ্ধম্। তত্রত্যায়াং মাহেশ্বরীধারায়াং চ পিতৃস্বর্গকামনয়া শ্রাদ্ধম্। ব্রহ্মলোকপ্রাপ্তিকামনয়া মূল ক্ষেত্রসরসি স্নানম্। স্বস্য শিবত্বকামনয়া ঋণমোক্ষেশ্বর পাপমোক্ষেশ্বরদর্শনং কার্য্যম্। ধর্ম্মশিলায়া উদরস্থাদি-পালস্থিতস্য নিজমুক্তিপিতৃশিবপুরপ্রাপ্তিকামনয়া গজ-রূপিবিঘ্নেশস্য দর্শনং কার্য্যম্। স্বর্গকামনয়া স্নাত্বা গা-য়ত্রীগয়াদিত্যয়োর্দ্দর্শনং কার্য্যম্। পিতৃতারণকামনয়া তৎপর্ব্বতস্থব্রহ্মদর্শনম্। পিতৃব্রহ্মপুরপ্রাপ্তিকামনয়া গয়ানাভৌ শ্রাদ্ধম্। পাপনাশকামনয়া মুণ্ডপৃষ্ঠাদ্রে রবিন্দ্রাদেশ্চ দর্শনম্।

মাহেশ্বরী কুণ্ডে ও রুক্মিণীকুণ্ডে স্বর্গকামনায় স্নান ও শ্রাদ্ধ করিবে। স্ত্রীলোকেরা সৌভাগ্য কামনায় মাহেশ্বরী কুণ্ড সমীপস্থ মঙ্গলাগৌরীর পূজা করিবে। ধর্ম্মশিলা দক্ষিণপাদস্থ প্রেতকূট পর্ব্বতে পিতৃগণের উদ্ধার কামনায় শ্রাদ্ধ করিবে। ঐ স্থানে প্রেতকূট তীর্থে পিতৃগণের প্রেতত্ব নিবৃত্তি কামনায় শ্রাদ্ধাদি করিবে। বৈকুণ্ঠস্থ হেমকূট পর্ব্বতই গয়ায় লৌহদণ্ড রূপে প্রসিদ্ধ ঐ তীর্থে পিতৃগণের ব্রহ্মলোক প্রাপ্তি কামনায় শ্রাদ্ধ করিবে। ধর্ম্মশিলার দক্ষিণপাদস্থ গৃধ্রকূট পর্ব্বতে শিবপুর প্রাপ্তি কামনায় গৃধ্রেশ্বর দর্শন ও স্বর্গ্ কামনায় গৃধ্রবট প্রণাম করিবে। ঐ স্থানে পিতৃলোক প্রাপ্তি কামনায় গৃধ্রগুহায় শ্রাদ্ধ করিবে ঐ স্থানে মাহেশ্বরী ধারাতে পিতৃ স্বর্গার্থে শ্রাদ্ধ করিবে। ব্রহ্মলোক প্রাপ্তি কামনায় মূলক্ষেত্র সরোবরে স্নান ও শিবলোক প্রাপ্তি কামনায় ঋণ মোক্ষেশ্বর ও পাপমোক্ষেশ্বরের দর্শন করিবে। ধর্ম্মশিলার উদরস্থাপিত আদিপাল পর্ব্বতে নিজ মুক্তি ও পিতৃগণের শিবপুর প্রাপ্তি কামনায় তত্রস্থিত গজরূপি বিঘ্নেশের দর্শন করিবে। স্বর্গ কামনায় স্নানোত্তর গায়ত্রী ও গয়াদিত্যের দর্শন করিবে। পিতৃগণের উদ্ধারার্থী ঐ পর্ব্বতস্থ ব্রহ্ম দর্শন করিবে। পিতৃগণের ব্রহ্মলোক প্রাপ্তি জন্যে গয়ানাভিতে শ্রাদ্ধ করিবে। পাপ নাশার্থ মুণ্ড পৃষ্ঠ ও অরবিন্দ পর্ব্বতের দর্শন করিবে।

ক্রৌঞ্চপাদাদ্রিগতজলাশয়ে পিতৃমাতামহ শ্বশুরকুলানাং স্বর্গকামনয়া শ্রাদ্ধং কার্য্যম্। এতানি তীর্থানি প্রায়শো বায়ুপুরাণোক্তানি অগ্নিপুরাণে তু স্বর্গদ্বারসোমকুণ্ড বায়ুতীর্থাকাশগঙ্গাকপিলাকাদম্বিনীগয়াকোটিতীর্থাগ্নিধারাসুষুম্ণাপুষ্করিণীকপিলেশ্বরমার্কণ্ডেয়েশ্বরমুণ্ডপৃষ্ঠস্থদেবীক্ষেত্রপালবলভদ্রসুভদ্রাপুরুষোত্তমমাধবমহালক্ষ্মীদ্বাদশাদিত্যকপর্দ্দিবিনায়ককার্ত্তিকেয়সোমনাথাদ্যষ্টলিঙ্গাদীনি তীর্থান্যুক্তানি তেষু চ ফলবিশেষং তত এবাবগম্য তত্তৎকামনয়া স্নানতর্পণশ্রাদ্ধদর্শনপূজানতিপ্রভৃতীনি কার্য্যাণি। ততো গয়াপ্রদক্ষিণা কার্য্যা।

ততো বিত্তানুসারেণ গদাধরং সংপূজ্য ব্রহ্মকৃতেন (গ০ মা০ ৬৮পৃ০ ১৯প০) প্রদর্শিতেন গদাধরং বিগলিতেত্যাদিনা অব্যক্তরূপো যো দেব ইত্যাদিনা চ (গ০মা০৭১ পৃ০ ১৬প০) রুদ্রকৃতেন স্তবেন স্তুবীত। ততঃ আগতোঽস্মীত্যাদিনা (গ০ মা০ ৯০পৃ০ ১০প০) উক্তেন প্রার্থনা।

এবং গয়াযাত্রাং কৃত্বা স্বগৃহমাগত্য কৃতায়া গয়াযাত্রায়াঃ পরিপূরণায় গণেশস্বেষ্টদেবানাং পূজাং বিধায় অন্নোপস্করং ঘৃতপ্রধানং ষড়্দৈবতং নবদৈবতং দ্বাদশদৈবতং বা শ্রাদ্ধং কুলাচারানুসারেণ কার্য্যম্। ততঃ ব্রাহ্মণভোজনং কৃত্বা দক্ষিণা দেয়া। ততঃ ইষ্টৈঃ সহ ভোজনমিতি শ্রীগদাধরঃ প্রীয়তাম্।

পিতা মাতামহ ও শ্বশুরকুলের স্বর্গার্থে ক্রৌঞ্চপাদ-পর্ব্বতে শ্রাদ্ধ করিবে। এই তীর্থ বায়ুপুরাণে উক্ত আছে। অগ্নিপুরাণে স্বর্গদ্বার, সোমকুণ্ড, বায়ুতীর্থ, আকাশগঙ্গা, কপিলা, কাদম্বিনী, গয়া, কোটিতীর্থ, অগ্নিধারা, সুষুম্ণা-পুষ্করিণী, কপিলেশ্বর, মার্কণ্ডেয়েশ্বর, মুণ্ডপৃষ্ঠস্থদেবী, ক্ষেত্রপাল, বলভদ্র, সুভদ্রা, পুরুষোত্তম, মাধব, মহলক্ষ্মী, ১২ আদিত্য, কপর্দ্দিবিনায়ক, কার্ত্তিকেয় সোমনাথ-আদি প্রধান অষ্ট লিঙ্গ প্রভৃতি উক্ত আছে এবং তাহাতে বিশেষ বিশেষ ফল কহিয়াছেন ঐ ঐ ফল কামনায় ঐ ঐ তীর্থে স্নান তর্পণ শ্রাদ্ধাদি করিবে।

এই মত কর্ম্ম করিয়া গয়ার প্রদক্ষিণা করিবে। পরে বিত্তানুসারে গদাধর পূজা করিয়া গয়ামাহাত্ম্য পঠিত ব্রহ্ম কৃত ও রুদ্রকৃত স্তুতি দ্বারা স্তব করিয়া গয়ামাহাত্ম্য পঠিত (আগতোঽস্মি) ইত্যাদি মন্ত্র দ্বারা প্রার্থনা করিবে।

এই মত গয়াতীর্থ যাত্রা করিয়া নিজ গৃহে আসিয়া কৃত গয়াযাত্রার পূর্ণতার্থে গণেশাদি পূজা করিয়া পূর্ব্ববৎ ঘৃতপ্রধান ৬, ৯, ১২ বা পুরুষের উদ্দেশে কুলাচারানু-সারে শ্রাদ্ধ করিবে। পরে ব্রাহ্মণ ভোজন করাইয়া কর্ম্ম সমাপ্তির দক্ষিণা দিয়া ইষ্ট বন্ধুগণের সহিত ভোজন করিবে। এই বিষয়ে শ্রীধর প্রীত হউন।

ঈশানচন্দ্রবসুদাসবিনোদিতোঽহং
দানেন মানসহিতেন পুরস্কৃতশ্চ।
শাকে (১৭৮৮) বসুদ্বিরদসপ্তবিধুপ্রমাণে
শ্রাদ্ধাদিপদ্ধতিমিমাং ব্যদধাং গয়ায়াঃ ॥

ইতি শ্রীতারানাথতর্কবাচস্পতিভট্টাচার্য্য বিরচিতা
গয়াশ্রাদ্ধাদিপদ্ধতিঃ সমাপ্তা।

শুভমস্তু।

---